রাশিয়া ইউক্রেন যুদ্ধঃ ইউক্রেনে রুশ সামরিক অভিযানের পর থেকে বিশ্বজুড়ে চলমান বাণিজ্য সংকোচনের কারনে বাংলাদেশের খাদ্য নিরাপত্তা হুমকির মুখে পড়েছে কারন খাদ্য - পণ্যের ক্ষেত্রে বাংলাদেশ এখনও আমদানির ওপর অনেকটাই নির্ভরশীল। বাংলাদেশ তার চাহিদার ৮০ শতাংশ গম আমদানি করে। এর অর্ধেক আসে রাশিয়া ও ইউক্রেন থেকে। যুদ্ধের কারনে সে সরবরাহ বাধাগ্রস্থ হওয়ায় আটা ময়দার দাম বেড়েছে। বিশ্বের অন্যতম ভোজ্যতেল রপ্তানিকারক দেশ রাশিয়া ও ইউক্রেন। যেহেতু যুদ্ধের কারনে এর সরবরাহ বিঘ্নিত হচ্ছে। সেজন্য সারাবিশ্বের মত বাংলাদেশেও ভোজ্যতেলের দাম বৃদ্ধি পেয়েছে। যুদ্ধ পরিস্থিতির কারনে রাশিয়া থেকে সার আমদানি ব্যহত হচ্ছে ফলে কৃষিখাতে খরচ বাড়ছে। ইউক্রেন থেকে ভুট্টা না আসার ফলে বাংলাদেশে পোল্ট্রিফিডের দাম বেড়েছে। এর ফলে বাজারে মুরগী ও ডিমের দাম বেড়ে গেছে।

জ্বালানী সংকটঃ বিশ্ব বাজারে বিভিন্ন ধরনের জ্বালানীর ব্যাপক মূল্যবৃদ্ধি ও সংকট তৈরি হয়েছে। সবচেয়ে বেশি বেড়েছে কয়লার দাম। জ্বালানীর মূল্যবৃদ্ধির ফলে দাম বেড়েছে বিদ্যুতেরও। ফলে পণ্যের উৎপাদন খরচ বৃদ্ধি পেয়েছে যার বিরূপ প্রভাব পড়েছে দ্রব্যমূল্যে।

ডলার সংকটঃ বর্তমানে অনেক দেশের মত বাংলাদেশে ও ডলার সংকট তীব্র আকার ধারণ করেছে। ডলারের মূল্য বৃদ্ধির কারণে আমদানিকারকদের বেশি দামে পণ্য আমদানি করতে হচ্ছে যার প্রভাব পড়ছে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির মূল্যে।

অতিরিক্ত মুনাফার আশাঃ বাংলাদেশে কিছু অসাধু ব্যবসায়ীদের জন্য দ্রব্যমূল্য লাগামহীন ভাবে বাড়ে। অতিরিক্ত মুনাফার আশায় অনেকেই দ্রব্যমুল্যের দাম বাড়িয়ে দেন।

দূর্নীতিঃ বিভিন্ন খাতে বিদ্যমান দূর্নীতি, ঘুষ, চাঁদাবাজি পণ্য উৎপাদনের খরচ বাড়িয়ে দেয়। এটি দ্রব্যমূল্য বৃদ্ধির একটি অন্যতম কারন।

কৃত্রিম সংকট সৃষ্টিঃ কিছু কিছু আড়ৎদার পণ্য মজুদ করে কৃত্রিম সংকট সৃষ্টি করেন। এর ফলে বাজারে দ্রব্যমূল্য হঠাৎ বেড়ে যায় ।

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

চোরাচালানঃ অনেক সময় আমাদের দেশে উৎপাদিত জিনিস অন্যান্য দেশে চোরাচালান করা হয়। ফলে দেশে পণ্যের সংকট সৃষ্টি হয় এবং মূল্য বৃদ্ধি পায়।

দ্রব্যমূল্য বৃদ্ধি নিয়ন্ত্রনে করণীয়ঃ

→ রাশিয়া ইউক্রেন যুদ্ধ নিরসনে বিশ্বের ক্ষমতাধর দেশ ও আন্তর্জাতিক সংস্থাগুলোকে এগিয়ে আসতে হবে।

→ জ্বালানীর আমদানি নির্ভরতা কমাতে হবে। নবায়ণযোগ্য জ্বালানীর উৎপাদন বৃদ্ধি ও এর ব্যবহার বাড়াতে হবে।

→ রেমিট্যান্স প্রবাহ ও রপ্তানি আয় বৃদ্ধি করতে হবে। ডলার সংকট বৃদ্ধি নিরসন করতে হবে।

→ ব্যাপকভাবে কৃষি উৎপাদন বাড়াতে হবে। কৃষিক্ষেত্রে বিভিন্ন প্রনোদনা ও ভর্তুকি বাড়াতে হবে। স্বল্প সুদে কৃষিঋন প্রদান করতে হবে।

→ ভোক্তা অধিকার আইনসহ বিভিন্ন আইনের কার্যকর প্রয়োগ করতে হবে।

→ অসাধু ও অধিক মুনাফালোভী ব্যবসায়ীদের নিয়ন্ত্রণে আনতে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

→ সরকারকে প্রতিটি পণ্যের মূল্য নির্ধারন করে দিতে হবে। দোকানের সামনে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য তালিকা টানিয়ে রাখতে হবে।

→ নিত্য প্রয়োজনীয় পণ্যের সরবরাহ ও মজুদ বাড়াতে হবে যাতে করে কোন ধরনের সংকট সৃষ্টি না হয়।

→ পণ্যের বাজার মনিটরিং জোরদার করতে হবে। ভ্রাম্যমান আদালতের নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। অনিয়ম প্রমানিত হলে বিক্রেতা ও ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

→ ব্যবসায়ী সমাজকে অসাধুতা ও অতিরিক্ত মুনাফা লাভের আশা পরিহার করে সঠিক নিয়ম মেনে সুন্দরভাবে ব্যবসা পরিচালনা করতে হবে।

রাশিয়া ইউক্রেন যুদ্ধ, জ্বালানী তেলের মূল্য বৃদ্ধি, ডলার সংকট ইত্যাদি বহুবিধ কারনে সারাবিশ্বে বর্তমানে হু হু করে বেড়েই চলেছে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য। ফলে আয়ের সাথে ব্যয় মেলাতে নাভিশ্বাস উঠছে বাংলাদেশ সহ সারাবিশ্বের সাধারন মানুষের। এমতাবস্থায় দ্রব্যমূল্যের মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণে সারাবিশ্বকে একজোট হয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।

জনসাধারনের জীবনযাত্রার মানের ওপর প্রভাবঃ দীর্ঘসময় ধরে চলমান করোনা মহামারী, রাশিয়া ইউক্রেন যুদ্ধ, মার্কিন নিষেধাজ্ঞা, জ্বালানী তেলের মূল্য বৃদ্ধির কারনে সারাবিশ্বে দ্রব্যমূল্য বেড়েছে অস্বাভাবিকভাবে। বাংলাদেশ ও এর ব্যতিক্রম নয়। দেশের সাধারন মানুষের এখন নাভিশ্বাস অবস্থা। নির্দিষ্ট আয়ের পরিবারগুলো মাছ, মাংস এবং ডিম খাওয়া কমিয়ে দিয়েছে। প্রোটিনের প্রধান উৎস ডিমের মূল্য বৃদ্ধি পেয়েছে প্রায় দ্বিগুণ। নিম্ন আয়ের পরিবারগুলোকে খাদ্যের যোগান ঠিক রাখতে রীতিমত হিমশিম খেতে হচ্ছে। তারা মাছ, মাংস, ফল দুধের মত খাবার গ্রহণ কমিয়ে দিয়ে চাল ও আলুসহ শর্করা জাতীয় খাবারের দিকে ঝুকে পড়ছে। ফলে দীর্ঘমেয়াদে দেশে একটি পুষ্টিজনিত প্রজন্ম তৈরির ঝুকি বাড়ছে। জ্বালানীর মূল্যবৃদ্ধি ও সংকটের ফলে বিদ্যুৎ উৎপাদন খরচ বাড়ছে। ফলে লোডশেডিং বাড়ছে যার নেতিবাচক প্রভাব পড়ছে জনজীবনে। লোডশেডিং এর ফলে কৃষিক্ষেত্রে সেচ এবং কলকারখানার পণ্য উৎপাদন ব্যহত হচ্ছে। অর্থনীতিবিদরা বলছেন আয়ের তুলনায় নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য অসামঞ্জস্যপূর্ণভাবে বেড়ে যাওয়ায় স্বল্প ও সীমিত আয়ের লোকেরা তাদের শিক্ষা ও চিকিৎসাখাতে ব্যয় অনেকাংশে কমিয়ে দিয়েছে। নিম্ন ও নির্দিষ্ট আয়ের লোকেরা নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির অস্বাভাবিক মূল্যবৃদ্ধির তাৎক্ষনিক শিকার, মধ্যম আয়ের লোকেরাও এর প্রভাব তীব্রভাবেই অনুভব করছে।

06. **Focus writing in English:** Bangladesh's Journey of Socio-economic Development.

Solution: After 51 years of independence, one can say the success story of Bangladesh's economic development has been spectacular. Over these years, the size of our economy has expanded many fold; from a GDP of around USD 8.7 billion in 1971, we have grown to become a USD-416.3-billion economy now, along with achievements in a wide range of socioeconomic indicators.

Upon independence, we inherited a war-torn agrarian economy with poor infrastructure and an array of challenges in human development. The country's journey has, however, been quite impressive as it has reached a per capita GDP of USD 2,734 and a steady growth rate of more than six percent per annum at least for a decade before Covid struck.

The country has also undergone a structural transformation in terms of its GDP components: the agriculture sector's contribution has reduced to only 13 percent, with a gradual increase in the shares of the industry (35 percent) and service (52 percent) sectors. Over time, Bangladesh has also been able to reduce its head-count poverty rate to 24.3 percent in 2016-17 from as high as 50.1 percent even in the mid-90s.

Though it is difficult to single out the key drivers of our economic performance, there are certain factors that have especially helped to shape up the economy and contributed towards its development.

In this context, the contribution of agriculture to the economy should be acknowledged with due importance. During the 70s and

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

particularly the 80s, innovations of different crop varieties by our scientists and the successful implementation of such innovations made the country self-sufficient in food. Making sustainable progress in food production while coping with the challenges of regular flooding has certainly helped to combat hunger, poverty and malnutrition. Another key contributor to the stable and consistently high economic growth is related to the export sector, particularly the ready-made garment (RMG) sector.

Today, Bangladesh is the second largest exporter of RMG products in the world; RMG has acted as a prime factor in generating manufacturing sector employment, especially for women.

The development narrative of Bangladesh would be incomplete if we did not take into account the contribution of the overseas migrant workers. On the one hand, from a macro point of view, foreign remittances have served as a key source of foreign currency, while on the other hand, remittances sent by the migrants have contributed to the economic well-being of the rural households.

Our rural economy has also been shaped by the expansion of small and medium enterprises, which particularly in recent years has contributed significantly towards generating small-scale self-employment.

Bangladesh's economic journey has also been accelerated by the expansion of small-scale lending programmes, which have helped the rural households to gain access to the formal credit market, and thereby to engage in income-generating activities.

There are significant achievements in other areas of human development, too, such as education and healthcare. For example, the countrywide immunisation programme of children against a number of deadly diseases, which gained momentum particularly in the 80s, has arguably averted millions of child deaths and can be considered as a cornerstone of human development in the country. Several other noteworthy achievements in the social sector, which have significantly contributed to development efforts, are the low-cost treatments in combating diseases like diarrhoea and the expansion of the nationwide family planning programme.

There have also been impressive successes in ensuring education for girl children, enhanced especially by the secondary school stipend programme, which is said to have increased school attendance of girl students, delayed child marriage, and helped reduce fertility rate.

In addition to social development, there have been certain impressive infrastructural achievements, too, like the Jamuna Bridge, Padma Bridge, etc, which have contributed to the growth momentum of Bangladesh. These massive infrastructures have helped to redistribute the benefits of economic development to regions that are lagging behind, and contributed to bridging the east-west and north-south economic divides in the country.

There is no denying that there have been several drivers that have helped our economy to achieve a consistently high growth with impressive progress in poverty reduction as well as in a number of key indicators of health and education.

Despite such achievements, there remains questions regarding the quality of growth, with as high as 24.3 percent of population being unable to meet the basic necessities and as high as 27.8 percent of income being owned by the richest five percent of the country (according to the HIES 2016). Besides, there is an argument that the pace of employment generation has fallen behind the pace of economic growth, with the falling employment-elasticity of growth over the years. The impressive growth performance over the years is therefore argued to be overshadowed to some extent by the challenges in poverty reduction, employment generation, and inequality reduction.

07. **Argumental writing in English:** Not consumers, manufacturers are mainly responsible for environmental pollution

Solution: Protection of the environment is a hot topic in today's political climate, with many people arguing that no protections are needed from pollution. However, environmental pollution does more than simply affect our surroundings, but can directly affect our health in very serious and sometimes even deadly ways. Far too often, manufacturers are

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

directly responsible for environmental pollution that results in serious and long-term illness for those exposed. There are many specific ways that manufacturing agencies recklessly pollute the environment and endanger people's health and lives, all of which should result in legal liability. Some of these types of pollution and their hazardous health effects are listed below.

01. Dust Hazards. Dust exposure: Especially silica dust, can penetrate your lungs and can sometimes cause fatal lung diseases like silicosis and lung cancer as well as a number of other respiratory illnesses such as asthma, emphysema, and chronic obstructive pulmonary disease. This type of toxic dust is a product of many industries, including construction, glass production, dental laboratories, foundries, concrete production, and much more. Another example is asbestos, the fibrous, silica mineral linked to the cancer mesothelioma. When companies like these do not take necessary precautions to prevent the air pollution of toxic dust which may be breathed in by their employees or bystanders, they can be held liable for their actions and brought to justice for their negligence.

Mismanagement of Waste Products: Mismanagement of waste products can have a number of serious environmental and health effects, especially if they leak into a public water supply or public space. This type of water pollution, in particular, can wreak havoc on your health, especially if you drink polluted water. Chemicals, detergents, food waste products, toxic sludge, and certain metals like lead, can all contribute to water pollution. Drinking water with these waste pollutants can lead to a number of long-term issues, particularly developmental problems in children, reproductive issues, gastrointestinal problems, and neurological disorders. Many of these illnesses are irreversible and can permanently damage a person's health and quality of life.

So, in fine, we can say that not consumers, manufacturers are mainly responsible for environmental pollution.

Combined 9 Banks & 1 Financial Institution

Recruitment Test for Officer (General)

Examination Held On: 10.03.2023

01. **'শন্ শন্' কি ধরনের দ্বিরুক্ত শব্দ?**

a) শব্দের দ্বিরুক্তি b) পদের দ্বিরুক্তি

c) অনুকার দ্বিরুক্তি d) কোনটিই নয় ***ans.* C**

Solution: অনুকার দ্বিত্বের উদাহরণ হলো 'চুপচাপ'। উল্লেখ্য, অব্যয় পদ বিভিন্নভাবে গঠিত হতে পারে। যেমনঃ

০১. একটি মাত্র বর্ণ বা শব্দখণ্ড বা শব্দ দ্বারা। যেমনঃ তো, বটে, হু, হা ইত্যাদি।

০২. একাধিক অব্যয় শব্দযোগেঃ নতুবা, অথবা, অতএব, কদাপি ইত্যাদি।

০৩. একই শব্দের দুবার প্রয়োগেঃ হায় হায়, ছি ছি, ধিক্ ধিক্, বেশ বেশ ইত্যাদি।

০৪. দুটো ভিন্ন শব্দযোগেঃ যাহোক, যেহেতু, মোটকথা, নইলে, হয়ত ইত্যাদি।

০৫. অনুকার শব্দযোগেঃ ঝমঝম, টুপটাপ, কুহুকুহু, গুনগুন, ঘেউ ঘেউ, শন্ শন্, কনকন ইত্যাদি।

০৬. তৎসম প্রত্যয়ের সঙ্গেঃ 'ত' প্রত্যয় যোগ করে (ধর্মত, প্রথমত, স্পষ্টত ইত্যাদি)।

02. **পৃথিবীতে কয়টি জাত মহাকাব্য আছে?**

a) ২ টি b) ৩ টি

c) ৫ টি d) ৪ টি ***ans.* D**

Solution: পৃথিবীতে জাত মহাকাব্য ৪টি। যথা: ১) ইলিয়াড - হোমার; ২) ওডিসি - হোমার; ৩) মহাভারত - বেদব্যাস; ৪) রামায়ণ - বাল্মিকী। মহাকাব্য প্রধানত দুই প্রকার। এক- জাত মহাকাব্য (Authentic Epic) দুই- সাহিত্যিক মহাকাব্য (Literary Epic)। যুগে যুগে বিভিন্ন অজ্ঞাতনামা লেখকের হাত ধরে সর্বশেষ একজনের মাধ্যমে যে বৃহৎ কাব্যে একটি জাতির নিজস্ব ইতহাস-ঐতিহ্য শিল্পরূপ লাভ করে তাই জাত মহাকাব্য।

03. **নীচের কোন সাহিত্যে প্রাচীন হিন্দু ও আগত মুসলিম সংস্কৃতির চমৎকার মিথষ্ক্রিয়া লক্ষ্য করা যায়?**

a) নাথ সাহিত্য b) শায়ের

c) মৈমনসিংহ গীতিকা d) মার্সিয়া সাহিত্য ***ans.* B**

Solution: যারা পুঁথি রচনা করতেন তাদের বলা হতো শায়ের। শায়ের আরবি শব্দ। যার বাংলা প্রতিশব্দ কবি। আবার, শায়ের অর্থ মুখে মুখে রচিত পদ্যকে বুঝায়।

04. **নীচের কোনটি উপন্যাস?**

a) কাকজ্যোৎস্না b) কোকিলারা

c) এখন দুঃসময় d) প্রথম যৌবন ***ans.* A**

Solution: অচিন্ত্যকুমার সেনগুপ্ত বিশিষ্ট বাঙালি কবি, ঔপন্যাসিক ও সম্পাদক ছিলেন। রবীন্দ্রনাথ ও শরৎচন্দ্রের পরে সাহিত্যজগতে আলোড়ন সৃষ্টিকারী কল্লোল যুগের লেখকদের মধ্যে তিনি ছিলেন অন্যতম। তাঁর রচিত উল্লেখযোগ্য উপন্যাসগুলো হলোঃ 'বেদে', 'কাকজোৎস্না' আর কাব্যগ্রন্থগুলো হলোঃ 'অমাবস্যা', 'পূর্ব-পশ্চিম', 'উত্তরায়ণ'।

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

05. 'মেঘ বলে চৈত্রে যাবো' কি জাতীয় রচনা?
a) উপন্যাস b) নাটক
c) সম্পাদনা d) কাব্যগ্রন্থ **ans. D**

Solution: 'মেঘ বলে চৈত্রে যাবো' কাব্যগ্রন্থটি (১৯৭৬) আহসান হাবীব কর্তৃক রচিত হয়। আহসান হাবীব প্রকাশিত গ্রন্থগুলি হলোঃ 'বিদীর্ণ দর্পণে মুখ' (১৯৮৫), 'ছায়া হরিণ' (১৯৬২), 'সারা দুপুর' (১৯৬৪), 'আশায় বসতি' (১৯৭৪), 'দু'হাতে দুই আদিম পাথর' (১৯৮০) ইত্যাদি।

06. 'ধূসরতার কবি' নামে কে পরিচিত?
a) নীলিমা ইব্রাহিম b) কাজী নজরুল ইসলাম
c) কামিনী রায় d) জীবনানন্দ দাশ **ans. D**

Solution: জীবনানন্দ দাশের উপাধিগুলো হলোঃ 'ধূসরতার কবি' 'রূপসী বাংলার কবি', 'নির্জনতার কবি', । উল্লেখ্য, জীবনানন্দ দাশের ছদ্মনাম ছিলো শ্রীং, কালপুরুষ।

07. নীচের কোনটি 'সূর্য' এর প্রতিশব্দ?
a) অবনী b) সবিতা
c) সুধাকর d) কলানিধি **ans. B**

Solution: 'সূর্য' এর প্রতিশব্দঃ আদিত্য, তপন, দিবাকর, রবি, সবিতা। উল্লেখ্য 'অবনী' এর প্রতিশব্দ হলো পৃথিবী, জগৎ, ভুবন, সংসার, বিশ্ব, রাজ্য ইত্যাদি। 'সুধাকর' এর প্রতিশব্দ কলানিধি, চাঁদ, সুধাংশু, শশাঙ্ক, শশধর, শশী, হিমাংশু, বিধু ইত্যাদি।

08. 'কোন দেশেতে তরুলতা; সকল দেশের চাইতে শ্যামল' এখানে 'চাইতে' ক্রিয়াটির ব্যবহার কোন ধরনের?
a) অনন্বয়ী অব্যয় b) ক্রিয়াবাচক বিশেষণ
c) বিশেষণ বাচকতা d) অনুসর্গ তৈরি **ans. D**

09. 'ছেলেটি গোল্লায় গেছে' এ বাক্যের ক্রিয়া পদ কোনটি?
a) মিশ্র ক্রিয়া b) যৌগিক ক্রিয়া
c) দ্বিকর্ম ক্রিয়া d) প্রয়োজক ক্রিয়া **ans. A**

Solution: বিশেষ্য, বিশেষণ ও ধ্বনাত্মক অব্যয়ের সঙ্গে কর্, হ্, দে, পা, যা, কাট্, গা, ছাড়, ধর্, মার্, প্রভৃতি ধাতুযোগে গঠিত ক্রিয়াপদ বিশেষ বিশেষ অর্থে মিশ্র ক্রিয়া গঠন করে।
যেমনঃ বিশেষ্য (দশন) + ক্রিয়াপদ (করলাম)ঃ আমরা তাজমহল **দর্শন করলাম**।
বিশেষণ (প্রীত) + ক্রিয়াপদ (হলাম)ঃ তোমাকে দেখে বিশেষ **প্রীত হলাম**।
ধ্বনাত্মক অব্যয় (ঝিম ঝিম) + ক্রিয়াপদ (করছে)ঃ মাথা **ঝিম ঝিম্ করছে**। ঝম্ ঝম্ করে **বৃষ্টি পড়ছে**।

10. 'অপরাজেয় কথাশিল্পী' কার ছদ্মনাম?
a) সত্যেন্দ্রনাথ দত্ত b) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
c) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় d) মধুসূদন দত্ত **ans. C**

Solution:

নাম	ছদ্মনাম
শরৎচন্দ্র চট্টোপাধ্যায়	অপরাজেয় কথাশিল্পী
বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়	কমলাকান্ত
সত্যেন্দ্রনাথ দত্ত	ছন্দের যাদুকর
মধুসূদন দত্ত	Timothy Penpoem

11. 'সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই' কে বলেছেন?
a) চণ্ডীদাস b) বিদ্যাপতি
c) রামকৃষ্ণ পরমহংস d) বিবেকানন্দ **ans. A**

Solution: বাংলা সাহিত্যের মধ্যযুগের বিখ্যাত কবি চণ্ডীদাস এর বিখ্যাত পঙ্ক্তিঃ 'শুন হে মানুষ ভাই, সবার উপরে মানুষ সত্য তার উপরে নাই'। চণ্ডীদাসকে বাংলা ভাষার প্রথম মানবতাবাদী কবি বলা হয়।

12. কোন বানানটি সঠিক?
a) মুমুর্ষু b) মুমূর্ষু
c) মুমুর্সু d) মুমুর্ষ **ans. B**

13. 'হিমাংশু' শব্দের প্রতিশব্দ কোনটি?
a) হিমবাহ b) নির্মল বাতাস
c) সূর্য d) চন্দ্র **ans. D**

Solution: 'চন্দ্র' শব্দের আরো কিছু সমার্থক শব্দ হলোঃ চাঁদ, সুধাংশু, সুধাকর, শশাঙ্ক, শশধর, শশী, হিমাংশু, বিধু, নিশাকর, সোম, সিতাংশু, সুধানিধি, কলানিধি, হিমকর, ইন্দু, চন্দ্রমা, দ্বিজরাজ, নিশাকান্ত, মৃগাঙ্ক, কলাভৃৎ, কুমুদনাথ, সিতাংশু ইত্যাদি।

14. নীচের কোনটি তৎসম শব্দ?
a) পছন্দ b) ধূলি
c) হিসাব d) কোনটিই নয় **ans. B**

Solution: যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে সোজাসুজি বাংলায় এসেছে এবং যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে বলা হয় তৎসম শব্দ। তৎসম একটি পারিভাষিক শব্দ। যেমনঃ হস্ত, চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভবন, ধর্ম, পাত্র, মনুষ্য, শ্রদ্ধা ইত্যাদি।

15. 'গড্ডালিকা প্রবাহ' একটি বাগধারা, এখানে 'গড্ডাল' মানে কি?
a) একত্র b) স্রোত
c) ভেড়া d) কোনটিই নয় **ans. C**

Solution: সংস্কৃতে গড্ডল অর্থ ভেড়া। তাই ভেড়ার মতো বোধহীনভাবে অন্যের সাথে মিশে যাওয়া অর্থে গড্ডলিকা প্রবাহ।

16. কোন শাসকের অনুশাসনের সময় এ উপমহাদেশে আর্যভাষার প্রাচীনতম বর্ণমালার সন্ধান পাওয়া যায়?
a) সম্রাট জাহাঙ্গীর b) সম্রাট অশোক
c) সম্রাট আকবর d) সম্রাট বাবর **ans. B**

Solution: এই উপমহাদেশে আর্য ভাষার প্রাচীনতম যে বর্ণমালার সন্ধান পাওয়া যায় তা খ্রিষ্টপূর্ব তৃতীয় শতকের, অশোকের অনুশাসনের সময়ের। বগুড়ার মহাস্থানগড়ে যে লিপি পাওয়া গেছে উভয় প্রাপ্ত লিপির সাদৃশ্য আছে। এই লিপিকে ব্রাহ্মী লিপি বলে। ব্রাহ্মী লিপি কুষাণ ও গুপ্ত রাজাদের আমলের পরিবর্তিত হয়ে তিনটি রূপ ধারণ করে। যথাঃ সারদা (কাশ্মির ও পাঞ্জাবে প্রচলিত রূপ), নাগর (রাজস্থান ও মালব; গুজরাট ও মধ্যপ্রদেশে প্রচলিত রূপ) এবং কুটিল (ভারতের পূর্বাঞ্চলে প্রচলিত রূপ)। বাংলা লিপি ব্রাহ্মী লিপির এই কুটিল রূপ থেকে সৃষ্টি হয়েছে।

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

17. **ব্যাকরণে সার্বিক আলোচ্য বিষয় কয়টি?**

a) ৬ টি b) ৪ টি
c) ৩ টি d) ২ টি **ans. B**

Solution: ব্যাকরণে সার্বিক আলোচ্য বিষয় চারটি।
যথাঃ ধ্বনিতত্ত্ব; শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব, বাক্যতত্ত্ব; অর্থতত্ত্ব।

বিষয়	আলোচ্য বিষয়
ধ্বনিতত্ত্ব	ধ্বনি, সন্ধি, ণ-ত্ব বিধি, ষ-ত্ব বিধি।
শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব	শব্দ, প্রত্যয়, উপসর্গ, বচন, লিঙ্গ, কারক, বিভক্তি, সমাস, বাচ্য, পুরুষ, অনুসর্গ।
বাক্যতত্ত্ব বা পদক্রম	বাক্যের গঠন প্রণালী, বাক্যের বিভিন্ন উপাদানের সংযোজন ও বিয়োজন, পদের রূপ পরিবর্তন, ছেদচিহ্ন।
অর্থতত্ত্ব	শব্দ ও বাক্যের অর্থ বিচার এবং অর্থের প্রকার।

18. **নীচের কোন ব্যাকরণ ভাষার ধ্বনিগত মাধুর্য স্থাপন ও সম্পাদন করে?**

a) সমাস b) কারক
c) সন্ধি d) ধ্বনি **ans. C**

Solution: পাশাপাশি দুটি বর্ণ বা ধ্বনির মিলনকে সন্ধি বলে। সন্ধির উদ্দেশ্য উচ্চারণে সহজ প্রবণতা ও ধ্বনিগত মাধুর্য সম্পাদন করা। বাংলা শব্দের সন্ধি ৩ প্রকার, যথা: স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি ও বিসর্গসন্ধি। সন্ধির প্রধান সুবিধা উচ্চারণের সুবিধা।

19. **নীচের কোন বানানটি শুদ্ধ?**

a) বিভিষীকা b) দুরাবস্থা
c) মুহুর্মুহু d) ধস **ans. C & D**

Solution: 'বিভিষীকা' এর শুদ্ধরূপ হলো 'বিভীষিকা' এবং 'দুরাবস্থা' এর শুদ্ধরূপ হলো 'দুরবস্থা'।

20. **'কপোল ভাসিয়া গেল নয়নের জলে' বাক্যটিতে 'কপোল' কোন কারকে কোন বিভক্তি ব্যবহৃত হয়েছে?**

a) করণে ৭মী b) কর্মে শূন্য
c) করণে ষষ্ঠী d) অপাদানে ৩য়া **ans. B**

21. **'সৌম্য' এর বিপরীত শব্দ কি?**

a) উদ্ধত b) উগ্র
c) কঠিন d) শান্ত **ans. B**

Solution: এখানে সৌম্য এর বিপরীত শব্দ উগ্র। উল্লেখ্য 'উদ্ধত' এর বিপরীত শব্দ 'বিনীত' এবং 'শান্ত' এর বিপরীত শব্দ 'দুরন্ত'। 'কঠিন' এর বিপরীত শব্দ কোমল।

22. **'ইংরেজি' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**

a) গ্রিক b) তুর্কী
c) ফারসি d) পর্তুগিজ **ans. D**

Solution: কিছু পর্তুগিজ শব্দঃ আনারস, ইস্পাত, কেরানি, চাবি, পেপে, পেয়ারা, সাবান, তোয়ালে, গুদাম।

23. **'রাজবন্দীর জবানবন্দী' কার লেখা?**

a) কাজী নজরুল ইসলাম b) ফররুখ আহমদ
c) মুনীর চৌধুরী d) জহির রায়হান **ans. A**

Solution: নজরুল সম্পাদিত অর্ধ-সাপ্তাহিক 'ধূমকেতু' ব্রিটিশ সরকার নিষিদ্ধ করে। সেই পত্রিকায় প্রকাশিত নজরুলের কবিতা 'আনন্দময়ীর আগমনে'ও নিষিদ্ধ হয়। নজরুলকে আটক করে জেলে রাখার পর তাঁর বক্তব্য জানতে চাইলে তিনি লিখিতভাবে আদালতে উপস্থাপন করেন মাত্র চার পৃষ্ঠার বক্তব্য। তাই 'রাজবন্দীর জবানবন্দী'। ১৯২৩ খ্রিষ্টাব্দের ৭ জানুয়ারি কলকাতার প্রেসিডেন্সি জেলে তিনি এটা রচনা করেন। পরে ধূমকেতু, প্রবর্তক, উপাসনা ইত্যাদি পত্রিকায় ১৯২৩ সালেই তা প্রকাশিত হয়। এটা কোন বই নয়।

24. **'সন্ধি' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?**

a) রূপতত্ত্বে b) ধ্বনিতত্ত্বে
c) বাক্যতত্ত্বে d) অর্থতত্ত্বে **ans. B**

Solution: বাংলা ব্যাকরণের আলোচ্য বিষয়ঃ

বিষয়	আলোচ্য বিষয়
ধ্বনিতত্ত্ব	ধ্বনি, সন্ধি, ণ-ত্ব বিধি, ষ-ত্ব বিধি
শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব	শব্দ, প্রত্যয়, উপসর্গ, বচন, লিঙ্গ, কারক, বিভক্তি, সমাস, বাচ্য, পুরুষ, অনুসর্গ
বাক্যতত্ত্ব বা পদক্রম	বাক্যের গঠন প্রণালী, বাক্যের বিভিন্ন উপাদানের সংযোজন ও বিয়োজন, পদের রূপ পরিবর্তন, ছেদচিহ্ন।
অর্থতত্ত্ব	শব্দ ও বাক্যের অর্থ বিচার এবং অর্থের প্রকার।

25. **'গায়ক' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**

a) গা + অক b) গৈ + অক
c) গা + য়ক d) গো + অক **ans. B**

Solution: এ, ঐ, ও, ঔ কারের পরে এ, ঐ স্থানে যথাক্রমে অয়, আয় এবং ও, ঔ স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়। যেমনঃ নৈ + অক = নায়ক; লো + অন = লবণ; গৌ + আদি = গবাদি; পৌ + অন = পবন।

26. **The analogy of FOOD : GOURMET is ___**

a) Book : Critic b) Art : Connoisseur
c) Sports : Fan d) Craft : Skill **ans. B**

Solution: Food – খাদ্য। Gourmet – পান ও ভোজনরসিক ব্যক্তি। Critic – সমালোচক (বইয়ের)। Connoisseur – চারুকলা বিষয়ে পণ্ডিত। Craft – দক্ষতা-নির্ভর, ধূর্ত। Skill – দক্ষতা।
Food কে যে ভালোবাসে সে Gourmet. আর Art কে যে ভালোবাসে সে Connoisseur.

27. **The analogy of CONFIDENT : HAUGHTY is ___**

a) Diminished : Forsaken
b) Liberal : Brusque
c) Provident : Penurious
d) Autonomous : Subordinate **ans. C**

Solution: Confident – আত্মবিশ্বাসী; নিশ্চিত। Haughty – উদ্ধত; অহঙ্কারী। Diminish – হ্রাস করা; হ্রাসপ্রাপ্ত হওয়া। Forsake – পরিত্যাগ করা; ছেড়ে দেওয়া; Liberal – বদান্য; উদার; মুক্তহস্ত; প্রচুর। Brusque – রূঢ়; অসভ্য। Provident – ভবিষ্যতের কথা চিন্তা করে যে সঞ্চয় করে। Penurious – চরম মাত্রায় মিতব্যয়ী; দরিদ্র। Autonomous – স্বশাসিত; স্বায়ত্তশাসিত; স্বাধীন। Subordinate – অপ্রধান; গৌণ; অধীন।

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

অতিমাত্রায় Confident হলে সে Haughty হয়। আর অতিমাত্রায় Provident হলে সে Penurious হয়।

28. Mercenary : Money

a) Vindictive : Revenge
b) Scholarly : Library
c) Immaculate : Cleanliness
d) Thirsty : Water **ans. A**

Solution: Mercenary – ভাড়াটে শ্রমিক যে টাকার জন্য খাটে। Scholarly – পাণ্ডিত্যপূর্ণ। Vindictive – প্রতিশোধপরায়ণ। Revenge – প্রতিশোধ। Immaculate – নিষ্কলঙ্ক। Cleanliness – পরিচ্ছন্নতা। Belligerent – ঝগড়াটে। Invasion – আক্রমণ।
এখানে Mercenary money'র জন্য কাজ করে Vindictive, Revenge এর জন্য কাজ করে।

29. Lullaby : Song

a) Narrative : Volume
b) Diatribe : Discourse
c) Lecture : Tutor
d) Invective : Complement **ans. B**

Solution: Lullaby – শিশুদের ঘুম পাড়ানী গান। Diatribe – নিন্দামূলক বক্তব্য বা আলোচনা। Discourse – আলোচনা। Invective – গালিগালাজপূর্ণ; Compliment – প্রশংসাসূচক।
শিশুদের ঘুম পাড়ানি এক ধরনের Song কে Lullaby বলে। আর Diatribe আছে এমন আলোচনাকে Discourse বলে।

30. REPTILE is to LIZARD as FLOWER is to

a) Petal b) Stem
c) Alligator d) Daisy **ans. D**

Solution: Reptile – সরীসৃপ। Lizard – টিকটিকি। Petal – পাপড়ি। Stem – বৃক্ষের কান্ড বা বোঁটা। Alligator – কুমির। Daisy – এক ধরনের ফুল বিশেষ।
প্রথমে Reptile এবং Lizard এর মধ্যে সম্পর্কটি বের করি। সম্পর্কটি হলো Reptile এর উদাহরণ হলো Lizard অথবা অন্যভাবেও চিন্তা করলে Lizard এক ধরনের Reptile. এখন দেখুন দেওয়া আছে Flower. তাই আপনার কাজ হলো প্রথম অংশের সম্পর্কের মতো Flower এর একটি উদাহরণ বা অন্যভাবে ___ এক ধরনের Reptile এটি বের করা। এখন উত্তর অপশনগুলো থেকে পড়লে আপনি পাবেন Flower এর একটি উদাহরণ হলো Daisy অথবা অন্যভাবে, Daisy এক ধরনের Flower. তাই উত্তর *d*).

31. ____ is a characteristic of ____.

a) Classroom, Teacher b) Flaw, Perfection
c) Chapter, Novel d) Courage, Hero **ans. D**

Solution: এখানে বৈশিষ্ট্যের (Characteristics) এর কথা বলা হয়েছে। Courage (সাহস) হলো Hero (বীরদের) বৈশিষ্ট্য। উল্লেখ্য, Classroom অর্থ শ্রেণিকক্ষ। Teacher অর্থ শিক্ষক। Flaw অর্থ খুঁত; দোষ। Perfection অর্থ উৎকর্ষ বা সাধিত উৎকর্ষ। Chapter অর্থ অধ্যায়। Novel অর্থ উপন্যাস।

32. ____ creates ____.

a) Mechanic, Wrench b) Virus, Illness
c) Poet, Sonnet d) Moan, Pain **ans. C**

Solution: এখানে, Create শব্দটি রয়েছে রচনা করা অর্থে। Poet (কবি) রচনা করে Sonnet. উল্লেখ্য, Mechanic অর্থ মিস্ত্রি। Wrench অর্থ মোচড় বা টান। Virus অর্থ চাপা আর্তনাদ; আহাজারি। Illness অর্থ বেদনা। Moan অর্থ ভাইরাস। Pain অর্থ অসুস্থতা।
বাক্যের অর্থঃ কবি সনেট রচনা করেন।

33. Antonym of the word EXTEMPORE is___

a) Spontaneous b) Unplanned
c) Unrehearsed d) Rehearsed **ans. D**

Solution: Extempore অর্থ পূর্বচিন্তা বা পূর্ব প্রস্তুতি ছাড়া (উক্ত বা রচিত বা কৃত)। আর এর Antonym হলো Rehears যার অর্থ অনুশীলনকৃত বা কোন বিষয়ে পূর্ব প্রস্তুতি নেয়া। কিন্তু, Spontaneous অর্থ স্বতঃস্ফূর্ত। Unplanned অর্থ অপরিকল্পিত। Unrehearsed অর্থ অনুশীলনহীন।

34. Antonym of JOCOSE is___

a) Diseased b) Playful
c) Dull d) Humorous **ans. C**

Solution: Jocose অর্থ রসিকতাপূর্ণ বা হাসিখুশি যার Antonym হলো Dull (স্থূলবুদ্ধি বা নির্বোধ)। কিন্তু, Diseased অর্থ রুগ্ন; অসুস্থ। Playful অর্থ হাসিখুশি; উজ্জ্বল। Humorous অর্থ রসাত্মক; রসিকতাপূর্ণ।

35. The antonym of the underlined word in the sentences 'The place was indeed <u>grotesque</u>' is

a) Good b) Decent
c) Filthy d) Congruous **ans. A**

Solution: এখানে Grotesque এর বিপরীত শব্দ কী তা জানতে চাওয়া হয়েছে। Grotesque অর্থ সামঞ্জস্যহীন বা অদ্ভুত। আর এর Antonym হলো Good (মনোরম; আকর্ষণীয়)। উল্লেখ্য, Decent অর্থ যথোচিত; শোভন। Filthy অর্থ বিরক্তিকরভাবে নোংরা; অশ্লীল। Congruous অর্থ উপযোগী; মানানসই।
বাক্যের অর্থঃ জায়গাটি আসলেই অদ্ভুত।

36. The antonym of the underlined word in the sentence "All his neighbor is aware of his <u>acrimonious</u> nature" is -

a) Informal b) Sympathetic
c) Cooperative d) Charitable **ans. B**

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

Solution: Acrimonious অর্থ তিক্ত; কটু; মেজাজ, আচার-আচরণে এবং ভাষায় তিক্ততা। আর এর Antonym হলো Sympathetic যার অর্থ হলো সহানুভূতিশীল; সমবেদী। Informal অর্থ অনানুষ্ঠানিক; ঘরোয়া। Cooperative অর্থ সহযোগিতামূলক মনোভাবাপন্ন। Charitable অর্থ দয়ালু; পরহিতকর।
বাক্যের অর্থঃ তার সকল প্রতিবেশিই তার তিক্ত ব্যবহারের বিষয়ে সতর্ক।

37. Synonym of the word SPURIOUS is __
a) Cursory b) Sham
c) Disparate d) Passing ***ans.* B**

Solution: Spurious অর্থ মিথ্যা; জাল; ভেজাল। আর এর সমার্থক শব্দ হলো Sham (ভান; ছুতা; মিথ্যা; কপট)। কিন্তু, Cursory অর্থ তড়িঘড়িতে করা কাজ; দায়সারা গোছের কাজ। Disparate অর্থ অসদৃশ। Passing অর্থ ক্ষণস্থায়ী; বিলীয়মান।

38. Synonym of the word the MOOT is __
a) Controversial b) Invisible
c) Obsequious d) Unexpected ***ans.* A**

Solution: Moot অর্থ অমীমাংসিত; বিতর্কিত। আর এর সমার্থক শব্দ হলো Controversial (বিতর্কিত)। কিন্তু, Invisible অর্থ অদৃশ্য। Obsequious অর্থ আজ্ঞাবহ; মাত্রাতিরিক্ত শ্রদ্ধা প্রদর্শনকারী। Unexpected অর্থ অপ্রত্যাশিত।

39. Her ____ should not be confused with miserliness; as long as I have known her, she has always been willing to assist those who are in need.
a) Intemperance b) Intolerance
c) Frugality d) Diffidence ***ans.* C**

Solution: মিতব্যয়ীতাকে কৃপণতার সাথে গুলিয়ে ফেলা ঠিক হবে না অর্থে Frugality should not be confused with miserliness এর ব্যবহারই যথার্থ। তাই সঠিক উত্তর অপশন *c*). এখানে, Frugality অর্থ মিতব্যয়ীতা। Confused with অর্থ এক জিনিসকে অন্য জিনিস ভাবা; পার্থক্য না বুঝা। Intemperance অর্থ অসংযম; অমিতাচার। Intolerance অর্থ অসহিষ্ণুতা। Diffidence অর্থ আত্ম-প্রত্যয়হীনতা; অবিশ্বাস। In need অর্থ অভাবী।
বাক্যের অর্থঃ তার মিতব্যয়ীতাকে কৃপণতার সাথে গুলিয়ে ফেলা ঠিক হবে না; আমি যতদূর তাকে চিনি সে সর্বদাই অভাবীদের সাহায্য করতে ইচ্ছুক।

40. In his short story, the author depicts the complexity of modern life and the ___ modern man.
a) Picture b) Predicament
c) Inclinations d) Life ***ans.* B**

Solution: আধুনিক জীবনের জটিলতা এবং বিপাকগ্রস্থ মানব জীবনের রূপায়ন অর্থে depicts the complexity of modern life and the predicament modern man এর ব্যবহারই ঠিক। তাই সঠিক উত্তর অপশন *b*). কিন্তু, Picture অর্থ ছবি। Predicament অর্থ দশা; দুর্দশা; বিপাক। Inclinations অর্থ প্রবৃত্তি; ইচ্ছা। Life অর্থ জীবন।
বাক্যের অর্থঃ ছোট গল্পে লেখক আধুনিক জীবনের জটিলতা ও বিপাকগ্রস্থ মানবজীবন রূপায়ন করেছেন।

41. He has been very indulgent ____ his children.
a) to b) of
c) by d) in ***ans.* A**

Solution: প্রশ্রয়পূর্ণ বা প্রশ্রয়ী হওয়া অর্থে Indulgent to বসে।
বাক্যের অর্থঃ তিনি তার সন্তানদের প্রশ্রয় দিয়ে থাকেন।

42. Passengers are not allowed to use cell phones ____ airplanes.
a) with b) at
c) of d) on ***ans.* D**

Solution: বিমানে Allowed না হওয়া অর্থে Not allowed on airplanes ব্যবহার করতে হবে। চলমান বস্তুতে বুঝাতে 'on' ব্যবহার করতে হয়।
বাক্যের অর্থঃ যাত্রীরা বিমানে মুঠোফোন ব্যবহার করার জন্য অনুমতি প্রাপ্ত নয়।

43. Which one of the following sentences is correct?
a) I don't like discussing politics.
b) I don't like discuss about politics.
c) I don't like to discuss politics.
d) I don't discussing in politics. ***ans.* A & C**

Solution: Like + to + verb$_1$ = I don't like to discuss politics. অথবা like + verb + ing = I don't like discussing politics.
বাক্যের অর্থঃ আমি রাজনীতি নিয়ে আলোচনা পছন্দ করি না।

44. Which underlined part of the following sentences has an error?
He <u>gave me</u> a ticket <u>so that</u> I <u>may visit</u> <u>the</u>
a *b* *c* *d*
book fair. ***ans.* C**

Solution: বাক্যের প্রথমে Gave অর্থাৎ Verb এর Past indefinite form থাকায় May না হয়ে Might হবে।
বাক্যের অর্থঃ আমি যাতে বই মেলা ঘুরে আসতে পারি সেজন্য সে আমাকে টিকিট দিয়েছিল।

45. Select substitute word of the sentence 'Persistent high inflation combined with high unemployment and saturated demand in an economy'?
a) Recession b) Depression
c) Stagflation d) Stagnation ***ans.* C**

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

Solution: Stagflation শব্দটি Stagnation এবং Inflation শব্দদ্বয়ের সন্ধিবদ্ধ রূপ। Stagflation দ্বারা কোনো দেশের এমন অর্থনৈতিক অবস্থাকে নির্দেশ করে যেখানে বিশেষ সময় সীমার মধ্যে মুদ্রাস্ফীতি দেখা দেয়, কিন্তু উৎপাদন বৃদ্ধি পায় না।

46. Select substituted word for the sentence 'Of the relationship between trustee and his principal'.

a) Feudal b) Trust
c) Agent d) Fiduciary **ans. D**

Solution: Fiduciary অর্থ জিম্মাদার। এটাকে ইংরেজিতে বলে Regard to the relationship between a trustee (ন্যাসরক্ষক বা সমত্তির তত্ত্বাবধায়ক) and beneficiary (দাম/ বৃত্তির প্রাপক)। কিন্তু, Feudal অর্থ সামন্ততান্ত্রিক। Trust অর্থ আস্থা; ভরসা। Agent অর্থ প্রতিনিধি।
বাক্যের অর্থঃ সম্পত্তির তত্ত্বাবধায়ক এবং তার নীতির সম্পর্ক হচ্ছে জিম্মাদার।

47. Find the odd from the given options.

a) Obscure b) Limpid
c) Diaphanous d) Crystalline **ans. A**

Solution: Diaphanous অর্থ স্বচ্ছ; নির্মল। Limpid অর্থ নির্মল; স্বচ্ছ। Crystalline অর্থ অতি স্বচ্ছ। কিন্তু, Obscure অর্থ অস্বচ্ছ; অন্ধকারময়।

48. Find the odd from the given options.

a) Strident b) Discordant
c) Dulcet d) Guttural **ans. C**

Solution: Strident অর্থ উচ্চনাদী; কর্কশ। Discordant অর্থ বিসদৃশ; বেসুরো। Guttural অর্থ কণ্ঠনালী থেকে উদ্ভূত ধ্বনি। কিন্তু, Dulcet (ডালসিট) অর্থ সুমধুর।

49. The passive from the given options 'He won't give you any chance' is -

a) You won't be giving any chance.
b) You won't be given any chance by him.
c) No chance won't have given him by you.
d) Any chance won't have given by you.

ans. B

Solution: এক্ষেত্রে Passive বাক্যের সঠিক নিয়ম হলো Subject + shall be/ will be + verb এর Past participle + by + object.
বাক্যের অর্থঃ সে তোমাকে কোন সুযোগ দিবে না।

50. The passive from the sentences 'Did the boy catch a bird?' is -

a) Was a boy catching by the boy?
b) Was the boy caught by a bird?
c) Did the bird was caught by the boy?
d) Was a bird caught by the boy? **ans. D**

Solution: Past indefinite tense এর Passive করার নিয়ম হলোঃ Was/ were + subject + verb এর Past participle + by + object + ?
বাক্যের অর্থঃ ছেলেটি কী পাখিটি ধরেছিল?

51. If two jeans and three shirts cost Tk. 4,000 and three jeans and two shirts cost Tk. 3,500. The how much does a jeans cost?

a) Tk. 500 b) Tk. 1,000
c) Tk. 1,500 d) Tk. 2,000 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, দুটি প্যান্ট এবং তিনটি শার্টের মূল্য 4,000 টাকা। আবার, তিনটি প্যান্ট এবং শার্টের মূল্য 3,500 টাকা হলে একটি প্যান্টের মূল্য কত?
ধরি, একটি প্যান্টের দাম x টাকা
এবং একটি শার্টের দাম y টাকা।
প্রশ্নানুযায়ী, $2x + 3y = 4{,}000$ ..... (i)
$3x + 2y = 3{,}500$ ..... (ii)
(i) নং কে 2 দ্বারা এবং (ii) নং কে 3 দ্বারা গুণ করে (i) হতে (ii) নং বিয়োগ করে পাইঃ

$$4x + 6y = 8{,}000$$
$$9x + 6y = 10{,}500$$
$$-5x = -2{,}500$$

$$\therefore \quad x = \frac{-2500}{-5} = 500$$

অর্থাৎ একটি প্যান্টের দাম 500 টাকা।

52. If $x = y = 2z$ and $xyz = 256$, then x =?

a) 2 b) 4
c) 8 d) None **ans. C**

Solution: $x = y = 2z \Rightarrow y = x \;\&\; 2z = x \Rightarrow z = \frac{x}{2}$

Now, $xyz = 256$

$$\Rightarrow \quad x \times x \times \frac{x}{2} = 256$$
$$\Rightarrow \quad x \times x \times x = 256 \times 2$$
$$\Rightarrow \quad x^3 = 512$$
$$\therefore \quad x = 8$$

53. One-third of Ratan's investment in National Savings Certificate is equal to one-half of his investment in FDR. If he has Tk. 1,50,000 as total investment, how much he invested in savings certificate?

a) Tk. 30,000 b) Tk. 50,000
c) Tk. 60,000 d) Tk. 90,000 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, জাতীয় সঞ্চয়পত্রে বিনিয়োগের এক-তৃতীয়াংশ FDR এবং বিনিয়োগের অর্ধেকের সমান। মোটের উপর 1,50,000 টাকা বিনিয়োগ করা হলে জাতীয় সঞ্চয়পত্রে কত টাকা বিনিয়োগ করা হয়েছিল?
ধরি, জাতীয় সঞ্চয়পত্রে বিনিয়োগ করে x টাকা
এবং FDR এ বিনিয়োগ করে y টাকা

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

প্রশ্নমতে, $x + y = 1,50,000$ ..... (i)

$\frac{1}{3}x = \frac{1}{2}y$

$\Rightarrow \frac{x}{3} = \frac{y}{2}$

$\therefore \frac{x}{3} - \frac{y}{2} = 0$ ..... (ii)

এখন (i) নং সমীকরণকে 2 দ্বারা ভাগ করে (i) এবং (ii) নং যোগ করে পাইঃ

$\frac{x}{2} + \frac{y}{2} = \frac{150000}{2}$

$\Rightarrow \frac{x}{2} + \frac{y}{2} = 75,000$

এখন, $\frac{x}{2} + \frac{y}{2} = 75,000$

$\frac{x}{3} - \frac{y}{2} = 0$

$\Rightarrow \frac{x}{2} + \frac{x}{3} = 75,000$

$\Rightarrow \frac{3x + 2x}{6} = 75,000$

$\Rightarrow 5x = 75,000 \times 6$

$\therefore x = \frac{75000 \times 6}{5} = 90,000$ টাকা

অর্থাৎ জাতীয় সঞ্চয়পত্রে 90,000 টাকা বিনিয়োগ করা হয়েছিল।

54. **A man bought some eggs of which 10% are rotten. He gives 80% of the remainder to his neighbors. Now he is left out with 36 eggs. How many eggs he bought?**

a) 40 b) 100

c) 200 d) 72 ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, এক ব্যক্তি কিছু ডিম কিনলেন যার 10% পঁচা। বাকি ডিমের 80% সে তার প্রতিবেশীকে দিয়ে ছিল। এখন তার নিকট অপশিষ্ট্য 36 টি ডিম থাকলে সে প্রথমে কতটি ডিম কিনেছিল?

ধরি, তিনি x টি ডিম কিনেছিল।

প্রশ্নমতে, $x \times 90\% \times 20\% = 36$

$\Rightarrow \frac{x \times 90 \times 20}{100 \times 100} = 36$

$\therefore x = \frac{360000}{90 \times 20} = 200$

অর্থাৎ সে 200 টি ডিম কিনেছিল।

55. **The sum of the squares of three number is 138, while the sum of their products taken two at a time is 131. Their sum is**

a) 20 b) 30

c) 40 d) Cannot be determined ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, তিনটি সংখ্যার বর্গের সমষ্টি 138 এবং সংখ্যা তিনটির যেকোন দুটি সংখ্যার গুণফল তিনবার নিয়ে তাদের দ্বিগুণ 131 হলে সংখ্যা তিনটির সমষ্টি কত?

ধরি, সংখ্যা তিনটি হলো a, b এবং c

প্রশ্নানুযায়ী, $a^2 + b^2 + c^2 = 138$ ..... (i)

এবং $2(ab + bc + ca) = 131$ ..... (ii)

এখন আমরা জানি,

$(a + b + c)^2 = a^2 + b^2 + c^2 + 2(ab + bc + ca)$

$\Rightarrow (a + b + c)^2 = 138 + (2 \times 131)$

$\Rightarrow (a + b + c)^2 = 138 + 262 = 400$

$\therefore a + b + c = \sqrt{400} = \sqrt{(20)^2} = 20$

অর্থাৎ সংখ্যা তিনটির সমষ্টি 20.

56. **The sum of the ages of the father and son is 80 years. If ten years ago of father was three times that of his son, find the present age of the son.**

a) 55 b) 25

c) 15 d) 45 ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, পিতা পুত্রের বয়সের সমষ্টি 80 বছর। 10 বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের তিনগুণ হলে পুত্রের বর্তমান বয়স কত?

ধরি, 10 বছর পূর্বে পুত্রের বয়স ছিল x বছর।

এবং 10 বছর পূর্বে পিতার বয়স ছিল $3x$ বছর।

তাহলে বর্তমানে পুত্রের বয়স = $(x + 10)$ বছর।

এবং বর্তমানে পিতার বয়স = $(3x + 10)$ বছর।

প্রশ্নমতে, $x + 10 + 3x + 10 = 80$

$\Rightarrow 4x + 20 = 80$

$\Rightarrow 4x = 60$

$\therefore x = \frac{60}{4} = 15$ টাকা

অতএব, বর্তমানে পুত্রের বয়স = $15 + 10 = 25$ বছর।

57. **The monthly incomes of two persons are in the ratio 4 : 5 and their monthly expenditures are in the ratio of 7 : 9. If each saves BDT 50 per month, find their monthly income.**

a) 400 and 600 b) 400 and 500

c) 500 and 400 d) None ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, দুইজন লোকের মাসিক বেতনের অনুপাত 4 : 5 এবং মাসিক ব্যয়ের অনুপাত 7 : 9. প্রত্যেকে মাসে 50 টাকা সঞ্চয় করলে প্রত্যেকের মাসিক আয় কত?

ধরি, একজেনর আয় $4x$ টাকা ও অপরজনের আয় $5x$ টাকা

আবার, একজেনর ব্যয় $7y$ টাকা

এবং অপরজনের ব্যয় $9y$ টাকা

প্রশ্নমতে, $4x - 7y = 50$ ..... (i)

এবং $5x - 9y = 50$ ..... (ii)

অতএব, $4x - 7y = 5x - 9y$

$\Rightarrow 5x - 4x = 9y - 7y$

$\therefore x = 2y$ ..... (iii)

এখন, x এর মান (i) নং সমীকরণে বসাই,

$4x - 7y = 50$

$\Rightarrow 4 \times 2y - 7y = 50$

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

$\Rightarrow$ $8y - 7y = 50$

$\therefore$ $y = 50$

এখন y এর মান (*iii*) নং সমীকরণে বসাই,

$x = 2 \times 50 = 100$

অতএব, একজন ব্যক্তির আয় $= 4 \times 100 = 400$ টাকা

এবং অপর ব্যক্তির আয় $= 5 \times 100 = 500$ টাকা।

58. **Simple interest on a certain sum at the rate of 4.5% p.a. for 4 years and 6 years differs by BDT 216. The sum is**

a) BDT 2,100 b) BDT 2,400

c) BDT 1,800 d) None ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 4.5% হার মুনাফায় কোনো আসলের 4 বছর এবং 6 বছরের মুনাফার পার্থক্য 216 টাকা হলে আসল কত?

আমরা জানি, সরল মুনাফার সূত্র, $I = \frac{prn}{100}$

যেখানে, I = মুনাফা; p = আসল; r = হার; n = সময়।

প্রশ্নমতে, $\frac{p \times 4.5 \times 6}{100} - \frac{p \times 4.5 \times 4}{100} = 216$

$\Rightarrow$ $\frac{27p}{100} - \frac{18p}{100} = 216$

$\Rightarrow$ $\frac{27p - 18p}{100} = 216$

$\therefore$ $p = \frac{21600}{9} = 2{,}400$

অর্থাৎ আসল 2,400 টাকা।

59. **If the product of three consecutive integers is 210, then the sum of integers is**

a) 14 b) 15

c) 18 d) 21 ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, তিনটি ক্রমিক সংখ্যার গুণফল 210 হলে সংখ্যা তিনটির সমষ্টি কত?

যে তিনটি ক্রমিক সংখ্যার গুণফল 210

সে সংখ্যা তিনটি হলো $= 5 \times 6 \times 7 = 210$

$\therefore$ সংখ্যা তিনটির সমষ্টি $= 5 + 6 + 7 = 18$

Shortcut: $210 = 5 \times 6 \times 7$, Sum $= 5 + 6 + 7 = 18$

60. **In a right triangle, the length of one of the legs is 3 and the length of the hypotenuse is 5. What is the length of the other leg?**

a) 4 b) 8

c) 16 d) None ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি সমকোণী ত্রিভুজ একবাহুর দৈর্ঘ্য 3 একক এবং অতিভুজ 5 একক হলে, অপর বাহুর দৈর্ঘ্য কত?

ধরি, ত্রিভুজের অপর বাহুর দৈর্ঘ্য x একক

পিথাগোরাসের সূত্রানুযায়ী, $x^2 + 3^2 = 5^2$

$\Rightarrow$ $x^2 + 9 = 25$

$\Rightarrow$ $x^2 = 25 - 9 = 16$

$\therefore$ $x = \sqrt{16} = 4$

অর্থাৎ, অপর বাহুর দৈর্ঘ্য 4 একক।

61. **If $x = a + \frac{1}{a}$ and $y = a - \frac{1}{a}$ then $x^4 + y^4 - 2x^2y^2 = ?$**

a) 4 b) 8

c) 16 d) None ***ans.* C**

Solution: দেয়া আছে, $x^4 + y^4 - 2x^2y^2$

$= (x^2)^2 - 2 \times x^2 \times y^2 + (y^2)^2$

$= (x^2 - y^2)^2$

$= \{(x + y)(x - y)\}^2$

$= \left[\left(a + \frac{1}{a} + a - \frac{1}{a}\right)\left(a + \frac{1}{a} - a + \frac{1}{a}\right)\right]^2$ [মান বসিয়ে]

$= \left[2a\left(a + \frac{1}{a} - a + \frac{1}{a}\right)\right]^2 = \left(2a \times 2 \times \frac{1}{a}\right)^2$

$= 4^2 = 16$

62. **The present ratio of students to teachers at a certain school is 30 to 1. If the student enrollment were to increase by 50 students and the number of teachers were to increase by 5, the ratio of students to teachers would then be 25 to 1. What is the present number of teachers?**

a) 8 b) 10

c) 12 d) 15 ***ans.* D**

Solution: একটি স্কুলে ছাত্র শিক্ষক অনুপাত 30 : 1. যদি ছাত্রদের সংখ্যা 50 জন বাড়ে এবং শিক্ষকের সংখ্যা 5 জন বাড়ে তবে ছাত্র শিক্ষক অনুপাত 25 : 1 হয়। শিক্ষকের সংখ্যা কত?

ধরি, ছাত্র আছে $= 30x$ জন

শিক্ষক আছে $= x$ জন

প্রশ্নমতে, $\frac{30x + 50}{x + 5} = \frac{25}{1}$

$\Rightarrow$ $30x + 50 = 25x + 125$

$\Rightarrow$ $5x = 75$

$\therefore$ $x = 15.$

অতএব শিক্ষকের সংখ্যা 15 জন।

63. **A worker was hired for 7 days. Each day, he was paid Tk. 10 more than what he was paid for the previous day of work. The total amount he was paid in the first 4 days of work equaled the total amount he was paid in the last 3 days. What was the starting pay?**

a) Tk. 90 b) Tk. 138

c) Tk. 150 d) Tk. 160 ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, আলিম ৭ দিনের জন্য একটি কাজে নিয়োগ পেলো। প্রতিদিন সে পূর্বদিনের চেয়ে ১০ টাকা করে বেশি মুজুরি পায়। প্রথম ৪ দিনে সে যে পরিমাণ টাকা পায় পরের ৩ দিনে সে একই পরিমাণ টাকা পায়। প্রথম দিন সে কত টাকা পেয়েছিলো?

ধরি প্রথম দিন পায় $= x$ টাকা

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

প্রশ্নমতে, ১ম চারদিনে পায়ঃ
$(x + x + 10 + x + 20 + x + 30) = 4x + 60.$
শেষের ৩দিনে পায়ঃ
$(x + 40 + x + 50 + x + 60) = 3x + 150$
প্রশ্নমতে, $4x + 60 = 3x + 150$
$\Rightarrow$ $4x - 3x = 150 - 60$
$\therefore$ $x = 90$
সুতরাং প্রথম দিন পেয়েছিলো 90 টাকা।

64. **The average daily wage of 10 workers is Tk. 400. If the lowest wage is Tk. 300, then what is the possible maximum wage?**
a) 800 b) 1,000
c) 1,200 d) 1,300 ***ans.* D**

Solution: 10 জন লোকের গড় মজুরি 400 টাকা। যদি সবচেয়ে কম মজুরি 300 টাকা হয় তবে সম্ভাব্য সর্বোচ্চ মজুরি কত হতে পারে?
10 জনের গড় মজুরি = 400 টাকা
10 জনের মজুরির সমষ্টি = $400 \times 10 = 4000$ টাকা
আবার, 9 জনের সর্বনিম্ন মজুরির সমষ্টি হবে
$= 300 \times 9 = 2700$ টাকা
$\therefore$ সর্বোচ্চ মজুরি হতে পারে $= 4000 - 2700 = 1300$ টাকা

65. **A monkey climbs a 12 meters high slippery pillar. In his first minute, he climbs 2 meters, and in the next minute, he slips one meter down. In this way, how much time will he take to reach the top of the pillar?**
a) 10 minutes b) 12 minutes
c) 11 minutes d) 21 minutes ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি বানর 12 মিটার উঁচু একটি খুঁটি বেয়ে উঠছে। প্রথম মিনিটে বানরটি 2 মিটার উঠে কিন্তু পরের মিনিটে 1 মিটার নিচে নেমে যায়। খুঁটি বেয়ে উঠতে মোট কত সময় লাগবে?
শেষের মিনিটে সে Slip করবে না, অর্থাৎ 10 মিটার উঠার পর 2 মিটার উঠে গেলে সে আর নিচে নামবে না। তাই এখন দেখি এই 20 মিটার সে কত মিনিটে উঠে।
প্রতি 2 মিনিটে বানরটি উঠে $= 2 - 1 = 1$ মিটার।
অর্থাৎ 1 মিটার উঠে $= 2$ মিনিটে
$\therefore$ 10 মিটার উঠে $= 10 \times 2 = 20$ মিনিটে
$\therefore$ খুঁটি বেয়ে উঠতে মোট সময় লাগবে
$= 20 + 1 = 21$ মিনিট

66. **A clock seen through a mirror, shows quarter past three. What is the correct time shown by the clock?**
a) 3:15 b) 7:15
c) 8:45 d) 9:45 ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, আয়নায় একটি ঘড়ির সময় দেখাচ্ছে 3:15. ঘড়িটিতে প্রকৃত সময় কত?
আয়নায় যে সময় দেখাবে তা প্রকৃত সময়।
এক্ষেত্রে প্রকৃত সময় বের করার সূত্র হলোঃ
11:60 মিনিট হতে আয়নায় প্রদর্শিত সময় বিনিয়োগ দিলেই প্রকৃত সময় বের হবে।
$\therefore$ প্রকৃত সময় $= 11:60 - 3:15 = 8:45$ মিনিট।

67. **A batsman makes a score of 80 runs in the 16th innings and increase average by 3. What is his average after 16th innings?**
a) 25 b) 29
c) 32 d) 35 ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একজন ব্যাটসম্যান 16 তম ম্যাচে 80 রান করলো এবং তার গড় 3 বাড়লো। 16 তম ইনিংসের পর তার গড় কত হলো?
ধরি, 15 তম ইনিংসের গড় রান x
$\therefore$ 15 তম ইনিংসের মোট রানের সমষ্টি $15x$
প্রশ্নমতে, $\frac{15x + 80}{16} - \frac{x}{1} = 3$
$\Rightarrow$ $\frac{15x + 80 - 16x}{16} = 3$
$\Rightarrow$ $-x + 80 = 48$
$\Rightarrow$ $-x = 48 - 80 = -32$
$\therefore$ $x = 32$
$\therefore$ 16 তম ইনিংসের পর গড় রান হবে $= 32 + 3 = 35$

68. **After fillings the car's fuel tank, a driver drove from P to Q and then to R. He used $\frac{2}{5}$ portion of the fuel driving from P to Q. If he used another 7 liters to drive from Q to R and still had $\frac{1}{4}$ of the tank left, how many liters does the tank hold?**
a) 12 b) 18
c) 20 d) 21 ***ans.* C**


Solution: প্রশ্নে বলা হচ্ছে, গড়িতে তেল ভর্তির পর একজন চালক P থেকে Q তে এবং Q থেকে R স্থানে গমন করলেন। P থেকে Q তে যেতে তিনি $\frac{2}{5}$ অংশ তেল ব্যবহার করলেন। তিনি Q থেকে R স্থানে যেতে আরো 7 লিটার খরচ করলে তার গাড়িতে $\frac{1}{4}$ অংশ তেল থাকলে গাড়ির তেলের ট্যাংকির ধারণক্ষমতা কত?
ধরি, ট্যাংকের ধারণক্ষমতা x লিটার।
প্রশ্নমতে, $x - x$ এর $\frac{2}{5}$ অংশ $- 7 = x$ এর $\frac{1}{4}$ অংশ
$\Rightarrow$ $x - \frac{2x}{5} - 7 = \frac{x}{4}$
$\Rightarrow$ $x - \frac{2x}{5} - \frac{x}{4} = 7$
$\Rightarrow$ $\frac{20x - 8x - 5x}{20} = 7$
$\Rightarrow$ $7x = 7 \times 20$
$\therefore$ $x = \frac{7 \times 20}{7} = 20$

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

69. **A merchant has 1,000 *kg* of sugar, part of which he sells at 8% and the remaining at 18% profit. He gains 14% on the whole. Find the quality of sugar that he sold at 18% profit.**

a) 400 *kg* b) 560 *kg*
c) 600 *kg* d) 640 *kg* ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, এক ব্যবসায়ীর কাছে 1,000 কেজি চিনি আছে যার কিছু অংশ 8% লাভে এবং বাকি অংশ 18% লাভে বিক্রয় করলো। এতে সে মোটের উপর 14% লাভ করলো। সে 18% লাভে কি পরিমাণ চিনি বিক্রয় করেছিল?



অতএব, প্রথম অংশ ঃ দ্বিতীয় অংশ = 4 : 6 = 2 : 3

∴ দ্বিতীয় অংশের পরিমাণ

$= \left(1000 \text{ এর } \frac{3}{2+3}\right) = \left(1000 \text{ এর } \frac{3}{5}\right) = 600$ কেজি

70. **The average weight of A, B and C is 45 *kg*. If the average weight of A and B is 40 *kg* and that of B and C is 43 *kg*, then the weight of B is**

a) 17 *kg* b) 31 *kg*
c) 20 *kg* d) None ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে A, B এবং C এর গড় ওজন 45 কেজি। A এবং B এর গড় ওজন 40 কেজি এবং B ও C এর গড় ওজন 43 কেজি। B এর ওজন কত?

A, B, C এর ওজনের সমষ্টি = 45 × 3 = 135 কেজি

আবার, A ও B এর ওজনের সমষ্টি = 40 × 2 = 80 কেজি

B ও C এর ওজনের সমষ্টি = 43 × 2 = 86 কেজি

প্রশ্নানুযায়ী, A + B + B + C = 80 + 86

⇒ A + B + C + B = 166

⇒ 135 + B = 166

∴ B = 166 – 135 = 31 কেজি।

71. **The old name of RAJUK is -**

a) BIIT b) DIT
c) BAT d) None ***ans.* B**

Solution: রাজউক (রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ) বাংলাদেশের গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনে একটি সরকারি সংস্থা বা রাজধানী ঢাকার উন্নয়ন প্রকল্পসমূহের পরিকল্পনা ও বাস্তবায়ন করে থাকে। এর পূর্বনাম ছিল ঢাকা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট (ডিআইটি)।

72. **USA film industry Hollywood is located in -**

a) Maryland b) Virginia
c) California d) New York ***ans.* C**

Solution: হলিউড ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যের লস এঞ্জেলেস শহরের একটি এলাকা। এটি মার্কিন যুক্তরাষ্ট্রের চলচ্চিত্র জগতের প্রাণকেন্দ্র।

73. **What is the name of the largest cotton-producing country as of 2022?**

a) Pakistan b) France
c) USA d) China ***ans.* D**

74. **Murtin Cooper is known for his invention of -**

a) Digital Camera b) X-ray
c) Solar Energy d) Mobile Phone***ans.* D**

Solution: মার্টিন কুপার ইলিনয়িস রাজ্যের শিকাগোতে জন্মগ্রহণকারী বিখ্যাত মার্কিন আবিষ্কারক। তারবিহীন টেলিফোন শিল্প হিসেবে মোবাইল ফোনের পথিকৃৎ হিসেবে বৈশ্বিকভাবে পরিচিত হয়ে আছেন। বর্তমান সময়ের বেতার তরঙ্গ ব্যবস্থাপনায় অন্যতম শীর্ষস্থানীয় আবিষ্কারক তিনি। উল্লেখ্য, 'ডিজিটাল ক্যামেরা' আবিষ্কার করেন স্টিভেন স্যাসন; 'এক্সরে' বা রঞ্জন রশ্মি আবিষ্কার করেন উইলহেম রন্টজেন; 'সোলার এনার্জি' আবিষ্কার করেন এডমন্ড বেকুয়েরেল।

75. **What is the name of the data center that EU unveils to probe crimes in Ukraine?**

a) Tulip b) Metro
c) Game Changer d) None ***ans.* C**

Solution: The EU's judicial cooperation agency on February 23, unveiled what it said was a 'game changing' data center to collect and analyze evidence of crimes in Ukraine, invaded by Russia a year ago. The Hague-based body and Ukraine also backed the European Union's announcement to coordinate a probe into crimes committed after the invasion.

76. **The designer of the National Martyr's Monument is -**

a) Syed Mainul Hossain
b) Hamidur Rahman
c) Shaymol Chowdhury
d) Syed Abdullah Khalid ***ans.* A**

Solution: এক নজরে জাতীয় স্মৃতিসৌধঃ

স্থপতি	সৈয়দ মঈনুল হোসেন	স্থাপিত হয়	১০৯ একর জমির উপর
অবস্থিত	ঢাকার সাভারে	উচ্চতা	৪৬.৫ মিটার বা ১৫০ ফুট
ভিত্তি প্রস্তর স্থাপন	১৬ ডিসেম্বর, ১৯৭২	ফলক	৭ টি
ভিত্তি প্রস্তর স্থাপন করেন	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান	উদ্বোধন	১৬ ডিসেম্বর, ১৯৮২ সালে

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

77. **Time difference of Bangladesh with 'Greenwich Mean Time' is -**
a) 6 hours b) 12 hours
c) 18 hours d) 24 hours ***ans.* A**

Solution: গ্রিনিচ মানমন্দির অবস্থিত যুক্তরাজ্যের লন্ডন শহরে। এই স্থান থেকে সময় পরিমাপের আদর্শ মান হিসেব করা হয়। গ্রিনিচ মান মন্দিরের নামানুসারে GMT বা গ্রিনিচ মিন টাইম ঠিক করা হয়। গ্রিনিচ মান সময় এমন একটি সময় পরিমাপক সিস্টেম যা মূলত সৌর সময়কে নির্দেশ করে। লন্ডনের উপকণ্ঠে গ্রিনিচ মানমন্দিরের উপর দিয়ে সুমেরু থেকে কুমেরু (উত্তর মেরু থেকে দক্ষিণ মেরু) পর্যন্ত যে রেখা কল্পনা করা হয় তাকে মূল মধ্যরেখা বলে। মূল মধ্যরেখার দ্রাঘিমা 0°. এটি ১৮৮৪ সালে স্থির করা হয়।

78. **Which of the following is not in Asia?**
a) Israel b) Libya
c) Saudi Arabia d) Lebanon ***ans.* B**

Solution: উত্তর আফ্রিকার দেশ লিবিয়া। লিবিয়া আফ্রিকার বৃহত্তম রাষ্ট্রগুলির একটি। আকারে বিশাল হলেও লিবিয়াতে জনবসতি খুবই লঘু। দেশের বেশিরভাগ অংশ জুড়ে রয়েছে সাহারা মরুভূমি। লিবিয়ার তিনটি প্রধান অঞ্চল হল ত্রিপোলিতানিয়া, ফেজ ও সিরেনাইকা। ইসলাম এখানকার রাষ্ট্রধর্ম এবং আরবি ভাষা সরকারি ভাষা। পেট্রোলিয়ামের বিরাট মজুদ আবিষ্কারের পর থেকে লিবিয়া আফ্রিকার সবচেয়ে ধনী দেশগুলির একটি।

79. **What is the capital of Australia?**
a) Melbourne b) Sydney
c) Adelaide d) Canberra ***ans.* D**

Solution: Canberra অস্ট্রেলিয়ার রাজধানী শহর। সিডনি শহর থেকে ২৪০ কিমি দক্ষিণ-পশ্চিমে ও মেলবোর্ন থেকে ৬৬০ কিমি উত্তর-পূর্বে অবস্থিত শহরটি অস্ট্রেলিয়ার এই দুই প্রধানতম নগরীর মধ্যবর্তী একটি জায়গায় অবস্থিত। Sydney হলো অস্ট্রেলিয়ার নিউ সাউথ ওয়েলস অঙ্গরাজ্যের রাজধানী এবং অস্ট্রেলিয়া তথা ওশেনিয়ার বৃহত্তম শহর। Melbourne হলো অস্ট্রেলিয়ার দক্ষিণ-পূর্বাঞ্চলে অবস্থিত ভিক্টোরিয়া অঙ্গরাজ্যের রাজধানী ও সর্বাপেক্ষা ঘনবসতিপূর্ণ শহর।

80. **The highest densely populated country of the world is -**
a) Bangladesh b) China
c) Monaco d) Indonesia ***ans.* C**

Solution: মোনাকো ইউরোপ মহাদেশের একটি রাষ্ট্র। এটি আয়তনে পৃথিবীর ২য় ক্ষুদ্রতম এবং পৃথিবীর সর্বোচ্চ জনঘনত্ব-বহুল রাষ্ট্র। এর জনসংখ্যা আনুমানিক ৩২ হাজার। দেশটি ফ্রান্সের দক্ষিণ পূর্বে ভূমধ্যসাগরের তীরে অবস্থিত। ফরাসি ভাষা বহুল ব্যবহৃত। দেশের প্রধান প্রিন্স আলবার্ট। পর্যটন শিল্প দেশটির প্রধান চালিকা শক্তি। কেবল মাত্র ভ্যাটিকান সিটির আয়তন মোনাকোর চেয়ে কম।

81. **Which country has launched the 'Commercial Arms Transfer (CAT)' policy?**
a) Russia b) China
32. If A^3 is odd, which of the following is true?
a) A is odd only
b) A^2 is odd only
c) A^2 is even
d) Both A & B are true
e) Both A & C are true **ans. D**

Solution: প্রশ্নে দেওয়া আছে, A^3 = Odd
A^3 তখনই Odd হবে যখন A এর Value odd হবে।
সুতরাং, A = Odd
⇒ A^2 = Odd
A = Odd হলে A^2 এর Value কখনো Even হবে তাই *c* বাদ।
Choice *d*) তে বলা হচ্ছে *a* এবং *b* উভয়ই সত্য। হ্যাঁ উপরের বিশ্লেষণ থেকে দেখা যাচ্ছে *a* এবং *b* সর্বদা সত্য।

33. If the length of a rectangle is increased by 30% and the width is decreased by 30%, then the area will be
a) Decreased by 9% b) Increased by 9%
c) Decreased by 18% d) Increased by 16%
e) Increased by 15% **ans. A**

Solution: এই ধরনের অঙ্কের ক্ষেত্রে আমরা নিম্নে সূত্রটি ব্যবহার করতে পারিঃ

$F + S + \frac{F \times S}{100}$ F = 1st change = 30%
$= 30 - 30 + \frac{30 \times (-30)}{100}$ S = 2nd change = 30%
$= -9$ Increase হলে → +
Decrease হলে → –
অর্থাৎ, Decreased by 9%.

34. How much interest will Tk. 1000 earn in one year at the annual interest rate of 20% if interest rate is compounded every 6 months?
a) 200 b) 205 c) 110
d) 208 e) 210 **ans. E**

Solution: সুদের হার 20% হলে 1,000 টাকার 6 মাসের চক্রবৃদ্ধি সুদ কত হবে?
p = আসল = 1000; r = সুদের হার = 20%; m = বছরে যতবার সুদ দেয়া হয়।
প্রশ্নে বলা হচ্ছে Compound every 6 month. তাই বছরে ২ বার সুদ দেয়া হয়।
$n = 1$
চক্রবৃদ্ধি সুদের ক্ষেত্রে আমরা জানি,

সুদাসল $= p\left(1 + \frac{r}{m}\right)^{mn}$
$= 1000\left(1 + \frac{20\%}{2}\right)^{2 \times 1}$
$= 1000\ (1 + 10\%)^2$
$= 1000\left(1 + \frac{10}{100}\right)^2$
$= 1000(1.1)^2$
$= 1000 \times 1.21$
$= 1210$
∴ সুদ = সুদাসল - আসল = 1210 – 1000 = 210 টাকা

35. $\frac{25}{?} = \frac{?}{81}$. What is the missing number?
a) 2025 b) 45 c) 53
d) 49 d) 65 **ans. B**

Solution: $\frac{25}{?} = \frac{?}{81}$ এখানে আপনাকে Missing number (?) বের করতে হবে।
ধরি, Missing number = m
তাহলে, $\frac{25}{m} = \frac{m}{81}$
⇒ $m^2 = 25 \times 81$
⇒ $m = \sqrt{25 \times 81}$
⇒ $m = 5 \times 9 = 45$

36. Average mark in Math in a class of 40 students is 45. Average mark of all the 30 boys is 50. Then the average mark obtained by the girls is:
a) 30 b) 35 c) 25
d) 40 e) 33 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 40 জন ছাত্র ছাত্রীর (বালক + বালিকা) অংকের গড় মার্কস 45 এবং 30 জন বালকের অর্থাৎ ছাত্রের অংকের গড় নম্বর 50 হলে বালিকাদের অর্থাৎ ছাত্রীদের গড় নম্বর কত?
40 জন বালক + বালিকার গড় নম্বর = 45
∴ 40 জন বালক + বালিকার নম্বরের সমষ্টি
$= 45 \times 40 = 1{,}800$
30 জন বালকের অঙ্কের গড় নম্বর = 50
∴ 30 জন বালকের অঙ্কের নম্বররের সমষ্টি

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

$= 50 \times 30 = 1,500$

40 জন বালক + বালিকার নম্বরের সমষ্টি = 1800

30 জন বালকের অঙ্কের নম্বররের সমষ্টি = 1500

$\therefore$ 10 জন বালিকার নম্বরের সমষ্টি = 300

$\therefore$ 10 জন বালিকার নম্বরের গড় $= \frac{300}{10} = 30$

পরীক্ষার হলে কিভাবে করবেনঃ

$(45 \times 40) - (50 \times 30) = 1800 - 1500$

$= \frac{300}{10}$ [50 – 40 = 10]

$= 30$

37. **729 *ml* of a mixture contains milk and water in ratio 7 : 2. How much of the water is to be added to get a new mixture containing half milk and half water?**

a) 405ml b) 81ml c) 72ml

d) 91ml e) 95ml ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 729*ml* এ দুধ ও পানির অনুপাত 7 : 2. প্রশ্ন হল, নতুন মিশ্রনে অর্ধেক দুধ ও অর্ধেক পানি পাওয়ার জন্য আরও কতটুকু পানি যোগ করতে হবে?

দেওয়া আছে, $m : w$ $m : w$ $m : w$

7 : 2 7 : 2 7 : 2

করতে হবে $\frac{1}{2} : \frac{1}{2}$ 1 : 1 7 : 7 (দ্বারা গুণ করে)

Ratio অনুযায়ী Water add করতে হবে = 7 – 2 = 5

$\therefore$ পানি Add করতে হবে $= \frac{\text{Total}}{\text{1st ratio total}} \times$ Ratio add

$= \frac{729}{7+2} \times 5 = 405.$

38. **The sum of 3 consecutive odd numbers is 57. The middle one is**

a) 19 b) 21 c) 23

d) 17 e) 15 ***ans.* A**

Solution: অনুবাদঃ তিনটি বিজোড় ক্রমিক সংখ্যার সমষ্টি 57 হলে মধ্যবর্তী সংখ্যাটি কত?

তিনটি ক্রমিক বিজোড় মধ্যবর্তী সংখ্যাটিই হল গড় বা Mean.

সুতরাং গড় $= \frac{57}{3} = 19$

39. **Today is Monday. After 61 days, it will be:**

a) Wednesday b) Saturday c) Tuesday

d) Thursday e) Friday ***ans.* B**

Solution: যেহেতু সপ্তাহে মোট দিন হচ্ছে 7 তাই 7 এর গুণকের ক্ষেত্রে প্রতিবারই সোমবার পাওয়া যাবে। 61 এর কম 7 এর গুণকের সর্বোচ্চ সংখ্যা হচ্ছে 56(8 × 7). 56 এরপর 61 হতে বাকী থাকে 5 দিন। তাই Monday এরপর 5ম দিনে হবে Saturday.


40. **In a box, there are 8 red, 7 blue and 6 green balls. One ball is picked up randomly. What is the probability that it is neither red nor green?**

a) $\frac{1}{3}$ b) $\frac{3}{4}$ c) $\frac{7}{19}$

d) $\frac{8}{21}$ e) 9 ***ans.* A**

Solution: একটি বক্সে 8টি লাল, 7টি নীল এবং 6টি সবুজ বল আছে। একটি বল দৈবভাবে তোলা হলে লাল ও সবুজ কোনটাই হবেনা এমন বল আসার সম্ভাবনা কত?

প্রশ্নানুযায়ী, বক্সে আছে তিন প্রকারের বল যার মধ্য থেকে 1টি বল উত্তোলন করা হবে। কিন্তু শর্ত হচ্ছে উত্তোলিত বলটি লাল অথবা সবুজ কোনটাই হতে পারবেনা। তার মানে বলটি অবশ্যই নীল হবে।



সুতরাং 7 টি Blue থেকে 1 টি আসার সম্ভাবনা = 7_{c_1}

মোট (8 + 7 + 6) = 21 থেকে 1 টি আসার সম্ভাবনা = 21_{c_1}

$\therefore$ Probability (Neither red nor green)

$= \frac{\text{অনুকূল ঘটনা}}{\text{মোট ঘটনা}} = \frac{7_{c_1}}{21_{c_1}} = \frac{7}{21} = \frac{1}{3}.$

Shortcut: যেহেতু আপনাকে Neither Red nor Green বের করতে হবে, তাই আপনাকে আসলে এমন একটি বল Randomly (বাছবিচারহীনভাবে) উঠাতে হবে যা আসলে Red বা Green এর কোনটিই হবে না। অর্থাৎ আপনাকে Red বা Green বাদে তৃতীয় যে রংটি আছে সেটি অর্থাৎ Blue তুলতে হবে।

$\therefore$ Blue আসার সম্ভাবনা $= \frac{7}{8+7+6} = \frac{7}{21} = \frac{1}{3}.$

41. **Mr. A is 5 years senior to Mr. B, Mr. B is 3 years senior to Mr. C, Mr. C is 2 years junior to Mr. D in job experience. If Mr. D has 15 years job experience than how many years of experience possessing Mr. A?**

a) 18 b) 19 c) 20

d) 20 e) 21 ***ans.* E**

Solution:

Symbol	Experience

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

A =	B + 5 = 16 + 5 = 21
B =	C + 3 = 13 + 3 = 16
C =	D – 2 = 15 – 2 = 13
D =	15

যেহেতু D = 15 দেয়া আছে, তাই D এর মান *c* তে বসিয়ে যে মান (13) পাওয়া যাবে তা *b* তে যে মান (16) পাওয়া যাবে তা আবার A তে বসিয়ে যে মান (21) পাওয়া যাবে তাই হবে A এর মান।

42. **The sum of principal and simple interest of a certain amount of money would be Tk. 460 after three years from now and Tk. 500 after 5 years from now. What is the related interest rate?**

a) 18% b) 15% c) 26%
d) 5% e) 20% ***ans.* D**

Solution: অনুবাদঃ 3 বছরে সুদাসল 460 টাকা এবং 5 বছরে সুদাসল 500 টাকা হলে সুদের হার কত?

5 বছরে সুদ + আসল = 500 টাকা
3 বছরে সুদ + আসল = 460 টাকা

∴ 2 বছরের সুদ = 40 টাকা

∴ 5 বছরের সুদ $= \frac{40 \times 5}{2} = 100$টাকা

5 বছরের সুদ + আসল = 500 টাকা
3 বছরের সুদ + আসল = 100 টাকা

∴ 5 বছরের আসল = 400 টাকা

400 টাকার 1 বছরের সুদ = 20 টাকা

∴ 100 টাকার 1 বছরের সুদ $= \frac{20 \times 100}{400} = 5$ টাকা বা 5%

∴ সুদের হার 5%.

43. **If $\frac{P}{Q} < 1$, and P and Q are positive integers, which of the following must be greater than 1?**

a) P/Q b) Q/P^2 c) P/2Q
d) P/Q^2 e) Q/P ***ans.* E**

Solution: অনুবাদঃ যদি $\frac{P}{Q} < 1$ এবং P ও Q ধনাত্মক পূর্ণ সংখ্যা হয় তবে নিম্নে কোনটি। থেকে বড় হবে?

যেহেতু $\frac{P}{Q} < 1$। তাই বলা যায় Q এর মান সর্বদা P এর মানের তুলনায় বড় হবে। তাই ধরি P = 2 (ধনাত্মক পূর্ণ সংখ্যা)

Q = 4 (ধনাত্মক পূর্ণ সংখ্যা)

Choice	*a*	*b*	*c*	*d*	*e*
Value	$\frac{\sqrt{P}}{Q} = \frac{\sqrt{2}}{4} < 1$	$\frac{Q}{P^2} = \frac{4}{(2)^2} = 1$	$\frac{P}{2Q} = \frac{2}{2\times4} < 1$	$\frac{P}{Q^2} = \frac{2}{(9)^2} < 1$	$\frac{Q}{P} = \frac{4}{2} > 1$
Remark	1 থেকে ছোট	1 এর সমান	1 থেকে ছোট	1 থেকে ছোট	1 থেকে বড়

সুতরাং দেখা যাচ্ছে সকল শর্ত পূরণ সাপেক্ষে একমাত্র *e*) এর ক্ষেত্রে। *e*) তে 1 এর চেয়ে বড় Value পাওয়া যায়।

44. **Mr. A has won an election by a vote of 250 to 150. What part of the total vote was against him?**

a) $\frac{2}{5}$ b) $\frac{3}{5}$ c) $\frac{4}{7}$
d) $\frac{7}{15}$ e) $\frac{3}{8}$ ***ans.* E**

Solution: **অনুবাদঃ** মিঃ A; 250 ভোট পেয়ে জিতেছে যেখানে প্রতিপক্ষ 150 ভোট পেয়েছে। তাহলে মোট ভোটের কত অংশ তার বিপক্ষে গিয়েছিল?

প্রশ্নানুযায়ী Total ভোট = 250 + 150 = 400

তাহলে তার বিরুদ্ধে ভোট ছিল $= \frac{150}{400} = \frac{3}{8}$ অংশ।

45. **In a city 90% of the population own a car, 15% own a motorcycle, and everybody owns one or the other or both. What is the percentage of motorcycle owners who own cars?**

a) 5% b) 15% c) $33\frac{1}{3}\%$
d) 50% e) 90% ***ans.* C**

Solution: আমরা Venn এর এই ধরনের অঙ্কের ক্ষেত্রে নিম্নোক্ত সূত্র ব্যবহার করতে পারিঃ

Total = Individuals – Both
⇒ Total = Car owner + Motorcycle ower – both
⇒ 100 = 90 + 15 – Both [Value % এ থাকায় কারণে Total = 100]
∴ Both = 5%
∴ Motorcycle ower দের মধ্যে Car owner করে

$= \frac{5}{15} \times 100 = 33\frac{1}{3}\%$

46. **There are 8 more men than women on board of directors of a company. If there are 20 members on the board, how many are men?**

a) 6 b) 8 c) 12
d) 14 e) 16 ***ans.* D**

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

Solution: অনুবাদঃ একটি কোম্পানীর Directors board এ Women এর তুলনায় 8 জন Men বেশি আছে। যদি ঐ বোর্ডে মোট 20 জন সদস্য থাকে তবে Men এর সংখ্যা কত?

ধরি, মহিলা = w

পুরুষ $(m) = w + 8$

প্রশ্নমতে, $m + w = 20$

$\Rightarrow$ $w + 8 + w = 20$

$\therefore$ $w = 6$

$\therefore$ Men $= w + 8 = 6 + 8 = 14$.

47. **A garden of 100 meter length and 60 meter width has a walkway of 2 meter width on every side. What is the area of the garden, in square meters, excluding the walkway?**

a) 5684 b) 6000 c) 624

d) 5376 e) 312 ***ans.* D**

Solution: অনুবাদঃ 100 মিটার দৈর্ঘ্য ও 60 মিটার প্রস্থ বিশিষ্ট বাগানের চারদিকে 2 মিটার হাঁটার রাস্তা আছে। রাস্তাবাদে বাগানের ক্ষেত্রফল কত?

রাস্তাবাদে বাগানের দৈর্ঘ্য $= 100 - (2 + 2) = 96$ মিটার

রাস্তাবাদে বাগানের প্রস্থ $= 60 - (2 + 2) = 56$ মিটার

$\therefore$ রাস্তাবাদে বাগানের ক্ষেত্রফল $= 96 \times 56 = 5376$ বর্গ মিঃ

48. **If $x \geq 10$ and $y \geq 12$, then which of the following must be true?**

a) $(x + y) \leq 22$ b) $(x - y) \leq 22$

c) $(x + y) = 22$ d) $(x - y) \leq 0$

e) $(x + y) \geq 22$ ***ans.* E**

Solution: দেওয়া আছে, $x \geq 10$ অর্থাৎ x এর Value 10 অথবা তার বেশি।

$y \geq 12$ অর্থাৎ y এর value 12 অথবা তার বেশি।

$x \geq 10$ এবং $y \geq 12$ থেকে বোঝা যায় x এর সর্বনিম্ন Value 10 এবং y এর সর্বনিম্ন Value 12।

তাই $(x + y)$ এর সর্বনিম্ন $(10 + 12) = 22$ হবে।

সুতরাং বলা যায় $(x + y) \geq 22$ Always true.

49. **The length of rectangle ABCD is $\frac{6}{5}^{th}$ of its breadth. Its perimeter is 132. What is its area?**

a) $660m^2$ b) $2210m^2$ c) $1080m^2$

d) $2160m^2$ e) $460m^2$ ***ans.* C**

Solution: ধরি, ABCD আয়তক্ষেত্রের প্রস্থ $= w$

তাহলে ABCD আয়তক্ষেত্রের দৈর্ঘ্য $= \frac{6}{5}$ of $w = \frac{6w}{5}$

$\therefore$ আয়তক্ষেত্রের পরিসীমা = 2(দৈর্ঘ্য + প্রস্থ)

$= 2\left(\frac{6w}{5} + w\right) = 2\left(\frac{6w + 5w}{5}\right) = \frac{22w}{5}$

প্রশ্নমতে, $\frac{22w}{5} = 132 = w = 30$

$\therefore$ দৈর্ঘ্য $= \frac{6w}{5} = \frac{6 \times 30}{5} = 36$

$\therefore$ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল

= দৈর্ঘ্য $\times$ প্রস্থ $= 36 \times 30 = 1080$ বর্গমিটার।

50. **Where does p lie if $p^2 < p$?**


a) Between – 1 and 0 b) Between – 1 and 1

c) Between 0 and 1 d) It is always less then 0

e) It is always greater than 1 ***ans.* C**

Solution: অনুবাদঃ দেওয়া আছে $p^2 < p$ তাহলে p এর অবস্থান কোথায় হবে?

$p^2 < p$ তখনই হওয়া সম্ভব যখন $p =$ ভগ্নাংশ হবে। p ভগ্নাংশ হলে এর বর্গের মান আরও ছোট হবে।



ধরি, $p = \frac{1}{2}$

তাহলে $p^2 = \left(\frac{1}{2}\right)^2 = \frac{1}{4}$

সুতারাং $p = \frac{1}{2}$ ধরলে $p^2 < p$ এই শর্ত পূরণ হয়।

সংখ্যা রেখা থেকে স্পষ্ট বোঝা যায় p এর অবস্থান 0 ও 1 এর মধ্য হবে।

51. **If $x > 0$ and $\sqrt{(y/x)} = x$, then what is the value of y in terms of x?**

a) $1/x$ b) $\sqrt{x}$ c) $x\sqrt{x}$

d) x^3 e) $x^2\sqrt{x}$ ***ans.* D**

Solution: Given that, $\sqrt{\frac{y}{x}} = x = \frac{y}{x} = x^2 = y = x^3$.

52. **Of the 3,600 employees of ABC Ltd., $\frac{1}{3}$ are clerical. If clerical staff were to be reduced by $\frac{1}{3}$, what percent of the total number of the remaining employees would then be clerical?**

a) 22.5% b) 20.5% c) 25.2%

d) 25% e) 15% ***ans.* D**

Solution: অনুবাদঃ প্রশ্নে বলা হচ্ছে, ABC কোম্পানীর 3600 কর্মচারীর মধ্যে $\frac{1}{3}$ Clerical. যদি Clerical staff $\frac{1}{3}$ reduce করা হয় তবে বাকী কর্মচারীর শতকরা কতজন Clerical হবে?

3600 কর্মচারীর $\frac{1}{3}$ Clerical হলে, Clerical এর সংখ্যা

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

$= 3600 \times \frac{1}{3} = 1200$

আবার, মোট Clerk থেকে $\frac{1}{3}$ অংশবাদ দিলে

$= 1200 \times \frac{1}{3} = 400$ জন বাদ দেওয়া হয়।

400 জন Clerk কে বাদ দিলে মোট Employee এর সংখ্যা হবে = 3600 – 400 = 3200 জন

এবং মোট Clerk এর সংখ্যা = 1200 – 400 = 800

What percent of the total number of the remaining employees would then be clerical.

সুতরাং $\% = \frac{৮০০}{৩২০০} \times ১০০\% = ২৫\%$

53. $(10^{-15} \div 10^{-4}) = ?$

a) 10^{-19} b) 10^{-11} c) 10^{19}

d) 10^{11} e) 10^{60} ***ans.* B**

Solution: $10^{-15} \div 10^{-4} = ?$

$\therefore \quad 10^{-15} \div 10^{-4} = \frac{10^{-15}}{10^{-4}} = 10^{-15+4} = 10^{-11}.$

54. When heated an iron bar expands 0.2%. If the increased length is 1 cm, what is the original length of the bar?

a) 500*cm* b) 5*cm* c) 0.97*cm*

d) 1.97*cm* e) 0.95*cm* ***ans.* A**

Solution: অনুবাদঃ Iron bar কে তাপ দিলে 0.2% প্রসারণ ঘটে। যদি প্রসারিত দৈর্ঘ্য 1*cm* হয় তাহলে Iron bar এর original দৈর্ঘ্য কত ছিল?

প্রশ্নমতে, 0.2% প্রসারণ = 1*cm*

$\therefore \quad 100\%$ প্রসারণ $= \frac{100}{0.2} = \frac{100 \times 10}{2} = 500cm.$

55. A pump remover's water at a rate of 6 gallons per minute. How many hours will it take to remove 1800 gallons?

a) 4 hours b) 5 hours c) 3 hours

d) 6 hours e) $5\frac{1}{2}$ hours ***ans.* B**

Solution: 6 gallons remove করে = 1 minute

$\therefore \quad$ 1800 gallons remove করে $= \frac{1 \times 1800}{6}$

$= 300$ minute $= 5$ hours.

56. If $x^3 < x^2 < x$, then the value of x could be

a) 0 b) 1 c) 1/3

d) Square root of 3 e) 2 ***ans.* C**

Solution: Answer Choice এ প্রদত্ত (*c*) এর $\frac{1}{3}$ কে x এর Value হিসাবে ধরলে $x^3 < x^2 < x$ এই শর্ত পূরণ হয়।

অর্থাৎ $x = \frac{1}{3}$

$\Rightarrow \quad x^2 = \left(\frac{1}{3}\right)^2 = \frac{1}{9}$

$\Rightarrow \quad x^3 = \left(\frac{1}{3}\right)^3 = \frac{1}{27}$

সুতরাং, $\frac{1}{27} < \frac{1}{9} < \frac{1}{3}$.

57. If $y\left(\frac{4x-2}{4}\right) = y$ and $y \neq 0$, then x =?

a) $\frac{2}{3}$ b) 2 c) 4

d) $\frac{4}{3}$ e) $\frac{3}{2}$ ***ans.* E**

Solution: দেওয়া আছে, $y\left(\frac{4x-2}{4}\right) = y$

$\Rightarrow \quad \frac{4x-2}{4} = \frac{y}{y}$

$\Rightarrow \quad \frac{4x-2}{4} = 1$

$\Rightarrow \quad 4x - 2 = 4$

$\Rightarrow \quad 4x = 6$

$\therefore \quad x = \frac{3}{2}$

58. $\left(\sqrt{25} + \sqrt{25}\right)^2 = ?$

a) 50 b) 20 c) 100

d) 125 e) 130 ***ans.* C**

Solution: দেওয়া আছে, $\left(\sqrt{25} + \sqrt{25}\right)^2$

$= 25 + 25 + 2.5.5 = 50 + 50 = 100$

বিকল্পঃ $\left(\sqrt{25} + \sqrt{25}\right)^2 = (5+5)^2 = (10)^2 = 100.$


59. X is west of Y and Y is North of Z. M is south of X. Which direction is M to Z?

a) West b) South c) North

d) East e) Southeast ***ans.* D**

Solution: এটি Direction test এর অংক। Direction test এর ক্ষেত্রে সর্বপ্রথম Figure একে প্রশ্নানুযায়ী Direction চিহ্নিত করবেন।

প্রথমে মূলবিন্দুতে Y কে fixed করে দিন তারপর প্রশ্নানুযায়ী অন্য গুলোকে বসান।



প্রশ্ন হলঃ M is which direction of Z

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

চিত্র হতে দেখা যায়ঃ M is East of Z.

60. Machine A produces bolts at a uniform rate of 120 every 40 seconds and Machine B produce bolts at a uniform rate of 100 every 20 seconds. If the two machines run simultaneously, how many seconds will it take for them to produce a total of 200 bolts.

a) 22 b) 25 c) 28
d) 32 e) 56 **ans. B**

Solution: অনুবাদঃ প্রশ্নে বলা হচ্ছে, মেশিন A প্রতি 40 সেকেন্ডে 120টি Bolts produce করে এবং মেশিন B প্রতি 20 সেকেন্ডে 100টি Bolts produce করে। A ও B মেশিন Simultaneously run করলে 200 bolts produce করতে কত সেকেন্ড লাগবে?

∴ মেশিন A, 1 Seconds এ Produce করে $= \frac{120}{40} = 3$টি

আবার, মেশিন B, 1 Seconds এ Produce করে

$= \frac{100}{20} = 5$টি

(A + B) একত্রে 1 Seconds এ Produce করে

$= 3 + 5 = 8$টি

8টি Bolts produce করতে সময় লাগে = 1 সেকেন্ড


∴ 200 টি Bolts produce করতে সময় লাগে

$= \frac{1 \times 200}{8}$ সেকেন্ড = 25 Seconds.

61. Of a pole in a pound, 0.20 portions are in mud, 0.50 of it in water and the rest 6 feet is above water. What is the length of the pole? Now, look at the figure.

a) 40 feet b) 35 feet c) 30 feet
d) 25 feet e) 20 feet **ans. E**

Solution: অঙ্কটি খুব মজার তাই না! দেখুন অংকটি আপনি ৬ষ্ঠ শ্রেণীতে অথবা ৫ম শ্রেণীতে অনেকবার করেছেন। মনে করার চেষ্টা করুনঃ



ধরি, সম্পূর্ণ Pole এর দৈর্ঘ্য = 1

মাটিতে ও পানির নিচে আছে = 0.20 + .50 = 0.70

∴ পানির উপরে আছে = 1 – 0.70 = 0.30

∴ প্রশ্নমতে, 0.30 অংশ = 6 feet

∴ 1 বা সম্পূর্ণ অংশ $= \frac{6}{.30} = 20$ feet.

62. 35% of Rifat's income is equal to 25% of Reaz's income. The ratio of their income is

a) 7 : 5 b) 4 : 3 c) 4 : 7
d) 5 : 7 e) 3 : 4 **ans. D**

Solution: Given than, 30% of Rifat's income is equal to 25% of Reaz's income

⇒ 35% × Rifat's income = 25% × Reaz's income

$\Rightarrow \frac{\text{Rifat's income}}{\text{Reaz's income}} = \frac{25\%}{35\%} \Rightarrow \frac{\text{Rifat's income}}{\text{Reaz's income}} = \frac{5}{7}\%$.

63. Shanto was asked to find the value of $\frac{7}{12}$ of a sum of money. Instead of multiplying the same by $\frac{7}{12}$, he divided it by $\frac{7}{12}$ and his answer exceeded the correct answer by 95. The correct answer is

a) 48 b) 89 c) 84
d) 69 e) 49 **ans. E**

Solution: ধরি, Sum of money = x

তাহলে তাকে বের করতে বলা হয়েছিল = $\frac{7x}{12}$ কিন্তু x এর সাথে $\frac{7}{12}$ কে Multiply না করে সে x এর সাথে $\frac{7}{12}$ divide করেছিল যার কারণে Value 95 বেশি হয়েছিল। সুতরাং লেখা যায়ঃ


$\frac{x}{\frac{7}{12}} - \frac{7x}{12} = 95 \quad \Rightarrow \frac{12x}{7} - \frac{7x}{12} = 95$

$\Rightarrow \frac{144x - 49x}{84} = 95 \quad \Rightarrow \frac{95x}{84} = 95$

$\Rightarrow \frac{x}{84} = 1 \quad \therefore x = 84$

∴ Correct Value $= \frac{7x}{12} = \frac{7}{12} \times 84 = 49$.

64. What number should replace the question mark?



a) 18 b) 68 c) 81
d) 44 e) 52 **ans. B**

Solution: এখানে, ১ম চিত্রে $(8 \times 4) + 7 = 39$

২য় চিত্রে $(3 \times 6) + 9 = 27$

তাহলে ৩য় চিত্রে $(7 \times 9) + 5 = 68$


সংখ্যাগুলোর মধ্য সম্পর্ক হল কৌণিক সংখ্যা তিনটির

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

বামপাশের দুইটিকে গুণ করে ডান পাশের সংখ্যাটির সাথে যোগ করলে যোগফল মাঝের সংখ্যা হয়।

65. Try to understand the relationship between the two figures below.



Now, look at the figure.



a)  b)  c) 

d)  e)  ***ans.*** **E**

66. "Road accidents have increased significantly." The statement will be strengthened by the following EXCEPT:

a) Drivers are running cars recklessly
b) Only well-trained drivers are allowed to run the cars
c) Road signals are not abide by the drivers
d) Street trafficking is not working at night
e) Road trafficking is almost absent ***ans.*** **B**

Solution: এ ধরনের প্রশ্নকে বলা হয় CR বা Critical Reasoning. এই প্রশ্নটিতে বলা হয়েছে, Road Accidents ব্যাপক ভাবে বৃদ্ধি পেয়েছে। এরপর আপনাকে পাঁচটি Answer Choice থেকে ঐ Answer Choice টি বের করতে বলা হয়েছে যা দ্বারা উপরের Statement টি Strengthen হয় না। এ ধরণের প্রশ্ন দুভাবে Solve করা যায়ঃ

1. Method of Elimination: এই Method অনুযায়ী যে কারণগুলো Road Accident ব্যাপকভাবে বৃদ্ধির জন্য দায়ী সেগুলো বাদ দিবেন। এভাবে বাদ দেয়ার পর সবশেষে একটি Answer পাবেন।

   b) ছাড়া বাকি সবগুলো উত্তরই Road Accident বাড়ার পক্ষে বলে। তাই এইগুলো বাদ। *b*) তে আছে কেবল ভালোভাবে প্রশিক্ষণ প্রাপ্ত ড্রাইভাররাই গাড়ি চালানোর জন্য অনুমতি প্রাপ্ত। এই বক্তব্য যদি সত্যি হয় তবে, দুর্ঘটনা অবশ্যই উল্লেখযোগ্য হারে কমবে।

2. Antithetical Method: আপনি নিশ্চয়ই জানেন Antithetical মানে হলো Exactly opposite. যখনই প্রশ্নে EXCEPT দেখবেন তখন EXCEPT এ আগে যা দেয়া থাকবে তার Exactly উল্টা চিন্তা করবেন।

   যেমনঃ এই প্রশ্নে আছে Statement will be Strength end ..... EXCEPT তাই আপনার কাজ হলো Strengthened এর উল্টো Weaken করা। অর্থাৎ যে বাক্যটি সত্য হলো Road Accident ব্যাপক ভাবে বাড়বে না বরং কমবে সেই বাক্যটি খুঁজুন।

   (*a*) চালকরা যদি বেপোরোয়াভাবে গাড়ি চালায় তবে কি দুর্ঘটনা কমবে। উত্তর না।

   (*b*) Only well trained driver দের যদি শুধু Car চালানোর জন্য Allow করা হয় তবে কি দুর্ঘটনা কমবে। উত্তর অবশ্যই হ্যাঁ। তাই এটিই Answer.

   (*c*) থেকে (*e*) পড়ার দরকার আছে কি?

Questions 67-68 are based on the following: *The measures to control the entry of banned products in Bangladesh did not succeed in 2007. If the measures were successful, the price of most banned products would not have decreased considerably in 2007.*


67. The argument in the passage depends on which of the following assumptions?

a) The supply of banned products decreased considerably in 2007
b) The price paid for the banned products did not decrease much in 2007
c) Domestic production of banned products increased at a higher rate
d) The price of a few banned products increased considerably in 2007
e) A decrease in demand for most banned products in 2007 was not the sole cause of the drop in their price ***ans.*** **E**

Solution: আসুন আগে প্রশ্নের Premise টি বুঝিঃ Banned Products এর Entry কে Control করার Measure 2007 মানে সফল হয়নি।

এরপর Conclusion টি বুঝি, যদি এই Measures সফল হতো, তবে 2007 সালে অনেক Banned Product এর দাম Considerably Decrease করত না। আপনি জানেন নিশ্চয়ই একটি Argument এ নিচের তিনটি অংশ আছে।

Recent Publication
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com



অর্থাৎ Premise থেকে Conclusion এ যাওয়ার মাঝখানে Writer কিছু জিনিসকে সত্য ধরে নেন যা Assumption নামে পরিচিত। এবার আসুন প্রশ্নটি পড়ি, Passage টির Argument নিচের অপশনগুলোর মধ্যে কোনটির Assumption এর উপর Depend করে।

Conclusion এ আছে, যদি Entry কে Control করা যেত তবে অনেক Products এর দাম কমত না। কিন্তু Premise টিতে বলা হয়েছে সফল না হওয়ায় অধিকাংশ Banned Products (নিষিদ্ধ পণ্য) এর প্রবেশ ঘটেছে। এতে Products বেশি Available হয়েছে। ফলে Products এর Demand কমে গেছে অর্থাৎ Products এর দাম কমে গেছে। এটি অন্যভাবে হতে পারে ঃ Demand হয়তো ঠিকই আছে কিন্তু Supply বেশি হওয়ায় দাম কমে গেছে। এই Premise হতে বুঝা যায় যে, যদি উপরের পদক্ষেপগুলি সফল হত তবে বাইরে থেকে দেশের ভিতরে এত বেশি Banned Products (নিষিদ্ধ পণ্য) প্রবেশ করতে পারত না, ফলে Demand বেশি থাকত তথা দাম বেশি হতো। যাই হোক, আপনি নিশ্চয় জানেন, অর্থনীতির ভাষায় কোন কিছুর দাম দুটি কারণে কমতে পারেঃ

i) Demand বা চাহিদা কমা অথবা

ii) Supply বা সরবরাহ বৃদ্ধি পাওয়া।

এখন উত্তরের ৫টি অপশন পড়লে আমরা উত্তর পাবো *e*) A decrease in demand for most banned products in 2007 was not the sole cause of the drop in their price. যা দ্বারা বুঝা যায় যে, 2007 সালে অধিকাংশ Banned Products (নিষিদ্ধ পণ্য) এর দাম কমার Sole cause বা একমাত্র কারণ শুধুমাত্র তাদের Drop in their price নয়। এটি সঠিক, কারণ উপরে আমরা দেখেছি একটি জিনিসের দাম দুটি কারণে কমে। আর এই অপশনে দুটি কারণের মধ্যে একটি কারণের কথা বলা হয়েছে। তাই উত্তর *e*).

68. **The argument in the passage would be most seriously weakened if it were true that**

a) In 2007 smugglers of banned products had significantly more funds
b) Domestic production of illegal drugs increased considerably in 2007
c) The authors statements were made to embarrass the officials
d) In 2007 banned products entered the country by a different set of routes
e) The country's citizens spent substantially more money on banned products in 2007 than they did in 2006. ***ans.* B**

Solution: নিচের কোনটি সত্য হলে Passage টির Argument টি Weak হবে? এই হলো প্রশ্ন।

Passage টির Conclusion এর মূল বক্তব্য হলো : যদি Illegal/banned products কে অবাধে ঢুকতে দেয়া না হয় তবে banned products এর দাম কমবে না। এখানে, Assume করা হয়েছে দেশে Banned জিনিস উৎপন্ন হয় না। এখন যদি দেশে banned/Illegal products এর উৎপাদন বেশি হয় তবে Illegal জিনিস দেশের বাইরের থেকে না আসলেও কিন্তু পর্যাপ্ত Supply থাকার কারণে এর দাম কম থাকবে। Answer *b*) তে এই কথাই বলা আছে। আর এটা সত্য হলে Writer এর Assumption মিথ্যা হয়। ফলে Argument দুর্বল হয়।

69. **A doctor asked his patient, "Do you have high blood sugar?" The patient replied, 'I never went to a hospital'. Conclusion from this conversation is:**

a) The patient does not have high blood sugar
b) The patient has high blood sugar
c) Having high blood sugar is normal
d) The patient did not answer the question directly
e) The patient was indifferent ***ans.* D**

Solution: খুবই সহজ প্রশ্ন। মনে করুন, 1000 টাকা ভিজিট দিয়ে আপনি বিশেষজ্ঞ ডাক্তারের চেম্বারে উপস্থিত। ডাক্তার আপনাকে জিজ্ঞাসা করলেন "আপনার কি High Blood Sugar আছে?"

আপনি বললেন "আমি কখনো হাসপাতালে যাই নি?"

এই প্রশ্নে বলা হয়েছে যে, রোগী হিসেবে আপনি আসলে কি বুঝাতে চেয়েছেন (Conclusion)? উত্তরগুলো পড়ে এবার নিজে করুন। না পারলে নিচের ব্যাখ্যা দেখুনঃ আপনি কখনো হাসপাতালে যাননি মানে হলো আপনি আসলে Indirectly বুঝাতে চেয়েছেন যে, আপনি হাসপাতাল / ডায়াগনিষ্টিক সেন্টারে গিয়ে Blood Sugar পরীক্ষা করাননি। অর্থাৎ আপনি প্রশ্নটির Direct উত্তর (I don't know) না দিয়ে Indirect উত্তর দিয়েছেন।

70. **"Price of vegetables is very high in city area in comparison to that in rural area." This claim is weakened by the following facts except:**

a) There is least demand for vegetable in

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

city area

b) Vegetables are subject to downward price control in city area by the government

c) City dwellers purchase vegetable produced only in the city area

d) Vegetables are mostly common item of every meal of a city dweller

e) Abundantly produced rural vegetables area not allowed to sell in city area **ans. E**

Solution: প্রশ্নের বাংলা অনুবাদঃ গ্রাম থেকে শহরের শাক-সব্জির দাম অনেক বেশি। এই বক্তব্যকে উত্তরে দেওয়া একটি বাদে সব বক্তব্য দিয়েই Weaken বা দূর্বল করা যাবে। তাই যে বক্তব্যটি উক্ত বক্তব্যের পক্ষে আছে সেটিই হবে সঠিক উত্তর।

Solution Technique:

1. Method of Elimination:

(*a*) শহর এলাকাতে শাক-সব্জির চাহিদা অনেক কম - এই বক্তব্য দ্বারা বুঝা যায় যে, চাহিদা কম হলে দাম বেশি হওয়ার কথা নয়। তাই এটি দ্বারা Weaken বা দূর্বল করা যায়।

(*b*) Downward price control in city area হওয়ায় দাম খুব বেশি হওয়ার কথা নয়।

(*c*) শহর এলাকার লোকজন যে শাকসব্জি উৎপন্ন হয় তাই কিনে -এমন হলেও দাম বেশি হওয়ার কথা নয়।

(*d*) সকল খাবার Vegetables হওয়ায় তার মূল্য নাগালের ভিতরেই থাকে, অনেক বেশি হয় না।

(*e*) গ্রামে যে শাকসব্জি উৎপন্ন হয় তা শহরে আনতে যদি বাধা পায় তাহলে দাম বাড়বে এটাই স্বাভাবিক, তার মানে এটি দ্বারা প্রশ্নের যুক্তিকে Strengthen করা যায়। তাই এটি উত্তর।

Antithetical Method: EXCEPT এর আগে Weaken আছে বলে সেই Answer টি খুঁজুন যা দ্বারা Statement টি Strong হয়।

Answer Choice *e*) তে দেখুনঃ গ্রাম এলাকায় উৎপন্ন অতিরিক্ত সব্জি যদি শহরে না আসে তবে তো শহরে সব্জির দাম বাড়বে। যা মূল Statement কে Strong করে। তাই এটি Answer.

71. **The biggest desert of the world is:**

a) Great Victoria Desert b) Sahara Desert

c) Kalahari Desert d) Tabernas Desert

e) Patagonian Desert **ans. B**

Solution: বিশ্বের কিছু বিখ্যাত মরুভূমির অবস্থান ও আয়তনঃ

মরুভূমির নাম	সাহারা	কালাহারি	গ্রেট ভিক্টোরিয়া	থর
আয়তন (বর্গমাইল)	৩৩,২০,০০০	৩,৬০,০০০	২,৫০,০০০	৭৭,০০০
অবস্থান	আলজেরিয়া, শাদ, মিশর, লিবিয়া, মালি, নাইজার, মৌরিতানিয়া, মরক্কো, সুদান, তিউনেশিয়া, পশ্চিম সাহারা	বতসোয়ানা, দক্ষিণ আফ্রিকা, নামিবিয়া	অস্ট্রেলিয়া	ভারত, পাকিস্তান

72. **The country known as the land of midnight sun is:**

a) Canada b) England c) Japan

d) Indonesia e) Norway **ans. E**

Solution: নরওয়ের উত্তরদিকের বাসিন্দারা বছরে গ্রীষ্মকালীন সময়ে দুই মাস মধ্যরাতে সূর্য দেখতে পায়।

73. **Which of the following is not a central bank?**

a) Bank of England

b) Federal Reserve System

c) State Bank of India

d) State Bank of Pakistan

e) Bangladesh Bank **ans. C**

Solution: ভারতের কেন্দ্রীয় ব্যাংকের নাম হলো রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়া যা ১ এপ্রিল ১৯৩৫ সালে প্রতিষ্ঠিত হয়। আর State Bank of India হলো দেশটির প্রধানতম সরকারি ব্যাংক।

74. **A person who studies the atmosphere, weather and weather forecasting is known as**

a) sonologist b) radiologist

c) meteorologist d) hydrologist

e) psychologist **ans. C**

75. **The city which is known as the City of Canals is:**

a) Italy b) Rome c) Kashmir

d) Venice e) Dhaka **ans. D**

Solution: ভেনিসে প্রায় ১৫০টির মত পুকুর আছে।

76. **The country with highest population density is:**

a) China b) Japan c) Monaco

d) Bangladesh e) India **ans. C**

Solution: মোনাকো দেশে প্রতি ১ বর্গ কিলোমিটারে প্রায় ২৬,১৫০ জন লোক বাস করে। এর মোট আয়তন ১.২ বর্গ কিলোমিটার। আর বর্তমানে এ দেশের জনসংখ্যা প্রায় ৩৮,৯৬৪ জন।

77. **Which international organization declared 21st February as the International Mother**

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

Language Day?
a) UNICEF b) IMF c) UNDP
d) UNESCO e) UNHCR **ans. D**

Solution: ইউনেস্কোর ৩০তম সম্মেলনে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করে ১৭ নভেম্বর ১৯৯৯ সালে।

78. **'My Life' is the autobiography of**
a) Mahatma Gandhi b) Bill Clinton
c) Princess Diana d) Barak Obama
e) Hillary Clinton **ans. B**

Solution: আমেরিকার তৎকালিন প্রেসিডেন্ট বিল ক্লিন্টনের আত্মজীবনী 'My Life' ২২ জুন ২০০৪ সালে প্রকাশ করা হয়।

79. **The winner of 2010 Asia Cup Cricket is**
a) India b) Pakistan c) Bangladesh
d) Sri Lanka e) Afghanistan **ans. A**

Solution: প্রথম টুর্নামেন্ট অনুষ্ঠিত হয় ১৯৮৪ সালে। সর্ব শেষ টুর্নামেন্ট অনুষ্ঠিত হয় ২০১৮ সালে এবং পরবর্তী টুর্নামেন্ট অনুষ্ঠিত হবে ২০২০ সালে। উল্লেখ্য, এশিয়া কাপ হলো একদিনের আন্তর্জাতিক পুরুষদের ক্রিকেট টুর্নামেন্ট। এটি চালু হয় ১৯৮৩ সালে যখন এশীয় দেশগুলোর মধ্যে সুনাম প্রচার করার জন্য এশিয়ান ক্রিকেট কাউন্সিল প্রতিষ্ঠা করা হয়। এটি প্রকৃতপক্ষে প্রতি দুই বছর পর পর অনুষ্ঠিত হয়।

80. **Nobel Laureate in peace in 2009 was awarded to**
a) Bill Clinton b) Dr. Yunus
c) Nelson Mandela d) Barak Obama
e) Desmond Tutu **ans. D**

Solution: উল্লেখ্য, ২০২২ সালে সাহিত্যে নোবেল পান অ্যানি এর্নো (ফ্রান্স)।

81. **The Architect of 'Shaheed Minar' is**
a) Munir Chowdhury b) Hamidur Rashid
c) Mainul Hossain d) Hamidur Rahman
e) Kaiyum Chowdhury **ans. D**

Solution: ১৯৬৩ সালে অস্থায়ী শহিদ মিনারের স্থলে শিল্পী হামিদুর রহমানের নকশা ও পরিকল্পনায় শহিদ মিনার নির্মাণ করা হয়। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি হানাদার বাহিনী শহীদ মিনারটি ভেঙে দিলে ১৯৭২ সালে সে নকশা অনুযায়ী বর্তমান শহিদ মিনার নির্মাণ করা হয়। উল্লেখ্য, ১৯৮০ সালে হামিদুর রহমান একুশে পদক লাভ করেন।

82. **The language with the most native speakers is:**
a) Bengali b) English
c) Mandarin Chinese d) Spanish
e) Hindi **ans. C**

83. **Which of the following is the seventh division of Bangladesh?**
a) Sylhet b) Barisal c) Rangpur
d) Mymensingh e) Dhaka **ans. C**

Solution: ২৫ জানুয়ারি ২০১০ সালে রংপুরকে বাংলাদেশের সপ্তম বিভাগ হিসেবে ঘোষণা কর হয়।

84. **The first Bangladeshi who climbed Mount Everest is**
a) Neil Armstrong b) Musa Ibrahim
c) Musa Islam d) Edmond Hillary
e) Serpa Tenjing **ans. B**

Solution: মুসা ইব্রাহিম ২৩ মে ২০১০ সালে প্রথম বাংলাদেশি হিসেবে মাউন্ট এভারেস্ট জয় করেন।

85. **SAPTA stands for**
a) South Asian Presidential Trading Arrangement
b) South Asian Profitable Trading Arrangement
c) South Asian Professional Trading Arrangement
d) South Asian Perfect Trading Arrangement
e) SAARC Preferential Trading Arrangement **ans. E**

Solution: SAPTA এর পূর্ণরূপ হলো SAARC Preferential Trading Arrangement. এটি প্রতিষ্ঠিত হয় ১১ এপ্রিল ১৯৯৩ সালে (ঢাকা, বাংলাদেশ)। কার্যকর হয় ৮ ডিসেম্বর ১৯৯৫।

86. **Which of the following bank is recently awarded as the best bank among the world?**
a) Janata Bank b) American Express
c) HSBC d) City Bank
e) Standard Chartered Bank **ans. C**

87. **Who is the current Prime Minister of the United Kingdom?**
a) Barak Obama b) James Cameron
c) David Cameron d) Tony Blair
e) John Major **ans. Note**

Solution: লিজ ট্রাস হলেন ব্রিটেনের নতুন প্রধানমন্ত্রী। ০৫.০৯.২০২২ সালে তিনি কনজারভেটিভ দলের নেতা নির্বাচিত হয়েছেন। ফলে তৃতীয় নারী প্রধানমন্ত্রী হিসেবে ০৬.০৯.২০২২ সালে দায়িত্ব নিয়েছেন ৪৭ বছর বয়সী ট্রাস।

88. **Which Country won the World Cup**

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

Football in 2010?

a) Italy b) Brazil c) Argentina
d) Spain e) Germany **ans. D**

Solution: উল্লেখ্য, ২০১৮ সালের ফিফা বিশ্বকাপে শিরোপা বিজয়ী দল হলো ফ্রান্স। ১৫ জুলাই রাশিয়ার রাজধানী মস্কো শহরের 'লুবানিকি স্টেডিয়ামে' ফিফার ২১তম আসরের শিরোপা নির্ধারণী ম্যাচে ফ্রান্স ক্রোয়েশিয়াকে ৪-২ গোলে পরাজিত করে দ্বিতীয়বারের মতো শিরোপা অর্জন করে।

89. Which of the following is not a function of commercial bank?

a) Receiving deposit
b) Disbursing loans and advances
c) Transferring money
d) Controlling the money supply
e) Dealing in foreign exchange **ans. D**

Solution: উল্লেখ্য, অর্থের চাহিদা ও যোগান নিয়ন্ত্রণ করে থাকে কেন্দ্রীয় ব্যাংক।

90. Who was the first governor of Bangladesh Bank?

a) Nurul Islam b) A.N. Hamidullah
c) A. K. N. Ahmad d) Lutfor Rahman
e) Atiur Rahman **ans. B**

Solution: বাংলাদেশ ব্যাংকের প্রথম গভর্নর ছিলেন এ এন এম হামিদুল্লাহ। তিনি ১৮.০১.১৯৭২ থেকে ১৮.১১.১৯৭৪ সাল পর্যন্ত এই দায়িত্ব পালন করেন। আর বর্তমান ১১তম গভর্নর হলেন ফজলে কবির (২০.০৩.২০১৬ থেকে বর্তমান পর্যন্ত) দায়িত্ব পালন করছেন।

91. Which of the following is not a Bangla Font?

a) Joy b) Ekush c) Falgun
d) Sutonny e) Susrhee **ans. A**

92. What is the term to ask the computer to put information in order numerically or alphabetically?

a) Crop b) Report c) Sort
d) Record e) Combine **ans. C**

93. Which one works as both an output and input device?

a) Modem b) Scanner c) Mouse
d) Monitor e) Keyboard **ans. A**

94. Which one is a valid e-mail address?

a) http://vianet.com/index.htm
b) F: \\Email\Standard
c) Jahid@billme.com
d) Chaminade.org/teachers/mailaddresses
e) www.mail.yahoo.com **ans. C**

Solution: ই-মেইল ঠিকানা হল ইন্টারনেটের মাধ্যমে যোগাযোগ করার একটি পরিচয়। যেমনভাবে কারো নিকট কোন চিঠি পৌঁছাতে হলে তার একটি পোস্টাল ঠিকানা থাকা প্রয়োজন, তেমনি কেউ ই-মেইলের মাধ্যমে তথ্য আদান প্রদান করতে তার একটি ই-মেইল ঠিকানা থাকা জরুরি। এই ঠিকানা User name@Domain নিয়ে গঠিত হয়। যেমনঃ aaa@bbb.com.bd একটি ই-মেইল ঠিকানা। লক্ষণীয় যে, ই-মেইল ঠিকানা @ চিহ্ন (At sign) দ্বারা দুইভাগে বিভক্ত। প্রথমভাগে অর্থাৎ @ চিহ্নের আগের অংশে User name অর্থাৎ ব্যবহারকারীর ঠিকানা থাকে। ডোমেইন নেইম (.) চিহ্ন দ্বারা কয়েকটি অংশে বিভক্ত হয়। @ চিহ্নের পরের প্রথম শব্দটিকে হোস্ট মেশিনের নেম বলা হয়। উক্ত ঠিকানা bdlink হল হোস্ট মেশিনের নেম। ১৯৭২ সালে ইমেইল ঠিকানায় সর্বপ্রথম @ চিহ্ন (At sign) ব্যবহৃত হয়।

95. WINDOWS is

a) antivirus software b) data storage device
c) programming language d) operating system
e) scanning software **ans. D**

Solution: অপারেটিং সিস্টেম হচ্ছে এমন একটি সফটওয়্যার যা কম্পিউটারের কার্যাবস্থা নিয়ন্ত্রণ করে এবং যা শিডিউলিং, ডিবাগিং, ইনপুট/ আউটপুট কন্ট্রোল, একাউন্টিং, কম্পাইলেশন, স্টোরেজ অ্যাসাইনমেন্ট, ডেটা ম্যানেজমেন্ট এবং আনুষঙ্গিক কাজ করে। নিচে বহুল ব্যবহৃত কিছু অপারেটিং সিস্টেমের উদাহরণ দেয়া হলোঃ

MS DOS	PC DOS	MS Windows	Linux
MS Windows NT	Unix	Mac OS	Sunsolaries
OS/2	XENIX	Be OS	AIX
Android	Symbian		

96. Which of the following is not an antivirus software?

a) Kaspersky b) Win-pro c) AVG
d) McAfee e) Symantec **ans. B**

Solution: অ্যান্টিভাইরাস হল একধরনের ভাইরাস প্রতিষেধক সফটওয়্যার যা কোন কম্পিউটার ভাইরসকে সনাক্ত করতে পারে এবং তাকে আক্রান্ত কম্পিউটার থেকে মুছে ফেলতে পারে। বর্তমানে প্রচলিত কিছু জনপ্রিয় অ্যান্টি ভাইরাস প্রোগ্রাম হলো McAfee, AVG, Symantec, Norton, AVIRA,

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

Kaspersky, MS Security Essential ইত্যাদি।

97. Which of the following is the latest operating system?
a) Windows XP
b) Windows Vista
c) Windows Millennium
d) Windows Fujitsu
e) Windows Jave **ans. B**

98. Computer does mathematical functions by using
a) Analog digit b) Digital digit
c) Binary digit d) Numerical digit
e) Greek digit **ans. C**

99. Which of the following is a database software?
a) MS Word b) MS Access
c) MS PowerPoint d) Acrobat Reader
e) MS Outlook **ans. B**

Solution: মাইক্রোসফট অ্যাকসেস (Microsoft Access), মাইক্রোসফট এসকিউএল সার্ভার (Microsoft SQL Server), ওরাকল (ORACLE), কোরেল প্যারাডক্স (Corel Paradox), লোটাস এপ্রোচ (Lotus Approach), ডিবেজ (Dbase), ফক্সপ্রো (Foxpro), ফাইল মেকার প্রো (File Maker Pro), ফোর্থ ডাইমেনশন (4D) ইত্যাদি উল্লেখযোগ্য ডেটাবেস ম্যানেজমেন্ট সফটওয়্যার।

100. Which of the following is not a free e-mail service provider?
a) Yahoo b) Hotmail c) AVG
d) Gmail e) MSN **ans. C**

Rajshahi Krishi Unnoyon Bank
Recruitment Test for Senior Officer
Examination Held On: 15.04.2011

Choose the synonym of the following underlined words (1 – 3):

01. Kudos
a) oriental spot b) penalty
c) praise d) antelope **ans. C**

Solution: Kudos – প্রশংসা বা সম্মান। Oriental – পূর্ব এশিয়া বিশেষ করে চীন, জাপান এবং এর আশেপাশের দেশ সম্পর্কিত। Penalty – ক্ষতি। Cud-chew – জাবর কাটা স্তন্যপায়ী প্রাণী।

02. Gratis
a) gratifying b) free
c) gracious d) with charge **ans. B**

Solution: Gratis – ফ্রি পাওয়া। Gracious – দয়ালু।

03. Opaque
a) famous b) obscure
c) illiterate d) immature **ans. B**

Solution: Opaque – অস্বচ্ছ। Immature – অপরিপক্ক।

Choose the correct answer (Question 4-5):

04. Which one of the following is correct?
a) Don't let that bothers you.
b) Don't let that bother you.
c) Don't let that have bothered you.
d) Don't let that rather bothers you. **ans. B**

Solution: Do not থাকলে Bothers, have বা Rather এর কোনটিই হবে না। তাই *a*), *c*), *d*) ভুল।

05. Which one of the following is correct?
a) This is the tallest tree I have never seen
b) This tall tree I have never seen
c) This is the tallest tree I have ever seen
d) This tall tree I have ever seen **ans. C**

Solution: Superlative হলে The বসবে। তাই *b*), *d*) বাদ। আমার দেখা এটাই সবচেয়ে বড় গাছ- এই বাক্যের ক্ষেত্রে Never না হয়ে Ever হবে।

Choose the antonym of the following underlined words (6 – 8):

06. Misconstrue
a) watch patiently b) follow closely
c) assemble carefully d) grasp accurately
ans. D

Solution: Assemble carefully – একত্রিত করা। Grasp accurately – বুঝতে পারা। Misconstrue – ভুল বোঝা (Misunderstand) বা ভুলভাবে ব্যাখ্যা করা।

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

07. **Everything about him, his talkative nature, proclaims his <u>effeminacy</u>.**
a) boorishness b) manliness
c) aggressiveness d) attractiveness ***ans.* B**

Solution: Effeminacy – মেয়েলী স্বভাব। Boorishness – রুক্ষতা।

08. **<u>Celibacy</u>**
a) chastity b) misogyny
c) matrimony d) divorce ***ans.* C**

Solution: Celibacy – সতীত্ব, অবিবাহিত অবস্থা। Chastity – সতীত্ব। Misogyny – নারীদের ঘৃণা করে যে। Matrimony – বিবাহিত।

Identify the incorrect part of the sentence (9 – 11):

09. **<u>Dam</u> is a wall constructed <u>across</u> a valley to**
a *b*
enclose an area <u>in which</u> water <u>is</u> stored.
c *d* ***ans.* B**

Solution: Across - হবে না।

10. **A <u>zebra's</u> stripes <u>helps</u> this animal**
a *b*
<u>hide from</u> its <u>enemies</u>. ***ans.* B**
c *d*

Solution: Subject হলো Stripes যা Plural তাই Helps না হয়ে Help হবে।

11. **The surface of <u>the</u> tongue <u>covered</u>**
a *b*
with <u>tiny</u> test <u>buds</u>.
c *d* ***ans.* B**

Solution: এটি Present Indefinite Tense এর বাক্য। তাই Covers হবে।

Match the best meaning/alternative that corresponds to the underlined word or phrase in the sentences. (Question 12 -16)

12. **"Nip in the bud" means**
a) destroy at the very beginning
b) rare-up
c) damp the spirits
d) very costly possession ***ans.* A**

Solution: Nip in the bud - সূচনাতেই ধ্বংস করে দেয়া, অংকুরেই বিনষ্ট করা।

13. **<u>Using it wisely</u>, leisure promotes health, efficiency and happiness**
a) because of usefulness
b) if used wisely
c) having used it wisely
d) because it is used wisely ***ans.* B**

Solution: বাক্যের ভাবের মাঝেই একটি "যদি" (Condition) আছে। কেননা অবসরকে <u>যদি</u> সঠিক ভাবে ব্যবহার করা যায় তবে এটি সুস্বাস্থ্য, দক্ষতা, সুখ দিবে। এজন্য If হবে।

14. **One whose attitude is: '<u>eat drink and be merry</u>'.**
a) epicurean b) cynic
c) materialistic d) stoic ***ans.* A**

Solution: Eat drink and be merry – খাও, দাও ফুর্তি করা জাতীয় ব্যক্তি। Epicurean – যে ইন্দ্রিয়র সুখে বিশ্বাসী। Cynic – মানুষ সম্পর্কে নেতিবাচক ধারণা। Stoic – দুঃখ কষ্টে অবিচলতা।

15. **As this is his first job he will have to <u>put up with</u> the inconvenience**
a) endure b) adapt
c) overcome d) avoid ***ans.* A**

Solution: Put up with – সহ্যকরা। Endure – মেনে নেয়া । Adapt – খাপ খাওয়ানো।

16. **<u>Changing one's mind too quickly</u> means -**
a) changeableness b) vacillation
c) versatility d) instability ***ans.* B**

Solution: Vacillation – দ্বিধাগ্রস্থ/দোদুল্যমানতা। Versatility – বহুমুখী।

Fill in the blanks with appropriate words (Questions 17-20)

17. **The bank cashier's of the funds was not discovered until the auditors examined the accounts.**
a) extradition b) embezzlement
c) patronage d) an ingenious ***ans.* B**

Solution: Extradition – আসামি হস্তান্তর। Embezzlement – আত্মসাৎ। Patronage – সহযোগিতা। Ingenious – উদ্ভাবনী ক্ষমতায় পারদর্শী। বলা হচ্ছে, অডিটরগণ একাউন্টগুলো অডিট করার পূর্ব পর্যন্ত ক্যাশিয়ারের অর্থ ---- এর ঘটনা প্রকাশ পায়নি। স্বাভাবিক ভাবে চিন্তা করলে বুঝতে পারবেন যে শূন্যস্থানে আত্মসাত বসবে।

18. **The poetry of Malarme is not clear and easily accessible but rather vague and —**
a) opaque b) redundant
c) lucid d) hasty ***ans.* A**

Solution: Opaque – দুর্বোধ্য। Lucid – সহজে বুঝা যায় এমন। Hasty – তাড়াহুড়া করা।
পরের But rather দিয়ে বুঝা যাচ্ছে যে, শূন্যস্থানে "Unclear এবং সহজে বুঝা যায় না" এরকম কোন শব্দ

Recent Publication
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

হবে। "Vague" শব্দটি Not clear থেকেও Strong. আর তাই Not easily accessible থেকে Strong শব্দ হবে।

19. You can not visit the plant -
a) except Saturdays
b) all days but Saturday
c) excepting on Saturday
d) except on Saturday **ans. B**

Solution: শনিবার ছাড়া অন্য যেকোন দিনে তুমি Plant এ যেতে পারবে না, তাই all ..... but ..... এর Structure হবে।

20. When I ____ into him on the street, he said he ____ abroad for business affairs that evening.
a) ran/was going
b) will ran/would go
c) had run/is going
d) have run/will be going **ans. A**

Solution: Past Indefinite Tense এর বাক্য, তাই Ran হবে।

21. 'ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ' কে রচনা করেন?
a) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
b) সুনীতিকুমার চট্টোপাধ্যায়
c) ড. মুহম্মদ শহীদুল্লাহ
d) মুহম্মদ এনামুল হক **ans. B**

22. ক্রিয়াপদ-
a) সব সময়ে বাক্যে থাকবে
b) কখনো কখনো বাক্যে উহ্য থাকতে পারে
c) শুধু অতীতকালে বোঝাতে বাক্যে ব্যবহৃত হয়
d) আসলে বিশেষণ থেকে অভিন্ন **ans. B**

23. 'আরোহন' শব্দটির বিপরীতার্থ শব্দটি-
a) বিসর্জন b) অবরোহন
c) নিম্নগমন d) গমন **ans. B**

24. 'ছাই চাপা আগুন' কোন অর্থ প্রকাশ করে?
a) গোপন গুণ b) বদ মেজাজ
c) পোপন দোষ d) মন্দ ভাগ্য **ans. Note**

Solution: বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধান অনুসারে 'ছাই চাপা আগুন' অর্থ অন্তরে বিদ্যমান অথচ বাইরে প্রকাশের অসাধ্য এমন বিষয়।

25. যে ভবিষ্যৎ না ভেবে কাজ করে-
a) অচিন্তনীয় b) ভূতপূর্ব
c) অবিমৃষ্যকারী d) অভাবনীয় **ans. C**

26. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস?
a) চিলেকোঠার সেপাই
b) আগুনের পরশমণি
c) একাত্তরের দিনগুলি
d) পায়ের আওয়াজ পাওয়া যায় **ans. B**

Solution: হুমায়ূন আহমেদ পরিচালিত মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র হলো, "শ্যামল ছায়া", "আগুনের পরশমণি"। উল্লেখ্য, উনসত্তরের (১৯৬৯) গণঅভ্যুত্থানের প্রেক্ষাপটে রচিত আখতারুজ্জামান ইলিয়াসের মহাকাব্যিক উপন্যাস 'চিলেকোঠার সেপাই'। শহীদ জননী জাহানার ইমাম রচিত মুক্তিযুদ্ধেও উপর স্মৃতিচারণমূলক গ্রন্থ 'একাত্তরের দিনগুলি'। সৈয়দ শামসুল হক রচিত মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থ: পায়ের আওয়াজ পাওয়া যায়।

27. অমর কবিতা 'কবর' এর রচয়িতা কে ছিলেন?
a) জাতীয় কবি কাজী নজরুল ইসলাম
b) কবি গুরু রবীন্দ্রনাথ ঠাকুর
c) কবি জীবনানন্দ দাশ
d) পল্লীকবি জসীম উদ্‌দীন **ans. D**

Solution: বিখ্যাত 'কবর' কবিতার রচয়িতা কবি জসীম উদ্‌দীন। কবিতাটি ১১৮ লাইন বিশিষ্ট কবির বিখ্যাত কবিতা। ১৯২৫ সালে প্রগতিশীল সাহিত্য পত্রিকা কল্লোলে তাঁর বিখ্যাত কবিতা 'কবর' প্রকাশিত হয়।

28. সঠিক বাক্য কোনটি-
a) মনোরম উদানে ভ্রমণ দূরাকঙ্খা
b) মনরম উদ্যাণে ভ্রমণ দুরাকাঙ্খা
c) মনরম উদ্যাণে ভ্রমণ দূরাকাংখা
d) মনোরম উদ্যানে ভ্রমণ দূরাকাংখা **ans. D**

29. 'চৌ-হদ্দি' শব্দটি কোন কোন ভাষার শব্দ মিলে হয়েছে?
a) বাংলা + ফরাসি b) সংস্কৃতি + ফারসি
c) ফারসি + আরবী d) সংস্কৃত + আরবী **ans. B**

Solution: কোনো কোনো সময় দেশি ও বিদেশি শব্দের মিলনে শব্দদ্বৈত সৃষ্টি হয়ে থাকে। যেমনঃ চৌ-হদ্দি (ফারসি + আরবি), রাজা-বাদশা (তৎসম + ফারসি), হাট-বাজার (বাংলা + ফারসি), হেড-মৌলভি (ইংরেজি + ফারসি), হেড-পণ্ডিত (ইংরেজি + তৎসম), খ্রিস্টাব্দ (ইংরেজি + তৎসম), ডাক্তার-খানা (ইংরেজি + ফারসি), পকেট-মার (ইংরেজি + বাংলা) ইত্যাদি।

30. 'সর্বাঙ্গে ব্যথা ঔষধ দিব কোথা' এ বাক্যে 'ঔষধ' শব্দ কোন কারকে কোন বিভক্তির উদাহরণ?
a) কর্ম কারকে শূন্য b) সম্প্রদানে সপ্তমী
c) কর্তৃ কারকে শূন্য d) অধিকরণে শূন্য **ans. A**

Solution: যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্মকারক বলে। কর্মে শূন্য বিভক্তির উদাহরণ হলোঃ ডাক্তার ডাক। আমাকে একটা বই দাও।

31. শরৎচন্দ্রের কোন উপন্যাসটি সরকার কর্তৃক বাজেয়াপ্ত

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

হয়েছিল?

a) পথের দাবী b) নিস্কৃতি
c) চরিত্রহীন d) দত্তা **ans. A**

Solution: "পথের দাবী" ১৯২৬ সালে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় কর্তৃক রচিত একটি রাজনৈতিক উপন্যাস।

32. 'বেটাইম' শব্দটি গঠিত হয়েছে-

a) ফারসি ও ইংরেজী শব্দে
b) ফরাসি ও ইংরেজী শব্দে
c) ফরাসি ও ফরাসি শব্দে
d) ফারসি ও হিন্দি শব্দে **ans. A**

33. 'সন্ধি' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?

a) রূপতত্ত্ব b) ধ্বনিতত্ত্ব
c) পদক্রম d) বাক্য প্রকরণ **ans. B**

34. কোন বাক্যে সমুচ্চরী অব্যয় ব্যবহৃত হয়েছে?

a) ধন অপেক্ষা মান বড়
b) তোমাকে দিয়ে কিছু হবে না
c) ঢং ঢং ঘণ্টা বাজে
d) লেখাপড়া কর নতুবা ফেল করবে **ans. C**

Solution: যে অব্যয় পদ একটি বাক্যের সঙ্গে অন্য একটি বাক্যের অথবা বাক্যস্থিত একটি পদের সঙ্গে অন্য একটি পদের সংযোজন, বিয়োজন বা সংকোচন ঘটায়, তাকে সমুচ্চয়ী অব্যয় বা সম্বন্ধবাচক অব্যয় বলে।

35. নিচের কোনটিতে বিরাম চিহ্ন যথাযথভাবে ব্যবহৃত হয়নি?

a) ডিসেম্বর ১৬, ১৯৭১
b) ২৬ মার্চ, ১৯৭১
c) ঢাকা, ২১ ফেব্রুয়ারি ১৯৫২
d) পয়লা বৈশাখ, ১৪১৮ **ans. C**

36. শুদ্ধ বানান কোনটি?

a) সমীচিন b) সমীচীন
c) সমিচীন d) সমিচীণ **ans. B**

37. জীবনানন্দ দাশের প্রথম কাব্যগ্রন্থ কোনটি?

a) ঝরা পালক b) রূপসী বাংলা
c) মহা পৃথিবী d) কঙ্কাল **ans. A**

Solution: 'ঝরাপালক' (১৯২৭) জীবনানন্দ দাশের প্রথম কাব্যগ্রন্থ। এই কাব্যগ্রন্থে রবীন্দ্রনাথ, নজরুল ইসলাম, সত্যেন্দ্রনাথ দত্তের অনুসরণ যেমন আছে, তেমনই আছে এক নতুন ভাষারীতি ও বাকপ্রতিমা রচনার চেষ্টা।

38. বিজ্ঞান শিক্ষাকে মাতৃভাষার মাধ্যমে জনপ্রিয় করে তোলার জন্য 'কলিঙ্গ' পুরস্কার লাভ করেন-

a) আবুল মনসুর আহমেদ b) হুমায়ুন আহমেদ
c) আবদুল্লাহ আল মুতি d) জাফর ইকবাল **ans. C**

39. নিত্য মূর্ধণ্য-ষ কোন শব্দে বর্তমান?

a) কষ্ট b) উপনিষৎ
c) কল্যাণীয়েষু d) আষাঢ় **ans. D**

Solution: কতগুলো শব্দ স্বভাবতই মূর্ধণ্য 'ষ' হয়। যেমনঃ আষাঢ়, ঊষা, ঊষর, আভাষ, অভিলাষ, ঈষৎ, ঈষা, কোষ, পাষণ্ড, পাষাণ, পোষণ, ভাষা, ভাষণ, মানুষ, সরিষা, ঔষধ, ষোড়শ, তোষণ, পৌষ, রোষ, কুলষ, ভূষণ, ষড়যন্ত্র ইত্যাদি।

40. সাধু ভাষা সাধারণত কোথায় অনুপযোগী?


a) কবিতার পংক্তিতে b) গানের কলিতে
c) গল্পের বর্ণনায় d) নাটকের সংলাপে **ans. D**

Solution: বাংলা লেখ্য সাধু রীতি সুনির্ধারিত ব্যাকরণের নিয়ম মেনে চলে। সাধু রীতি নাটকের সংলাপ ও বক্তৃতার অনুপযোগী।

41. In triangle ABC, AB = AC and ∠C. = 30°. Find the measure of ∠A.

a) 30° b) 95°
c) 90° d) 120° **ans. D**

Solution:



AB = AC ∠C = 30°

∴ ∠B = 30° ∠A = 180° – (30° + 30°) = 120°

42. A cricketer has a certain average for 9 innings. In the 10th innings he scores 100 runs, thus increasing his average by 8 runs. What is new average?

a) 38 b) 28
c) 34 d) 42 **ans. B**

Solution: ধরি, 9 innings এর Average হলো x

প্রশ্নমতে, $9x + 100 = 10(x + 8)$

$\Rightarrow 9x + 100 = 10x + 80$

$\therefore x = 100 - 80 = 20$

$\therefore$ নতুন Average = 20 + 8 = 28

43. The average of 20, 70 and x is 40. If the average of 20, 70, x and y is 50, then y = ?

a) 100 b) 80
c) 70 d) 60 **ans. B**

Solution: $\frac{20 + 90 + x}{3} = 40$

$\Rightarrow 90 + x = 120$

$\therefore x = 30$

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

আবার, $\frac{20+70+x+y}{4}=50$

$\Rightarrow \frac{20+70+30+y}{4}=50$

$\Rightarrow 120+y=200$

$\therefore y=80$

44. What is the total interest on Tk. 800 at 12.5% per annum for 9 months in Taka?

a) 75 b) 110

c) 88 d) 22 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 12.5% হারে 9 মাসে 800 টাকার সুদ কত?

100 টাকার 12 মাসের সুদ = 12.5 টাকা

$\therefore$ 100 টাকার 1 মাসের সুদ $=\frac{12.5}{12}$ টাকা

$\therefore$ 1 টাকার 1 মাসের সুদ $=\frac{12.5}{12\times100}$ টাকা

$\therefore$ 800 টাকার 9 মাসের সুদ $=\frac{12.5\times9\times800}{12\times100}=75$ টাকা

45. Find the number of the divisors of 540.

a) 18 b) 20

c) 22 d) 24 **ans. D**

Solution:
2| 540
2| 270
3| 135
3| 45
3| 15
5

$540=2^2\times3^3\times5$

$\therefore$ Divisors $=3\times4\times2=24$

46. In a mixture of 30 liters, the ratio of acid and water is 7 : 3. How much more water is to be added to get a new mixture containing acid and water in the ratio of 3 : 7?

a) 30 liters b) 25 liters

c) 40 liters d) 35 liters **ans. C**

Solution: Acid $=30\times\frac{7}{10}=21$ and

Water $=30-21=9$

ধরি, x লিটার পানি মেশান হয়েছিল

প্রশ্নমতে, $21:(9+x)=3:7$

$\Rightarrow \frac{21}{9+x}=\frac{3}{7}$

$\therefore x=40$ লিটার

47. A container is $\frac{1}{2}$ full. When 8 gallons is removed the container is $\frac{1}{10}$ full. What is the capacity of the container in gallon?

a) 22 b) 24

c) 20 d) 16 **ans. C**

Solution: 8 gallon $=\frac{1}{2}-\frac{1}{10}=\frac{5-1}{10}=\frac{4}{10}$ অংশ

$\therefore$ 1 অংশ $=\frac{8\times10}{4}=20$ gallon.

48. Find the number that should be placed in the gap of the series : 80, 96, ____, 128

a) 88 b) 120

c) 112 d) 64 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, ৮০, ৯৬, ---, ১২৮ শূন্যস্থানের সংখ্যাটি কত হবে?

৮০ + ১৬ = ৯৬;

৯৬ + ১৬ = ১১২

১১২ + ১৬ = ১২৮

অর্থাৎ প্রত্যেক সংখ্যার সাথে ১৬ যোগ করে পরবর্তী সংখ্যাটি পাওয়া গিয়েছে।

49. The length of the train that takes 8 second to pass a pole when it runs at a speed of 36 km/hr is-

a) 288m b) 45m

c) 48m d) 80m **ans. D**

Solution: 3600 সেকেন্ডে যায় = 36×1000 মিটার


$\therefore$ 8 সেকেন্ডে যায় $=\frac{36\times1000\times8}{3600}=80$ মিটার

50. A man travels 5 miles towards west, 2 miles towards south, then again 5 miles towards west. What is the direct distance of destination from the starting point?

a) 8 miles b) 15 miles

c) 12 miles d) 6 miles **ans. Note**

Solution: A বিন্দু থেকে যাত্রা শুরু করে D বিন্দুতে গেলে আমরা একটি আয়তক্ষেত্র পাই। যার দৈর্ঘ্য 5 + 5 = 10 এবং প্রস্থ 2 মাইল।



আয়তক্ষেত্রের কর্ণই হবে তাদের মধ্যে Direct distance.

$\therefore$ আয়তক্ষেত্রের কর্ণ $=\sqrt{\text{দৈর্ঘ্য}^2+\text{প্রস্থ}^2}$

$=\sqrt{10^2+2^2}=\sqrt{104}=\sqrt{4\times26}=2\sqrt{26}$

51. Karim can do a job in 15 minutes and his brother takes twice as long to do the same

RRecent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

job. If they work together, how long it takes to complete the job?

a) 5 b) 7.5
c) 10 d) 12.5 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, করিম একটি কাজ 15 দিনে সম্পন্ন করে। তার ভাই ঐ কাজটি করতে দ্বিগুণ সময় লাগলো। তারা উভয়েই একত্রে কাজটি সম্পন্ন করতে কত দিন সময় নিবে?

করিম ১৫ দিনে করে কাজটির = ১ অংশ

∴ করিম ১ দিনে করে কাজটির = $\frac{১}{১৫}$ অংশ

আবার, তার ভাই ৩০ দিনে করে কাজটির = ১ অংশ

∴ তার ভাই ১ দিনে করে কাজটির = $\frac{১}{৩০}$ অংশ

∴ দুই জনে ১ দিনে করে = $\frac{১}{১৫}+\frac{১}{৩০}=\frac{২+১}{৩০}=\frac{৩}{৩০}=\frac{১}{১০}$

∴ $\frac{১}{১০}$ অংশ কাজ করে = ১ দিনে

Q. (11-15): Select the pair that expresses a relationship SIMILAR to that expressed in the original pair. 1 × 5 = 5

11. **FRAGILE : BREAK::**

a) noxious : escape b) erratic : control
c) flammable : burn d) invisible : see **ans. C**

Solution: Fragile – ভঙ্গুর। Break – ভাঙ্গা। Invisible – অদৃশ্য। Erratic – আচরণে স্থূল; কথাবার্তায় অসাবধানী। Flammable – দাহ্য। Noxious – অনিষ্টকর; ক্ষতিকর; অপকারী। Escape – পলায়ন; মুক্তি পাওয়া।

Fragile জিনিসকে সহজেই Break করা যায়, আর তেমনি Flammable জিনিসকে সহজেই Burn করা যায়।

12. **MUTTER : INDISTINCT ::**

a) demand : obedient
b) plead : obligatory
c) flatter : commendable
d) drone : monotonous **ans. D**

Solution: Mutter – বিড়বিড় করে বলা। Indistinct – অস্ফুট; অস্পষ্ট। Demand – চাহিদা; দাবি। Obedient – বাধ্য। Plead – কারো পক্ষে ওকালতি করা। Obligatory – আইন, বিধি অনুযায়ী বাধ্যতামূলক। Flatter – চাটুক্তি করা; তোষামোদ করা। Commendable – প্রশংসনীয়। Drone – ক্লান্তিকর বা একঘেয়েভাবে কথা বলা। Monotonous – একঘেয়ে; একটানা।

Mutter এর বৈশিষ্ট্য হলো Indistinct আর Drone এর বৈশিষ্ট্য হলো Monotonous.

13. **FAULTFINDER : CRITICIZE ::**

a) luminary : recognize
b) athlete : cheer
c) arbitrator : mediate
d) pharmacist : prescribe **ans. C**

Solution: Faultfinder – ছিদ্রান্বেষণকারী (ব্যক্তি)। Criticize – সমালোচনা করা; ত্রুটিনির্দেশ করা। Luminary – তারা; জ্যোতিষ্ক। Recognize – শনাক্ত করা; চেনা; চিনতে পারা। Arbitrator – (আইন) মধ্যস্থতাকারী। Mediate – মধ্যস্থতা করা। Prescribe – পরামর্শ বা নির্দেশনা দেয়া।

Faultfinder ব্যক্তি সর্বদা অপরকে Criticize করে। আর Arbitrator সর্বদা অপরের বিষয়ে Mediate করে।

14. **PEST : IRKSOME ::**

a) salesclerk : courteous
b) expert : proficient
c) enigma : unexpected
d) leader : nondescript **ans. B**

Solution: Pest – বিরক্তিকর ব্যক্তি। Irksome – বিরক্তিকর। Salesclerk – দোকানের কর্মচারী। Courteous – ভদ্র; নম্র; সজ্জনসুলভ। Expert – বিশেষজ্ঞ বা দক্ষ ব্যক্তি। Proficient – ব্যুৎপন্ন; দক্ষ; নিপুণ। Enigma – বিভ্রান্তি কর প্রশ্ন, ব্যক্তি, পরিস্থিতি ইত্যাদি। Unexpected – অনপেক্ষিত; আকস্মিক; অপ্রত্যাশিত। Leader – নায়ক; নেতা; দলপতি; সর্দার। Nondescript – কিম্ভূতকিমাকার ব্যক্তি বা বস্তু; সৃষ্টি ছাড়া।

যারা Irksome আচরণ করে তাদের বলা হয় Pest. আর যারা কোন কিছুতে Proficient তাদের বলা হয় Expert.

15. **LIONIZE : ADMIRE ::**

a) authorize : betray
b) aggrandize : envy
c) exonerate : suspect
d) vituperate : despise **ans. D**

Solution: Lionize – কাউকে বিখ্যাত ব্যক্তিরূপে গণ্য করা। Admire – শ্রদ্ধা করা; প্রশংসা করা। Aggrandize – অধিক (বা ক্ষমতা) দান করা। Envy – ঈর্ষা; হিংসা করা। Exonerate – (অভিযোগাদি হতে) মুক্তি দেওয়া। Suspect – সন্দেহ করা। Vituperate – গালিগালাজ/ কটুকথা বলা। Despise – অবজ্ঞা/ ঘৃণা/ তাচ্ছিল্য করা।

ব্যাখ্যাঃ Lionize এবং Admire পরস্পর সমার্থক শব্দ। ঠিক তেমনি Vituperative ও Despise এর সমার্থক শব্দ।

Q. 16 – 20: Choose the appropriate words or phrase that best completes the sentence. 05

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

16. If everybody liked the same kind of tea, ____ only one kind of tea.

a) that b) it would
c) there would be d) would be **ans. C**

Solution: **বাক্যের অর্থঃ** যদি সকলেই একই রকমের চা পছন্দ করে, তবে সেখানে এক প্রকারের চা-ই থাকবে।

17. People ____ how light behaves thousands of years ago.

a) must have begun observing
b) must began to observe
c) must to begin to observe
d) none of these **ans. A**

Solution: এরূপ বাক্যের Structure হলো Must + have + verb এর Past participle রূপ। আর Begum verb হবার কারণে এর পরবর্তী Verb observe এর সাথে ing যোগ হবে। তাই অপশনের *a*)- ই সঠিক।

বাক্যের অর্থঃ শত শত বছর পূর্বে মানুষ অবশ্যই আলোর প্রকৃতি নিয়ে চিন্তা করে শুরু করেছিলো।

18. A good college history book includes ____ about history.

a) every student knowing
b) should every student know
c) in that every student should know
d) what every student should know **ans. D**

Solution: **বাক্যের অর্থঃ** কলেজের ভালো ইতিহাস বইতে এমন কিছু থাকে যা সম্পর্কে শিক্ষার্থীদের জানা উচিৎ।

19. In a retail store, consumers ____ the merchandise and compare brands.

a) could inspected b) can be inspected
c) can inspecting d) can inspect **ans. D**

Solution: Modal auxiliary এরপরে Verb এর Present form বসে বলে *a*), *b*) এবং *c*) উত্তর হবে না। তাই উত্তর *d*).

বাক্যের অর্থঃ খুচরা দোকানগুলো খরিদদারেরা পণ্যগুলো ভালো করে খুঁটিয়ে খুঁটিয়ে দেখতে পারে এবং বিভিন্ন পণ্যের সাথে তা তুলনা করতে পারে।

20. A female tiger signals ____ ready to mate by leaving her scratch marks & scent on trees.

a) her b) that she is
c) is she d) she **ans. B**

Solution: **বাক্যের অর্থঃ** একটি বাঘিনী বাচ্চা উৎপাদনের উদ্দেশ্যে যৌনক্রিয়ায় মিলিত হওয়ার (Mate) জন্য গাছে আঁচড় দেয়া ও গায়ের গন্ধ ছড়ানোর মাধ্যমে এই সংকেত প্রদান করে।

Q. *(21-30): Choose the correct answer.* 10

21. If positive integers x and y are not both odd, which of the following must be even?

a) xy b) $x + y$
c) $x - y$ d) $x + y - 1$ **ans. A**

Solution: যদি ধনাত্মকপূর্ণ সংখ্যা x এবং y উভয়েই বিজোড় না হয়, তবে কোনটি অবশ্যই জোড় সংখ্যা হবে?

ধরি,	a) xy	b) $x + y$	c) $x - y$	d) $x + y - 1$
$x = 4$ ও $y = 3$	**12 = জোড়**	7 = বিজোড়	1= বিজোড়	6 = জোড়
$x = 2$ ও $y = 4$	**8 = জোড়**	বিজোড় বলে হিসাবের দরকার নেই		7 = বিজোড়

∴ তাই উভয় ক্ষেত্রে দেখলাম যে, শুধুমাত্র অপশন *a*) এর xy ই হতে পারে Must be even.

22. If the numbers $\frac{17}{24}$, $\frac{1}{2}$, $\frac{3}{8}$, $\frac{3}{4}$ and $\frac{9}{16}$ were ordered greatest to least, the middle number of the resulting sequence would be

a) $\frac{3}{8}$ b) $\frac{3}{4}$
c) $\frac{9}{16}$ d) None **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, $\frac{17}{24}$, $\frac{1}{2}$, $\frac{3}{8}$, $\frac{3}{4}$ এবং $\frac{9}{16}$ কে বড় থেকে ছোট আকারে সাজালে মাঝখানে কোন ভগ্নাংশটি থাকবে?

ভগ্নাংশগুলোর হর 24, 2, 8, 4, 16 এর ল. সা. গু. = 48

এখানে, $48 \div 24 = 2$ বলে $\frac{17}{24}$ ভগ্নাংশের লব ও হরকে 2 দ্বারা গুণ করার মাধ্যমে হরকে 48 করতে হবে।

$\frac{17}{24} =$	$\frac{1}{2} =$	$\frac{3}{8} =$	$\frac{3}{4} =$	$\frac{9}{16} =$
$\frac{17 \times 2}{24 \times 2} =$	$\frac{1 \times 24}{2 \times 24} =$	$\frac{3 \times 6}{8 \times 6} =$	$\frac{3 \times 12}{4 \times 12} =$	$\frac{9 \times 3}{16 \times 3} =$
$\frac{34}{48}$	$\frac{24}{48}$	$\frac{18}{48}$	$\frac{36}{48}$	$\frac{27}{48}$

যেহেতু $36 > 34 > 27 > 24 > 18$. তাই $\frac{36}{48} > \frac{34}{48} > \frac{27}{48} > \frac{24}{48} > \frac{18}{48}$ অর্থাৎ মাঝখানের সংখ্যাটি হবে $\frac{9}{16}$.

23. Last year if 97% of the revenues of a company came from domestic sources and the remaining revenues, totaling Tk. 450,000 came from foreign sources, what was the total of the company's revenues?

a) Tk. 1,350,000 b) Tk. 1,500,000
c) Tk. 4,500,000 d) None **ans. D**

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, গত বছর একটি কোম্পানির অভ্যন্তরীণ উৎস থেকে রাজস্ব এসেছে 97% এবং বাকি রাজস্বের মধ্যে 450,000 টাকা রাজস্ব এসেছে বিদেশী উৎস থেকে। কোম্পানির মোট রাজস্ব কত?

বাকি রাজস্ব = (100 – 97)% = 3%

প্রশ্নমতে, 3% = 450,000 Tk.

$\therefore$ $1\% = \frac{450000}{3}$ Tk.

$\therefore$ $100\% = \frac{450000 \times 100}{3} = 15{,}000{,}000$ Tk.

24. **If the length and width of a rectangular garden plot were each increased by 20%, what would be the percent increase in the area of the plot?**

a) 20% b) 24%

c) 36% d) 44% ***ans.*** **D**

Shortcut: প্রশ্নে বলা হচ্ছে, যদি একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ ২০% বৃদ্ধি পায় তাহলে আয়তক্ষেত্রের ক্ষেত্রফল কত বৃদ্ধি পায়?

$A + B + \frac{AB}{100} = 20 + 20 + \frac{20 \times 20}{100} = 44$

25. **Salem earns Tk. 8.50 per hour on days other than Sundays and twice that rate on Sundays. Last week he worked a total of 40 hours, including 8 hours on Sunday. What were her earning for the week?**

a) Tk. 272 b) Tk. 340

c) Tk. 398 d) Tk. 408 ***ans.*** **D**

Shortcut: প্রশ্নে বলা হচ্ছে যে, Salem রবিবার ছাড়া অন্য দিনগুলোতে প্রতি ঘন্টায় 8.50 আয় করে এবং রবিবারে অন্যান্য দিনগুলোর চাইতে ঘন্টা প্রতি দ্বিগুণ আয় হয়। গত সপ্তাহে সে রবিবারের 8 ঘন্টাসহ 40 ঘন্টা কাজ করলে তার কত টাকা আয় হয়েছিল?

$(32 \times 8.50) + (8 \times 2 \times 8.5) = 408$

26. **If *a*, *b* and *c* are constants, $a > b > c$, and $x^3 - x = (x - a)(x - b)(x - c)$ for all numbers *x*, what is the value of *b*?**

a) – 3 b) – 1

c) 0 d) 1 ***ans.*** **C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, *a*, *b* এবং *c* ধ্রুবক সংখ্যা হয়, $a > b > c$ এবং $x^3 - x = (x - a)(x - b)(x - c)$ সকল *x* সংখ্যার জন্য *b* এর মান কত?

প্রথমেই $x^3 - x = (x - a)(x - b)(x - c)$ বলে $x^3 - x$ রাশিটিকে ৩টি Factor এ ভাগ করতে হবে নিচের মতো করেঃ $x^3 - x = x(x^2 - 1)$

$= x[(x)^2 - (1)^2] = x(x + 1)(x - 1)$

এটাকে আপনি সমীকরণ হিসেবে কল্পনা করলে অর্থাৎ $x^3 - x = 0$

$\Rightarrow$ $x(x + 1)(x - 1) = 0$ ধরলে $x = 0, -1, +1$ পাবেন।

যেহেতু, $a > b > c$ তাই $1 > 0 > -1$ হবে।

অর্থাৎ *b* এর মান হবে 0. তাই উত্তর হবে অপশন *c*).

27. **Two persons, X & Y are standing 50 yards apart on a North-South axis. X walks 65 yards to west and Y walks 55 yards to the East and both stop. Find the straight line distance in yards between these two positions?**

a) 120 b) 170

c) 130 d) 140 ***ans.*** **C**

Shortcut: প্রশ্নে বলা হচ্ছে যে, X এবং Y পরস্পর থেকে 50 গজ দূরে উত্তর-দক্ষিণ দিক করে দাঁড়িয়ে আছে। X পশ্চিম দিকে 65 গজ এবং Y এর পূর্বদিকে 55 গজ গিয়ে উভয়েই থেমে গেলা। এখন দুইজনের মধ্যে সরাসরি দূরত্ব কত গজ?

(5, 12, 13) সূত্রমতে, প্রথম দুটি 50 এবং 120 হওয়ায় শেষেরটি অর্থাৎ অতিভূজ 130 হবে।

28. **If $\frac{3}{x} = 2$ and $\frac{y}{4} = 3$, then $\frac{3 + y}{x + 4} = ?$**

a) $\frac{30}{11}$ b) $\frac{10}{9}$

c) $\frac{9}{16}$ d) None ***ans.*** **A**

Solution: দেয়া আছে, $\frac{3}{x} = 2$

$\Rightarrow$ $2x = 3$ $\therefore x = \frac{3}{2}$

আবার, $\frac{y}{4} = 3$ $\therefore y = 12$

প্রদত্তরাশিমালা

$= \frac{3 + y}{4 + x} = \frac{3 + 12}{4 + \frac{3}{2}} = \frac{15}{\frac{8 + 3}{2}} = \frac{15}{\frac{11}{2}} = 15 \times \frac{2}{11} = \frac{30}{11}$

29. **A ferry can travel twice as fast when empty as when it is full. It travels 20 mile with full load, spends 1 hour for unloading and returns to its original port empty. It took 11 hours to complete the journey. What is the speed when the ferry is empty?**

a) 5 b) 6

c) 6.5 d) None ***ans.*** **B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি Ferry বোঝাই অবস্থার

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

চেয়ে খালি অবস্থায় দ্বিগুণ গতিতে চলে। Ferry টি বোঝাই অবস্থায় 20 মাইল চলে। এ সময় মাল খালাস করতে 1 ঘন্টা ব্যয় হয় এবং মূল বন্দরে খালি অবস্থায় ফিলে আসে। যদি পুরো যাত্রায় 11 ঘন্টা সময় লাগে তবে খালি অবস্থায় Ferry টির গতিবেগ কত?

ধরি, Ferry টির মাল বোঝাই অবস্থায় গতিবেগ ছিলো = x মাইল/ ঘন্টা

$\therefore$ Ferry টির খালি অবস্থায় গতিবেগ = $2x$ মাইল/ ঘন্টা

মালখালাস করতে 1 ঘন্টা লাগায় সময় বাকি থাকে = $11 - 1 = 10$ ঘন্টা

$\therefore$ 20 মাইল যেতে সময় লাগে = $\frac{20}{x}$ ঘন্টা

এবং 20 মাইল ফিরে আসতে সময় লাগে = $\frac{20}{2x}$ ঘন্টা

প্রশ্নমতে, $\frac{20}{x} + \frac{20}{2x} = 10 \Rightarrow \frac{40 + 20}{2x} = 10$

$\Rightarrow 20x = 60 \quad \therefore x = 3$

$\therefore$ Ferry টির খালি অবস্থায় ঘন্টায় গতি = $2x = 2 \times 3 = 6$ মাইল।

30. A man left Tk. 5,000 to his three sons X, Y and Z. For every Taka X received, Y received Tk. 1.5 and Z received Tk. 2.5. How much money was left to Y?

a) Tk. 750 b) Tk. 1,000
c) Tk. 1,200 d) Tk. 1,500 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, এক ব্যক্তি 5,000 টাকা X, Y এবং Z তিন সন্তানের মধ্যে এমনভাবে ভাগ করলে যাতে X টাকা পেলে Y এবং Z যথাক্রমে 1.5 এবং 2.5 টাকা পায়। Y কত টাকা পেলো তা বের করতে হবে?

$X : Y : Z = 1.0 : 1.5 : 2.5 = 2 : 3 : 5$

[2 দ্বারা গুণ করে]

$\therefore$ অনুপাতের যোগফল = $2 + 3 + 5 = 10$

$\therefore$ Y পেল = $5000 \times \frac{3}{10} = 1,500$ টাকা

Q. *(31-34): Read the information and answer the questions.* $2 \times 4 = 8$

When they hold a meeting, seven company executives – T, U, V, W, X, Y and Z – sit at a rectangular table. Three executives sit along one side of the table, and three sit along the other side, each directly opposite one of the other three. The seventh sits at the head of the table; There is no seat at the foot of the table. U always sits in one of the two seats farthest from the head of the table. Y and V always sit next to each other. V never sits next to Z. If Z does not sit at the head of the table, W sits there.

T, U, V, W, X, Y এবং Z নামের সাতজন Executive একটি মিটিং করবে। তারা একটি আয়তাকৃতির একটি টেবিলে বসবে। তিনজন Executive টেবিলের একপাশে পাশাপাশি বসবে এবং অন্য তিনজন টেবিলের অপর প্রান্তে পাশাপাশি বসবে। টেবিলের এক প্রান্তে কোন বসার জায়গা নেই। টেবিলের অপর প্রান্তে যে একজন Head বসে, U সর্বদা সেই Head এর Chair থেকে দুই সিট দূরের কোন একটি Chair এ বসে। Y এবং V সর্বদা পাশাপাশি বসে। V কখনো Z এর পাশে বসে না। Z Head এর Chair এ না বসলে W সেখানে বসে।


অর্থাৎ শর্তগুলোকে নিচের মতো করে সাজানো যায়ঃ

i. U টেবিলের শেষ প্রান্তের দুটি Chair এর একটিতে বসবে;

ii. $Y \leftrightarrow V$ *iii.* $V \not\leftrightarrow Z$

iv. Z Head না হলে Head হবে W.

অতএব, গ্রহণযোগ্য বসার চিত্রটি নিম্নরূপ হতে পারেঃ



31. If W sits directly opposite T, X must sit next to which of the following executives?

a) T b) U
c) V d) Z **ans. A**

Solution: এখানে বলা হচ্ছে W, T এর সোজাসুজি বিপরীত পাশে বসলে X নিচের কোন Executive এর পাশে বসবে?


W, T কে মাঝখানে দেয়া যাবে না, কারণ এতে $Y \leftrightarrow V$ শর্তটি ঠিক রাখা যায় না। কাজেই U এর পাশে X বসতে পারে।

32. If T sits directly opposite Z and next to V, which executive must sit directly opposite U?

a) V b) X
c) X d) Y **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, T যদি Z এর সোজাসুজি বিপরীত পাশে বসে এবং V এর পাশে বসে তবে কোন Executive কে অবশ্যই U এর বিপরীত পাশে বসতে হবে?

Z, T কে মাঝখানে দিলে $Y \leftrightarrow V$ শর্ত ভঙ্গ হয়। তাই W কে Head করে *ii.* নং শর্তানুযায়ী $Y \leftrightarrow V$ বসিয়ে Y কে নিচের মতো করে U এর বিপরীত পাশেই রাখতে হবে।



33. If Z sits directly opposite X, which executive must sit next to U?


a) T b) V

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

c) W d) Y **ans. A**

Solution: বলা হচ্ছে যে, Z, X এর সোজাসুজি বিপরীত পাশে বসলে, নিচের কোন Executive অবশ্যই U এর পাশে বসবে?


Z, X এর মাঝখানে দেয়া যাবে না, কারণ তাতে *ii.* নং শর্ত ভঙ্গ হয়। তাই নিচের মতো করে U এর পাশে T বসবে।




34. **If T and U sit immediately on either side of X, the executive sitting directly opposite X must be either-**

a) W or V b) W or Z
c) Y or V d) Y or Z **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, T এবং U যদি X এর দুইপাশে বসে, তবে X এর ঠিক সরাসরি বিপরীত পাশে কোন Executive বসবে?



অথবা,



এই দুইভাবে U এবং T কে X এর দুইপাশে রেখে সাজানো যেতে পারে এবং উভয় ক্ষেত্রেই দেখা যাচ্ছে যে, X এর বিপরীত পাশে অবশ্যই হয় Y অথবা V থাকবে।


Q. ***(35-38):*** *Read the information and answer the questions.* $1.5 \times 4 = 6$


35. **Six persons A, B, C, D, E and F are standing in a circle. B is between F and C; A is between E and D; F is to the left of D. Who is between A and F?**

a) B b) C
c) D d) E **ans. C**

Solution: অনুবাদঃ 6 জন ব্যক্তি একটি বৃত্তের উপর দাঁড়িয়ে আছে। F ও C এর মধ্যে আছে B, E ও D এর মধ্যে আছে A এবং F এর D ঠিক বামেই আছে। তাহলে A ও F এই দুই জনের মধ্যে কে আছে?

এই প্রশ্ন সমাধানের জন্য একটি বৃত্ত আঁকতে হবে, তারপর শর্তানুযায়ী সাজাতে হবে।





পাঠক, পাশের চিত্রটি খেয়াল করুন ঃ

দেখা যাচ্ছে A ও F, এই দুইজনের মধ্যে D রয়েছে, তাই সঠিক উত্তর *d*).

36. **Which number will complete the series 1, 3, 7, 15, 31, 63, ____?**

a) 123 b) 125
c) 127 d) 129 **ans. C**

Solution: ধারাটির বৈশিষ্ট্য হলো দ্বিতীয় সংখ্যাটি হলো প্রথম সংখ্যার দ্বিগুণ অপেক্ষা 1 বেশি।

তাই পরবর্তী সংখ্যা = $(63 \times 2) + 1 = 126 + 1 = 127$.

37. **If in a certain language PRIVATE is 1234567 and RISK is coded as 2398, how is TRIVETS coded in the language?**

a) 6875431 b) 6234769
c) 7246598 d) None **ans. B**

38. **Which of the following numbers can be placed at the sign of interrogation?**

4	6	3	8
2	8	4	4
6	5	?	10

a) 7 b) 5
c) 1 d) 3 **ans. D**

Shortcut: এখানে, ৩য় রাশি =

$$\frac{\text{প্রথম রাশি} \times \text{দ্বিতীয় রাশি}}{\text{চতুর্থ রাশি}} = \frac{6 \times 5}{10} = 3$$

Q. ***(39-44)*** *Choose the correct answer.* $1 \times 6 = 6$

39. **Bangladesh Bank is the regulator of ____.**

a) Money Market b) Capital Market
c) Commodity Market d) None **ans. A**

Solution: কেন্দ্রীয় ব্যাংক হিসেবে বাংলাদেশ ব্যাংক মুদ্রা ছাপানো এবং তা প্রচলনের মাধ্যমে অর্থ বাজারকে নিয়ন্ত্রণ করে থাকে। মুদ্রাস্ফীতি কমাতে চাইলে কেন্দ্রীয় ব্যাংক টাকার সরবরাহ কমিয়ে দেয়। আর মুদ্রাস্ফীতি বাড়াতে চাইলে কেন্দ্রীয় ব্যাংক টাকার সরবরাহ বাড়িয়ে দেয়।

40. **In British Parliament, BREXIT bill was finally approved on**

a) 13th March 2017 b) 14th March 2017
c) 15th March 2017 d) None **ans. A**

Solution: ২০১৬ সালের ২৩ জুন EU-এ থাকা না থাকা নিয়ে আয়োজিত গণভোট না থাকা বা BREXIT-এর পক্ষে

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

জনগণ রায় দেয়। এই বিল নিয়ে প্রধানমন্ত্রী থেরেসা মে পার্লামেন্টে একাধিকবার হোঁচট খেলেও শেষ পর্যন্ত কোনো প্রকার সংশোধনী ছাড়াই ২০১৭ সালের ১৩ মার্চ BREXIT bill পার্লামেন্টে চূড়ান্তভাবে পাস হয়।

41. What is the rank of Bangladesh as per 'Human Development Index' 2016

a) 141 b) 140
c) 139 d) 138 **ans. C**

Solution: 'Human Development Index' 2016 এ 0.579 পয়েন্ট পেয়ে বাংলাদেশ 139 তম স্থান দখল করে।

42. Out of 171 number countries, how many countries participated in IPU conference held in Dhaka recently:

a) 143 b) 171
c) 135 d) 147 **ans. Note**

Solution: 2017 সালের 1 থেকে 5 এপ্রিল Inter Parliamentary Union (IPU) এর Conference অনুষ্ঠিত হয় ঢাকায়। এতে ১৩৪টি দেশের প্রায় ১,৫০০ প্রতিনিধি যোগদান করেন। এটি ছিলো ১৩৬তম IPU conference. উল্লেখ্য, ইন্দোনেশিয়ার বালিতে অনুষ্ঠিত হয় ইন্টার পার্লামেন্টারী ইউনিয়নের (আইপিইউ) ১৪৪তম সম্মেলন। ২০২২ সালের ২০ মার্চ থেকে ২৪ মার্চ আইপিইউ সম্মেলন অনুষ্ঠিত হয়।

43. "Asian Infrastructure Investment Bank (AIIB) has ____ member countries:

a) 57 b) 63
c) 67 d) 70 **ans. A**

Solution: AIIB (Asian Infrastructure Investment Bank) এর সদরদপ্তর হলো চীনের Beijing শহরে। এই ব্যাংকটির প্রেসিডেন্ট হলেন Jin Liquan এবং এর সদস্য সংখ্যা ৫৭টি।

44. Who was the 'man of the match' of the 100th test cricket match of Bangladesh?

a) Tamim b) Sakib
c) Mushfiq d) None **ans. A**

Solution: ২০১৭ সালের ১৫-১৯ মার্চ কলম্বোর পি সারা ওভালে শ্রীলঙ্কার সাথে বাংলাদেশের শততম টেস্ট ম্যাচে বাংলাদেশ ৪ উইকেটে জয়লাভ করে। এ ম্যাচের দ্বিতীয় ইনিংসে তামিম ইকবাল জয়সূচক ৮২ রান করায় ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন।

Bank Asia Ltd.
Recruitment Test for MT - 28.04.2017

Q. (1-5): Find out which underlined parts (a, b, c and d) of the following sentences has an error.

01. **The training manager must estimate (a) the expensed for the (b) program, including cost for its develop (c), delivery, and evaluation (d). *ans.* D**

Solution: It's এরপরে Delivery এবং Evaluation এর সাথে মিল রেখে Develop টি না হয়ে এর Noun form হিসেবে Development হবে। অর্থাৎ

Cost for its < Development (Develop হবে না), Delivery, Evaluation

বাক্যের অর্থঃ প্রোগ্রামের উন্নয়ন, বিল-বিতরণ এবং মূল্যায়নের জন্য Training ম্যানেজার অবশ্যই আনুমানিক হিসেব করে রাখবে।

02. **The frost-free period of high summer (a), when (b) mean daily temperatures (c) are above 32 degrees, are short (d). *ans.* D**

Solution: বাক্যের Modifier এবং Absolute গুলো বাদ দিলে মূল বাক্য হলোঃ 'Frost-free period.....are short. দেখুন বাক্যের Subject হলো 'Frost free period' যা Singular Subject. যেহেতু Singular subject এর Verb ও Singular হবে, তাই are short না হয়ে is short হবে।

বাক্যের অর্থঃ হিম মুক্ত গ্রীষ্মকালে যখন দৈনিক গড় তাপমাত্রা ৩২ ডিগ্রীর উপরে থাকে, তখন খুব ছোট হয়।

03. **Counselors (a) will be available to give students advices (b) before they (c) register for classes (d). *ans.* B**

Solution: অপশন *b*) এর Advices না হয়ে Advice হবে। আসলে Advice এর Singular এবং Plural একই।

বাক্যের অর্থঃ ছাত্রছাত্রীদের ক্লাসের জন্য রেজিস্ট্রারের পূর্বেই তাদের উপদেশ দেয়ার জন্য উপদেষ্টা Available

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

থাকবে।

04. **Each furniture on display in**
a
the central mall is on sale for thirty
b
percent off the regular price. ***ans.* A**
c *d*

Solution: অপশন *a)* এর Furniture এর পূর্বে Each না হয়ে Singular Number হিসেবে Each item of বা Each piece of হবে।
বাক্যের অর্থঃ কেন্দ্রীয় শপিংমলে যে ফার্নিচারের দোকান রয়েছে, ঐ ফার্নিচারগুলো তার প্রতিটির নিয়মিত মূল্যের চেয়ে ৩০% কম দামে বিক্রয় করা হবে।

05. **The desert pocket mouse, common in the**
a *b*
American Southwest, it is active mainly
c *d*
at night. ***ans.* C**

Solution: মূলত বাক্যের Subject হলো 'The desert pocket mouse' পরবর্তীতে It দ্বারা ঐ Subject কেই বুঝানো হচ্ছে, কিন্তু প্রথমে এই Subject টি থাকার কারণে পরে It কে Redundantly ব্যবহার করা হয়েছে। তাই অপশন *c)* এর It শব্দ বাদ যাবে।
বাক্যের অর্থঃ আমেরিকার দক্ষিণ-পশ্চিমাঞ্চলে এক ধরনের ছোট ইদুর খুবই পরিচিত যা প্রধানত রাতে জেগে থাকে।

Q. ***(6-10): Each question below consists of a word printed in capital letters, followed by four words. Select the lettered word that s most nearly opposite in meaning to the word in capital letters.***

06. **ADHERE**
a) Detach b) Cleanse
c) Engulf d) Contain ***ans.* A**

Solution: Adhere – লেগে থাকা/সংলগ্ন। Detach – কোন কিছু খুলে ফেলা; পৃথক করা। Engulf – গ্রাস করা।

07. **EFFRONTERY**
a) charity b) deference
c) simplicity d) deceitfulness ***ans.* C**

Solution: Effrontery – নির্লজ্জ সাহস; ঔদ্ধত্য। Charity – উদারতা; সদয়তা; পরজনপ্রীতি। Deference – অন্যের ইচ্ছার কাছে নতি স্বীকার। Deceitfulness – প্রতারণাপরায়ণতা; কপটতা; কুটিলতা। Simplicity – সহজতা; সরলতা।

08. **OBDURATE**
a) complaisant b) similar
c) commensurate d) transitory ***ans.* A**

Solution: Obdurate – একগুঁয়ে। Complaisant – সৌজন্যপূর্ণ। Commensurate – যথাপরিমাণ; যথোপযুক্ত।

09. **AVER**
a) Resign indignantly b) Refuse
c) Recent d) Deny ***ans.* D**

Solution: Aver – দৃঢ় কণ্ঠে স্বীকার করা। Resign indignantly – প্রচলিত আইনের প্রতি বিরক্ত হয়ে Resign. Deny – অস্বীকার করা। Recent – সাম্প্রতিক।

10. **SUPINE**
a) Vigilant b) Flustered
c) Distorted d) Brittle ***ans.* A**

Solution: Supine – নিষ্কর্মা; অকর্মা; অলস; শুয়ে থাকা। Vigilant – সতর্ক। Distorted – বেঁকে যাওয়া। Brittle – ভঙ্গুর। Fluster – হতভম্ব করা; কিংকর্তব্যবিমূঢ়।

Q. ***(11-15): Select the pair that expresses a relationship similar to that expressed in the original pair given in uppercase.*** $1 \times 5 = 5$

11. **PRUNE : HEDGE::**
a) Shuck : corn b) Trim : hair
c) Cut : bouquet d) Reap : crop ***ans.* B**

Solution: Prune – কাটা। Trim – ছাঁটা/কাঁটা। Bouquet – ফুলের তোড়া। Hedge – ছোট গাছের ঝোপ।
ব্যাখ্যাঃ Prune করা হয় Hedge কে। আর Trim করা হয় Hair কে।

12. **ANTIBIOTIC : INFECTION::**
a) Hormone : modification
b) Enzyme : digestion
c) Narcotic : dependency
d) Coagulant : bleeding ***ans.* D**

Solution: Antibiotic – জীবাণু-নাশক। Coagulant – জমাট বাঁধাতে সাহায্যকারক। Infection – সংক্রমণ। Bleeding – রক্তক্ষরণ।
ব্যাখ্যাঃ Antibiotic দ্বারা Infection থামানো হয়। আর Coagulant দ্বারা Bleeding থামানো হয়।

13. **EULOGY : PRAISE::**
a) hormone : modification
b) enzyme : digestion
c) narcotic : dependency
d) epic : contempt ***ans.* B**

Solution: Eulogy – প্রশংসামূলক কথা লেখা; উচ্চ

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

প্রশংসা। Praise – প্রশংসা করা; তারিফ করা। Digestion – পরিপাক। Enzyme – এক ধরনের জৈব রাসায়নিক পদার্থ যা নিজে পরিবর্তিত না হয়ে অন্য পদার্থের পরিবর্তন সাধন করে।

ব্যাখ্যাঃ Eulogy তে Praise থাকে আর Enzyme তে Digestion থাকে।

14. **CANDLE : WAX::**
a) metal : corrosion b) leather : vinyl
c) curtain : pleat d) tire : rubber ***ans.* D**

Solution: Candle – মোমবাতি; দীপ। Wax – মোম। Tire – রাবার জাতীয় পদার্থ দিয়ে তৈরিকৃত চাকা। Curtain – দরজা-জানালার পর্দা। Pleat – (কাপড়ের) ভাঁজ।

ব্যাখ্যাঃ Wax দিয়ে Candle তৈরী করা হয় আর Rubber দিয়ে Tire তৈরী করা হয়।

15. **COMPLIANT : SERVILE ::**
a) trusting : gullible
b) cringing : fawning
c) pleasant : effortless
d) arduous : futile ***ans.* A**


Solution: Compliant – অন্যের ইচ্ছা পূরণে সম্মত; ভদ্র। Servile – ক্রীতদাসসুলভ; দাস্য। Trusting – আস্থাবান। Gullible – সহজে প্রতারণাযোগ্য।

ব্যাখ্যাঃ অতিরিক্ত Compliant হলো Servile; আর অতিরিক্ত Trusting হলো Gullible.

Q. (16-25): Choose the correct answer. 10

16. **If a square region has area *n*, what is the length of the diagonal of the square in terms of *n*?**
a) $\sqrt{2n}$ b) $\sqrt{n}$
c) $2\sqrt{n}$ d) $2n$ ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল n হলে n এর সাপেক্ষে বর্গটির কর্ণের দৈর্ঘ্য কত হবে?



দেয়া আছে, বর্গক্ষেত্রটির Area = n

$\therefore$ এক বাহুর দৈর্ঘ্য = $\sqrt{n}$

$\therefore$ কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{2} \times$ এক বাহুর দৈর্ঘ্য = $\sqrt{2} \times \sqrt{n} = \sqrt{2n}$

17. **The population of a bacteria culture doubles every 2 minutes. Approximately how many minutes will it take for the population to grow from 1,000 to 500,000 bacteria?**
a) 10 b) 12
c) 14 d) 18 ***ans.* D**

Shortcut: $1000 \times 2^t = 500{,}000$

$\Rightarrow 2^t = 500 \approx 512 = 2^9$, then $t \approx 9$.

Thus, approximately 9 two-minute intervals are needed, which is $9 \times 2 = 18$ minutes.

18. **In the correctly worked addition problem shown, where the sum of the two-digit positive integers AB and BA is the three-digit integer AAC, and A, B and C are different digits, what is the units digit of the integer AAC?**
a) 9 b) 6
c) 0 d) 3 ***ans.* C**

Solution: বলা হচ্ছে যে, দুই অঙ্কের পূর্ণ সংখ্যা AB ও BA এর যোগফল হল তিন অঙ্কের পূর্ণ সংখ্যা AAC; যেখানে A, B & C তিনটি ভিন্ন ভিন্ন অঙ্ক হলে AAC সংখ্যাটির একক স্থানীয় অঙ্কটি কত?

ধরি, A = 9 এবং B = 9

এখন, 99 + 99 = 198

AAC যেহেতু 198 হতে বড় হতে পারবে না,

তাই A = 1 হবে।

এখন, 11C হচ্ছে একটি 3 অঙ্কের সংখ্যা,

তাই B = 9 হবে।

যেহেতু, 18 + 81 = 99 যা দুই অঙ্কের সংখ্যা

$\therefore$ 19 + 91 = 100 + 10 + C

$\Rightarrow$ 110 = 110 + C $\quad\therefore$ C = 0

19. **Company K's earnings were Tk. 12 million last year. If this year's earnings are projected to be 150% greater than last year's earnings, what are company K's projected earnings this year?**
a) Tk. 13.5 million b) Tk. 18 million
c) Tk. 27 million d) None ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, গত বছর একটি Company'র আয় ছিল 12 মিলিয়ন। এই বছরে গত বছরের চাইতে 150% বেশি হবে বলে পূর্বাভাস দেয়া হলে এই বছরের আয় কত হতে পারে?

গত বছর ঐ Company'র আয় ছিল 12 মিলিয়ন।

$\therefore$ এই বছর Projected আয় হবে = 12 + 12 এর 150%

$= \left(12 + \frac{12 \times 150}{100}\right) = 12 + 18 = 30$ মিলিয়ন

20. **A certain population of bacteria doubles**

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

every 10 minutes. If the number of bacteria in the population initially was 10^4, what was the number of bacteria in the population 1 hour later?

a) $2(10^4)$ b) $6(10^4)$
c) $(2^6)(10^4)$ d) $(10^6)(10^4)$ ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, প্রতি 10 মিনিটে ব্যাকটেরিয়ার সংখ্যা দ্বিগুণ হয়। প্রথমে ব্যাকটেরিয়ার সংখ্যা 10^4 টি থাকলে 1 ঘন্টা পরে কয়টি ব্যাকটেরিয়া হবে?

10 মিনিট পরে ব্যাকটেরিয়ার সংখ্যা হবে $= (10^4 \times 2)$ টি

$\therefore$ 20 মিনিট পরে ব্যাকটেরিয়ার সংখ্যা হবে
$= (10^4 \times 2 \times 2)$ টি

$\therefore$ 30 মিনিট পরে ব্যাকটেরিয়ার সংখ্যা হবে
$= (10^4 \times 2 \times 2 \times 2)$ টি

$\therefore$ 40 মিনিট পরে ব্যাকটেরিয়ার সংখ্যা হবে
$= (10^4 \times 2 \times 2 \times 2 \times 2)$ টি

$\therefore$ 50 মিনিট পরে ব্যাকটেরিয়ার সংখ্যা হবে
$= (10^4 \times 2 \times 2 \times 2 \times 2 \times 2)$ টি

$\therefore$ 60 মিনিট পরে ব্যাকটেরিয়ার সংখ্যা হবে
$= (10^4 \times 2 \times 2 \times 2 \times 2 \times 2 \times 2) = (10^4 \times 2^6)$ টি

***21.* Last year Salem received 26 paychecks. Each of the first 6 paychecks was Tk. 750; each of his remaining paychecks was Tk. 30 more than each of his first 6 paychecks. To the nearest taka, what was the average amount of his paychecks for the year?**

a) Tk. 752 b) Tk. 755
c) Tk. 765 d) None ***ans.* D**

Shortcut: বলা হচ্ছে যে, গত বছর Salem 26টি Paycheck পেল যার মধ্যে প্রথম 6 টির প্রত্যেকটি 750 টাকার এবং বাকি Paycheck গুলো পূর্বের Paycheck এর চাইতে 30 টাকা বেশি হলে ঐ সকল Paycheck গুলোর গড় টাকার পরিমাণ (প্রায়) কত হবে?

গড় $= \frac{(6 \times 750) + (26 - 6)(750 + 30)}{26} = 773.0769$ টাকা

***22.* The arithmetic mean of the list of numbers given below 4. If k and m are integers and $k \neq m$, what is the median of the list? [Given list 3, k, 2, 8, m, 3]**

a) 2 b) 2.5
c) 3 d) None ***ans.* C**

Solution: $(3, k, 2, 8, m, 3)$ এই সংখ্যাগুলোর গড় 4. যদি k ও m পূর্ণ সংখ্যা হয় এবং $k \neq m$ হয় তবে সংখ্যাগুলোর মধ্যক কত?

6 টি সংখ্যার সমষ্টি $= 3 + k + 2 + 8 + m + 3$

$\Rightarrow 6 \times 4 = m + k + 16$

$\Rightarrow 24 = m + k + 16$

$\therefore m + k = 8$

এখন, $m = 7$ ও $k = 1$ হলে $m + k = 7 + 1 = 8$ হয়।

এখন সংখ্যাগুলোকে ক্রমানুসারে সাজিয়ে পাই

1, 2, 3, 3, 7, 8.

যেহেতু, 6টি (জোড় সংখ্যা) রয়েছে, তাই মধ্যক

$= \frac{\frac{6}{2} \text{ ও } \left(\frac{6}{2}+1\right)}{2}$ তম পদ দুটির সাংখিক মানের সমষ্টি

$= \frac{3 \text{ তম পদ ও } 4 \text{ তম পদের সমষ্টি}}{2} = \frac{3+3}{2} = \frac{6}{2} = 3$

***23.* If $xy > 0$ and $yz < 0$, which of the following must be negative?**

a) xyz b) xyz^2
c) xy^2z d) xy^2z^2 ***ans.* C**

Solution: দেয়া আছে, $xy > 0$; অর্থাৎ xy Positive number.

আবার, $yz < 0$; অর্থাৎ yz Negative number.

এখন, অপশন *c*) এর xy^2z কে আমরা এভাবে সাজাতে পারিঃ $xy \times yz$

= (Positive number) × (Negative number)
= Negative number.

***24.* What is the remainder when 3^{24} is divided by 5?**

a) 0 b) 1
c) 2 d) 3 ***ans.* B**

Solution: 3^{24} কে নিচের মতো করে লেখা যায়ঃ

$(3^4)^6 = (81)^6$ এখন 81 কে Generalize করলেও সর্ব ডানে সর্বদা 1 থাকবে। তাই সংখ্যাগুলোকে 5 দ্বারা ভাগ করলে ভাগশেষ সর্বদা 1 থাকবে। এটি আপনারা 81 কে ভাগ করে দেখতে পারেন।

***25.* A dishonest trade mixes 2*kg* of vegetable ghee costing Tk. 45 a *kg* with 3*kg* of standard ghee costing Tk. 70 per *kg*. He sells the mixed ghee at Tk. 65 per *kg*. What is his percentage of profit?**

a) 25% b) 16.67%
c) 8.33% d) 6% ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 45 টাকা কেজি দরের 2 কেজি Vegetable ঘি'র সাথে 70 টাকা কেজি দরের 3 কেজি Standard ঘি'র সাথে Mix করে তা 65 টাকা কেজি দরে বিক্রয় করা হলো। শতকরা লাভের পরিমাণ কত?

2 কেজি Vegetable ঘি'র ক্রয়মূল্য $= 2 \times 45 = 90$ টাকা

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

আবার, 3 কেজি Standard ঘি'র ক্রয়মূল্য
$= 3 \times 70 = 210$ টাকা
$\therefore$ $(2 + 3) = 5$ কেজি ঘি'র মোট ক্রয়মূল্য
$= 90 + 210 = 300$ টাকা।
আবার, 5 কেজি ঘি'র বিক্রয়মূল্য $= 5 \times 65 = 325$ টাকা
$\therefore$ লাভ হয় $= \left(\frac{325 - 300}{300} \times 100\right) = \left(\frac{25}{300} \times 100\right)$
$= 8.33\%$

Q. ***(26-29):*** *Read the information and answer the questions.* $2 \times 4 = 8$

Six products – U, V, W, X, Y and Z – are to be placed in the display window of a vending machine with six compartments, numbered 1 through 6 from left to right. The products must be placed in the window, one product in each compartment, according to the given conditions.

- U cannot be immediately to the left or immediately to the right of V;
- W must be immediately to the left of X;
- Z cannot be in compartment 6.

গল্পঃ বলা হচ্ছে যে, U, V, W, X, Y এবং Z এই 6 টি Product. 6 টি Compartment এ স্থাপন করতে হবে। এক্ষেত্রে নিম্নোক্ত শর্তগুলো খেয়াল রাখতে হবেঃ

i) V এর ঠিক আগে বা ঠিক পরে U থাকতে পারবে না।
ii) X এর ঠিক বাম পাশেই থাকবে W.
iii) Z product টি 6 নং Compartment এ থাকবে না।

26. Which of the following products cannot be placed in compartment 1?
a) U b) V
c) W d) X ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, নিচের কোন Product টি 1 নং Compartment এ থাকবে না?
যেহেতু, X কে 1 নং Compartment এ রাখলে বামপাশে W কে রাখার কোন জায়গা থাকে না, তাই X কে 1 নং Compartment এ রাখা যাবে না।

27. If X is placed in compartment 3, W must be placed in compartment-
a) 1 b) 2
c) 4 d) 5 ***ans.* B**

Solution: বলা হচ্ছে যে, X কে 3 নং Compartment এ রাখলে W কে কোন Compartment এ রাখতে হবে?
যেহেতু X এর ঠিক বাম পাশেই W কে রাখতে হবে, তাই X কে 3 নং এ রাখলে W কে অবশ্যই 2 নং Compartment এ রাখতে হবে।

28. If U is placed in compartment 5, which of the following products must be placed in compartment 6?
a) V b) W
c) X d) Y ***ans.* D**

Solution: বলা হচ্ছে, U কে 5 নং Compartment এ রাখলে 6 নং Compartment এ কোন Product কে রাখতে হবে?
শর্তগুলো পূরণ করে নিম্নোক্তভাবে Product গুলোকে সাজানো যায়।

1	2	3	4	5	6
V	Z	W	X	U	Y

29. If Z is placed in compartment 3, immediately to the right of X, which of the following product must be placed in compartment 5?
a) U b) V
c) W d) Y ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, Z কে 3 নং Compartment এ রাখলে, তবে X এর ঠিক ডানেই 5 নং Compartment এ কোন Product থাকবে?
Z কে 3 নং এবং X এর বামে W কে Set করে দিয়ে নিচের মতো করে Compartment টি সাজানো যায়

1	2	3	4	5	6
W	X	Z	U/V	Y	V/U

Q. ***(30-33):*** *Read the information and answer the questions.* $1.5 \times 4 = 6$

30. If P denotes +, Q denotes –, R denotes ÷ and S denotes ×; then what is the value 18S36R12Q6P7?
a) 115 b) 55
c) 25 d) None ***ans.* B**

Solution: দেয়া আছে, যদি '÷' চিহ্ন কে P দ্বারা, '×' কে Q দ্বারা, '+' কে R দ্বারা এবং '–' কে S দ্বারা সূচিত করা হয় তবে 18S36R12Q6P7 এর মান কত?
এখানে, 18S36R12Q6P7
$= 18 \times 36 \div 12 - 6 + 7$
$= 18 \times 3 - 6 + 7$
$= 54 - 6 + 7 = 55$

31. If the word 'NATION' is written as OCWMTT, how 'COUNTR' would be written in that code?
a) DOXRYX b) DPXRYX

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

c) DCXRYX d) None **ans. A**

Solution: দেয়া আছে, NATION হচ্ছে OCWMTT

অর্থাৎ N এর 1 বর্ণ পরে O আসবে।	অতএব, C এর পরে আসে D
A এর 1 বর্ণ পরে C আসবে।	O এর 1 বর্ণ পরে আসে Q
T এর 2 বর্ণ পরে W আসবে।	U এর 2 বর্ণ পরে আসে X
I এর 3 বর্ণ পরে M আসবে।	N এর 3 বর্ণ পরে আসে R
O এর 4 বর্ণ পরে T আসবে।	T এর 4 বর্ণ পরে আসে Y
N এর 5 বর্ণ পরে T আসবে।	R এর 5 বর্ণ পরে আসে X

∴ COUNTRY কে লেখা যায় DOXRYX.

32. If the letter M was removed from the alphabet, what would the middle letter of the alphabet be?

a) O b) N
c) P d) Q **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, ইংরেজি Alphabet হতে M যদি সরিয়ে দেয়া হয়, তবে Alphabet গুলোর মধ্যে মাঝে অবস্থান করবে নিচের কোন অক্ষরটি?
আমরা জানি, ইংরেজি Alphabet এ মোট 26 টি বর্ণ রয়েছে। M কে সরিয়ে দিলে মোট অক্ষর হবে 25 টি। সেক্ষেত্রে N হবে মাঝের বর্ণ। কেননা N এর ডান পাশে 12 টি ও বাম পাশে 12 টি বর্ণ থাকে। সেক্ষেত্রে সঠিক উত্তর হবে *b*).

33. Which of the following numbers can be placed at the sign of interrogation?

6	8	7
36	64	49
24	48	?

a) 35 b) 30
c) 45 d) 40 **ans. A**

Solution: এক্ষেত্রে, ৩য় সারি = ২য় সারি - (২ × ১ম সারি)

24 = 36 – (6 × 2)	48 = 64 – (8 × 2)	? = 49 – (7 × 2) = 35

Q. *(34-44):* Choose the correct answer.

34. In economics utility means the capacity of goods or services to

a) provide comfort b) earn income
c) satisfy human wants d) save money **ans. C**

Solution: কোনো দ্রব্যের মধ্যে মানুষের অভাব পূরণের যে ক্ষমতা থাকে তাকে উপযোগ বলে। যে দ্রব্য মানুষের অভাব পূরণ করতে পারে, তারই উপযোগ আছে বলে মনে করা হয়। কাপড় মানুষের অভাব পূরণ করতে পারে এজন্য মানুষের নিকট কাপড়ের উপযোগ রয়েছে।

35. Buyer's market denotes the place where

a) The supply exceeds the demand
b) The demand exceeds the supply
c) The demand and supply are well balanced
d) None of these **ans. A**

Solution: Buyer's market বা ক্রেতাদের বাজার হচ্ছে ঐ ধরণের বাজার যেখানে ক্রেতাদের চাহিদার চেয়ে যোগানের পরিমাণ বেশি হয়, ফলে ক্রেতারা ঐ সকল পণ্য দ্রব্য ক্রয়ের ক্ষেত্রে মূল্যের দিক দিয়ে দরকষাকষি করার ক্ষমতা অর্জন করে। 'Buyer's market' এর বিপরীত ধারণা হলো 'Seller's market'.

36. There is no advertising cost in the_____.

a) Monopoly
b) Monopolistic Competition
c) Perfect Competition
d) Oligopoly **ans. A**

Solution: কোন একটি দ্রব্যের যোগানের উপর একটি মাত্র উৎপাদক প্রতিষ্ঠানের সম্পূর্ণ কর্তৃত্ব স্থাপিত হলে তাকে Monopoly বলে। Monopoly market এ একজন মাত্র বিক্রেতা থাকে এবং তার দ্বারা বাজারে দ্রব্যের যোগান সম্পূর্ণভাবে নিয়ন্ত্রিত হয়। Monopolist যে সকল দ্রব্য উৎপাদন করে তাদের কোন ঘনিষ্ট বিকল্প দ্রব্য থাকে না। এই Market এ অন্যান্য প্রতিযোগি Firm এর প্রবেশ পথ রুদ্ধ হয়ে যায়। দ্রব্যটির উৎপাদনের জন্য প্রয়োজনীয় কাঁচামালের উৎস সম্পূর্ণ করায়ত্ত থাকার ফলে Monopolist নিরঙ্কুশ আধিপত্য লাভ করে। ফলে এতে কোন বিজ্ঞাপন খরচের দরকার হয় না।

37. Which of the following is not the example of direct taxation?

a) VAT b) Capital Gain Tax
c) Wealth Tax d) Income Tax **ans. A**

Solution: যে করের (Tax) প্রাথমিক চাপ ও আসল চাপ একই ব্যক্তির উপর পড়ে তাকে Direct taxation বলে। Income Tax, Wealth Tax, Capital Gain Tax এসবই Direct tax এর উদাহরণ। কিন্তু যে করের বোঝা অন্যের উপর চালান করে দেয়া যায় তাকে Indirect tax বলে। Value added tax বা VAT হচ্ছে এক ধরনের Indirect tax.

38. Which organization does regulate the EPZs of Bangladesh?

a) BEPZA b) EPB
c) BB d) MRA **ans. A**

Solution: EPB বা Export Promotion Bureau হচ্ছে

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

বাণিজ্য মন্ত্রণালয়ের Wing যা রপ্তানি বাণিজ্য উন্নয়নের জন্য কাজ করে। BB বা Bangladesh Bank বাংলাদেশের সকল ব্যাংকের নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান হিসেবে কাজ করে। আর MRA হলো Micro credit Regulatory Authority যা দেশের সকল NGO এর নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান।

39. Which of the following is the largest user of gas in Bangladesh?

a) DESA b) Fertilizer sectors
c) Households d) BDPD ***ans.* Note**

Solution: সঠিক উত্তর হবে Bangladesh Power Development Board. অর্থাৎ অপশনে BDPD না হয়ে BPDB হবে। কারণ বিদ্যুৎখাতে বাংলাদেশের সবচেয়ে বেশি প্রাকৃতিক গ্যাস ব্যবহৃত হয়। আর DESA হচ্ছে Dhaka Electric Supply Authority.

40. In which year Kosovo got recognition from Bangladesh?

a) 2013 b) 2015
c) 2016 d) 2017 ***ans.* D**

Solution: স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতিদানের জন্য বাংলাদেশে 114 তম দেশ হিসেবে 27-ই ফেব্রুয়ারি 2017 সালে কসোভোকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি দান করে।

41. Leo Tolstoy is a _____ novelist.

a) Irish b) German
c) Russian d) Italian ***ans.* C**

Solution: রাশিয়ার Tula প্রদেশে 1828 সালের 9th September তারিখে জন্মগ্রহণ করে। তাঁর বিখ্যাত কিছু সাহিত্য কর্ম হলো 'War & Peace', 'Anna Karenina' ইত্যাদি।

42. The SMART card (NID) of Bangladesh Election Commission was made from which country?

a) Japan b) France
c) India d) Germany ***ans.* B**

43. Who was the only centurion in the 100th test cricket of Bangladesh?

a) Sabbir Rahman
b) Tamim Iqbal
c) Mushfiqur Rahman
d) Sakib Al Hasan ***ans.* D**

Solution: বাংলাদেশের ঐতিহাসিক শততম টেষ্ট এবং শ্রীলংকার বিপক্ষে ১৮তম টেস্ট ক্রিকেট খেলে ২০১৭ সালের মার্চ মাসে। এই শততম টেস্টে বাংলাদেশ স্বাগতিক শ্রীলংকাকে ৪ উইকেটে হারিয়ে হিতাসের পাতায় স্থান দখল করে নেয়।

44. Which of the following is the lightest metal?

a) Mercury b) Silver
c) Lithium d) Irion ***ans.* C**

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

Social Islami Bank Ltd.
Recruitment Test for PO – 19.05.2017
BIBM

Q. *(1-5): Find out which underlined parts (a, b, c and d) of the following sentences has an error.*

01. **Evaporation** *a* **is the process that** *b* **a liquid turns into** *c* **a vapor at a temperature below its boiling point.** *d* ***ans.* B**

Solution: অপশন *b*) এর Process এর পরে that না হয়ে by which হবে।
বাক্যের অর্থঃ বাষ্পীয়ভবন এমন একটি পদ্ধতি যেখানে কোন তরল পদার্থ তার স্ফুটনাঙ্কের নিচে এসে বাষ্পীভূত হতে থাকে।

02. **An** *a* **emergency camp fire not only for providing** *b* **warmth but also has a calming effect** *c* **on most people.** *d* ***ans.* B**

Solution: But also এর পরে has এর সাথে মিল রেখে For providing না হয়ে Not only এর পরে verb হিসেবে Provides হবে।
বাক্যের অর্থঃ জরুরী ক্যাম্প ফায়ার শুধু উষ্ণতা প্রদানের জন্য নয়, মানুষের উপর এর প্রসন্ন প্রভাবও রয়েছে।

03. **Walking** *a* **reduces depression** *b* **and anxiety, lessens stress,** *c* **self-esteem is raised,** *d* **and increases energy. *ans.* D**

Solution: Reduces, lessens and increases এই তিনটি হলো Principal verb যাদের পরে তিনটি Noun রয়েছে। তাই Self-esteem এর পরেও Principal verb হিসেবে 'Raises' হবে।
বাক্যের অর্থঃ হাঁটা এমন একটি ব্যায়াম যা বিষন্নতা কমায়, দুশ্চিন্তা কমায়, আত্মমর্যাদা ও শক্তি বাড়ায়।

04. **For the** *a* **waterwheel is basically** *b* **the same machine as the windmill, but it is driven** *c* **by air instead of water.** *d* ***ans.* A**

Solution: The windmill (বায়ু চালিত মেশিন) এর সাথে তুলনা করা হচ্ছে The waterwheel (জলস্রোত দ্বারা চালিত যন্ত্র) এর। কিন্তু এর সাথে অতিরিক্ত For যোগ করায় তা ঠিক হয়নি।
বাক্যের অর্থঃ Windmill মেশিনটি Waterwheel এর মতোই, তবে এটি পানি দ্বারা চালিত না হয়ে বায়ু দ্বারা চালিত হয়।

05. **Although pocket gophers damage** *a* **crops, their tunneling** *b* **aerates the soil, which helps conserve** *c* **ground water and preventing erosion.** *d* ***ans.* D**

Solution: নিজে না করে কাউকে দিয়ে কোন কাজ করিয়ে নেয়ার জন্য have, get, let, help ইত্যাদি Causative verbs ব্যবহৃত হলে সেক্ষেত্রে Structure টি হবেঃ
i. have/ make/ help + object + verb এর Present রূপ। *ii.* have/ get + object + verb এর Past participle রূপ।
এই বাক্যে ইঁদুরের Tunneling ভূ-পৃষ্ঠের Reserve করবে এবং মাটির ক্ষয়কে প্রতিরোধ করবে। অর্থাৎ Help এর পর Verb গুলোর Base form বসে বলে অপশন *d*) এর Preventing না হয়ে Prevent হবে।
বাক্যের অর্থঃ যদিও ইঁদুরগুলো (Gophers) শস্যের ক্ষতি করে, তবুও এদের করা মাটির গর্তে অক্সিজেন প্রবেশ করে যা ভূ-গর্ভস্থ পানি সংরক্ষণ ও মাটির ক্ষয়কে প্রতিরোধ করে।

Q. ***(6-10):*** *Each question below consists of a word printed in capital letters, followed by four words. Select the lettered word that is most nearly opposite in meaning to the word in capital letters.*

06. **CADGE**
a) conceal b) influence
c) reserve d) earn ***ans.* D**

Solution: Cadge – ভিক্ষা করা। Conceal – গোপন করা; লুকিয়ে রাখা। Influence – প্রভাব; প্রতাপ; ক্ষমতা।

07. **ABJURE**
a) commingle b) arbitrate
c) espouse d) pardon ***ans.* C**

Solution: Abjure – formally reject a formerly held

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

belief. Commingle – সহমিশ্রিত করা। Arbitrate – মধ্যস্থতা করা। Espouse – সমর্থন দান করা।

08. **SPECIOUS**
a) unfeigned b) significant
c) valid d) agreeable ***ans.* C**

Solution: Specious – আপাত দৃষ্টিতে যথার্থ বা সত্য বলে মনে হলেও প্রতারণামূলক। Unfeigned – অকৃত্রিম; অকপট। Significant – বিশেষ অর্থপূর্ণ; বিশেষ ইঙ্গিতপূর্ণ। Valid – বৈধ; সত্য। Agreeable – মনোজ্ঞ; প্রীতিকর; মনোরম।

09. **QUOTIDIAN**
a) extraordinary b) certain
c) wishful d) secret ***ans.* A**

Solution: Quotidian – দৈনন্দিন; প্রাত্যহিক। Extraordinary – অসাধারণ; সাধারণ নয় এমন বিশিষ্ট। Certain – নিশ্চিত; সন্দেহাতীত। Wishful – ইচ্ছাধীন; মর্জিমাফিক।

10. **DILATE**
a) narrow b) strengthen
c) bend d) push ***ans.* A**

Solution: Dilate – প্রসারিত হওয়া বা বড়ো করা। Narrow – সঙ্কীর্ণ; অপ্রশস্ত; সরু। Strengthen – শক্তিশালী হওয়া বা করে তোলা। Bend – বাঁকানো; বাঁকা করা।

Q. ***(11-15): Select the pair that expresses a relationship similar to that expressed in the original pair.*** $1 \times 5 = 5$

11. **JEER : DERISION::**
a) fidget : restraint b) reprimand : censure
c) slouch : vigilance d) cower : menace ***ans.* B**

Solution: Jeer – উপহাস/বিদ্রূপ করা। Derision – তামাসা; পরিহাস। Fidget – অস্থিরভাবে চলাফেরা করা। Restraint – নিয়ন্ত্রণ; বাধা; দমন। Cower – দুঃখে; ভয়ে; লজ্জায়; গুটিসুটি মারা। Menace – বিপদ; হুমকি; ভীতি প্রদর্শন। Slouch – শ্রান্ত অলস ভঙ্গিতে দাঁড়ানো, বসা বা চলা। Vigilance – সতর্কতা; পাহারা। Reprimand – কঠোর তিরস্কার করা। Censure – কাউকে (কোনো কিছুর জন্য) সমালোচনা করা।

ব্যাখ্যাঃ Derision করতে হয় Jeer এর মাধ্যমে, আর Censure করতে হয় Reprimand এর মাধ্যমে।

12. **HUMILITY : SUPPLICANT ::**
a) espionage : felon
b) dogmatism : scholar
c) gregariousness : teammate
d) resistance : adversary ***ans.* D**

Solution: Humility – বিনয়; বিনম্রতা। Supplicant – যাচক; শরণার্থী। Espionage – গুপ্তচরবৃত্তি। Felon – গুরুতর অপরাধে দোষী ব্যক্তি। Dogmatism – মিশুক; সামাজিক। Scholar – পাঠশালার পড়ুয়া; বিদ্যার্থী; শিক্ষার্থী। Gregarious – দলবদ্ধভাবে বাস করে এমন। Team mate – দল-সঙ্গী। Resistance – প্রতিরোধক্ষমতা। Adverse – প্রতিকূল; বিরুদ্ধে।

ব্যাখ্যাঃ যারা Supplicant তাদের মধ্যে Humility থাকে; আর যারা adversary তাদের মধ্যে resistance থাকে।

13. **INTEREST : INVEIGLE ::**
a) evaluate : suggest
b) foresee : predict
c) interpret : examine
d) plan : scheme ***ans.* D**

Solution: Interest – আগ্রহ; আকর্ষণ। Inveigle – চাটুবাক্য, ছলচাতুরি ইত্যাদির সাহায্যে প্রতারিত করা। Evaluate – মূল্যায়ন করা। Suggest – প্রস্তাব করা; পরামর্শ দেওয়া। Foresee – আগাম জানা; আগেই বোঝা। Predict – ভবিষ্যদ্বাণী করা। Plan – (ঘর, বাড়ি ইত্যাদির) নকশা; আলেখ্য। Scheme – পরিকল্প; সংকল্পনা। Interpret – ব্যাখ্যা/বিবক্ষিত/বিশদ করা। Examine – সতর্কতার সাথে পরীক্ষা করে দেখা।

ব্যাখ্যাঃ কোন কিছুতে Interest থাকলে তা Inveigle এর মাধ্যমে পাওয়া যায়; আর কোন কিছু সম্পর্কে Plan থাকলে তা Scheme এর মাধ্যমে পাওয়া যায়।

14. **PEST : IRKSOME ::**
a) salesclerk : courteous
b) expert : proficient
c) enigma : unexpected
d) leader : nondescript ***ans.* B**

Solution: Pest – বিরক্তিকর ব্যক্তি। Irksome – বিরক্তিকর। Salesclerk – দোকানের কর্মচারী। Courteous – ভদ্র; নম্র; সজ্জনসুলভ। Expert – বিশেষজ্ঞ বা দক্ষ ব্যক্তি। Proficient – ব্যুৎপন্ন; দক্ষ; নিপুণ। Enigma – বিভ্রান্তি কর প্রশ্ন, ব্যক্তি, পরিস্থিতি ইত্যাদি। Unexpected – অনপেক্ষিত; আকস্মিক; অপ্রত্যাশিত। Leader – নায়ক; নেতা; দলপতি; সর্দার। Nondescript – কিম্ভূতকিমাকার ব্যক্তি বা বস্তু; সৃষ্টি ছাড়া।

যারা Irksome আচরণ করে তাদের বলা হয় Pest. আর যারা কোন কিছুতে Proficient তাদের বলা হয় Expert.

15. **BARTER : COMMODITIES ::**

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

a) promote : ranks
b) invade : boundaries
c) correspond : letters
d) debate : issues **ans. C**

Solution: Barter – পণ্য দ্রব্য ইত্যাদির বিনিময় করা। Commodity – পণ্যদ্রব্য; প্রয়োজনীয় সামগ্রী। Promote – পদোন্নতি দান করা; সংবর্ধিত করা। Rank – ব্যক্তি বা বস্তুর সারি। Invade – হানা দেওয়া; উপদ্রব করা। Boundary – সীমারেখা; চৌহদ্দি। Debate – আনুষ্ঠানিক আলোচনা; বিতর্ক। Issue – প্রচলন। Correspond – সঙ্গতিপূর্ণ হওয়া।
ব্যাখ্যাঃ Barter করার সময় Commodities আদান প্রদান করা হয়। আর Correspond করার সময় Letters আদান প্রদান করা হয়।

Q. (16-20): Choose the appropriate words or phrase that best completes the sentence. 5

16. **An air conditioner works in the same way ____ a refrigerator.**
a) by b) as
c) as if d) to be **ans. B**

Solution: বাক্যটি দ্বারা Air conditioner একটি Refrigerator এর মতই কাজ করে বুঝানো হচ্ছে। আর 'মত' বুঝাতে as বসানো যেতে পারে।

17. **More military technological innovations happened during World War I ____ war in history.**
a) as another b) by any other
c) than in any other d) than others **ans. C**

Solution: 'More' থাকায় 'Degree of comparison' এর নিয়ম অনুসারে Than বসাতে হবে। তাই অপশন *a)* এবং *b)* বাদ। অপশন *d)* বাদ কারণ Others এর পরিবের্ত In any other বেশি Idiomatic. তাই উত্তর হবে Than in any other.
বাক্যের অর্থঃ প্রথম বিশ্ব যুদ্ধের সময় ইতিহাসের যেকোন যুদ্ধের চেয়ে বেশি প্রযুক্তিগত উদ্ভাবন ঘটেছিল।

18. **Birds not only bring song, color, and activity to a garden ____ are vitally needed by plants.**
a) but also b) as well as
c) and d) and they **ans. A**

Solution: Not only যেহেতু Object এর আগে বসেছে তাই অপর Object এর পূর্বেও But also বসবে।
বাক্যের অর্থঃ পাখিরা বাগানে শুধু গান, রং ও চঞ্চলতাই নিয়ে আসে না, এরা উদ্ভিদের জন্যও অত্যন্ত দরকারী।

19. **In a retail store, consumers ____ the merchandise and compare brands.**
a) could inspected b) can be inspected
c) can inspecting d) can inspect **ans. D**

Solution: and এর পরে Compare এর সাথে মিল রেখে Consumers এর পরে verb হিসেবে Can inspect হবে।

20. **As people get older, they usually become ____ by ambition and more concerned with the value of their efforts.**
a) driving less b) less driving
c) less driven d) to drive less **ans. C**

Solution: And এর পরের Structure হলো more + Adj অর্থাৎ More concerned; তাই শূন্যস্থানে এর সাথে Parallel রেখে less + Adj অর্থাৎ Less driven হবে।

Q. (21-30): Choose the correct answer. 10

21. **The maximum recommended pulse rate R, when exercising, for a person who is x years of age is given by the equation $R = 176 - 0.8x$. What is the age, in years, of a person whose maximum recommended pulse rate when exercising is 140?**
a) 40 b) 45
c) 50 d) 55 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, x বছর বয়সের একজন লোক যখন Exercise করে তখন তার Pulse rate এর সমীকরণ হলো $R = 176 - 0.8x$, যেখানে R সর্বোচ্চ Pulse rate নির্দেশ করে। একজন ব্যক্তির Exercising এর সময় Pulse rate 140 হলে তার বয়স কত?
দেয়া আছে,
Maximum pulse rate $R = 140$ এবং $x =$ বয়স।
অতএব, $R = 176 - 0.8x \Rightarrow 140 = 176 - 0.8x$
$\Rightarrow 0.8x = 176 - 140 = 36$
$\therefore x = \frac{36}{0.8} = 45$

22. **For what value of x between -4 and 4, inclusive, is the value of $x^2 - 10x + 16$ the greatest?**
a) -4 b) -2
c) 0 d) 2 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, -4 থেকে 4 এর মধ্যে x এর কোন মানের জন্য $(x^2 - 10x + 16)$ এর মান সর্বোচ্চ কত হবে?
দেয়া আছে, $x^2 - 10x + 16$
$= x^2 - 8x - 2x + 16$
$= x(x - 8) - 2(x - 8)$
$= (x - 8)(x - 2)$

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

এখন – 4 থেকে 4 এর মধ্যে x এর কয়েকটি মান প্রদত্ত রাশিতে বসিয়ে পাই,

অপশন হতে x এর মান	$x = -4$	$x = -2$	$x = 0$	$x = 2$	$x = 4$
$(x-8)(x-2)$	$(-4-8)\times(-4-2) = 72$	40	16	0	– 8

23. **A rope 20.6 meters long cut is cut into two pieces. If the length of one piece of rope is 2.8 meters shorter than the length of the other, what is the length, in meters, of the longer piece of rope?**

a) 7. 5 b) 11.7
c) 8.9 d) 10.3 ***ans.*** **B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 20.6 মিটার একটি দড়ি কেটে দুই ভাগে ভাগ করা হলো। একটি অংশের দৈর্ঘ্য অপরটি হতে 2.8 মিটার ছোট হলে বড় অংশটির দৈর্ঘ্য কত?

ধরি, ছোট অংশের দৈর্ঘ্য x মিটার

$\therefore$ বড় অংশের দৈর্ঘ্য $(x + 2.8)$ মিটার

প্রশ্নমতে, $x + x + 2.8 = 20.6$

$\Rightarrow 2x = 20.6 - 2.8 = 17.8$

$\Rightarrow x = \frac{17.8}{2} = 8.9$

$\therefore$ বড় অংশের দৈর্ঘ্য $= 8.9 + 2.8 = 11.7$ মিটার

24. **Salem earns Tk. 8.50 per hour on days other than Sundays and twice that rate on Sundays. Last week he worked a total of 40 hours, including 8 hours on Sunday. What were her earnings for the week?**

a) Tk. 272 b) Tk. 340
c) Tk. 398 d) Tk. 408 ***ans.*** **D**

Shortcut: প্রশ্নে বলা হচ্ছে যে, Salem রবিবার ছাড়া অন্য দিনগুলোতে প্রতি ঘন্টায় 8.50 আয় করে এবং রবিবারে অন্যান্য দিনগুলোর চাইতে ঘন্টা প্রতি দ্বিগুণ আয় হয়। গত সপ্তাহে সে রবিবারের 8 ঘন্টাসহ 40 ঘন্টা কাজ করলে তার কত টাকা আয় হয়েছিল?

$(32 \times 8.50) + (8 \times 2 \times 8.5) = 408.$

25. **If positive integers x and y are not both odd, which of the following must be even?**

a) xy b) $x + y$
c) $x - y$ d) $2(x + y) - 1$ ***ans.*** **A**

Solution: যদি ধনাত্মকপূর্ণ সংখ্যা x এবং y উভয়েই বিজোড় না হয়, তবে কোনটি অবশ্যই জোড় সংখ্যা হবে?

ধরি,	a) xy	b) $x + y$	c) $x - y$	d) $x + y - 1$
$x = 4$ ও $y = 3$	**12 = জোড়**	7 = বিজোড়	1= বিজোড়	6 = জোড়
$x = 2$ ও	**8 =**	বিজোড় বলে হিসাবের		7 =
$y = 4$	**জোড়**	দরকার নেই		বিজোড়

$\therefore$ তাই উভয় ক্ষেত্রে দেখলাম যে, শুধুমাত্র অপশন a) এর xy ই হতে পারে Must be even.

26. **If $(t - 8)$ is a factor of $t^2 - kt - 48$, then k = ?**

a) – 6 b) – 2
c) 2 d) 14 ***ans.*** **C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, $(t^2 - kt - 48)$ এর একটি উৎপাদক হচ্ছে $(t - 8)$, তাহলে k এর মান কত?

$(t - 8)$ যদি $(t^2 - kt - 48)$ এর একটি উৎপাদক হয় তবে অবশ্যই $(t - 8) = 0$ হবে। ফলে $t = 8$ হয়।

তাই, $t = 8$ এই মানটি $(t^2 - kt - 48) = 0$ সমীকরণে বসিয়ে পাই

$\Rightarrow 8^2 - k \times 8 - 48 = 0$

$\Rightarrow 64 - 48 = 8k$

$\Rightarrow 8k = 16$

$\therefore k = 2$

27. **The sum of three integers is 40. The largest integer is 3 times the middle integer, and the smallest integer is 23 less than the largest integer. What is the product of the three integers?**

a) 1104 b) 972
c) 672 d) 294 ***ans.*** **B**

Examination Held On: 28.10.2022

01. **ক্রিয়া পদের সাথে সম্বন্ধযুক্ত পদকে কি বলে?**
a) কারক b) সমাস
c) ধাতু d) সন্ধি ***ans. A***

Solution: বাক্যের ক্রিয়া পদের সাথে অন্যান্য পদের যে সম্পর্ক তাকে কারক বলে। উল্লেখ্য, পরস্পর অর্থসঙ্গতি ও সম্বন্ধ বিশিষ্ট দুই বা ততোধিক পদের এক পদে পরিণত হওয়াকে সমাস বলে। ক্রিয়াপদের মূল অংশকে ধাতু বলে। সন্ধি শব্দের অর্থ মিলন। পরস্পর কাছাকাছি ধ্বনি বা বর্ণের মিলনকে সন্ধি বলে।

02. **'নন্দিনী' এর প্রতিশব্দ কি?**
a) নারী b) সুন্দরী
c) তনয়া d) ননদিনী ***ans. C***

Solution: 'নন্দিনী' শব্দের আরো কিছু সমার্থক শব্দ হলোঃ কন্যা, মেয়ে, সুতা, দুহিতা, আত্মজা ইত্যাদি।

03. **'খোদা + আই' কোন প্রত্যয়?**
a) সংস্কৃত তদ্ধিত প্রত্যয় b) সংস্কৃত কৃৎ প্রত্যয়
c) বাংলা কৃৎ প্রত্যয় d) তদ্ধিত প্রত্যয় ***ans. D***

Solution: বাংলা ভাষায় ব্যবহৃত সংস্কৃত ও বিদেশি প্রত্যয় ব্যতীত বাকি প্রত্যয়গুলোকে বাংলা তদ্ধিত প্রত্যয় বলে।

নাম	বৈশিষ্ট্য	উদাহরণ
আই-প্রত্যয়	সম্পর্ক, উৎস বা জাত অর্থে বিশেষণ শব্দ গঠন করে	**ঢাকা + আই = ঢাকাই (জামদানি);** পাবনা-পাবনাই (শাড়ি); মিঠা + আই = মিঠাই (বস্তুবাচক বিশেষ্য); চোর + আই = চোরাই; মোগল + আই = মোগলাই; পাটনা + আই = পাটনাই ইত্যাদি।

04. **'কদাকার' শব্দটি কোন উপসর্গযোগে গঠিত?**
a) দেশি উপসর্গ b) বিদেশী উপসর্গ
c) সংস্কৃত উপসর্গ d) কোনটিই নয় ***ans. A***

Solution: বাংলা ভাষায় ব্যবহৃত নিজস্ব উপসর্গকে বলা হয় খাঁটি বাংলা বা দেশি উপসর্গ। বাংলা ভাষায় খাঁটি বাংলা উপসর্গের সংখ্যা ২১টি। কদবেল, কদর্য, কদাকার শব্দগুলোতে 'কদ্' উপসর্গটি নিন্দিত অর্থে ব্যবহৃত হয়েছে।

05. **বাংলা ব্যঞ্জনবর্ণে 'শ, ষ, স, হ' এ চারটিকে উষ্ম বর্ণ বলে। উষ্ম শব্দের অর্থ কি?**
a) শিস b) শ্বাস
c) স্পর্শ d) অন্তঃস্থ ***ans. B***

Solution: 'শ, ষ, স, হ' এই চারটি বর্ণে দ্যোতিত ধ্বনি উচ্চারণের সময় শ্বাস যতক্ষণ খুশি রাখতে পারি। এগুলোকে বলা হয় উষ্মধ্বনি বা শিশধ্বনি। এ বর্ণগুলোকে বলা হয় উষ্মবর্ণ। উল্লেখ্য, 'শ, ষ, স' এই তিনটি বর্ণে দ্যোতিত ধ্বনি অঘোষ অল্পপ্রাণ, আর 'হ' ঘোষ মহাপ্রাণ ধ্বনি।

06. **কোনটি 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের অন্তর্ভুক্ত নয়?**
a) বাণ খণ্ড b) তাম্বুল খণ্ড
c) কালিদমন খণ্ড d) নৌকা খণ্ড ***ans. C***

Solution: 'শ্রীকৃষ্ণকীর্তন' মধ্যযুগে রচিত বাংলা ভাষার প্রথম কাব্যগ্রন্থ। গ্রন্থটির লেখক হলেন বড়ু চণ্ডীদাস। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য ১৩ খণ্ডে রচিত। যেমনঃ জন্মখণ্ড, তাম্বুল খণ্ড, দানখণ্ড, নৌকাখণ্ড, ভারখণ্ড, ছত্রখণ্ড, বৃন্দাবন খণ্ড, কালীয়দমন খণ্ড, বস্ত্রহরণ খণ্ড/ যমুনা খণ্ড, হারখণ্ড, বাণখণ্ড, বংশীখণ্ড, রাধাবিরহ খণ্ড।

07. **'বিরত' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?**
a) অবিরত b) সরত
c) নিবৃত d) নিরত ***ans. D***

08. **'নিন্দা করার ইচ্ছা' এর বাক্য সংকোচন কি?**
a) জুগুপ্সু b) জুগুপ্সা
c) জিগীষা d) জিহীর্ষা ***ans. B***

Solution: নিন্দা করার ইচ্ছাকে জুগুপ্সা বলে। উল্লেখ্য, জয় করার ইচ্ছাকে বলে জিগীষা। হরণ করার ইচ্ছাকে বলে জিহীর্ষা।

09. **'ইতিকথা' বাগধারাটির অর্থ কি?**
a) ইতিহাস b) উপকথা
c) কাহিনী d) উপরের সবকটি ***ans. D***

10. **কোন পত্রিকায় 'বুদ্ধি ও মুক্তি আন্দোলন' সম্পর্কিত লেখা প্রথম প্রকাশিত হয়?**
a) শিখা b) সমকাল
c) মোহাম্মদী d) সওগাত ***ans. A***

Solution: বুদ্ধির মুক্তি আন্দোলন ধর্মীয় ও সামাজিক কুসংস্কারবিরোধী একটি প্রগতিশীল আন্দোলন। ১৯২৬ সালের ১৯ জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবুল হুসেনের নেতৃত্বে ঢাকায় মুসলিম সাহিত্য সমাজ নামে একটি সাংস্কৃতিক সংগঠন প্রতিষ্ঠিত হয়। তাদের মুখপত্র হিসেবে 'শিখা' নামে একটি পত্রিকা প্রকাশ করত, যার প্রতিটি সংখ্যায় লেখা থাকত 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ', 'বুদ্ধি সেখানে আড়ষ্ট', 'মুক্তি সেখানে অসম্ভব'। বুদ্ধির মুক্তি আন্দোলন গঠিত হয় যাদের উদ্যোগে তারা কাজী মোতাহার হোসেন, আবুল হোসেন, কাজী আবদুল ওদুদ, আবদুল কাদির প্রমুখ।

11. **'খিচুড়ী পাকানো' প্রবচনটির অর্থ-**
a) ষড়যন্ত্র করা b) দলবাজি করা
c) বিশৃঙ্খলা সৃষ্টি করা d) বিপুল ক্ষতি করা ***ans. C***

12. **শুদ্ধ বানান কোনটি?**
a) ভাগীরথী b) ভাগিরথী
c) ভাগীরথি d) ভাগীরোথী ***ans. A***

Recent Publication
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

13. 'মস্কোতে কয়েকদিন' নামক ভ্রমণ কাহিনীর রচয়িতা কে?

a) সৈয়দ মুজতবা আলী b) তারাশঙ্কর বন্দোপাধ্যায়
c) ড. মুহাম্মদ এনামুল হক d) অন্নদাশঙ্কর রায় **ans. B**

Solution: 'মস্কোতে কয়েক দিন' (১৯৫৯) নামক ভ্রমণ কাহিনীর রচয়িতা হলেন তারাশঙ্কর বন্দোপাধ্যায়। তাঁর রচিত অন্যান্য সাহিত্যকর্মগুলো হলোঃ 'চৈতালি ঘূর্ণি' (১৯৩১), 'ধাত্রীদেবতা' (১৯৩৯), 'কালিন্দী' (১৯৪০), 'কবি' (১৯৪২), 'গণদেবতা' (১৯৪২), 'আরোগ্য নিকেতন' (১৯৫৩), 'যতিভঙ্গ' (১৯৬২), 'অরণ্যবহ্নি' (১৯৬৬) ইত্যাদি।

14. 'স্বৈর' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে পাওয়া যায়-

a) স্বর + ইর b) স + ঈর
c) স্বীয় + ইর d) স্ব + ঈর **ans. D**

Solution: যে সন্ধিগুলো কোনো নিয়ম অনুসারে হয় না, সেগুলোকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। যেমনঃ

কূলটা = কুল + অটা	প্রৌঢ় = প্র + ঊঢ়	মার্ত- = মার্ত + অ-
অন্যান্য = অন্য + অন্য	স্বৈর = স্ব + ঈর	গবাক্ষ = গো + অক্ষ
শুভোদান = শুভ্র + ওদন	প্রেষণ = প্র + এষণ	ষোড়শ = ষট্ + দশ

15. 'নন্দন' শব্দটির সঠিক প্রকৃতি ও প্রত্যয় হলো-

a) √অন্দ + অন b) √নন্দ + অন
c) √নন্দি + অন d) √নন্দো + অন **ans. C**

Solution: 'নন্দন' শব্দটির সঠিক প্রকৃতি ও প্রত্যয় হলো √নন্দি + অন।

অন (< অনট্)	কর্তৃবাচ্যে	√নন্দ্ + ই + অন = নন্দন, সাধ্ + অন = সাধন, তপ্ + অন = তপন, বৃধ্ + অন = বর্ধন ইত্যাদি	সংস্কৃত কৃৎ প্রত্যয়

16. 'যার বলে তুমি বলী, তার বলে আমি বলি' বাক্যে নিম্নরেখ শব্দটি কি অর্থে ব্যবহৃত হয়েছে?

a) বলবান b) নিবেদিত বস্তু
c) ত্যাগ d) ব্যতীত **ans. A**

17. 'দুরবস্থা' শব্দটির সন্ধি বিচ্ছেদ কি?

a) দূর + অবস্থা b) দুর + বস্থা
c) দুঃ + অবস্থা d) দুর + অবস্থা **ans. C**

Solution: পূর্বপদের শেষে যদি অ/আ ভিন্ন অন্য স্বরধ্বনির পর বিসর্গ (র-জাত) থাকে এবং পরপদের প্রথমে যদি স্বরধ্বনি থাকে তবে সন্ধির ফলে বিসর্গ 'র' হয়ে যায় এবং পরের স্বরধ্বনির সঙ্গে যুক্ত হয়। যেমনঃ (উঃ + অ = উ + র) দু ঃ + অবস্থা = দুরবস্থা; চতুঃ + অঙ্গ = চতুরঙ্গ।

18. 'গৃহী' শব্দের বিপরীতার্থক শব্দ কি?

a) সধবয় b) সন্ন্যাসী
c) সংসারী d) কোনটিই নয় **ans. B**

19. কোন জাতীয় শব্দে 'ষ' এর ব্যবহার হয় না?

a) তৎসম b) তদ্ভব
c) বিদেশি d) সংস্কৃত **ans. C**

Solution: বিদেশি শব্দে 'ষ' হয় না। যেমনঃ ট্যাক্স, স্টেশন, পুলিশ, জিনিস ইত্যাদি। উল্লেখ্য, তৎসম শব্দের 'র' এর পরে 'মূর্ধন্য-ষ' হয়। যেমনঃ বর্ষা, ঘর্ষণ, বর্ষণ ইত্যাদি। খাঁটি বাংলা শব্দ এবং ক্রিয়াপদে কখনোই 'ষ' হয় না। যেমনঃ করিস, দিস, যাস ইত্যাদি।

20. 'সকল আলেমগণ আজ উপস্থিত' বাক্যেটিতে কোন দোষ আছে?

a) গুরুচণ্ডালী দোষ b) বাহুল্য দোষ
c) বিদেশী শব্দ দোষ d) দুর্বোধ্যতা দোষ **ans. B**

Solution: প্রয়োজনের অতিরিক্ত শব্দ ব্যবহারে বাহুল্য দোষ ঘটে এবং এর ফলে শব্দ তার যোগ্যতা গুণ হারিয়ে থাকে। যেমন: সকল শিক্ষকগণ আজ উপস্থিত। এ বাক্যে 'শিক্ষকগণ' বহু বচনবাচক শব্দ। এর সঙ্গে 'সকল' শব্দটির অতিরিক্ত ব্যবহার বাহুল্য- দোষ সৃষ্টি করেছে।

21. নিচের কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক নাটক?

a) ফেরারী সূর্য b) যে অরণ্যে আলো নেই
c) নীল দংশন d) দেয়াল **ans. B**

Solution: যে অরণ্যে আলো নেই লিখেছেন নীলিমা ইব্রাহিম (এটি মুক্তিযুদ্ধভিত্তিক তাঁর রচিত একটি নাটক)। উল্লেখ্য, বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক কিছু উপন্যাস হলোঃ একটি কালো মেয়ের কথা, রাইফেল রোটি আওরাত, নিষিদ্ধ লোবান, নীল দংশন, এক যুবকের ছায়াপথ, ত্রাহি, জলাংগী, দুই সৈনিক, জাহান্নাম হইতে বিদায়, নেকড়ে অরণ্য, আগুনের পরশমণি, শ্যামল ছায়া, জোছনা ও জননীর গল্প, পূর্ব-পশ্চিম, উপমহাদেশ, দেয়াল, হাঙর নদী গ্রেনেড, যুদ্ধ, যাত্রা, খাঁচায়, অন্ধ কথামালা, অদ্ভুত আঁধার এক, আমার যত গ্লানি, অবেলায় অসময়, কালো ঘোড়া, ঘেরাও, মহাযুদ্ধ, প্রিয়যোদ্ধা প্রিয়জন, ফেরারী সূর্য, জীবন আমার বোন।

22. 'ফুল ফুটুক আর না ফুটুক আজ বসন্ত' এ উদ্ধৃতির রচয়িতা কে?

a) সঞ্জীব চট্টোপাধ্যায় b) সুভাষ মুখোপাধ্যায়
c) দাউদ হায়দার d) শামসুর রাহমান **ans. B**

23. 'কারাগারের রোজনামচা' রচনাটির নামকরণ কে করেন?

a) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান b) শেখ ফজিলাতুন্নেছা
c) শেখ রেহানা d) শেখ হাসিনা **ans. C**

Solution: 'কারাগারের রোজনামচা' গ্রন্থটির নামকরণ করেন শেখ রেহানা। উল্লেখ্য, 'কারাগারের রোজনামচা' গ্রন্থের ভূমিকা লিখেছেন শেখ হাসিনা। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনীর দ্বিতীয় গ্রন্থ হলো 'কারাগারের রোজনামচা'।

24. নিচের কোনটি গোয়েন্দাভিত্তিক রচনা?

a) লাল ফুলকি b) জাল

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

c) ওয়ারিশ d) যাত্রা **ans. B**

Solution: 'জাল' বাংলাদেশের প্রখ্যাত সাহিত্যিক আবু ইসহাকের একটি গোয়েন্দা উপন্যাস। উপন্যাসটি ১৯৮৮ সালে 'আনন্দপত্র' নামক কাগজের ঈদসংখ্যায় প্রথম প্রকাশিত হয়। এটি লেখা শেষ হয় ১৯৫৪ সালে। উপন্যাসটি রচিত হয়েছিল বাস্তব ঘটনার ওপর ভিত্তি করে। ১৯৫০ সালে বাংলাদেশে [তৎকালীন পূর্ব পাকিস্তান] 'জাল নোট' এর কয়েকটা মামলার তদন্তের ভার পড়েছিল লেখকের ওপর, সরকারি কর্মকর্তা থাকাকালীন। সেই অনুসন্ধানের অভিজ্ঞতাকে ভিত্তি করেই 'জাল' উপন্যাসটি রচিত।

25. বাংলা সাহিত্যের প্রথম মহিলা ঔপন্যাসিক স্বর্ণকুমারী দেবী রচিত প্রথম উপন্যাসের নাম কি?

a) দেবী b) দীপনির্বাণ
c) নির্বাণদীপ d) দীপশিখা **ans. B**

Solution: আধুনিক বাংলা সাহিত্যের প্রথম মহিলা ঔপন্যাসিক স্বর্ণকুমারী দেবী। আর বাংলা সাহিত্যের প্রথম মহিলা কবি হলেন চন্দ্রাবতী।

26. The term 'At stake' means-

a) At risk b) In dilemma
c) Creating doubt
d) At the happiest moment **ans. A**

Solution: At stake অর্থ ঝুঁকির মুখে। আর এর সমার্থক শব্দ হলো At risk. কিন্তু, In dilemma অর্থ উভয় সঙ্কটে। Creating doubt অর্থ সন্দেহের সৃষ্টি করা। At the happiest moment অর্থ চরম সুখের মুহূর্তে।

27. A hundred-year-old man is called-

a) Centurion b) Centenarian
c) Silver Man d) Golden Man **ans. B**

Solution: Centenarian (সেনটিনেআরিয়ান) অর্থ শতায়ু; শত বা ততোধিক বছর। কিন্তু, Centurion অর্থ একশো সদস্যবিশিষ্ট সেনাদলের নেতা।

বাক্যের অর্থঃ একশো বছর বয়সী ব্যক্তিকে Centenarian বলে।

28. Which of the following preposition completes the sentence 'Although ballet and modern dance are both concerned movement in space, training for ballet is more rigorous than that for modern dance'?

a) with b) to
c) in d) of **ans. A**

Solution: এখানে, Concerned in অর্থ জড়িত। আর Be concerned with অর্থ গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে বিবেচনা করা। তাই উত্তর হবে অপশন *a*).

বাক্যের অর্থঃ যদিও ব্যালেট (এক বিশেষ ধরনের নাট্যাভিনয়) ও আধুনিক নাচ উভয় বিষয়েই একটি স্থানের মধ্যে থেকেই নড়াচড়ার বিষয় নিয়ে কাজ করে, ব্যালেট এর প্রশিক্ষণের বিষয়টি নাচের চেয়ে বেশি কঠোর।

29. Choose the appropriate preposition to complete the sentence 'Unfortunately, we had to cancel it owing ____ the bad weather'.

a) in b) for
c) of d) to **ans. D**

Solution: Owing to অর্থ কারণে; কারণবশত। বাক্যে বাজে আবহাওয়ার কারণে বুঝাতে Owing to বসবে।

বাক্যের অর্থঃ দুর্ভাগ্যবশত বাজে আবহাওয়ার কারণে আমাদের এটি বাতিল করতে হয়েছিল।

30. Which of the following word is plural?

a) Anybody b) Nobody
c) Each d) Someone **ans. Note**

Solution: উল্লিখিত অপশনের প্রত্যেকটিই Singular indefinite pronoun. উল্লেখ্য, Indefinite pronoun গুলো হলোঃ One, any, some, many, all, few, several, none, no one, everyone, someone, nobody, anybody, somebody, anything, nothing, everything, they, another, other (s) ইত্যাদি। আর Each হলো Distributive pronoun.

31. Identify the singular form of the word ALUMNI from the following options?

a) Alumni b) Alumnus
c) Alumnae d) None **ans. B**

Solution: Alumnus অর্থ স্কুল, কলেজ বা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র। Singular এর শেষে 'us' থাকলে Plural করার সময় 'us' এর স্থলে 'i' হবে অথবা 'us + es' করতে হবে। যেমনঃ

Singular	Plural	Singular	Plural
Stimulus	Stimuli	Genus	Genera
Corpus	Corporal	Focus	Foci
Alumnus	Alumni	Locus	Loci
Genius	Genii	Radius	Radii

32. Which of the following words substitute the sentence 'A remedy for all diseases'?

a) Drug b) Panacea
c) Antiseptic d) Cure **ans. B**

Solution: Cure অর্থ চিকিৎসা; উপশম। Panacea অর্থ সর্বরোগের ঔষধ। Drug অর্থ ঔষধ। Antiseptic অর্থ জীবাণুমুক্ত; পচননিবারক।

33. Identify the substitute word for the sentence 'The art of cutting trees and

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

bushes into ornamental shapes'-

a) Horticulture b) Bonsai
c) Pruning d) Topiary ***ans.* D**

Solution: সুন্দর আকৃতি দানের উদ্দেশ্যে গাছ ও লতাগুল্মকে ছাঁটাই করাকে Topiary বলে। কিন্তু, Horticulture উদ্যানবিদ্যা। Bonsai অর্থ শক্ত কাণ্ড রয়েছে এমন গাছের খর্বাকৃতি করার শিল্প। Pruning অর্থ গাছ বা ঝোপঝাড় ইত্যাদির অংশবিশেষ ছাঁটা।

***34.* Complete the sentence 'Had I known in advance, I ____ enough preparation' choosing from the given options.**

a) would take b) would have taken
c) took d) will take ***ans.* B**

Solution: প্রশ্নটি Conditional sentence থেকে করা হয়েছে। 3rd conditional বাক্যে Had প্রথমে থাকলে তার Structure টি হবেঃ Had + Subject + Verb এর Past perfect form + Subject + Would have/ could have/ might have + Verb এর Past perfect form.

বাক্যের অর্থঃ আগে থেকে জানলে আমি যথেষ্ট প্রস্তুতি নিয়ে রাখতাম।

***35.* Pick appropriate word from the following to complete the sentence 'The spellings of many Old English words have been ___ in the living language, although their pronunciations have changed?**

a) Shortened b) Improved
c) Preserved d) Revised ***ans.* C**

Solution: উল্লিখিত বাক্যে কিছু Old word টিকে থাকা বা বেঁচে থাকা অথবা সংরক্ষিত থাকা অর্থে Preserved বসবে। কিন্তু, Shorten অর্থ সংক্ষিপ্ত বা ছোট করা। Improve অর্থ উন্নতি সাধান করা। Revise অর্থ পুনর্বিবেচনা করা।

বাক্যের অর্থঃ অনেক ইংরেজি শব্দের বানান এখনো আগের মতোই আছে যদিও তাদের উচ্চারণে পরিবর্তন হয়েছে।

***36.* Choose the correct replacement of the underlined portion of the sentence 'It is not for you to take responsibility, it is rather, <u>me who is</u> the guilty person in this matter'.**

a) Me who is b) Me who am
c) I who is d) I who am ***ans.* D**

Solution: এখানে বাক্যে To be verb এরপরে Pronoun এর Subject form বসবে। আর 'who' এর পূর্ববর্তী Pronoun কে অনুসরণ করে 'who' এর পরবর্তী Verb নির্ধারিত হয়। তাই সঠিক উত্তর অপশন *d*) এর I who am.

বাক্যের অর্থঃ এর দায়িত্ব তোমার উপর বর্তায় না বরং এই বিষয়ে দোষী হলাম আমি।

***37.* Identify the correct replacement of the underlined portion of the sentence 'Most of the students like to read <u>these kind of detective stories</u> for their supplementary reading'.**

a) These kind of detective stories
b) These kind of detective story
c) This kind of detective story
d) This kinds of detective story ***ans.* C**

Solution: এক্ষেত্রে বাক্যের Phrase এর দুটি সঠিক Structure হলোঃ

i) This + singular noun + of + singular noun/ noun phrase.

ii) These + plural noun + of + plual noun/ plural phrase.

বাক্যের অর্থঃ অধিকাংশ ছাত্রছাত্রীরা তাদের সম্পূরক পড়া হিসেবে এই ধরনের গোয়েন্দা কাহিনী পড়তে পছন্দ করে।

***38.* Which of the following sentence is correct?**

a) I don't like to discuss about politics
b) I don't like to discuss politics
c) I don't like discussing politics
d) I don't discussing in polities ***ans.* B & C**

Solution: Like এর পর Verb এর সাথে 'ing' বসে এবং Discuss এর পরে কোনো Preposition বসে না। তবে Like এর পর Infinitive (to + main verb) ও বসে।

বাক্যের অর্থঃ আমি রাজনীতি নিয়ে আলোচনা পছন্দ করি না।

***39.* 'I sat down' and 'Tears ran down her face' The word 'down' is used in these sentences as-**

a) Preposition-adverb b) Adverb-preposition
c) Adverb-verb d) Verb-adverb ***ans.* B**

Solution: বাক্যের প্রথম অংশে Down শব্দটি Sat কে Modify করছে, তাই এটি Adverb. আর দ্বিতীয় বাক্যে Pronoun এর পূর্বে Down শব্দটি হলো Preposition. তাই সঠিক উত্তর অপশন *b*).

বাক্যের অর্থঃ আমি বসে পড়েছিলাম। মুখ দিয়ে তার অশ্রু ঝরছিল।

***40.* Choose the word in which the suffix is used correctly**

a) Digital b) Comforted

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

c) Nonstop d) All of these **ans. A**

Solution: Digit এর সাথে 'al' Suffix যুক্ত হয়ে Digital হয়েছে। আর Stop এর সাথে Prefix 'non' যুক্ত হয়ে Nonstop হয়েছে। এখানে Comfort একটি মূল শব্দ যার Past রূপ হলো Comforted.

41. Which of the following is the analogy of ANTIDOTE : POISON?

a) Cure : Recovery
b) Narcotic: Sleep
c) Stimulant : Relapse
d) Tonic : Lethargy **ans. D**

Solution: Antidote – টীকা। Poison – বিষ; গরল। Cure – চিকিৎসা; উপশম। Recovery – আরগ্য; নিরাময়। Narcotic – স্নায়ুরোগে ভোগা। Sleep – ঘুম; নিদ্রা। Stimulant – উদ্দীপক। Relapse – আরোগ্যলাভের পর রোগের পুনরাক্রমণ। Tonic – শক্তিবর্ধক। Lethargy – ক্লান্তি।

ব্যাখ্যাঃ Antidote এর মাধ্যমে Poison দূর করা হয়। আর Tonic এর মাধ্যমে Lethargy দূর করা হয়।

42. Which of the following resembles ARTICULATE : SPEECH?

a) Coordinated : Movement
b) Predictable : Event
c) Dangerous : Disease
d) Active : Thought **ans. A**

Solution: Articulate – স্পষ্টভাবে উচ্চারণ করা। Speech – বাকশক্তি; বাচন; বাচনভঙ্গি। Co-ordinated – সমশ্রেণীভুক্ত করা। Movement – গতি; গতিময়তা; বিচলন। Predictable – ভবিষ্যৎবাচ্য; অগ্রকথনযোগ্য। Event – গুরুত্বপূর্ণ ঘটনা। Dangerous – বিপজ্জনক; বিপৎসঙ্কুল। Disease – অসুখ; ব্যাধি; রোগ। Thought – চিন্তা; চিন্তানপ্রক্রিয়া। Active – সক্রিয়; কর্মিষ্ঠ; ক্রিয়াশীল।

ব্যাখ্যাঃ স্পষ্ট Speech কে বলা হয় Articulate. আর সুগঠিত Movement কে বলা হয় Co-ordinated.

43. Which of the following is the antonym of the word DISPARATE?

a) Homogeneous b) Cumulative
c) Invariable d) Cooperative **ans. A**

Solution: Disparate – অসদৃশ; অসম। Homogeneous – সমজাতীয়; সমমাত্র। Cumulative – ক্রমবর্ধমান। Invariable – অবিকার্য; নিত্য; অপরিবর্তনীয়। Cooperative – সমবায়-সমিতি।

44. Select the term that contrasts FREQUENCY-

a) Unity b) Rarity
c) Gradualness d) Persistency **ans. B**

Solution: Frequency – পুনঃপুন সংঘটন; ঘন-ঘন। Unity – ঐক্য; একতা। Rarity – বিরল; বিরলতা। Persistence – অনড় অবস্থান। Gradualness – ক্রমিকতা।

45. The term MICROSCOPIC is same as-

a) Excessive b) Woe
c) Minute d) Irrelevant **ans. C**

Solution: Microscopic – আণুবীক্ষণিক; সূক্ষ্মতিসূক্ষ্ম। Minute – মিনিট; ক্ষুদ্র, সূক্ষ্ম। Excessive – অতিরিক্ত; অপরিমিত। Woe – দুঃখ; পীড়া; শোক। Irrelevant – অপ্রাসঙ্গিক; অবান্তর।

46. Which of the following word is equivalent to EQUIVOCAL?

a) Obstacle b) Indolent
c) Illusory d) Ambiguous **ans. D**

Solution: Equivocal – দ্ব্যর্থবোধক; সন্দেহজনক। Ambiguous – দ্ব্যর্থক; অনিশ্চিত অর্থ। Obstacle – বাধা; প্রতিবন্ধক। Illusory – অলীক; ইন্দ্রজালিক। Indolent – অলস; নিশ্চেষ্ট; পরিশ্রমবিমুখ।

47. Pick the right passive form of the sentence 'We must endure what we cannot cure' from the following.

a) What we cure must be endured
b) What cannot be cured must be endured
c) What could be cure must be endured
d) What cannot cured must endured **ans. B**

Solution: দুটি Clause এর Subject হিসেবে 'we' ধরে বাক্যটি Active করতে হবে। Active বাক্যের শুরুতে We must endure এবং পরের অংশ 'what we cannot cure' বসবে।

বাক্যের অর্থঃ আমরা যা উপশম করতে পারব না তা আমাদের সহ্য করতে হবে।

48. Choose the indirect speech of- Hasan said, 'Let me have some rice'

a) Hasan said that he wanted some rice
b) Hasan wished that he might have some rice
c) Hasan prayed that he might have some rice
d) Hasan suggested to have some rice **ans. B**

Solution: এই প্রশ্নটি Change of Narration থেকে করা হয়েছে। এক্ষেত্রে নিয়মটি নিম্নরূপঃ Reported Speech যদি Let us দিয়ে শুরু না হয়ে Let me, Let him, Let Rumi ইত্যাদি দিয়ে শুরু হয়, এক্ষেত্রে Indirect করার

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

ক্ষেত্রে Say এর পরিবর্তে Say/wish, say to এর পরিবর্তে Tell/ Request বসে এবং Reported speech এর Verb এর আগে May/ might/ might be allowed to বসে। যেমনঃ He said, "Let the old man have some rice".
Indirect speech: He wished that the old man might have some rice সেই হিসেবে উত্তর হবে *b*).

49. **Which one of the following spelling is correct?**
a) Fascinating b) Fasinating
c) Facinating d) Facsinating ***ans.* A**

Solution: Fascinating অর্থ মুগ্ধ করে এমন আকর্ষণীয়।

50. **Identify the word with correct spelling from the following options.**
a) Counterfet b) Counterfit
c) Counterfiet d) Counterfeit ***ans.* D**

Solution: Counterfeit অর্থ নকল; জাল।

51. **$(10)^2$ is how many times of $(0.01)^3$?**
a) 10^5 b) 10^2
c) 10^1 d) 10^8 ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, $(0.01)^3$ এর কত গুণ $(10)^2$?
এখানে, $10^2 = 100$ এবং $(0.01)^3 = 0.000001$

$\therefore$ নির্ণেয় গুণ $= \frac{100}{0.000001} = \frac{100 \times 1000000}{1}$
$= 100000000 = 10^8$.

Shortcut: দেয়া আছে, $\frac{10^2}{(0.01)^3} = \frac{10^2}{\left(\frac{1}{100}\right)^3} = \frac{10^2}{\left(\frac{1}{10}\right)^{3\times 2}}$
$= \frac{10^2}{\frac{1}{10^6}} = 10^2 \times 10^6 = 10^8$.

52. **A passenger paid 50% customs duty on accompanied baggage items. He paid another 20% sales tax on the total value of the items plus the custom duty paid. The total custom duty and sales tax is Tk. 350. What is the value of the item custom duty and sales tax?**
a) Tk 400 b) Tk 450
c) Tk 500 d) None ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি পণ্যের মূল্যের সাথে আরো 50% শুল্ক দিতে হয়। এরপর শুল্ক ও পণ্য বাবদ যা পরিশোধ করা হয়েছিল তার উপর আরো 20% বিক্রয়কর হিসেবে পরিশোধ করতে হয়। এখন মোট শুল্ক ও বিক্রয়কর 350 টাকা হলে শুল্ক ও বিক্রয় কর ব্যতীত পণ্যের মূল্য কত? (অঙ্কটির অনুবাদ ঈষৎ পরিমার্জিত)
ধরি, পণ্যটির মূল্য = 100 টাকা
50% শুল্কসহ মূল্য = 100 + 50 = 150 টাকা
আবার, 20% বিক্রয় করসহ মূল্য = 150 + 150 এর 20% = 150 + 30 = 180 টাকা
এখানে, শুল্ক ও বিক্রয়কর = 180 – 100 = 80 টাকা
প্রশ্নমতে, পণ্যটির 80 এককের সমান হলো = 350 টাকা
$\therefore$ পণ্যটির 100 এককের সমান হলো
$= \frac{350 \times 100}{80} = 437.5$ টাকা

53. **An amount of money is invested in a savings account for two years. It increases by the Tk. 52.50 in two years. After annual compounding at the rate of 10% per year. What is the amount invested initially?**
a) Tk 400 b) Tk 300
c) Tk 250 d) Tk 200 ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি নির্দিষ্ট পরিমাণ আসল দুই বছরের জন্য জমা রাখা হলো। 10% বার্ষিক চক্রবৃদ্ধিহার সুদে সেই আসল দুই বছরে 52.50 টাকা বাড়ে। আসল কত?
ধরি, আসল x টাকা
$\therefore$ চক্রবৃদ্ধি মুনাফার সূত্রানুযায়ী আমরা জানি,
$c = p\left(1 + \frac{r}{100}\right)^n$
প্রশ্নমতে, $x + 52.50 = x\left(1 + \frac{10}{100}\right)^2$
$\Rightarrow x + 52.5 = x\left(1 + \frac{1}{10}\right)^2$
$= x\left(\frac{11}{10}\right)^2 = (1.1)^2 x = 1.21x$
$\Rightarrow 1.21x - x = 52.5$
$\Rightarrow 0.21x = 52.5$
$\therefore x = \frac{52.5}{0.21} = \frac{525 \times 10}{21} = 250$
অর্থাৎ আসল 250 টাকা।

Shortcut: এখানে 10% বলায় কার্যকরী চক্রবৃদ্ধি হার
$= 10 + 10 + \frac{10 \times 10}{100} = 21\%$
এখন, 21% এর সমতুল্য = 52.5 টাকা
$\therefore$ 100% এর সমতুল্য $= \frac{52.5 \times 100}{21 \times 10} = 250$ টাকা

54. **A square room has a square carpet symmetrically places in it. This leaves an uncovered area of 9 meter^2. The area of the**


Recent Publication
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

whole room is 25 meter^2. What is the length of the one side of the carpet?

a) 2 meter b) 4 meter
c) 6 meter d) 8 meter **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি বর্গাকৃতির কক্ষে একটি প্রতিসমরূপে বিছানো একটি বর্গাকৃতির কার্পেট আছে। কার্পেটটি সকল পার্শ্বে মোট $9m^2$ জায়গা দখল নিতে পারে নি। কক্ষটির ক্ষেত্রফল $25m^2$ হলে কার্পেটের একবাহুর দৈর্ঘ্য কত?

এখানে কক্ষটির ক্ষেত্রফল $25m^2$



এবং কার্পেটের অদখলকৃত স্থানের ক্ষেত্রফল $9m^2$

∴ কার্পেটের ক্ষেত্রফল $= 25 - 9 = 16m^2$.

অতএব, কার্পেটের এক বাহুর দৈর্ঘ্য

$= \sqrt{16\ m^2} = \sqrt{(4\ m)^2} = 4m.$

Shortcut: Area of carpet $= 25 - 9 = 16m^2$.

∴ Side of carpet $= \sqrt{16\ m^2} = 4m.$

55. The angles of a triangle are in the proportion of 1 : 2 : 3 and the length of the smallest side is 1*cm*. what is the length of the longest side of the triangle?

a) 2 *cm* b) 3 *cm*
c) 4 *cm* d) 5 *cm* **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি ত্রিভুজের কোণগুলি 1 : 2 : 3 অনুপাতে আছে। ক্ষুদ্রতম বাহুর দৈর্ঘ্য 1 *cm* হলে বৃহত্তম বাহুর দৈর্ঘ্য কত?

দেয়া আছে, কোণগুলির অনুপাত

$= 1 : 2 : 3 = 30 : 60 : 90$ [30 দ্বারা গুণ করে]

এখন আমরা জানি, 30°, 60°, 90° কোণবিশিষ্ট ত্রিভুজের বাহুগুলোর অনুপাত হলো $1 : \sqrt{3} : 2$

∴ ক্ষুদ্রতম বাহু 1 *cm* হলে অনুপাত থেকে বলা যায় বৃহত্তম বাহু 2 *cm*.

56. A person's present age is two-fifth of the age of his mother. After 8 years, he will be one-half of the age of his mother. What is the present age of the mother?

a) 30 b) 35
c) 40 d) 50 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একজন ব্যক্তির বর্তমান বয়স তার মাতার বয়সের এক-পঞ্চমাংশ। 8 বছর পর ঐ ব্যক্তির বয়স তার মায়ের বয়সের অর্ধেক হবে। আপনাকে ঐ ব্যক্তির মায়ের বয়স বের করতে হবে।

ধরি, মাতার বর্তমান বয়স x বছর

∴ ঐ লোকের বয়স হবে $\frac{2x}{5}$ বছর

আবার, 8 বছর পর মাতার বয়স হবে $= (x + 8)$ বছর

এবং 8 বছর পর ঐ লোকের বয়স হবে $= \left(\frac{2x}{5} + 8\right)$ বছর

প্রশ্নমতে, $\frac{1}{2}(x + 8) = \left(\frac{2x}{5} + 8\right)$

$\Rightarrow \frac{(x + 8)}{2} = \left(\frac{2x + 40}{5}\right)$

$\Rightarrow 5x + 40 = 4x + 80$

∴ $x = 40$

অর্থাৎ মাতার বর্তমান বয়স 40 বছর।

57. If $\frac{x}{y} = \frac{1}{3}$, then the value of $\frac{x^2 + y^2}{x^2 - y^2}$ is-

a) $\frac{-10}{9}$ b) $\frac{5}{4}$
c) $\frac{-5}{4}$ d) $\frac{-5}{3}$ **ans. C**

Solution: দেয়া আছে, $\frac{x}{y} = \frac{1}{3}$

এখানে $x = 1$ এবং $y = 3$ ধরে প্রদত্ত রাশিমালা হতে মান বের করি

প্রদত্ত রাশিমালা

$= \frac{x^2 + y^2}{x^2 - y^2} = \frac{1^2 + 3^2}{1^2 - 3^2} = \frac{1 + 9}{1 - 9} = \frac{10}{-8} = \frac{5}{-4} = \frac{-5}{4}$

58. If $a : b = 4 : 7$ and $b : c = 5 : 6$ than $a : b : c$ = ?

a) 8 : 15 : 12 b) 20 : 35 : 42
c) 20 : 35 : 24 d) None **ans. B**

Solution: দেয়া আছে, $a : b = 4 : 7 = (4 \times 5) : (7 \times 5) = 20 : 35$

এবং $b : c = 5 : 6 = (5 \times 7) : (6 \times 7) = 35 : 42$

∴ $a : b : c = 20 : 35 : 42$

59. On a 2 *km* road, a total of 201 trees are planted on the side of the road at equal distances. How many such tress will be planted on a 50 *km* road such that the distance between two consecutive trees is the same as that of the consecutive tress on the 2 *km* road?

a) 501 b) 5001
c) 5000 d) 1000 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 2 *km* দীর্ঘ একটি রাস্তার প্রতি পাশে সমান দূরত্ব রেখে 201টি বৃক্ষ রোপণ করা হয়। 50 *km* দীর্ঘ রাস্তার উভয় দিকে ঐ আগের 2 *km* দীর্ঘ

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

রাস্তায় লাগানো গাছের মধ্যবর্তী দূরত্বের সমান ব্যবধান রেখে বৃক্ষ লাগালে মোট কয়টি বৃক্ষ লাগানো যাবে?
এখানে, 2টি গাছ লাগালে Gap থাকবে 1টি আর 3টি গাছ লাগালে Gap থাকবে 2টি।
অর্থাৎ Gap সর্বদা 1টি কম থাকবে গাছ অপেক্ষা।
এখানে 201টি গাছের ক্ষেত্রে Gap হবে = 200

∴ প্রতিটি Gap এর দূরত্ব হবে $= \frac{2000\ m}{200} = 10m$ [1 km = 1,000 m]

∴ নির্ণেয় গাছের সংখ্যা $= \frac{50 \times 1000}{10} + 1 = 5001$ টি

60. **Mr. X had Tk. 1,000 in his savings account. Every month in the first week he needs money, so he withdraws Tk. 500. But by the end of the month, he deposits Tk. 750. After how many months. The original amount will grow three times?**

a) 6 months b) 7 months
c) 8 months d) 9 months ***ans.*** **C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, জনাব X তার ব্যাংক একাউন্টে 1,000 টাকা ছিল। প্রতি মাসের প্রথম সপ্তাহে তিনি তার একাউন্ট হতে 500 টাকা উত্তোলন করেন। তবে মাসের শেষে তিনি তার একাউন্ট হতে 750 টাকা জমা করেন। কত মাস পর আসল তিনগুণ হবে?
এখানে আসল আছে 1,000 টাকা
তিনগুণ হলে হবে = 1,000 × 3 = 3,000 টাকা
∴ বাড়বে = 3,000 – 1,000 = 2,000 টাকা
এখানে, তার একাউন্টে প্রতিমাসে বাড়ে
= 750 – 500 = 250 টাকা
অর্থাৎ 250 টাকা বাড়ে = 1 মাসে
∴ 2,000 টাকা বাড়ে $= \frac{2000}{250} = 8$ মাসে।

61. **Two small circular parks of diameter 16 meter and 12 meter are to be replaced by a bigger circular park. What would be the radius of this new park, if the new park has to occupy the same space as the two small parks?**

a) 20 meter b) 15 meter
c) 10 meter d) 100 meter ***ans.*** **C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 16 মিটার এবং 12 মিটার ব্যাসের দুটি ক্ষুদ্রাকৃতির বৃত্তাকার পার্ক একটি বড় আকৃতির বৃত্তাকার পার্ক দ্বারা Replace হবে। নতুন বৃত্তাকার পার্কটি ঐ দুটো ক্ষুদ্রাকার পার্কের সমান জায়গা দখল করে নিলে নতুনটির ব্যাসার্ধ কত হবে?
এখানে, ১ম পার্কের ব্যাসার্ধ $= \frac{16}{2} = 8m$
২য় পার্কের ব্যাসার্ধ $= \frac{12}{2} = 6m$
এখন, ১ম এবং ২য় পার্কের ক্ষেত্রফল
$= [\pi(8)^2 + \pi(6)^2] = 64\pi + 36\pi$
$= 100\pi$ বর্গমিটার।
ধরি, বড় পার্কের ব্যাসার্ধ R মিটার
প্রশ্নমতে, $\pi R^2 = 100\pi$
$\Rightarrow R^2 = 100$
∴ $R = \sqrt{100} = \sqrt{(10)^2} = 10$

62. **A student obtained 60, 75 and 85 marks respectively in 3 monthly examinations in physics and 95 marks in the final examination. The 3 monthly examinations are of equal weight age whereas the final examination is weighted twice as much as monthly examination. What is the average mark in physics?**

a) 82 b) 85
c) 79 d) 78.75 ***ans.*** **A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একজন শিক্ষার্থী পদার্থ বিজ্ঞানের 3টি মাসিক পরীক্ষায় যথাক্রমে 60, 75 এবং 85 নম্বর পেয়েছে ও ফাইনালে পেয়েছে 95 নম্বর। তিনটি মাসিক পরীক্ষার মান ছিল সমান এবং ফাইনাল পরীক্ষার মান মাসিক পরীক্ষার মানের দ্বিগুণ ছিল। পদার্থ বিজ্ঞানে তার গড় নম্বর কত ছিল?
এখানে, ফাইনাল পরীক্ষার মান দ্বিগুণ হওয়াতে 95 নম্বরকে 2 দিয়ে গুণ করতে হবে
এবং নিচেও 1 এর পরিবর্তে 2 যোগ করতে হবে।
∴ নির্ণেয় গড়
$= \frac{(60 \times 1) + (75 \times 1) + (85 \times 1) + (95 \times 2)}{1 + 1 + 1 + 2}$
$= \frac{60 + 75 + 85 + 190}{5} = \frac{410}{5} = 82$

63. **At a stationary shop, it costs Tk. 185 for 4 gel-pens, 8 ball-point pens and I marker pen and Tk. 315 for 7 gel-pens, 15 ball-point pens and I marker pen. What would he the cost of I gel-pen, I ball-point pen and 1 marker pan?**

a) Tk 45 b) Tk 55
c) Tk 60 d) Tk 70 ***ans.*** **B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি দোকানে 4টি জেল পেন, 8টি বলপেন এবং 1টি মার্কার পেনের মোট মূল্য 185 টাকা। আবার 7টি জেল পেন, 15টি বলপেন এবং 1টি

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

মার্কার পেনের মোট মূল্য 315 টাকা হলে 1টি জেল পেন, 1টি বল পেন ও 1টি মার্কার পেনের মোট মূল্য কত?

ধরি, 1টি জেল পেনের মূল্য = x টাকা

1টি বলপেনের মূল্য = y টাকা

এবং একটি মার্কার পেনের মূল্য = z টাকা

প্রশ্নমতে, $4x + 8y + z = 185$ ..... (i)

$7x + 15y + z = 315$ ..... (ii)

এখন $(ii) - (i)$ করে পাই

আমরা জানি, $3x + 7y = 130$ ..... (iii)

এখন, (iii) নং কে 2 দ্বারা গুণ করে (ii) হতে বিয়োগ করিঃ

$$\begin{array}{rl} 7x + 15y + z &= 315 \\ 6x + 14y &= 260 \\ \hline x + y + z &= 55 \end{array}$$

$\therefore$ $x + y + z = 55$

অর্থাৎ 1টি জেলপেন, 1টি বলপেন এবং 1টি মার্কার পেনের মোট মূল্য 55 টাকা।

64. **The average of 10 numbers is 40.2 later it is found that two numbers have been wrongly added. The first one is 18 greater than the actual number and the second number added is 13 instead of 33. Find the correct average.**

a) 40.2 b) 40.4

c) 40.6 d) 40.8 ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 10টি সংখ্যার গড় হলো 40.2। পরে দেখা গেল যে, দুটি সংখ্যা ভুলক্রমে যোগ করা হয়েছিল। প্রথমটি প্রকৃত সংখ্যা হতে 18 কম এবং দ্বিতীয়টির ক্ষেত্রে 33 যোগ না করে 13 যোগ করা হয়েছিল। আসল গড় কত?

এখানে, 10টি সংখ্যার সমষ্টি = $40.2 \times 10 = 402$

এখন ১মটিতে প্রকৃত সংখ্যার চেয়ে 18 বেশি যোগ করা হয়েছিল।

আর ২য়টিতে = $33 - 13 = 20$ কম যোগ করা হয়েছিল

$\therefore$ প্রকৃত গড় = $\frac{402 - 18 + 20}{10} = \frac{404}{10} = 40.4$

65. **In a certain population group, 57% of the people have characteristics X and 63% have characteristics Y. If every person in the group has at least one of the two characteristics, then what percent of the people have both X and Y?**

a) 20% b) 18%

c) 12% d) 6% ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি গ্রুপে 57% লোকের X বৈশিষ্ট্য আর 63% লোকের Y বৈশিষ্ট্য রয়েছে। ঐ গ্রুপের প্রত্যেকেরই কমপক্ষে একটি করে বৈশিষ্ট্য থাকলে শতকরা কতজনের X এবং Y বৈশিষ্ট্য রয়েছে?

আমরা জানি, Total = X + Y – Both (X and Y)

$\Rightarrow$ 100% = 57% + 63% – Both

$\Rightarrow$ 100% = 120% – Both

$\therefore$ Both = 120% – 100% = 20%

66. **M is older than N but younger than O. If m, n and o are the ages of M, N and O respectively, then which of the following is true?**

a) $m < n < o$ b) $n < m < o$

c) $o < n < m$ d) $o < m < n$ ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, M হলো N অপেক্ষা বড় কিন্তু O এর চেয়ে ছোট। যদি M, N, O এর বয়স যথাক্রমে m, n এবং o হয় তবে নিচের কোনটি সত্য?

প্রশ্নানুযায়ী O > M > N

$\Rightarrow$ $o > m > n$

$\therefore$ $n < m < o$

67. **What is the smallest number of apples that can be distributed equally (without cutting any apple) among 6, 10, 14 and 18 boys?**

a) 1260 b) 315

c) 360 d) 630 ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, কমপক্ষে কতগুলো আপেল (প্রত্যেকটি না কেটে) 6, 10, 14 এবং 18 জন বালকের মধ্যে সমানভাবে ভাগ করে দেয়া যাবে?

এখানে 6, 10, 14 এবং 18 এর ল.সা.গু.-ই হবে নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা।

$$\begin{array}{r|l} 2 & 6,\ 10,\ 14,\ 18 \\ \hline 3 & 3,\ 5,\ 7,\ 9 \\ \hline & 1,\ 5,\ 7,\ 3 \end{array}$$

$\therefore$ নির্ণেয় ল.সা.গু. = $2 \times 3 \times 5 \times 7 \times 3 = 630$

68. **A merchant has 1,000 kg of sugar, part of which he sells at 8% and the remaining at 18% profit. He gains 14% on the whole. Find the quantity of sugar that he sold at 18% profit.**

a) 400 *kg* b) 560 *kg*

c) 600 *kg* d) 640 *kg* ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে এক ব্যবসায়ীর কাছে 1,000 কেজি চিনি আছে যার কিছু অংশ 8% লাভে এবং বাকি অংশ 18% লাভে বিক্রয় করলো। এতে সে মোটের উপর 14% লাভ করলো। সে 18% লাভে কি পরিমাণ চিনি বিক্রয় করেছিল?

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

ধরি, x কেজি চিনি 8% লাভে বিক্রয় করে।

$\therefore$ 18% লাভে বিক্রয় করে $(1000 - x)$ কেজি চাল।

প্রশ্নমতে, x এর 8% + $(1000 - x)$ এর 18% = 1000 এর 14%

$\Rightarrow \frac{8x}{100} + \frac{(1000 - x) \times 18}{100} = \frac{1000 \times 14}{100}$

$\Rightarrow 8x + 18000 - 18x = 14000$ [উভয় পক্ষকে 100 দ্বারা গুণ করে]

$\Rightarrow -10x = 14000 - 18000$

$\Rightarrow -10x = -4000$


$\Rightarrow 10x = 4000$

$\therefore x = 400$

অতএব, 18% লাভে বিক্রয় করেছিল = (1000 – 400) বা 600 কেজি চাল।

Shortcut:

১ম অংশের বিক্রয়ের লাভ ২য় অংশের বিক্রয়ের লাভ



অতএব, প্রথম অংশ ঃ দ্বিতীয় অংশ = 4 : 6 = 2 : 3

$\therefore$ দ্বিতীয় অংশের পরিমাণ

$= \left(1000 \text{ এর } \frac{3}{2+3}\right) = \left(1000 \text{ এর } \frac{3}{5}\right) = 600$ কেজি

69. **If the numerator of a fraction is increased by 2 and the denominator by 1 it becomes 1. Again, if the numerator decreased by 4 and the denominator by 2 it becomes $\frac{1}{2}$. Find the fraction.**

a) $\frac{4}{5}$ b) $\frac{5}{6}$

c) $\frac{6}{7}$ d) $\frac{7}{8}$ ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি ভগ্নাংশের লবকে 2 বৃদ্ধি করা হলে এবং হরকে 1 বৃদ্ধি করা হলে ভগ্নাংশটি হয় 1. আবার, লবকে 4 কমালে এবং হরকে 2 কমালে এটি $\frac{1}{2}$ হয়। ভগ্নাংশটি কত?

অপশন দেখে খুব সহজেই সমাধান পাওয়া যাবেঃ

অপশন *a*) তে দেখি, ১ম শর্তানুযায়ী $\frac{4}{5} = \frac{4+2}{5+1} = \frac{6}{6} = 1$

২য় শর্তানুযায়ী $\frac{4}{5} = \frac{4-4}{5-2} = \frac{0}{3} = 0$, তাই অপশন *a*) উত্তর হবে না।

অপশন *b*) তে দেখি, ১ম শর্তানুযায়ী $\frac{5}{6} = \frac{5+2}{6+1} = \frac{7}{7} = 1$

২য় শর্তানুযায়ী $\frac{5}{6} = \frac{5-4}{6-2} = \frac{1}{4}$ তাই অপশন *b*) উত্তর হবে না।

অপশন *c*) তে দেখি, ১ম শর্তানুযায়ী $\frac{6}{7} = \frac{6+2}{7+1} = \frac{8}{8} = 1$

২য় শর্তানুযায়ী $\frac{6}{7} = \frac{6-4}{7-2} = \frac{2}{5}$ তাই অপশন *c*) উত্তর হবে না।

অপশন *d*) তে দেখি, ১ম শর্তানুযায়ী $\frac{7}{8} = \frac{7+2}{8+1} = \frac{9}{9} = 1$

২য় শর্তানুযায়ী $\frac{7}{8} = \frac{7-4}{8-2} = \frac{3}{6} = \frac{1}{2}$

এবার, ১ম এবং ২য় উভয় শর্তই পূর্ণ হয়েছে। তাই সঠিক উত্তর হবে অপশন *d*).

70. **The difference between the length and breadth of a rectangle is 23 meter If its perimeter is 206 meter, then its area is -**

a) 1,520 sq meter b) 2,420 sq meter

c) 2,480 sq meter d) 2,520 sq meter ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থের পার্থক্য $23m$. যদি পরিসীমা $206m$ হয় তবে আয়তন কত?

ধরি, দৈর্ঘ্য = L এবং প্রস্থ = B

$\therefore$ L – B = 23 ..... (*i*)

এবং 2(L + B) = 206

$\Rightarrow$ L + B = 103 ..... (*ii*)

(i) ও (ii) সমাধান করে পাই

L = 63 এবং B = 40

$\therefore$ ক্ষেত্রফল = LB = $(63 \times 40)m^2 = 2,520m^2$.

Alternative: প্রস্থ x হলে দৈর্ঘ্য $x + 23$ (পার্থক্য 23 বলে)

প্রশ্নমতে, $2(x + 23 + x) = 206 \Rightarrow x = 40$

$\therefore$ Area = $(x + 23) \times x = 63 \times 40 = 2,520$.

71. **'Double Fault' is associated with which of the following games?**

a) Lawn Tennis b) Football

c) Cricket d) Hockey ***ans.* A**

Solution: টেনিস ব্যাট হাতে দুই পক্ষ জালের দুই দিকে অবস্থান নেয়। প্রথমে এক পক্ষকে বল সার্ভ করতে হয়। তিনি তার প্রান্তের কোর্টের বেস লাইনের বাইরে থেকে বল সার্ভ করতে হয়। যিনি বল সার্ভ করেন তাকে বলা হয় সার্ভার। সার্ভারকে বেস লাইনের বাইরে থেকে বল সার্ভ করতে হলেও অপর প্রান্তে যিনি বল মোকাবেলা করবেন তিনি কোর্টের যে কোনো জায়গা থেকে তা করতে পারবেন। যে পক্ষ বল মোকাবেলা করে তাকে

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

বলা হয় রিসিভার। সার্ভিসের বল খেলোয়াড়ের বিপরীত দিকের সার্ভিস কোর্টে পাঠাতে হয় মাঝখানে যে জালটি রয়েছে সেটি না স্পর্শ করিয়ে। প্রথমবার বল সার্ভ করার সময় কোনো ভুল হলে তাহলে সার্ভার দ্বিতীয় বার সার্ভ করার সুযোগ পায়। তবে দ্বিতীয় বার সার্ভ করতে কোনো ভুল করলে 'ডাবল ফল্ট' হিসেবে রিসিভার পয়েন্ট পায়।

72. Which of the following is the first published Novel of Kazi Nazrul Islam?
a) Mukti b) Agnibeena
c) Badhon Hara d) Jinge Ful **ans. C**

Solution: কাজী নজরুল ইসলামের প্রথম প্রকাশিত উপন্যাস হলো 'বাঁধন হারা' (১৯২৭)। উল্লেখ্য, 'বাঁধন-হারা' জাতীয় কবি কাজী নজরুল ইসলাম রচিত একটি পত্রোপন্যাস। করাচিতে থাকাকালীন তিনি 'বাঁধন হারা' উপন্যাসটি রচনা শুরু করেন। 'মোসেলেম ভারত' পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয় ১৯২১ সালে। ১৯২৭ সালে জুন মাসে (শ্রাবণ, ১৩৩৪ বঙ্গাব্দ) এটি প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয়। উপন্যাসে পত্র সংখ্যা ১৮টি। প্রধান চরিত্র হলোঃ নুরুল হুদা, রাবেয়া, মাহবুবা, সাহসিকা। আর 'মুক্তি' (১৯১৯) হলো নজরুলের প্রথম কবিতা; 'অগ্নিবীণা' (১৯২২) হলো প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ; 'ঝিঙেফুল' (১৯২৬) হলো নজরুল রচিত ছোটদের জন্য কবিতার বই (বইটি কবি উৎসর্গ করেন 'বীর বাদলকে')।

73. 'Thalassemia' is a hereditary disease affecting-
a) Lungs b) Blood
c) Heart d) Kidney **ans. B**

Solution: থ্যালাসেমিয়া মূলত একটি বংশগত রক্তস্বল্পতাজনিত রোগ। এসব রোগী ছোট বয়স থেকেই রক্তস্বল্পতায় ভোগে। এদের বৈশিষ্ট্য হচ্ছে তারা যেহেতু তাদের শরীরে নির্দিষ্ট পরিমাণ রক্ত তৈরি করতে পারে না, তাই অন্যের রক্ত ট্রান্সফিউশন নিয়ে তাদের জীবন চালাতে হয়। থ্যালাসেমিয়া রোগে রক্তে হিমোগ্লোবিন কণা উৎপাদনে সমস্যা হয়। অর্থাৎ অ্যানিমিয়া বা রক্তশূন্যতা থাকে। এটি অটোজোমাল মিউট্যান্ট প্রচ্ছন্ন জিনঘটিত বংশগত রক্তের রোগ; মা-বাবার কাছ থেকে সন্তানের শরীরে আসে। ১৯২৫ সালে আমেরিকার টমাস কুলি ও পারোল লি এই রোগটি চিহ্নিত করেন।

74. For millions of years, which of the following has not changed much due to evolution?
a) Whale b) Shark
c) Hippopotamus d) Dinosaur **ans. B**

75. When will Bangladesh exit from the LDC category?
a) 2024 b) 2025
c) 2026 d) 2027 **ans. C**

Solution: স্বল্পোন্নত দেশের (LDC) তালিকা থেকে বের হয়ে যাওয়ার সুপারিশ পায় বাংলাদেশ। জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি (CDP) ২০২১ সালের ২৬ ফেব্রুয়ারি রাতে ৫ দিনের বৈঠক শেষে এ সুপারিশ করে। সিডিপির এলডিসি-সংক্রান্ত উপগ্রুপের প্রধান টেফেরি টেসফাসো পরে এক অনলাইন ব্রিফিংয়ে এই কথা জানায়। তবে বাংলাদেশকে LDC থেকে বের হতে ২০২৬ সাল পর্যন্ত অপেক্ষা করতে হবে।

সাধারণত উন্নয়নশীল দেশগুলোর মধ্যে যেসব দেশ তুলনামূলক দুর্বল, সেসব দেশকে স্বল্পোন্নত দেশ হিসেবে বিবেচনা করা হয়। ১৯৭১ সালে প্রথম স্বল্পোন্নত দেশের তালিকা করা হয়। বাংলাদেশ ১৯৭৫ সালে এই তালিকায় অন্তর্ভুক্ত হয়। সবকিছু ঠিক থাকলে আগামী ২০২৬ সালে LDC থেকে বের হয়ে অন্যান্য উন্নয়নশীল দেশের কাতারে চলে যাবে বাংলাদেশ।

76. What is the literacy rate of Bangladesh as per the first Digital Population and Housing Census, 2022?
a) 74.66% b) 73.65%
c) 75.66% d) 66.74% **ans. A**

Solution: দেশে বর্তমানে সাক্ষর মানুষের সংখ্যা (সাত বছর ও তদূর্ধ্ব) ১২ কোটি ৩৩ লাখ সাত হাজার ৮২৪ জন। ২০১১ সালে তা ছিল সাত কোটি ৪৫ লাখ ৭১ হাজার ৪২১ জন। ১১ বছরে দেশে সাক্ষর মানুষের সংখ্যা বেড়েছে চার কোটি ৮৭ লাখ ৩৬ হাজার। ২০১১ সালে দেশে সাক্ষরতার হার ছিল ৫১.৭৭ শতাংশ, যা ২০২২ সালে ৭৪.৬৬ শতাংশে পৌঁছে। সে অনুযায়ী সাক্ষরতার হার বেড়েছে ২২.৮৯ শতাংশ।

77. The Sveriges Riksbank Prize in Economic Sciences has been introduced in memory of
a) Paul Samuelson b) Alfred Nobel
c) Alfred Marshal d) JM Keynes **ans. B**

Solution: অর্থনীতিতে নোবেল স্মারক পুরস্কার প্রবর্তিত হয় ১৯৬৮ খ্রিষ্টাব্দে। সুইডেনের কেন্দ্রীয় ব্যাংক এই পুরস্কার প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করে। এ কারণে এ পুরস্কারের মূল নাম The Sveriges Riksbank Prize in Economic Sciences in Memory of Alfred Nobel. সুইডেনের রয়্যাল একাডেমী অফ সায়েন্স পুরস্কার প্রদানের বিষয়টি পরিচালনা করে।

78. COP-26 is related to-
a) Global trade & commerce
b) Global climate change
c) Poverty alleviation
d) Coproduction of COVID vaccine **ans. B**

79. Who is the person of the year of Time

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

magazine in 2021?
a) Biz stone b) Mark Zuckerberg
c) Bill Gates d) Elon Musk ***ans.* D**

Solution: টাইম ম্যাগাজিনের ২০২১ সালের 'পারসন অব দ্যা ইয়ার' নির্বাচিত হন ইলন মাস্ক। তিনি যুক্তরাষ্ট্রের বৈদ্যুতিক গাড়ি নির্মাতা সংস্থা টেসলা এবং মহাকাশ অভিযান সংস্থা স্পেসএক্স'র প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) এবং একইসাথে বিশ্বের সবচেয়ে ধনী ব্যক্তি।

80. **The historic 7th March Speech of Bangabandhu was given at the Ramna race Course which is now-**
a) Bahdur Shah Park b) Suhrawardy Udyan
c) Chandrima Udyan d) Hatirgheel Park
***ans.* B**

Solution: বাংলাদেশের স্বাধীনতার পর রমনা রেসকোর্সের নাম পরিবর্তন করে রাখা হয় সোহরাওয়ার্দী উদ্যান। এই উদ্যানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৭ মার্চের ভাষণ এবং ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর পাকিস্তান সেনাবাহিনী আত্মসমর্পণ করে।

81. **Who was the first governor of Bangladesh Bank?**
a) ANM Hamidullah
b) Md. Nurul Islam
c) Khorshed Alam
d) Shegufta Bakhi Chowdhury ***ans.* A**

Solution: বাংলাদেশ ব্যাংকের প্রথম গভর্নর ছিলেন এ এন এম হামিদুল্লাহ। তিনি ১৮.০১.১৯৭২ থেকে ১৮.১১.১৯৭৪ সাল পর্যন্ত এই দায়িত্ব পালন করেন।

82. **Which of the following ecosystem covers the largest area of the earth's surface?**
a) Desert Ecosystem
b) Grassland Ecosystem
c) Mountain Ecosystem
d) Marine Ecosystem ***ans.* D**

Solution: পৃথিবী পৃষ্ঠের প্রায় ৭০ শতাংশ পানি। এই জলভাগের প্রায় ৯৭ শতাংশ সামুদ্রিক পানি। তাই পৃথিবী পৃষ্ঠের সবচেয়ে বেশি জায়গা জুড়ে বিদ্যমান Marine Ecosystem বা সামুদ্রিক বাস্তুতন্ত্র।

83. **Which countries are separated by Mac Mohan Line?**
a) India and Pakistan
b) China and Tibet
c) India and China
d) India and Bangladesh ***ans.* C**

Solution: 'ম্যাকমোহন লাইন' চীন ও ভারতের সীমানা নির্ধারণ করে। উল্লেখ্য,

নাম	যে দেশ চিহ্নিত করেছে
লাইন অব একচুয়াল কন্ট্রোল	চীন ও ভারত
লাইন অব কন্ট্রোল	ভারত ও পাকিস্তান
র‍্যাডক্লিফ লাইন	ভারত-পাকিস্তান/ বাংলাদেশ-ভারত

84. **Elizabeth It was the Queen of the United Kingdom and other Commonwealth realms from the year-**
a) 1952 b) 1962
c) 1955 d) 1945 ***ans.* A**

Solution: দ্বিতীয় এলিজাবেথ (এলিজাবেথ আলেকজান্দ্রা ম্যারি; ২১ এপ্রিল ১৯২৬ থেকে ৮ সেপ্টেম্বর ২০২২) ৬ ফেব্রুয়ারি ১৯৫২ থেকে ৮ সেপ্টেম্বর ২০২২ সাল পর্যন্ত যুক্তরাজ্যের রাণী ছিলেন। তিনি তার রাজত্বকালে যুক্তরাজ্য ছাড়াও আরও প্রায় ৩২ টি দেশের রাণী ছিলেন এবং মৃত্যুকালে তার রাজত্ব ছিল ১৪টি কমনওয়েলথ রাজ্যের উপর।

85. **Which of the following is not the official language of the United Nations Organization?**
a) Arabic b) Chinese
c) Portuguese d) Spanish ***ans.* C**

Solution: জাতিসংঘের অফিসিয়াল ভাষা মোট ৬টিঃ Arabic, Chinese, English, French, Russian এবং Spanish.

86. **Milk is poor source of-**
a) Vitamins b) Protein
c) Iron d) Calcium ***ans.* C**

Solution: দুধে আছে প্রচুর পুষ্টিগুণ পানি, আমিষ, ক্যালসিয়াম পটাশিয়াম, ফসফরাস, ভিটামিন এ, ভিটামিন ডি, ভিটামিন বি-১২, নিয়ামিন, রিবোফ্লাঝি অত্যাবশ্যকীয় ফ্যাটি এসিড এবং অ্যামাইনো এসিড ইত্যাদি। দুধে আয়রণ বা লৌহ পরিমানে অনেক কম থাকে।

87. **Which of the following agreement is related to intellectual Property?**
a) TRIPS b) AGN
c) AGTC d) AGR ***ans.* A**

Solution: TRIPS হলো Trade related Aspect of Intellectual Property Rights বা বাণিজ্য সংক্রান্ত মেধাস্বত্ব।

88. **'All parties state language movement committee' was formed on-**
a) 18 February, 1952 b) 20 February, 1952
c) 2 February, 1952 d) 31 January, 1952
***ans.* D**

Solution: ১৯৪৭ থেকে ১৯৫২ সাল পর্যন্ত বেশ কয়েকবার রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠিত ও পুনর্গঠিত হয়। প্রথম রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠিত হয় ১৯৪৭ সালের ১ অক্টোবর। ১৯৪৮ সালের ২ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক হলে আয়োজিত এক সভায় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ পুনর্গঠিত হয়। বায়ান্নর ভাষা আন্দোলন যখন তুঙ্গে তখন তা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ১৯৫২ সালের ৩১ জানুয়ারি গঠন করা হয় সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ। ঢাকার বার লাইব্রেরি হলে আয়োজিত এক

Recent Publication
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

সভায় গঠিত এ সংগ্রাম পরিষদ গঠিত হয়।

89. Which country lost to Bangladesh in the SAFF Women's Football Final 2022?
a) India b) Sri Lanka
c) Nepal d) Maldives **ans. C**

Solution: ২০২২ সালের ১৯ সেপ্টেম্বর প্রতিযোগিতার ফাইনালে বাংলাদেশ ও নেপাল মুখোমুখি হয়, এতে বাংলাদেশ জাতীয় মহিলা ফুটবল দল নেপালকে ৩-১ গোলের ব্যবধানে পরাজিত করে তাদের প্রথম শিরোপা অর্জন করে ও ২০২২ সাফ মহিলা চ্যাম্পিয়নশিপের চ্যাম্পিয়ন হয়।

90. Which country is cooperating to implement "Bangladesh Delta Plan, 2100"?
a) Belgium b) Nether land
c) Denmark d) USA **ans. B**

Solution: নেদারল্যান্ডসের আদলে গ্রহণ করা ডেল্টা প্ল্যান-২১০০ ভবিষ্যৎ বাংলাদেশ উন্নয়নের চাবিকাঠি হিসাবে কাজ করবে, এটাই মানুষ আশা করে। জানা যায়, শতবর্ষের এ মহাপরিকল্পনার প্রথম ধাপ ২০৩০ সালের মধ্যে বাস্তবায়ন করা হবে। যেহেতু আমাদের দেশে সম্পদ সীমিত, সেহেতু এই সম্পদ সঠিকভাবে কাজে লাগাতে যথাযথ পরিকল্পনা বাস্তবায়ন করতে হবে। বন্যা, নদীভাঙন, নদী ব্যবস্থাপনা, নগর ও গ্রামে পানি সরবরাহ, বর্জ্য ব্যবস্থাপনা এবং বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন ব্যবস্থাপনার মতো দীর্ঘমেয়াদি পরিকল্পনার বাস্তবায়নে দেশের সাধারণ মানুষের অংশগ্রহণ যত বেশি বাড়ানো যাবে, কাজের গতি ও মান তত বাড়বে।

91. Phishing Attack is relates to-
a) False Website b) Faulty Network
c) Pirated Software d) False E-mail **ans. D**

Solution: ফিশিং হলো এক ধরনের হ্যাকিং মেথড যা মূলত প্রতারণামূলক কৌশল ব্যবহার করে ব্যবহারকারীর ডাটা। যেমনঃ লগিন ইনফরমেশন, ক্রেডিট কার্ড নাম্বার, ইত্যাদি চুরি করতে ব্যবহৃত হয়। সাধারণত একজন অ্যাটাকার বা হ্যাকার ছদ্মবেশ ধারণ করে ও একজন ভিক্টিমকে কোনো ইমেইল বা মেসেজে পাঠানো লিংক ক্লিক করাতে সক্ষম হয়।

92. Which one is Utility Software?
a) MS Word b) Win-Zip
c) Firefox d) Facebook **ans. B**

Solution: কম্পিউটার রক্ষণাবেক্ষণ, বিশ্লেষণ, বিভিন্ন প্রকার ভাইরাস থেকে সুরক্ষা, ডেটা ও প্রোগ্রামের ব্যাকআপ, ডিজাস্টার রিকোভারীসহ বিভিন্ন প্রকার কাজের সুবিধা প্রদানকারী প্রোগ্রামসমূহকে ইউটিলিটি সফটওয়্যার বলে। Utility Software এর কিছু উদাহরণ হলোঃ McAfee, AVG, Norton Antivirus, Avira AntiVir Personal, Kaspersky Antivirus, Symantec, Microsoft Security Essential, ESET NOD32, Panda Antivirus, AVAST Antivirus.

93. Which one is considered as the brain of a computer?
a) Memory b) Processor
c) Hard disk d) Internet **ans. B**

Solution: কম্পিউটারের কেন্দ্রীয় অংশ হলো CPU বা Central Processing Unit. অবশ্য CPU বলতে আগের দিনে বোঝাত কম্পিউটারের মধ্যবর্তী কেন্দ্রীয় অংশকে। এখন CPU বলতে শুধু মাইক্রোপ্রসেসরকে বুঝানো হয়। CPU কে কম্পিউটারের ব্রেইন বা মস্তিস্ক বলা হয়। CPU কে তিনটি ভাগে ভাগ করা যায়ঃ গাণিতিক যুক্তি ইউনিট, নিয়ন্ত্রণ ইউনিট এবং রেজিস্টার স্মৃতি।

94. Which of the following file name is valid?
a) BB _AD_ 2022 b) BB_ AD *2022
c) BB_AD?2022 d) BB_AD/2022 **ans. A**

95. Which one is the High-Level Programming language?
a) MS PowerPoint b) MS Windows 10
c) Python d) MySQL **ans. C**

Solution: Python একটি অবজেক্ট ওরিয়েন্টেড উচ্চ স্তরের প্রোগ্রামিং ভাষা। ১৯৯১ সালে গুইডো ভ্যান রোসাম এটি প্রথম প্রকাশ করেন। পাইথন নির্মাণ করার সময় প্রোগ্রামকে পঠনযোগ্যতার উপর বেশি জোর দেয়া হয়েছে। এখানে প্রোগ্রামারের পরিশ্রমকে কম্পিউটারের চেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়েছে। ১৯৯৪ সালের জানুয়ারিতে পাইথনের ১.০ সংস্করণে প্রবেশ করে।

96. Which device is mainly related to provide security of a network?
a) Router b) Firewall
c) Operating system d) Switch **ans. B**

Solution: সাইবার আক্রমন এড়াতে Firewall ব্যবহার করা যায়। Firewall প্রোটেক্টেড সিস্টেমে সাধারণ নেটওয়ার্কের ভিতর থেকে বাহিরের সবকিছু ব্যবহার করা যায়, তবে অন্য কোন অনাদিষ্ট ব্যবহারকারী এই নেটওয়ার্কে প্রবেশ করতে পারে না। শুধু বৈধ ব্যবহারকারীগণ এটি ব্যবহার করতে পারেন।

97. Which one is the Strongest Password?
a) Amin1234
b) $4Rr#345we#jan21$
c) SAinur_Rahman$
d) #Abdullah#BB#Dhaka# **ans. B**

Solution: শক্তিশালী পাসওয়ার্ড তৈরির পদ্ধতিঃ নিজের নাম, জন্ম তারিখ বা কমন শব্দ ব্যবহার করবেন না। শুধু অক্ষর বা নাম্বার ব্যবহার করে ছোট পাসওয়ার্ড ব্যবহার করবেন না। প্রতীক, ছোট/বড় হাতের অক্ষরের সমন্বয় রাখুন।

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

একটি শক্তিশালী পাসওয়ার্ডের উদাহরণঃ .tk24$om*@R

98. Which communication media is necessary to access online banking from a plane or ship?
a) Wi-Fi b) Optical Fiber
c) Satellite d) Radio Link **ans. D**

Solution: রেডিও লিঙ্ক একটি ডেটা নেটওয়ার্কে দুটি নোড বা রেডিও ইউনিটের মধ্যে একটি বেতার সংযোগ। প্রতিটি রেডিও ইউনিট একটি ট্রানসিভার এবং অত্যন্ত নির্দেশক অ্যান্টেনার সমন্বিত থাকে। সাধারণত ৬ থেকে ২৩ গিগাহার্জ হারের মাইক্রোওয়েভ ফ্রিকোয়েন্সিগুলিতে পরিচালিত হয়। রেডিও লিঙ্কগুলির ক্ষমতা ফ্রিকোয়েন্সি সহ বৃদ্ধি পায় এবং ৭০ থেকে ৮০ গিগাহার্টজের হয়। উদাহরণস্বরূপ অ্যান্টেনা বর্ধমান পরিমাণে মোতায়েন করা হচ্ছে। ফ্রিকোয়েন্সির উপর নির্ভর করে, একটি রেডিও লিঙ্কের সর্বাধিক যোগাযোগের পরিধি কয়েক মিটার থেকে কয়েকশ কিলোমিটারের মধ্যে পরিবর্তিত হয়। রেডিও লিঙ্ক ব্যবহার ব্যাংকিং ক্ষেত্রে আধুনিকতম সুবিধা দেওয়া সম্ভব হচ্ছে।

99. One Terabyte equal to how many bytes?
a) 10^2 Bytes b) 10^6 Bytes
c) 10^9 Bytes d) 10^{12} Bytes **ans. D**

100. Blue tooth technology uses-
a) Infrared b) Microwave
c) Radio wave d) Laser Light **ans. C**

Solution: ব্লুটুথ হলো তারবিহীন পার্সোনাল এরিয়া নেটওয়ার্ক (PAN) যা স্বল্প দূরত্বে ডেটা আদান-প্রদানে ব্যবহৃত হয়। এর দূরত্ব সাধারণত ১০ থেকে ১০০ মিটার হয়ে থাকে। ব্লুটুথ প্রযুক্তিতে কম ক্ষমতাসম্পন্ন বেতার তরঙ্গ (Radio Wave) ব্যবহার করা হয়। এর স্ট্যান্ডার্ড হলো IEEE 802.15

Bangladesh Bank
Recruitment Test for Officer
Examination Held On: 02.12.2022

01. 'চর্যাপদ' তিব্বতী ভাষায় কে অনুবাদ করেন?
a) মুনিদত্ত b) প্রবোধচন্দ্র বাগচী
c) কীর্তিচন্দ্র d) হরপ্রসাদ শাস্ত্রী **ans. C**

Solution: চর্যাপদের তিব্বতীয় অনুবাদক ও ব্যাখাকারক হলেন 'কীর্তিচন্দ্র মুনিদত্ত'। কীর্তিচন্দ্র মুনিদত্তের টীকার তিব্বতী অনুবাদ করেছিলেন 'চর্যাগীতিকোষবৃত্তি' নামে। চর্যাপদের তিব্বতীয় আবিস্কারক হলেন ড. প্রবোধচন্দ্র বাগচী। ড. প্রবোধচন্দ্র বাগচী 'চর্যাশ্চর্যবিনিশ্চয়' নামের পরিকল্পনা করেন।

02. কোন কবির মৃত্যুর মাধ্যমে বাংলা সাহিত্যে মধ্যযুগের সমাপ্তি ঘটে?
a) ভারতচন্দ্র রায়গুণাকর b) মকুন্দরাম চক্রবর্তী
c) নারায়ণ দেব d) মানিক দত্ত **ans. A**

Solution: ১৭৬০ সালে ভারতচন্দ্র রায়গুণাকর মারা যাওয়ার সাথে সাথে মঙ্গল যুগের অবসান ঘটে। অন্নদামঙ্গল ধারার শ্রেষ্ঠ কবি তিনি। তিনি মধ্যযুগের রাজা কৃষ্ণ চন্দ্রের সভাকবি ছিলেন। তাঁর অন্নদামঙ্গল কাব্যের বিখ্যাত কিছু উক্তি হলোঃ
- আমার সন্তান যেন থাকে দুধে ভাতে।
- নগর পুড়িলে দেবালয় কি এড়ায়।
- মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন।

03. 'একাদশে বৃহস্পতি' অর্থ কি?
a) আশার কথা b) সৌভাগ্যের বিষয়
c) মজা পাওয়া d) আনন্দের বিষয় **ans. B**

04. কোন ঔপন্যাসিকের চারটি উপন্যাস একত্রে সংকলিত হয়েছে 'শতবর্ষ' নামে?
a) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় b) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
c) রমেশচন্দ্র দত্ত d) তারাশঙ্কর **ans. C**

Solution: রমেশচন্দ্র সর্বসমেত চারখানা ঐতিহাসিক এবং দুটো সামাজিক উপন্যাস রচনা করেছিলেন। তার 'বঙ্গবিজেতা' (১৮৭৪) ও 'মাধবীকঙ্কণ' (১৮৭৭), 'মহারাষ্ট্র জীবনপ্রভাত' (১৮৭৮) ও 'রাজপুত জীবনসন্ধ্যার' (১৮৭৯) উপজীব্য হল যথাক্রমে আকবর, শাহজাহান, আওরঙ্গজেব ও জাহাঙ্গীরের রাজত্বকালের ঘটনা। মুঘল সাম্রাজ্যের শতবর্ষের ইতিহাসের ঘটনাবলী এই চারটি উপন্যাসের বিষয়বস্তু বলে সেগুলি একত্রে 'শতবর্ষ' নামে সংকলিত হয়েছিল।

05. বাংলাদেশের দক্ষিণ অঞ্চলের আঞ্চলিক কথ্য রীতি/উপভাষার নাম কি?
a) বাঙ্গালি b) পূর্বি
c) বরেন্দ্রি d) কামরূপি **ans. A**

Solution: বাংলা ভাষার উপভাষাকে প্রধানত ৫ ভাগে ভাগ করা যায়। এগুলো হলোঃ বাঙ্গালি (পূর্ব ও দক্ষিণ পূর্ববঙ্গ, বাংলাদেশ); রাঢ়ি (পশ্চিম ও মধ্যবঙ্গ); ঝাড়খণ্ডি (দক্ষিণ পশ্চিমবঙ্গ, সিংভূত, মানভূত, পুরুলিয়া অঞ্চল); বরেন্দ্রি (উত্তর বঙ্গ); কামরূপি (উত্তর পূর্ববঙ্গ, কোচবিহার, কাছাড়)।

06. কোন বর্ণে (মাত্রার উপর ভিত্তি করে) ৬টি মাত্রাহীন বর্ণ রয়েছে?
a) স্বরবর্ণ b) ব্যঞ্জনবর্ণ
c) অর্ধমাত্রার বর্ণ d) কোনটিই নয় **ans. B**

Solution: ব্যাঞ্জনবর্ণে মাত্রাহীন বর্ণ ৬টি।

বর্ণের নাম	স্বরবর্ণ	ব্যঞ্জনবর্ণ	সংখ্যা
মাত্রাহীন বর্ণ	৪টি যথাঃ এ, ঐ,	৬টি যথাঃ ঙ, ঞ,	১০টি

Recent Publication
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

	ঙ, ঞ	ং, ঃ, ঁ	
অর্ধমাত্রার বর্ণ	১টি যথাঃ ঋ	৭টি যথাঃ খ, গ, ণ, ঘ, ধ, ভ, শ, শ	৮টি
পূর্ণমাত্রার বর্ণ	৬টি যথাঃ অ, আ, ই, ঈ, উ, ঊ	২৬টি	৩২টি

07. 'অতঃপর' শব্দের মূলশব্দ কোনটি?

a) অনন্তর b) অতএব
c) অত্র d) কোনটিই নয় **ans. A**

Solution: 'অতঃপর' শব্দের অর্থ অনন্তর; এরপর; তারপর।

08. নিচের কোন বানানটি শুদ্ধ?

a) স্বাধীকার b) বিবাদমান
c) তরুচ্ছায়া d) ভূবন **ans. C**

Solution: শুদ্ধ বানান হলো 'তরুচ্ছায়া'। উল্লেখ্য,

অশুদ্ধ	স্বাধীকার	বিবাদমান	ভূবন
শুদ্ধ	স্বাধিকার	বিবাদমান	ভুবন

09. কোনটি শুদ্ধ বানান?

a) পোষ্ট b) অন্তস্থ
c) বস্তুঃত d) বামুন **ans. B & D**

Solution: শুদ্ধ বানান হলো বামুন ও অন্তস্থ।

অন্তস্থ ও অন্তঃস্থ দুটিই সঠিক, অন্তস্থ অর্থ **শেষে অবস্থিত** আর অন্তঃস্থ অর্থ **মধ্যবর্তী**।

অশুদ্ধ	পোষ্ট	বস্তুঃত
শুদ্ধ	পোস্ট	বস্তুত

10. বাংলা উপন্যাসের জনক বলা হয় কাকে?

a) বিভূতিভূষণ বন্দোপাধ্যায়
b) জীবনানন্দ দাশ
c) মানিক বন্দোপাধ্যায়
d) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় **ans. D**

Solution: বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়কে বাংলা উপন্যাসের জনক বলা হয়। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় একজন প্রসিদ্ধ কথাসাহিত্যিক। পিতা মহানন্দ বন্দ্যোপাধ্যায় ছিলেন সংস্কৃত পন্ডিত; পান্ডিত্য ও কথকতার জন্য তিনি 'শাস্ত্রী' উপাধিতে ভূষিত হন। পথের পাঁচালী বিভূতিভূষণের শ্রেষ্ঠ রচনা। আর জীবনানন্দ দাশ কে বুদ্ধদেব বসু 'নির্জনতম কবি' বলে আখ্যায়িত করেছেন। অন্যদিকে, অন্নদাশঙ্কর রায় তাঁকে 'শুদ্ধতম কবি' অভিধায় আখ্যায়িত করেছেন। মানিক বন্দ্যোপাধ্যায় ছিলেন ত্রিশোত্তর বাংলা কথাসাহিত্যের একজন শক্তিমান লেখক। মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রকৃত নাম প্রবোধকুমার, 'মানিক' তাঁর ডাকনাম।

11. 'শনিবারের চিঠি' কি ধরনের সাহিত্য পত্রিকা?

a) মন্তব্যধর্মী b) নীতিকথা
c) হাস্যরসাত্মক d) তথ্য সমৃদ্ধ **ans. A & C**

Solution: 'শনিবারের চিঠি' বাংলা ভাষার অন্যতম বিখ্যাত সাহিত্য-সাময়িকী, যা বিংশ শতকের প্রথমার্ধে ১৯২৪ সালে প্রবর্তিত হয়েছিল। প্রথম দিকে এটি সাপ্তাহিক পরে মাসিক পত্রিকা হিসেবে প্রকাশিত হয়। এর প্রধান উদ্দেশ্য ছিল হাস্য কৌতুকের মাধ্যমে সমসাময়িক সাহিত্য-চর্চাকে আক্রমণ করা। আদ্যোপান্ত 'শনিবারের চিঠি'র প্রাণপুরুষ ছিলেন কবি-সাহিত্যিক সজনীকান্ত দাস। উল্লেখ্য, 'শনিবারের চিঠি' এর প্রতিষ্ঠাতা সম্পাদক ছিলেন যোগানন্দ দাস।

12. বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনির সংখ্যা কত?

a) ৬টি b) ৭টি
c) ৮টি d) কোনটিই নয় **ans. B**

Solution: বাংলা ভাষায় মৌলিক স্বরবর্ণ ৭টি। এই ৭টি মৌলিক স্বরধ্বনি হলোঃ অ, আ, ই, উ, এ, অ্যা এবং ও। পঞ্চাশটি বর্ণে মাত্রাহীন বর্ণের সংখ্যা ১০টি। স্বরবর্ণে পূর্ণমাত্রা বিশিষ্ট বর্ণ আছে ৬টি। স্বরবর্ণে মাত্রাহীন বর্ণ আছে ৪টি এবং পঞ্চাশটি বর্ণে অর্ধমাত্রা বিশিষ্ট বর্ণ আছে ৮টি।

13. ভাষার ক্ষুদ্রতম একক কোনটি?

a) বর্ণ b) শব্দ
c) অক্ষর d) ধ্বনি **ans. D**

Solution: ভাষার ক্ষুদ্রতম একক 'ধ্বনি'। উল্লেখ্য,

বাক্যের ক্ষুদ্রতম একক	শব্দ
ধ্বনি নির্দেশক চিহ্ন	বর্ণ
শব্দের ক্ষুদ্রতম অংশ	ধ্বনি
ভাষার মূল উপকরণ	বাক্য

14. নিচের কোন শব্দটি নিত্য সমাসের উদাহরণ?

a) একটি মাত্র b) অনুকূল
c) আনাগোনা d) রামেশ্বর **ans. A**

Solution: যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের দরকার হয় না কিংবা তা করতে গেলে অন্য পদের সাহায্য নিতে হয় তাকে নিত্য সমাস বলে। আর পরপদে 'অন্তর', 'মাত্র' বা 'টি' থাকলে কোন চিন্তা ছাড়াই নিত্য সমাস হবে। উল্লেখ্য, 'অনুকূল' (কূলের যোগ্য) হলো অব্যয়ীভাব সমাস। 'আনাগোনা' (আনা ও গোনা) দ্বন্দ্ব সমাস।

15. 'হেলায় সুযোগ হারিও না' বাক্যে নিম্নরেখা শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

a) অপাদানে ৭মী b) করণে ৭মী
c) কর্মকারকে ৭মী d) অধিকরণে ৭মী **ans. B**

Solution: বাক্যে অবস্থিত ক্রিয়াপদের সাথে 'কীসের দ্বারা' বা 'কি উপায়ে' প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায়, তা-ই করণ কারক। করণ কারকে ৭মী বিভক্তির উদাহরণ হলোঃ হেলায় সুযোগ হারিও না। ফুলে ফুলে ঘর ভরেছে। লোকটা জাতিতে বৈষ্ণব। এ সুতায় কাপড় হয় না।

16. 'লোকসাহিত্য' সংগ্রহে অবদান রেখেছেন কে?

a) কেশবচন্দ্র সেন b) রজনীকান্ত সেন

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

c) দীনেশচন্দ্র সেন d) হীরালাল সেন **ans. C**

Solution: ড. দীনেশচন্দ্র সেন গ্রামবাংলার বিভিন্ন অঞ্চল ঘুরে প্রাচীন বাংলার পুঁথি সংগ্রহ করেন এবং বাংলা সাহিত্যের ইতিহাস রচনা করেন। লেখনীর মাধ্যমে তিনি গ্রামবাংলার লোকসাহিত্য বিশ্বদরবারে তুলে ধরেছেন। তিনি ছিলেন বাংলা সাহিত্যের ইতিহাসকার। তিনি গ্রামবাংলার লোকসাহিত্য ও পুঁথি সংগ্রহ করতেন। এরপর তিনি বিশ্বখ্যাত মৈমনসিংহ গীতিকা রচনা করেন। তাঁর সুবিখ্যাত গ্রন্থ হিস্ট্রি অব বেঙ্গলি লিটারেচার প্রকাশিত হলে তা সর্বমহলের ভূয়সী প্রশংসা অর্জন করে। সাহিত্য ও গবেষণায় অবদানের জন্য ব্রিটিশ সরকার তাঁকে 'রায় বাহাদুর' উপাধি দেয়। এ ছাড়া কলকাতা বিশ্ববিদ্যালয় তাঁকে ডিলিট ডিগ্রি প্রদান করে।

17. 'আগুন' এর সমার্থক শব্দ কোনটি?

a) ভাতি b) অনল

c) অংশ d) জ্যোতি **ans. B**

Solution: 'আগুন' এর সমার্থক শব্দঃ অনল, বহ্নি, পাবক, হুতাশন, বৈশ্বানর।

18. সাধু ও চলিত ভাষার পার্থক্য কোন পদে বেশি দেখা যায়?

a) বিশেষ্য ও ক্রিয়া b) বিশেষণ ও ক্রিয়া

c) বিশেষ্য ও বিশেষণ d) ক্রিয়া ও সর্বনাম **ans. D**

Solution: সাধু ভাষায় ক্রিয়া ও সর্বনাম পদগুলো সাধারণত দীর্ঘ হয়ে থাকে। যেমনঃ খাইতেছি, তাহারা ইত্যাদি। চলিত ভাষায় ক্রিয়া এবং সর্বনাম পদগুলো সংক্ষিপ্ত। যেমনঃ খাচ্ছি, তারা ইত্যাদি।

19. কোন শব্দটি শুদ্ধ বানানে লেখা হয়েছে?

a) ত্রিভুজ b) শূন্য

c) পূন্য d) ভূবন **ans. A & B**

Solution: শুদ্ধ বানান হলো 'ত্রিভুজ' এবং 'শূন্য'। আর 'পূন্য' এর শুদ্ধ বানান হলো 'পূণ্য' এবং 'ভূবন' এর শুদ্ধ বানান হলো 'ভুবন'।

20. কোন উপসর্গটি 'বাংলা' ও 'তৎসম' উভয় ক্ষেত্রে ব্যবহৃত হয়?

a) অ b) না

c) বে d) সু **ans. D**

Solution: বাংলা ও তৎসম উপসর্গ মিল রয়েছে চারটি। এগুলোঃ আ, সু, বি, নি। উল্লেখ্য, 'অ' হলো বাংলা উপসর্গ, 'না' এবং 'বে' হলো ফারসি উপসর্গ।

21. নিচের কোনটি 'মহাপ্রাণ' ধ্বনি?

a) ত b) ড

c) ঢ d) দ **ans. C**

Solution: অল্পপ্রাণ ও মহাপ্রাণ এবং অঘোষ ও ঘোষ স্পর্শ ব্যঞ্জন ও নাসিক্য ব্যঞ্জনগুলোকে নিচের ছকে দেখানো হলোঃ

উচ্চারণ স্থান	অঘোষ		ঘোষ		
	১. অল্পপ্রাণ	২. মহাপ্রাণ	৩. অল্পপ্রাণ	৪. মহাপ্রাণ	৫. নাসিক্য
কণ্ঠ	ক	খ	গ	ঘ	ঙ
তালু	চ	ছ	জ	ঝ	ঞ
মূর্ধা	ট	ঠ	ড	**ঢ**	ণ
দন্ত	ত	থ	দ	ধ	ন
ওষ্ঠ্য	প	ফ	ব	ভ	ম

উৎসঃ বাংলা ভাষার ব্যাকরণ (নবম ও দশম শ্রেণি)।

22. 'অভয়া' চরিত্রটি শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কোন উপন্যাসে রয়েছে?

a) পল্লী সমাজ b) শ্রীকান্ত

c) চন্দ্রনাথ d) পথের দাবী **ans. B**

Solution: 'শ্রীকান্ত' উপন্যাসের দ্বিতীয় খণ্ডের উল্লেখযোগ্য চরিত্র হলো অভয়া, রোহিনী, গুরুদেব, রাজলক্ষ্মী।

23. 'তৎসম' শব্দের ব্যবহার কোন রীতিতে বেশি হয়?

a) চলিত রীতি b) সাধু রীতি

c) মিশ্র রীতি d) আঞ্চলিক রীতি **ans. B**

Solution: বাংলা লেখ্য সাধু রীতি সুনির্ধারিত ব্যাকরণের নিয়ম অনুসরণ করে চলে এবং এর পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট। এ রীতি গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল। সাধু রীতি নাটকের সংলাপ ও বক্তৃতায় অনুপযোগী। এ রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদ এক বিশেষ গঠনপদ্ধতি মেনে চলে।

24. 'খনার বচন' কোন যুগে সমৃদ্ধি লাভ করে?

a) প্রাচীন যুগে b) মধ্য যুগের শেষে

c) প্রাচীন যুগের শেষে d) মধ্যযুগের শুরুতে **ans. D**

Solution: 'খনার বচন' কে বাংলা সাহিত্যের আদিযুগের সৃষ্টি বলে বিবেচনা করা হয়। কিন্তু এর সমৃদ্ধি হয় মধ্যযুগের শুরুতে। এগুলো খনা নামক একজন মহিলা দার্শনিক এর কৃষি বিষয়ক উক্তি। তবে এর কোন লিখিত নিদর্শন বর্তমানে নেই।

25. সমাস ভাষাকে কি করে?

a) সংক্ষেপ করে b) অর্থের রূপান্তর ঘটায়

c) অর্থপূর্ণ করে d) বিস্তৃত করে **ans. A**

Solution: সমাস মানে সংক্ষেপণ, মিলন, একাধিক পদের একপদীকরণ। অর্থসম্বন্ধ আছে এমন একাধিক শব্দের এক সঙ্গে যুক্ত হয়ে একটি নতুন শব্দ গঠনের প্রক্রিয়াকে সমাস বলে। তাই সমাস ভাষাকে সংক্ষেপ করে।

26. Which of the following is the analogy of WORSHIP : SACRIFICE?

a) Prediction : Augury

b) Weapon : Centurion

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

c) Massacre : Invasion
d) Burial : Mortuary **ans. A**

Solution: Worship – প্রকাশ করা হয়; পূজা করা; উপসানা করা। Sacrifice – উৎসর্গ। Prediction – ভবিষ্যৎবাণী। Augury – পূর্বলক্ষণ; শুভাশুভ লক্ষণ। Burial – সমাধি। Mortuary – মৃত্যু সংক্রান্ত, শবাগার। Massacre – নির্বিচার; নৃশংস হত্যাকাণ্ড। Invasion – আক্রমণ। Weapon – অস্ত্র। Centurion – একশ সদস্যবিশিষ্ট সেনাদলের নেতা।
ব্যাখ্যাঃ Worship করতে Sacrifice করতে হয়। আর Prediction করতে Augury করতে হয়।

27. Which of the following resembles MOCK : IMITATE?
a) Condense : Summarize
b) Taunt : Challenges
c) Adapt : Duplicate
d) Satirize : Charm **ans. A**

Solution: Mock – উপহাস বা বিদ্রুপ করা। Imitate – অনুকরণ করা। Condense – সংক্ষেপ করা। Summarize – সংক্ষিপ্ত করা। Taunt – বিদ্রুপ করা; কারো অনুভূতিতে আঘাত দেয়া। Challenge – প্রতিদ্বন্দ্বীতার আহ্বান। Adapt – খাপ খাওয়ানো। Duplicate – প্রতিলিপি; নকল। Satirize – বিদ্রুপের বিষয় করা। Charm – আকর্ষণীয়তা; মনোহারিতা।
ব্যাখ্যাঃ কাউকে Mock করতে হলে তাকে Imitate করতে হয়। কোন কিছু Condense করতে হলে Summarize করতে হয়।

28. What is the antonym of the word ABJURE?
a) Commingle b) Arbitrate
c) Espouse d) Appease **ans. C**

Solution: Abjure – বিশ্বাস; শপথ ইত্যাদি পরিহার করা। Commingle – সহমিশ্রিত করা। Arbitrate – মধ্যস্থতা করা। Espouse – সমর্থন দান করা।

29. Which of the following is the opposite of the word INHIBIT?
a) Encourage b) Curb
c) Debar d) Discourage **ans. A**

Solution: Inhibit – বাধাগ্রস্থকরা। Encourage – উৎসাহ। Curb – লাগাম; নিয়ন্ত্রণ করা। Debar – বাধা দেওয়া; বিরত রাখা। Discourage – নিরুৎসাহিত করা।

30. Select the term that contrasts INTRICATE
a) Foolish b) Simple
c) Straight forward d) Easy **ans. B**

Solution: Intricate – জটিল এর Contrast word (বিপরীত অর্থবোধক শব্দ) হলো Simple যার সরল। তাই উত্তর অপশন *b*). কিন্তু Foolish – বোকা। Straight forward – সৎ; সংগোপন নয় এমন। Easy – সহজ।

31. Antonym of the word FLAGITIOUS is-
a) Frivolous b) Ignorant
c) Vapid d) Innocent **ans. D**

Solution: Flagitious (ফ্লাজিশাস) – অতিদুর্বৃত্ত; পৈশাচিক আর এর বিপরীত হলো Innocent যার – নিষ্পাপ; নিদোষ। উত্তর অপশন *d*). Frivolous – চপল; তুচ্ছ; হালকা। Ignorant – অজ্ঞ; অবিদ্য; অনবহিত। Vapid – নীরস; বিস্বাদ; নিষ্প্রাণ।

32. The term ALACRITY is same as-
a) Suspicion b) Enthusiasm
c) Unwillingly d) Hesitatingly **ans. B**

Solution: Alacrity – উদ্যমপরতা; কর্মচাঞ্চল্য যার সমার্থক হলো Enthusiasm (প্রবল উৎসাহ) তাই উত্তর অপশন *b*). কিন্তু Suspicion – সন্দেহ বা সংশয়। Unwillingly – অনিচ্ছুক। Hesitatingly – দ্বিধাগ্রস্ত।

33. Complete the sentence with appropriate word: 'The aspiring candidate's performance in the debate all but ____ any hope he may have had of winning the election'.
a) Nullifies b) Encourages
c) Guarantees d) Accentuates **ans. A**

Solution: বাক্যটিতে All but (না - বোধক অর্থে ব্যবহৃত হয়েছে) থাকায় Nullify দ্বারা বুঝানো হচ্ছে যে প্রত্যাশিত প্রার্থীর জয় লাভের আশা ছিল। এছাড়া বাকি অপশনগুলি যে শব্দগুলি আছে তারা প্রায় সমার্থক। এজন্য এক্ষেত্রে সঠিক উত্তর অপশন *a*).
বাক্যের অর্থঃ তর্ক প্রতিযোগিতায় প্রার্থীর পারফরমেন্স নির্বাচনে জয়লাভের ব্যাপারে প্রত্যাশাকে বাতিল করে দেয় নি।

34. Pick appropriate word and complete the sentence: 'Philosophical problems arise when people ask questions that, though very ____, have certain characteristics in common'.
a) Relevant b) Elementary
c) Controversial d) Diverse **ans. D**

Solution: উল্লিখিত বাক্যে Though থাকায় বুঝা যাচ্ছে শূন্যস্থানে একটি Contrast word (বিপরীত শব্দ)

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

বসবে। কিসের বিপরীত শব্দ বসবে? উত্তর হলে Common. এখানে দেখুন People ask question that have certain characteristics in common. এখানে Though very এর পর Common এর বিপরীত শব্দ Diverse বসালে বাক্যটি অর্থপূর্ণ হয়। উল্লেখ্য, Diverse অর্থ নানা রকম; বিভিন্ন। আর Relevant অর্থ সম্পৃক্ত; প্রাসঙ্গিক। Elementary অর্থ প্রাথমিক। Controversial অর্থ বিতর্কিত; বিতর্ক তুলতে পারে এমন।

বাক্যের অর্থঃ যখন লোকজন কিছু খুব সাধারণ প্রশ্ন করে - যদিও কিছু বৈচিত্রময় তখনই দার্শনিক ভিত্তিক সমস্যা উদয় হয়।

35. Fill up the gap of the sentence 'I am accustomed ____ plain living' choosing right preposition.

a) to b) of
c) in d) by **ans. A**

Solution: বাক্যে Become/be accustomed to এর অর্থ হলো অভ্যস্ত হওয়া। আর Accustom oneself to অর্থ অভ্যস্ত করা। তাই সঠিক উত্তর অপশন *a*).

বাক্যের অর্থঃ আমি সরল জীবন যাপনে অভ্যস্ত।

36. Fill up the gap of the sentence 'We must not approve ____ such a conduct' selecting appropriate preposition.

a) for b) to
c) of d) with **ans. C**

Solution: বাক্যে সমর্থন করা অর্থে Approve of something বা Approve of somebody বসে। যেমনঃ I don't approve of criticising a person behind his back. তাই সঠিক উত্তর অপশন c).

বাক্যের অর্থঃ ওরকম আচরণ আমরা অবশ্যই সর্মথন করব না।

37. Choose the correct replacement of the underlined portion of the sentence 'If would have known about the traffic jam at the bridge, I would have taken the alternate route'

a) If I would have known about
b) If I could of known about
c) If I was aware of
d) Had I known about **ans. D**

Solution: নিচে তৃতীয় Conditional sentence এর যে দুটি শর্ত আছে, তা দেয়া হলোঃ

i) If + Past perfect + Would/ Could/ Might have + VPP.

Example: If I had been him, I would have give him the message.

ii) Had + Subject + VPP + Would/ Could/ Might have + VPP.

Example: Had I seen him, I would have given him the message.

বাক্যের অর্থঃ সেতুর উপর এতো জ্যামের কথা জানলে আমি বিকল্প রাস্তায় যেতাম।

38. Which of the following sentences is correct?

a) He agreed at my proposal
b) He agreed for my proposal
c) He agreed to my proposal
d) He agreed with my proposal **ans. C**

Solution: Agree to মানে প্রস্তাবে রাজি হওয়া। এখানে Proposal বা প্রস্তাবে রাজি হওয়া বুঝাচ্ছে বলে উত্তর হবে অপশন *c*) He *agreed to* my *proposal*. অন্যদিকে Agree with মানে ব্যক্তির সাথে সম্মত হওয়া।

বাক্যের অর্থঃ সে আমার প্রস্তাবে রাজী হয়েছিল।

39. Identify the correct sentence from the following-

a) The mobile set almost same like mine
b) The mobile set is almost same like me
c) The mobile set is almost same like myself
d) The mobile set is almost the same as mine **ans. D**

Solution: ইংরেজি বাক্যে "একই ধরনের বা দেখতে প্রায় একই" বুঝাতে "The same as" phrase টি বসে। এক্ষেত্রে Same like এর অস্তিত্ব দেখা যায় না। তাই উত্তর অপশন *d*).

বাক্যের অর্থঃ মোবাইলটি প্রায় আমার মোবাইলের মতোই।

40. Which underlined part of the following sentence has an error?

The most (*a*) **difficult job is to band** (*b*) **and then lifting** (*c*) **the weight.** (*d*) **ans. C**

Solution: এটি Parallelism of sentence এর প্রশ্ন। দেখুন বাক্যের প্রথমে Verb এর রূপ হলো To band কিন্তু পরবর্তীতে Verb এর সাথে 'ing' হয়ে Lifting হয়েছে যা বাক্যের Parallelism নষ্ট করেছে। এজন্য Lifting না হয়ে To lift হলে বাক্যটি শুদ্ধ হতো। তাই সঠিক উত্তর অপশন *c*).

বাক্যের অর্থঃ ওজন যন্ত্রটি বাধা ও উঠানো সবচেয়ে দুঃসাধ্য কাজ।

41. Select the appropriate word for expressing

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

the sentence 'One who cannot be corrected'-

a) Incurable b) Hardened
c) Incorrigible d) Invulnerable **ans. C**

Solution: যাকে সংশোধন করা যায় না (One who can not be corrected) কে এক কথায় বলে Incorrigible. তাই সঠিক উত্তর অপশন *c*). আর Incurable অর্থ অনারোগ্য। Hardened অর্থ মজবুত করা হয়েছে এমন। Invulnerable অর্থ আহত বা ক্ষতিগ্রস্ত করা যায় না এমন।

42. **'Decision that cannot be taken back.' —— the sentence can be expressed by which of the following word?**

a) Irrevocable b) Rigid
c) Order d) Brief **ans. A**

Solution: এমন সিদ্ধান্ত যা অপরিবর্তনীয় (Decision that can not be taken back) কে এক কথায় Irrevocable. তাই উত্তর অপশন *a*). কিন্তু Rigid অর্থ শক্ত; অনড়। Order অর্থ ক্রম; আদেশ। Brief অর্থ সংক্ষিপ্ত বিবৃতি।

43. **Which of the following spelling is correct?**

a) Adulteration b) Addulteration
c) Adultration d) Addultration **ans. A**

Solution: Adulteration – ভেজাল; অপমিশ্রণ।

44. **What is passive form of the sentence "We teach him a good lesson"?**

a) He is teaching a good lesson by us
b) He is being taught a good lesson by us
c) He has been taught a good lesson by us
d) He is taught a good lesson by us **ans. D**

Solution: এক্ষেত্রে Present indefinite tense কে Passive করার নিয়ম হলো: Subject + is/am/are + verb এর p.p. রূপ + object + by + অবশিষ্ট।
বাক্যের অর্থঃ আমাদের দ্বারা তার একটি ভালো শিক্ষা হয়েছে।

45. **Choose the correct spelling from the following-**

a) Rebelious b) Rebelieous
c) Rebellious d) Revellious **ans. C**

Solution: Rebellious – বিদ্রোহী।

46. **Which of the following words is not a singular?**

a) Every b) Datum
c) Agenda d) Each **ans. C**

Solution: এখানে Every, datum এবং Each এগুলো Singular number. কিন্তু Agenda হলো Plural Number যার Singular হলো Agendum.

47. **The phrase "Down-to-earth" means-**

a) Close to nature b) Soft hearted
c) Thrown to the ground d) Realistic **ans. D**

Solution: Down-to-earth = বাস্তব = Realistic. উল্লেখ্য, Close to nature – প্রকৃতির কাছাকাছি। Soft hearted – নরম হৃদয়ের। Thrown to the ground – ভূমিতে নিক্ষেপিত।

48. **Which of the following is correct?**

a) Twenty miles is a long distance
b) Twenty miles are a long distance
c) Twenty mile is a long distance
d) Twenty mile are a ling distance **ans. A**

Solution: "Twenty miles" is considered a singular unit of distance. তাই এর পর Verb এর Singular form হবে।

49. **'At arm's length' means-**

a) Length of arm b) At a distance
c) Insult d) Very near **ans. B**

Solution: At arm's length অর্থ দূরে যার সমার্থক হলো At a distance. তাই উত্তর অপশন *b*). কিন্তু Length of arm অর্থ বাহুর দূরত্ব। At a distance অর্থ একটি দূরত্বে। Insult অর্থ অপমান।

50. **Choose the indirect speech of: Rahim said, 'I must post the letter'.**

a) Rahim said he must post the letter
b) Rahim said that he must post the letter
c) Rahim said that he had to post a letter
d) Rahim said he has to post the letter **ans. D**

Solution: Direct speech এ Reporting verb টি Past tense এ থাকলে Indirect narration এ অবশ্য করণীয় অর্থে Must সাধারণত 'had to' তে রূপান্তরিত হয়। তবে অপশনে 'had to' না থাকলে Must নিতে হবে।
বাক্যের অর্থঃ রহিম বলেছিল যে সে অবশ্যই চিঠি পোস্ট করবে।

51. $2^{12}+2^{12}+2^{12}+2^{12}=?$

a) 4^{13} b) 2^{14}
c) 2^{16} d) 2^{48} **ans. B**

Solution: দেয়া আছে, $2^{12}+2^{12}+2^{12}+2^{12}$
$= 2^{12}(1+1+1+1)$
$= 2^{12} \times 4$
$= 2^{12} \times 2^2$
$= 2^{12+2}$

Recent Publication
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

$= 2^{14}$

52. Which of the following is not equal to 0.0675?

a) 67.5×10^{-3} b) 6.75×10^{-2}

c) 0.675×10^{-1} d) 0.00675×10^{2} **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, নিচের কোনটি 0.0675 এর সমান নয়?

এখানে, অপশন *a*) তে আছে,

$67.5 \times 10^{-3} = \frac{67.5}{10^3} = \frac{67.5}{1000} = 0.0675$

অপশন *b*) তে আছে,

$6.75 \times 10^{-2} = \frac{6.75}{10^2} = \frac{6.75}{100} = 0.0675$

অপশন *c*) তে আছে,

$0.675 \times 10^{-1} = \frac{0.675}{10} = 0.0675$

কিন্তু, অপশন *d*) তে আছে,

$0.00675 \times 10^2 = 0.00675 \times 100 = 0.675$

53. If $(3x + 2y) = 8$ and $(2x - 2y) = 2$, then find the value of $(4 - 3x)$

a) 1.5 b) 3

c) -2 d) -2.5 **ans. C**

Solution: দেয়া আছে, $3x + 2y = 8$ এবং $2x - 2y = 2$

$3x + 2y = 8$ ..... *(i)*

$2x - 2y = 2$ ..... *(ii)*

$5x = 10$

$\therefore \quad x = \frac{10}{5}$

$\therefore \quad 4 - 3x = 4 - 3 \times 2 = 4 - 6 = -2$

54. In a group of buffaloes and ducks, the number of legs is 24 more than twice the number of heads. What is the number of buffaloes?

a) 12 b) 10

c) 08 d) 06 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, মহিষ ও হাঁসের একটি খামারে পায়ের সংখ্যা মাথার সংখ্যার দ্বিগুণের চেয়ে আরো ২৪টি বেশি। মহিষের সংখ্যা কত?

ধরি, মহিষ আছে x টি এবং হাঁস আছে y টি

$\therefore$ মাথার সংখ্যা $(x + y)$ টি

এবং পায়ের সংখ্যা $(4x + 2y)$ টি

প্রশ্নমতে, $4x + 2y = 2(x + y) + 24$

$\Rightarrow \quad 4x + 2y = 2x + 2y + 24$

$\Rightarrow \quad 2x = 24$

$\therefore \quad x = 12$

অর্থাৎ মহিষের সংখ্যা 12 টি।

55. An employee may claim Tk. 7 for each kilometer when he travels by taxi and Tk. 6 for each kilometer when he drives his own car. If in one week he claimed Tk. 900 for travelling 135*km.* how many kilometers did he travel by taxi?

a) 90 *km* b) 100 *km*

c) 110 *km* d) 120 *km* **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, ট্যাক্সিতে প্রতি কিলোমিটার 7 টাকা করে এবং নিজের গাড়িতে প্রতি কিলোমিটার 6 টাকা করে ভাড়া দাবি করা হলে 135 *km* এর জন্য 900 টাকা দাবি করা হলে ট্যাক্সিতে কত কিলোমিটার গিয়েছিলেন?

ধরি, ট্যাক্সিতে গিয়েছেন x কিলোমিটার

এবং গাড়িতে y কিলোমিটার

প্রশ্নমতে, $x + y = 135$

$\therefore \quad x = 135 - y$ ..... *(i)*

আবার প্রশ্নমতে, $7x + 6y = 900$

$\Rightarrow \quad 7(135 - y) + 6y = 900$

$\Rightarrow \quad 945 - 7y + 6y = 900$

$\therefore \quad y = 45$

y এর মান *(i)* নং সমীকরণে বসাই

$\therefore \quad x = 135 - 45 = 90$

56. A School has a total of 90 students. There are 30 students taking Physics, 25 taking English, and 13 taking both. Approximately what percentage of the students is taking either Physics or English?

a) 32% b) 36%

c) 47% d) 51% **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একটি স্কুলে মোট 90 জন শিক্ষার্থী আছে। 30 জন পদার্থ, 25 জন ইংরেজি এবং 13 জন শিক্ষার্থী উভয়ই নিয়েছে। প্রায় শতকরা কতজন শিক্ষার্থী পদার্থ বা ইংরেজি নিয়েছে?

এখানে, পদার্থ বা ইংরেজি নিয়েছে

$= 30 + 25 - 13 = 42$ জন

$\therefore$ নির্ণেয় শতকরা $= \frac{42}{90} \times 100 = 46\frac{2}{3}\%$ বা 47% (প্রায়)

57. The average temperature for the first 4-days of a week is 40.2° C and that of the last 4-days is 41.3° C. If the average temperature for the whole week is 40.6° C, then the temperature on the fourth day is-

a) 38.5° b) 40.8° C

c) 41.3° C d) 41.8° C **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, এক সপ্তাহে প্রথম 4 দিনের গড় 40.2° C. আবার শেষের 4 দিনের গড় 41.3° C. সারা সপ্তাহের গড় তাপমাত্রা 40.6° C হলে চতুর্থ দিনের

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

তাপমাত্রা কত ছিল?

৪র্থ দিনের গড় $= 40.2 \times 4 + 41.3 \times 4 - (40.6 \times 7)$

$= (160.8 + 165.2 - 284.2)^\circ C$

$= (326 - 284.2)^\circ C$

$= 41.8^\circ C$

58. There are two numbers where the sum of twice the first number and thrice the second number is 100. And the sum of thrice the first number and twice the second number is 120. Which is the largest number?

a) 32 b) 12

c) 35 d) 14 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, দুটি সংখ্যার মধ্যে একটির দ্বিগুণ ও অপরটির তিনগুণ যোগ করলে যোগফল 100 হয়। আবার, একটির তিনগুণ ও অপরটির দ্বিগুণ যোগ করলে যোগফল 120 হয়। বড় সংখ্যাটি কত?

ধরি, বড় সংখ্যাটি x এবং ছোট সংখ্যাটি y

প্রশ্নমতে, $2x + 3y = 100$ ..... (i)

$3x + 2y = 120$ ..... (ii)

এখন সমীকরণ $(i) \times 3 + (ii) \times 2$ করে আমরা পাই,

$6x + 9y = 300$

$6x + 4y = 240$

$5y = 60$

$\therefore y = 12$

y এর মান (i) এ বসাই

$2x + (3 \times 12) = 100$

$\Rightarrow 2x = 100 - 36 = 64$

$\therefore x = 32$

59. The interest charged in loan is 'P' per Tk. 1,000 for the first quarter (3 months), and 'O' per Tk. 1,000 for each month after the first quarter. How much interest will be charged for the first year on Tk. 10,000?

a) 10(P + Q) b) 10(P + 9Q)

c) 4P + 9Q d) None **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে ১ম তিন মাসের জন্য 1,000 টাকার উপর P টাকা ও পরবর্তী প্রতি 3 মাসের 1,000 টাকার উপর Q টাকা সুদ আরোপ করা হলে 10,000 টাকার উপর ধার্যকৃত সুদ কত হবে?

১ম তিনমাসের জন্য সুদ $= \frac{10000 \times P}{1000} = 10P$

১ম Quarter এর পর সুদ $= \frac{9 \times Q \times 10000}{1000} = 90Q$

$\therefore$ মোট সুদ $= 10P + 90Q = 10(P + 9Q)$

60. X sells an item to Y at a profit of 28% on his cost and sells the same item to Z at a loss of 25% on his cost. If Y thus sold the item to Z a Tk. 2 less than the item to X, Ten what is the cost of the item to X?

a) Tk. 200 b) Tk. 150

c) Tk. 100 d) Tk. 50 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, X একটি দ্রব্য Y কে 28% লাভে বিক্রয় করে এবং Z এর নিকট দ্রব্য 25% ক্ষতিতে বিক্রয় করে। তখন Y পণ্যটি X এর চেয়ে 2 টাকা কমে Z এর নিকট বিক্রয় করলে X এর ক্রয়মূল্য কত?

ধরি, X এর ক্রয়মূল্য x

28% লাভে x এর বিক্রয়মূল্য $= 128\%$ of $x = 1.28x$ টাকা

আবার, 25% ক্ষতিতে y এর বিক্রয়মূল্য $= 75\%$ of $1.28x = 0.75 \times 1.28x$ টাকা

প্রশ্নমতে, $0.75 \times 1.28x = x - 2$

$\Rightarrow 0.96x = x - 2$

$\Rightarrow x - 0.96x = 2$

$\Rightarrow 0.04x = 2$

$\therefore x = \frac{2}{0.04} = 50$ টাকা

61. A salesman receive daily wage of Tk. 250 and earns a commission of 15% on all sales he makes. How much take worth of sales does he need to make in order to bring his total daily income of Tk. 1,000?

a) Tk. 6000 b) Tk. 5500

c) Tk. 5000 d) Tk. 4500 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একজন ব্যক্তি দৈনিক 250 টাকা মজুরি পান এবং মোট বিক্রয়ের উপর আরো 15% কমিশন পান। কত টাকা বিক্রয় হলে তার দৈনিক মজুরি 1,000 টাকা হবে?

1,000 টাকার মজুরিতে কমিশন হতে হবে

$= 1,000 - 250 = 750$ টাকা

এখন, 15 টাকা কমিশন পান মোট বিক্রয় = 100 টাকা হলে

$\therefore$ 750 টাকা কমিশন পান মোট বিক্রয় $= \frac{100 \times 750}{15}$

$= 5,000$ টাকা

অর্থাৎ মোট বিক্রয় করতে হবে 5,000 টাকা।

62. A train travels 360*km* at a uniform speed. If the speed had been 5*km/hr* more, it would have taken 1 hour less for the same journey. Find the speed of the train.

a) 30km/hr b) 40km/hr

c) 50km/hr d) 60km/hr **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি ট্রেন 360*km* পথ সুষম গতিতে চলে। গতিবেগে 5 *kmph* বেশি হলে ট্রেনটি ভ্রমণ 1 ঘণ্টা সময় কম নিতো। ট্রেনের গতিবেগ কত?

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

ধরি, ট্রেনের গতিবেগ x *kmph*

প্রশ্নমতে, $\frac{360}{x} - \frac{360}{x+5} = 1$

$\Rightarrow \frac{360(x+5) - 360x}{x(x+5)} = 1$

$\Rightarrow \frac{360x + 1800 - 360x}{x^2 + 5x} = 1$

$\Rightarrow 1,800 = x^2 + 5x$

$\Rightarrow x^2 + 5x - 1,800 = 0$

$\Rightarrow x^2 + 45x - 40x - 1,800 = 0$

$\Rightarrow x(x+45) - 40(x+45) = 0$

$\Rightarrow (x+45)(x-40) = 0$

এখানে, হয় $x - 40 = 0$ কিন্তু, $x = -45$ [গ্রহণযোগ্য নয়]

$\therefore x = 40$

$\therefore$ নির্ণেয় গতিবেগ 40 *kmph*.

63. A man's investment doubles in every 5 Years. If he invested Tk. 5,000 in each of the years 2010, 2015, 2020 then what will be the amount received by him in 2025?

a) Tk. 30,000 b) Tk. 70,000

c) Tk. 80,000 d) Tk. 1,50,000 ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, প্রতি ৫ বছর পর পর এক ব্যক্তির বিনিয়োগ দ্বিগুণ হয়। ২০১০, ২০১৫ এবং ২০২০ সালে সে যদি ৫,০০০ টাকা করে বিনেয়োগ করে তবে ২০২৫ সালে সে কত পাবে?

2010	2015	2020	2025
5,000	10,000	20,000	40,000
	5,000	10,000	20,000
	5,000		10,000
			70,000

64. In a family the father took $\frac{1}{4}$ of the cake and had 3 times as much as each of the other members had. The total number of family member is-

a) 3 b) 7

c) 10 d) 12 ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একটি পরিবারে বাবা কেকের $\frac{1}{4}$ অংশ নিল এবং ঐ পরিবারে যত সংখ্যাক সদস্য ছিল পিতা কেক নেয়ার পর তার তিনগুণ কেক অবশিষ্ট থাকলো। পরিবারের সদস্য সংখ্যা কত?

ধরি, পিতা ব্যতীত ঐ পরিবারের সদস্য সংখ্যা x জন

পিতা নেয় $\frac{1}{4}$ অংশ

$\therefore$ অবশিষ্ট থাকে $= 1 - \frac{1}{4} = \frac{3}{4}$ অংশ

$\therefore$ প্রতিটি সদস্য পাবে $= \frac{\frac{3}{4}}{x} = \frac{3}{4x}$ অংশ

প্রশ্নমতে, $3 \times \frac{3}{4x} = \frac{1}{4}$

$\Rightarrow 4x = 36$

$\therefore x = 9$

$\therefore$ পিতাসহ সদস্য সংখ্যা $= 9 + 1 = 10$ জন।

65. In 10 years, A will be twice as old as B was 10 years ago. If A is now 9 years older than B, then the present age of B is -

a) 19 years b) 29 years

c) 39 years d) 19 years ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, 10 বছর পূর্বে B এর যত বয়স ছিল 10 বছর পর A এর বয়স তার দ্বিগুণ হবে। বর্তমানে A, B এর চাইতে 9 বছরের বড় হলে বর্তমানে B এর বয়স কত?

ধরি, বর্তমানে B এর বয়স $= x$ বছর

$\therefore$ বর্তমানে A এর বয়স $= (x+9)$ বছর

10 বছর পূর্বে B এর বয়স ছিল $(x-10)$ বছর

প্রশ্নমতে, $(x+9) + 10 = 2(x-10)$

$\Rightarrow x + 19 = 2x - 20$

$\Rightarrow x - 2x = -20 - 19$

$\therefore x = 39$

অর্থাৎ B এর বর্তমান বয়স 39 বছর।

66. A natural number when increased by 12, equals 160 times reciprocal. The number is

a) 16 b) 8

c) 6 d) 18 ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একটি স্বাভাবিক সংখ্যার সাথে 12 যোগ করা হলে প্রাপ্ত সংখ্যাটি ঐ সংখ্যার বিপরীত সংখ্যার 160 গুণ হয়। সংখ্যাটি কত?

ধরি, সংখ্যাটি x

$\therefore$ এর বিপরীত সংখ্যা হবে $\frac{1}{x}$

প্রশ্নমতে, $x + 12 = \frac{1}{x}$ এর 160

$\Rightarrow x + 12 = \frac{160}{x}$

$\Rightarrow x^2 + 12x - 160 = 0$

$\Rightarrow x^2 + 20x - 8x - 160 = 0$

$\Rightarrow x(x+20) - 8(x+20) = 0$

$\Rightarrow (x+20)(x-8) = 0$

হয়, $x - 8 = 0$ অথবা, $x + 20 = 0$

$\therefore x = 8$ $\therefore x = -20$ [প্রশ্নে স্বাভাবিক সংখ্যা বলা তাই (–) মান গ্রহণযোগ্য নয়।]

67. The mean of the data set of 1,000 items is 5 from each item 3 is subtracted and then each number is multiplied by 2. The new

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

mean will be

a) 4 b) 5
c) 6 d) 7 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে 1,000 টি তথ্যের গড় 5. প্রতিটি তথ্য থেকে 3 বিয়োগ করে আবার প্রতিটি তথ্যকে 2 দ্বারা গুণ করা হলে নতুন গড় কত হবে?

এখানে, তথ্যসমূহের সমষ্টি $= 1,000 \times 5 = 5,000$

প্রতিটি তথ্য হতে 3 বিয়োগ করলে বিয়োগফল $= 5,000 - (1,000 \times 3) = 5,000 - 3,000 = 2,000$

এখন, প্রতি তথ্যকে 2 দ্বারা গুণ করলে গুণফল হবে $= 2,000 + 2(1,000) = 2,000 + 2,000 = 4,000$

অতএব, নতুন গড় হবে $= \frac{4000}{1000} = 4$

***68.* The measurement of a rectangle is 16 feet by 12 feet. What is the area of the smallest circle that can cover this rectangle entirely (so that no part of the rectangle is outside the circle)?**

a) 100π sq. ft b) 100 sq. ft
c) 192 sq. ft d) 128π sq. ft **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 16 ফুট এবং প্রস্থ 12 ফুট। এই আয়তক্ষেত্র ক্ষুদ্রতম কত ক্ষেত্রফল বিশিষ্ট বৃত্তে অন্তর্লিখিত হতে পারে যাতে আয়তক্ষেত্রের কোনো অংশই বৃত্তের বাইরে না থাকে?

প্রশ্নানুযায়ী চিত্রটি অঙ্কন করিঃ

এখানে, ABCD একটি বৃত্তস্থ আয়তক্ষেত্র।

যেখানে AB = 16 ফুট এবং BC = 12 ফুট।

ΔABC হলো সমকোণী ত্রিভুজ।

$\therefore (AC)^2 = (AB)^2 + (BC)^2$

$\Rightarrow AC^2 = 16^2 + 12^2 = 256 + 144 = 400$

$\therefore AC = \sqrt{400} = \sqrt{20^2} = 20$ ফুট



এখন, আয়তক্ষেত্রের এই কর্ণই (AC) হলো 20 ফুট বৃত্তের ব্যাস।

$\therefore$ ব্যাসার্ধ $r = \frac{20}{2}$ মিটার $= 10$ ফুট

$\therefore$ উক্ত বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2 = \pi \times 10^2 = 100\pi$ বর্গফুট

***69.* The perimeter of rectangle is 200 meters. The breadth is $\frac{3}{7}$ part of the length. What is the length?**

a) 30*m* b) 50*m*
c) 60*m* d) 70*m* **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি আয়তক্ষেত্রের পরিসীমা 200 মিটার। এর প্রস্থ দৈর্ঘ্যের $\frac{3}{7}$ অংশ হলে দৈর্ঘ্য কত?

ধরি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য x মিটার

$\therefore$ আয়তক্ষেত্রের প্রস্থ $= \frac{3x}{7}$ মিটার

প্রশ্নমতে, $2\left(x + \frac{3x}{7}\right) = 200$

$\Rightarrow 2x + \frac{6x}{7} = 200$

$\Rightarrow \frac{14x + 6x}{7} = 200$


$\Rightarrow 20x = 1,400$

$\therefore x = \frac{1400}{20} = 70$ মিটার

অর্থাৎ দৈর্ঘ্য 70 মিটার।

***70.* In the figure, DE is parallel to BC. If the area of a triangle ADE is half that of trapezoid DECB, What is the ratio of AE to AC-**

a) 1 : 2 b) $1 : \sqrt{2}$
c) 1 : 3 d) $1 : \sqrt{3}$ **ans. D**



Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, চিত্রে DE || BC. একটি ত্রিভুজ ADE এর ক্ষেত্রফল DECB ট্রাপিজিয়ামের ক্ষেত্রফলের অর্ধেক হলে AE : AC কত হবে?

এখানে, DE || BC বলে

$\angle ADE = \angle ABC$ এবং $\angle AED = \angle ACB$

অতএব, ΔADE এবং ΔABC হলো সদৃশ ত্রিভুজ।

$\therefore \frac{AD}{AB} = \frac{AE}{AC}$

এখন আমরা জানি, সদৃশ ত্রিভুজের অনুপাত সদৃশ বাহুদ্বয়ের বর্গের অনুপাতের সমান।

$\therefore \frac{\Delta ADE}{\Delta ABC} = \left(\frac{AD}{AB}\right)^2 = \left(\frac{AE}{AC}\right)^2$

$\Rightarrow \frac{1}{3} = \left(\frac{AE}{AC}\right)^2$

$\Rightarrow \frac{AE}{AC} = \sqrt{\frac{1}{3}}$

$\therefore AE : AC = \frac{1}{\sqrt{3}} = 1 : \sqrt{3}$

***71.* Which of the following countries is the closest competitor of Bangladesh in the global RMG business?**

a) India b) China

Recent Publication
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

c) Vietnam d) Sri Lanka **ans. C**

Solution: পোশাক শিল্পপণ্য রপ্তানিতে বাংলাদেশের নিকটবর্তী প্রতিযোগী দেশ হলো ভিয়েতনাম। পোশাক রপ্তানিতে কখনও বাংলাদেশ এগিয়ে যায়, আবার কখনও বাংলাদেশকে পেছনে ফেলে ভিয়েতনাম এগিয়ে যায়।

72. Which one is the second highest mountain on the earth?

a) Makalu b) Himalayas
c) Annapurna d) K2 **ans. D**

Solution: সমুদ্রপৃষ্ঠ থেকে K2 এর উচ্চতা ৮ হাজার ৬১১ মিটার বা ২৮ হাজার ২৫১ ফুট। ৮ হাজার ৮৪৮ মিটার বা ২৯ হাজার ০২৯ ফুট উচ্চতার মাউন্ট এভারেস্টের তুলনায় K2 মাত্র ২৩৭ মিটার বা ৭৭৮ ফুট ছোট। হিমালয় পর্বতমালার কারাকোরাম পর্বতমালার অন্তর্গত এই পর্বতশৃঙ্গটি পাকিস্তানের গিলগিত-বালতিস্তান ও চীনের জিংজিয়ানের তাক্সকোরগান সীমান্তে অবস্থিত।

73. 1 kilogram is equal to-

a) 2.21 Ibs b) 2.32 Ibs
c) 2.00 Ibs d) 1.89 Ibs **ans. A**

Solution: 1 kilogram = 2.21 Ibs. উল্লেখ্য,

পাউন্ড	0.01 পাউন্ড	0.1 পাউন্ড	1 পাউন্ড	2 পাউন্ড
কিলোগ্রাম	0.00453 কেজি	0.04535 কেজি	0.45359 কেজি	0.90718 কেজি

74. According to the 'Global Zero Campaign', all nuclear weapons will be dismantled by-

a) 2050 b) 2030
c) 2060 d) 2080 **ans. B**

Solution: Global Zero is an international non-partisan group of 300 world leaders dedicated to achieving the elimination of nuclear weapons. The initiative, launched in December 2008, promotes a phased withdrawal and verification for the destruction of all devices held by official and unofficial members of the nuclear club. The Global Zero campaign works toward building an international consensus and a sustained global movement of leaders and citizens for the elimination of nuclear weapons.

75. What is the name of the currency of Ukraine?

a) Ukrainian hryvnia b) Ukrainian Ruble
c) Ukrainian Dollar d) Lev **ans. A**

Solution: ইউক্রেনের মুদ্রার নাম ইউক্রেনীয় রিভনিয়া এবং আইনসভার নাম ভেরখোভনা রাদা। ইউরোপের দ্বিতীয় বৃহত্তম রাষ্ট্র ইউক্রেন। এর পশ্চিমে পোল্যান্ড, স্লোভাকিয়া ও হাঙ্গেরি, দক্ষিণ-পশ্চিমে রোমানিয়া ও মলডোভা, দক্ষিণে কৃষ্ণ সাগর, পূর্বে ও উত্তর-পূর্বে রাশিয়া এবং উত্তরে বেলারুশ।

76. How many times has the SAARC Summit been held in Bangladesh?

a) 5 b) 3
c) 2 d) 4 **ans. B**

Solution: বাংলাদেশে এ পর্যন্ত ৩ বার SAARC সম্মেলন অনুষ্ঠিত হয়।

প্রথম সম্মেলন	দ্বিতীয় সম্মেলন	তৃতীয় সম্মেলন
অনুষ্ঠিত হয় ৭ - ৮ ডিসেম্বর ১৯৮৫ সালে (১ম)	অনুষ্ঠিত হয় ১০ - ১১ এপ্রিল ১৯৯৩ সালে (৭ম)	অনুষ্ঠিত হয় ১২ - ১৩ নভেম্বর ২০০৫ সালে (১৩তম)

77. Qatar is located in-

a) Western Asia b) Northern Asia
c) East Asia d) South Asia **ans. A**

Solution: কাতার পারস্য উপসাগরের একটি দেশ। এটি আরব উপদ্বীপের পূর্ব উপকূল থেকে উত্তর দিকে প্রসারিত কাতার উপদ্বীপে অবস্থিত। কাতারের আয়তন ১১,৪৩৭ বর্গ কিলোমিটার। কাতার বিশ্বের ষষ্ঠ সর্বোচ্চ মাথা পিছু আয়ের দেশ। কাতার বিশ্বের দ্বিতীয় সর্বোচ্চ গ্যাস রপ্তানি কারক দেশ। কাতার ব্রিটিশদের কাছ থেকে ৩ সেপ্টেম্বর ১৯৭১ সালে স্বাধীনতা পায়। এই দেশের মুদ্রাকে বলা হয় কাতারি রিয়্যাল। কাতারের রাজধানী দোহা।

78. Which country/countries are separated by the Radcliffe Line?

a) Bangladesh-India
b) India-Pakistan
c) Bangladesh-Myanmar
d) All of these **ans. B**

Solution: ১৯৪৭ সালে স্যার সাইরিল র‍্যাডক্লিফ ভারত-পাকিস্তানের মধ্যে 'লাইন অব কন্ট্রোল' সীমারেখা দিয়ে বিভক্ত করেন। র‍্যাডক্লিফ লাইনগুলো হলোঃ বাংলাদেশ-ভারত; বাংলাদেশ-মিয়ানমার; ভারত-পকিস্তান।

র‍্যাডক্লিফ লাইন	ভারত-পাকিস্তান
মিলিটারি ডিমারকেশন লাইন নর্দার্ন লিমিট লাইন	উত্তর কোরিয়া-দক্ষিণ কোরিয়া
ডুরান্ড লাইন	আফগানিস্তান-পাকিস্তান

79. The first all-Indian Emperor of ancient India was-

a) Bindusara b) Sarvarthasiddh
c) Chandragupta Maurya d) Ashoka **ans. C**

Solution: প্রাচীন ভারতে সাম্রাজ্যের বিকাশ ঘটে খ্রিস্টপূর্ব চতুর্থ শতকে। মৌর্য সাম্রাজ্যই ভারতের ইতিহাসে প্রথম সর্বভারতীয় সাম্রাজ্য। মৌর্য সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন চন্দ্রগুপ্ত মৌর্য। তিনি ছিলেন প্রথম সম্রাট যিনি বৃহত্তর

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

ভারতের অধিকাংশকে এক শাসনে আনতে সক্ষম হয়েছিলেন। মৌর্য সম্রাটরা বহু-বিভক্ত ভারতকে ঐক্যবদ্ধ করে এক বিশাল সাম্রাজ্য প্রতিষ্ঠা করেছিলেন। মৌর্য বংশের দুই জন সম্রাট- চন্দ্রগুপ্ত মৌর্য ও অশোক বিশ্বব্যাপী খ্যাতি অর্জন করেছিলেন রাজ্য বিজয়, সুশৃঙ্খল শাসনব্যবস্থা প্রতিষ্ঠা এবং ধর্ম প্রচারের ক্ষেত্রে।

80. Which of the following is/are Breton Woods Institution/Institutions?
a) IMF b) World Bank
c) WTO d) Both a & b ***ans.* D**

Solution: ১৯৪৪ সালের জুলাই মাসে যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ারের ব্রেটন উডস নামক স্থানে জাতিসংঘ মুদ্রা ও অর্থ বিষয়ক সম্মেলন অনুষ্ঠিত হয়। আর সেই সম্মেলনে দুটি প্রতিষ্ঠান সৃষ্টি করার সিদ্ধান্ত নেওয়া হয়ঃ আইএমএফ এবং পুনর্গঠন ও উন্নয়নের জন্য আন্তর্জাতিক ব্যাংক বা বিশ্বব্যাংক।

81. The headquarter of IDA is located in-
a) Washington DC b) Geneva
c) Vienna d) Rome ***ans.* A**

Solution: IDA যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে এর সদর দপ্তর অবস্থিত। IDA (International Development Association) বা আন্তর্জাতিক উন্নয়ন সমিতি। IDA হলো বিশ্বব্যাংকের একটি অঙ্গসংস্থা। এটি IDA, Soft Loan Window নামেও পরিচিত।

82. Which of the following is the hardest rock?
a) Granite b) Coal
c) Chalk d) Diamond ***ans.* D**

Solution: হীরা বর্ণহীন, স্বচ্ছ, স্ফটিকাকার কঠিন পদার্থ। প্রাকৃতিক জগতের সর্বাপেক্ষা কঠিন পদার্থ হলো হীরক। হীরকের আপেক্ষিক গুরুত্ব সবচেয়ে বেশি। হীরককে হীরক ব্যতিত অন্য কোন পদার্থ দ্বারা কাটা যায় না। এতে কার্বনের পরিমাণ শতকরা ১০০%। আসল হীরা চেনার উপায় হল এর ভেতর দিয়ে রঞ্জন রশ্মি যেতে পারে না। কাঁচ কাটার জন্য হীরক ব্যবহৃত হয়। হীরকের বৈশিষ্ট্যঃ আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন ঘটে। সংকট কোণ ২৪ ডিগ্রী। এরা সবচেয়ে কঠিন পদার্থ এবং বিদ্যুৎ অপরিবাহী। চূর্ণ রং তৈরিতে ব্যবহার করা হয় ও কাঁচ কাটতে ব্যবহার করা হয়।

83. Which one is the top country in terms of per capita greenhouse gas emission?
a) Japan b) China
c) USA d) Brazil ***ans.* C**

84. The first Indigo Revolt was introduced in which district of Bangladesh?
a) Magura b) Faridpur
c) Jashore d) Rangpur ***ans.* C**

Solution: নীল বিদ্রোহর বারুদ রুদ্র কণ্ঠস্বর চৌগাছা। যার বিদ্রোহের ইতিহাস দীপ্তমান সূচনা। ভারত উপমহাদেশের মাটি নীল চাষের জন্য বিশেষ উপযোগী হওয়ায় বৃটিশ নীলকরেরা নীলচাষে বিপুল পুঁজি বিনিয়োগ করে। নদীয়া, যশোর, বগুড়া, রংপুর ইত্যাদি জেলায় নীলচাষ শুরু হয়। উনিশ শতকের শেষের দিকে নীলচাষ অর্থনৈতিক ভাবে লাভজনক না হওয়ায় কৃষকরা ধান ও পাট চাষের দিকে ঝুঁকে পড়ে। বৃটিশ নীলকরেরা অত্যাচার আর নিপীড়নের মাধ্যমে নীলচাষে বাধ্য করলে আন্দোলন গড়ে ওঠে। এরই ধারাবাহিকতায় এক পর্যায়ে বাংলায় নীল চাষ বিলুপ্ত হয়।

85. Who wins Ballon d'Or 2022?
a) Karim Bengema b) Cristiano Ronaldo
c) Neymar d) Lionel Messi ***ans.* A**

Solution: ২০২২ সালের ফুটবলারদের ব্যক্তিগত সর্বোচ্চ মর্যাদার পুরস্কার 'ব্যালন ডি'অর' পেয়েছেন রিয়াল মাদ্রিদ ফরোয়ার্ড করিম বেনজেমা।

86. Who is not Captain of the Football World Cup 2022 Team?
a) Hugo Lloris b) Kylian Mbappe
c) Lionel Messi d) Neymar ***ans.* B & D**

Solution: Hugo Lloris হলেন ফ্রান্স ফুটবল টিমের ক্যাপ্টেন। আর আর্জেন্টিনার ক্যাপ্টেন হলেন Lionel Messi.

87. The Sustainable Development Goals (SDGs) consist of ___ goals.
a) 27 b) 21
c) 17 d) 30 ***ans.* C**

Solution: Sustainable Development Goals বা সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা মোট ১৭টি লক্ষ্যমাত্রা এবং ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্য অন্তর্ভুক্ত রয়েছে। ২০১৫ সালে শেষ হওয়ার পর "টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা" নির্ধারণ করা হয়। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল পর্যন্ত।

88. The 7th March speech of Bangabandhu, the father of the Nation, was recognized as part of the world's documentary heritage by-
a) UNESCO b) UNICEF
c) UNDP d) UNFCCC ***ans.* A**

Solution: জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান এবং সংস্কৃতি বিষয়ক সংস্থা 'UNESCO' জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১৯৭১ সালের ৭ মার্চের ভাষণকে ওয়ার্ল্ড ডকুমেন্টারি হেরিটেজ হিসেবে স্বীকৃতি দেয় ৩০ অক্টোবর

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

২০১৭ সালে।

89. The famous Satire 'Gulliver's Travel' was written by-
a) J. K. Rowling b) Jonathan Swift
c) William Shakespeare d) Jane Austen ***ans.* B**

Solution: Gulliver's travels লিখেছেন Jonathan Swift. তাঁর আরো কিছু বিখ্যাত রচনা হলো A Modest Proposal, A tale of a Tub, Drapier's letters ইত্যাদি।

90. COP 27 was held in-
a) Sharm el-Sheikh, Egypt b) Cairo, Egypt
c) Washington, USA d) Paris, France ***ans.* A**

Solution: জাতিসংঘের জলবায়ু সম্মেলনঃ

সম্মেলন	সময়কাল	স্থান
Cop-1	২৮ মার্চ-৭ এপ্রিল ১৯৯৫	বার্লিন, জার্মানি
Cop-21	৩০ নভেম্বর-১২ ডিসেম্বর ২০১৫	প্যারিস, ফ্রান্স
Cop-25	২ থেকে ১৩ ডিসেম্বর ২০১৯	মাদ্রিদ, স্পেন
Cop-26	১ থেকে ১২ নভেম্বর ২০২১	গ্লাসগো, স্কটল্যান্ড, যুক্তরাজ্য
Cop-27	২০২২	মিশর
Cop-28	২০২৩	সংযুক্ত আরব আমিরাত

91. RAM belongs to which kind of memory?
a) Auxiliary Memory b) Main Memory
c) Cache Memory d) None ***ans.* B**

Solution: যে মেমোরি সিপিইউ এর গাণিতিক ও যুক্তি অংশের সাথে সংযুক্ত, তাকে প্রধান মেমোরি বা Main memory অথবা Primary memory বলে। আর Primary memory দুই প্রকার (RAM এবং ROM).

92. The amount of time a message takes to traverse a system is called-
a) Bandwidth b) Compiler
c) Latency d) All of these ***ans.* C**

Solution: Latency হলো কম্পিউটারের কোনো কাজ Process করার নির্দেশ দেওয়া এবং সেটি শুরু হওয়ার মধ্যবর্তী সময়ের সুপ্ত অবস্থা।

93. Which one is the first program of Microsoft?
a) Windows 98 b) Windows 7
c) Windows XP d) MS DOS ***ans.* D**

Solution: ৭০ এর দশকে মাইক্রোসফট কর্পোরেশন তৈরি করে এমএসডস (MS DOS), যা ছিল তৎকালীন সর্বাধিক জনপ্রিয় অপারেটিং সিস্টেম। MS-DOS-ই ছিল মাইক্রোসফটের প্রথম প্রোগ্রাম। MS-DOS একটি বর্ণভিত্তিক অপারেটিং সিস্টেম বলে কী-বোর্ড দিয়ে কমান্ড লিখে কাজ করতে হতো।

94. Computer monitoir is also known as-
a) DVU b) UVD
c) VDU d) CCTV ***ans.* C**

Solution: মনিটরের আরেক নাম হল ভিডিও ডিসপ্লে ইউনিট। এটি হলো একটি অতি গুরুত্বপূর্ণ আউটপুট ডিভাইস। মনিটরের স্ক্রিনে আমরা আমাদের দেওয়া নির্দেশ ও তথ্য সঙ্গে সঙ্গে ফলাফল দিয়ে দেখতে পাই। মনিটর সাদা ও রঙ্গিন অথবা সাদাকালো হয়ে থাকে।

95. Which one of the following stores more data than a DVD?
a) CD Rom b) Floppy disk
c) Red-ray Disk d) Blue-Ray Disk ***ans.* D**

Solution: ব্লু-রে ডিস্ক হলো অপটিক্যাল ডিস্ক স্টোরেজ মিডিয়া, যা সংক্ষেপে ব্লু-রে বা বিডি নামে পরিচিত। ডিভিডি বা সিডির মতো ব্লু-রে ডিস্কের রয়েছে একই স্ট্যান্ডার্ড ডাইমেনশন। এর প্রধান কাজ হচ্ছে হাই-ডেফিনেশন ভিডিও ও ডাটা স্টোর করা। ব্লু-রে ডিস্ক-এর নামটি আসে ব্লু-লেজার (ভায়োলেট রঙ) এর ব্যবহার থেকে, যা এ ধরনের ডিস্কের ডাটা রিড ও রাইট করে। এটি হলো আগামী প্রজন্মের অপটিক্যাল ডিস্ক ফরমেট, যা যৌথভাবে ডেভেলপ করে ব্লু-রে ডিস্ক অ্যাসোসিয়েশন, বিশ্বের শীর্ষস্থানীয় কনজ্যুমার ইলেক্ট্রনিক্স গ্রুপ, পার্সোনাল কমপিউটার ও মিডিয়া ম্যানুফ্যাকচারার যেমন এপলসহ ডেল, হিটাচি, এইচপি, জেভিসি, এলজি, প্যানাসনিক, পাইওনিয়ার, ফিলিপস, স্যামসাং, শার্প, সনি, টিডিকে এবং থমসন।

96. A modem is connected in between a telephone line and a -
a) Communication adapter b) Serial port
c) Computer d) Interface ***ans.* A**

Solution: মডেম হচ্ছে একটি ইলেক্ট্রনিক ডিভাইস যা কম্পিউটারের তথ্যকে আরেক কম্পিউটারে টেলিফোন লাইনের মাধ্যমে পৌছে দেয়। মডেম শব্দটি Modulator ও Demodulator সংক্ষিপ্তরূপ। Modulator শব্দের 'Mo' এবং Demodulator শব্দের 'Dem' নিয়ে 'Modem' শব্দটি গঠিত হয়েছে। নেটওয়ার্কিংয়ে তথ্যাবলি আদান প্রদানের ক্ষেত্রে মডেম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। Modulator এর কাজ হচ্ছে ডিজিটাল সিগন্যালকে অ্যানালগ সিগন্যালে রূপান্তর করা এবং Demodulator এর কাজ হচ্ছে অ্যানালগ সিগন্যালকে ডিজিটাল সিগন্যালে রূপান্তর করা।

97. A channel for communicating across a boundary between two or more subsystem

Recent Publication
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

is known as-

a) Data path b) Walk through
c) Act gram d) Interface ***ans.* D**

Solution: Interface হলো কম্পিউটারের সাথে পেরিফেরাল ডিভাইসগুলোর সংযোগ প্রক্রিয়া। এই প্রক্রিয়াটি হতে পারে Serially, Parallel, SCSI (Small Computer System Interface) ইত্যাদি।

98. **The process of copying files to a CD-ROM is known as-**

a) Zipping b) Burning
c) Digitizing d) Ripping ***ans.* B**

Solution: The process of copying files to a CD-ROM is known as 'burning'. It is a process of recopying the converted files to a recordable DVDor CD. CD drivers use laser to 'burn' the information into a writable CD.

99. **RTGS is a -**

a) Payment system
b) Governance system
c) Right-based group
d) An anti-virus software ***ans.* A**

Solution: রিয়েল-টাইম গ্রস সেটেলমেন্ট (RTGS) একটি ফান্ড ট্রান্সফার সিস্টেমকে বোঝায় যা তাৎক্ষণিকভাবে অর্থ ট্রান্সফার করতে সক্ষম। RTGS হল একটি কেন্দ্রীয় ব্যাংকের বই জুড়ে ক্রেডিট দিয়ে ডেবিট না করে একটি অর্ডারের ভিত্তিতে অপেক্ষা না করে তাৎক্ষণিক ভিত্তিতে পেমেন্ট নিষ্পত্তির ক্রমাগত প্রক্রিয়া। একবার সম্পন্ন হলে, RTGS পেমেন্ট অপরিবর্তনীয়। বেশিরভাগ দেশে, সিস্টেমগুলি কেন্দ্রীয় ব্যাংক দ্বারা পরিচালিত হয়। RTGS প্রক্রিয়া উচ্চ মূল্যের ব্যাংক লেনদেনের জন্য ব্যবহৃত হয়। দুটি পদ্ধতি আছে যার মাধ্যমে গ্রাহকরা RTGS পরিষেবা পেতে পারেনঃ ১. অনলাইন, মোবাইল এবং ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে। ২. অফলাইন RTGS সক্ষম শাখায় নগদ টাকা জমা দিয়ে।

100. **Which technology is used by crypto currencies?**

a) Database b) Spreadsheet
c) Blockchain d) Text file ***ans.* C**

Solution: 'ক্রিপ্টোকারেন্সি' হলো এক ধরনের সাংকেতিক মুদ্রা। যার কোন বাস্তব রূপ নেই। এর অস্তিত্ব শুধুমাত্র ইন্টারনেট জগতেই সীমাবদ্ধ। এটি ব্যবহার করে লেনদেন শুধু অনলাইনেই সম্ভব। যার পুরো কার্যক্রম 'ক্রিপ্টগ্রাফি' নামক একটি সুরক্ষিত প্রক্রিয়ায় সম্পন্ন হয়। ২০১৭ সাল থেকে 'ক্রিপ্টোকারেন্সি' একটি উঠতি মার্কেটে পরিণত হয়েছে।

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

Bangladesh Bank

Recruitment Test for Assistant Director – 2022

Total Marks: 200, Time: 120 Minutes, Examination Held On: 18.11.2022

01. **Read the passage and answer the questions (*i-iv*)**

The green movement is getting recognition which is a diverse scientific, social, conservation and political movement for addressing the concerns of environmentalism. The drive is catching on in many pockets of the world. Today's buzzwords, which include global warming and zero emissions, are causing everyday people to look for ways to reduce their carbon footprint. Carbon footprint and Environmental issues are effects of human activity on the biophysical environment, most often of which are harmful effects that cause environmental degradation. Building an environment-friendly home is a good investment for those who are concerned about their own health and the well-being of our planet. Based on this trend, entire villages or localities, known as eco-communities or eco-villages are being designed with green initiatives in mind. Several of these eco-villages are small, self-sufficient communities that live from and for their natural surroundings. Most eco-villages are built in rural areas where their inhabitants build societies based on cooperation, self-sufficiency, renewable energies, and ecological materials. The growing number of such eco communities attempt to become the zero-emission neighborhood to save out mother nature.

Most of the eco-villages are traditional or intentional communities to become more socially, culturally, economically, and/or ecologically sustainable. Alongside residential facilities eco-communities have offices and retail space with a variety of environmental features, some of which are unprecedented. The planers and builders of these villages have the environment to mind with every choice they make. They ensure proper ventilation and guarantee residents clean air indoors. Interior and exterior building materials. Such as paint and wood, are natural and non-toxic. One of these is bamboo which is used because it's very durable and can be grown without the use of dangerous pesticides

Energy efficiency and energy saving are among the top priorities in eco-communities. Not only do energy-efficient appliances and light fixtures reduce the environmental impact of heating cooking, and lighting, they also save residents money. Minimizing energy consumption is the effect of sustainable design technics among many others like designing buildings with solar access and natural ventilation, using climate-responsive design materials, and effective insulation.

Eco-communities also take the future into account by recycling waste and reducing carbon emissions. Wastewater is treated and reused on-site for flushing toilets and a biomass gas plant converts waste wood into a renewable form of gas for hot water systems, stoves, and gas heaters. The community also reduces carbon emissions by using local suppliers for all their transport and maintenance needs, and residents are encouraged to use mini transit system and join the community's vehicle share program. These initiatives arte exemplary to reduce carbon footprints and create a model for sustainable living in the in the future. However, it is not always easy to create such a village or community. Perhaps the biggest challenge faced by anyone attempting to create an eco-village is that it requires changes in so many different areas of life. All too often attempt to, or feel forced to, work on all aspects of these changes simultaneously.

সুধিয় পাঠক, গতানুগতিক পুরো Passage পড়ে এই প্রশ্নের উত্তরে যাওয়াটা খুবই Risky. কারণ এতে আপনি পুরো প্রশ্নের উত্তর করতে পারবেন না। একারণে প্রশ্ন দেখে Passage এ উত্তর খুঁজুন ও সেখান থেকে তথ্য নিয়ে নিজের ভাষায় উপস্থাপন করুন। তবে এটুকু বলে রাখি, Passage টি পরিবেশবান্ধব একটি গ্রাম বা সমাজ নিয়ে লেখা হয়েছে। পরিবেশবান্ধব একটি গ্রামে কী কী থাকা উচিৎ তা নিয়ে যেমন আলোচন করা হয়েছে, আবার পরিবেশবান্ধব গ্রাম বা কমিউনিটি স্থাপনের প্রতিবন্ধকতা নিয়েও কথা বলা হয়েছে। আসুন আমরা প্রশ্নের সমাধানে চলে যাই-

a) What are the key intents of creating eco-villages or eco-communities?

Solution: The key intent of creating eco-villages or eco-communities is building an environment-friendly home that is important for good health & well-being of our planet.

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

b) What causes carbon footprint and environmental concerns?

Solution: Carbon footprints are the effects of global warming & carbon emissions which affect the world badly. So environment concerns arise to reduce carbon footprints.

c) How do eco-villages contribute to waste management and energy efficiency?

Solution: Eco-villages contribute to the waste management by recycling waste & reducing carbon emissions. Here, water is treated & reused for several works. Minimizing energy consumption, eco-villages use energy savings appliances. Thus it contributes to the waste management & energy efficiency.

d) What actions might contribute to reducing carbon emissions in a community?

Solution: The community can contribute to reducing carbon emissions by using local suppliers for all their transport & maintenance needs & using mini transit system.

e) What could be the key challenges on the way to creating an eco-community?

Solution: The key challenge on the way to creating an eco-community is it requires changes in so many different areas of life.

f) What is your key lessons from the texts?

Solution: The key lesson from the text is- Carbon emissions & global warming lead people thinking about a environmental friendly home which is a beneficial for good health and our planet. But creating a eco-friendly home is not easy task as it needs changes in every spheres of life.

***02.* Solve the following problems:**

Index

a) $\dfrac{4^{\sqrt{p}} \times 16^{pq} \times 2^{-2\sqrt{p}}}{8^{\sqrt{q}} \times 4^{pq} \times 2^{-3\sqrt{q}}} \times 4^{-pq} = ?$

Solution: Here, $\dfrac{4^{\sqrt{p}} \times 16^{pq} \times 2^{-2\sqrt{p}}}{8^{\sqrt{q}} \times 4^{pq} \times 2^{-3\sqrt{q}}} \times 4^{-pq}$

$= \dfrac{2^{2\sqrt{p}} \times 2^{4pq} \times 2^{-2\sqrt{p}}}{2^{3\sqrt{q}} \times 2^{2pq} \times 2^{-3\sqrt{q}}} \times 2^{-2pq}$

$= \dfrac{2^{2\sqrt{p}-2\sqrt{p}} \times 2^{4pq}}{2^{3\sqrt{q}-3\sqrt{q}} \times 2^{2pq}} \times 2^{-2pq}$

$= \dfrac{2^0 \times 2^{4pq}}{2^0 \times 2^{2pq}} \times 2^{-2pq}$

$= 2^{4pq-2pq} \times 2^{-2pq}$

$= 2^{2pq} \times 2^{-2pq}$

$= 2^{2pq-2pq}$

$= 2^0$

$= 1$

Equation

b) Every year Mr. Kalam saves Tk. 5,400 which is 15% of his annual income. Mr. Rahim spends Tk. 2,800 a month which is 87.5% of his monthly income. Who is earning more?

Solution: প্রশ্নে বলা হচ্ছে, প্রতি বছর জনাব কামাল 5,400 টাকা সঞ্চয় করেন যা তার বার্ষিক আয়ের 15%। জনাব রহিম মাসে 2800 টাকা ব্যয় করেন যা তা মাসিক আয়ের 87.5%। প্রশ্ন হলো বেশি আয় কার?

Let, Annual income of Kalam is Tk x
& Annual income of Rahim is Tk y
We can write,

There are some people who are bored by almost any conversation. They are bored if you talk golf, they are bored if you talk politics. It is men like this who loathe strangers who try to enter into conversation. This dislike of conversation with strangers is hard for me to understand. I think I should even enjoy an occasional hour with a bore. Up to a point I like bores. Many bores are so happy that it is a pleasure to watch them. The worst bores are those who love telling people the various routes from one place to another. Another boring form of conversation is that of the man, who, while talking politics, frets out all the old threadbare arguments with the air of a person using them for the first time. I have been a bore of this kind myself. Once my friend observed, "My god, what a bore you are." I felt like pricked balloon at first, but respected my friend for his candor. Since then no one has called me a bore. I have learnt to study the expression on the face of people. There are certain people with whom one has a right to be bored – people who are so self-centered and they cannot listen to anyone talking. Such people are boring because they make one feel for the time being an outside.

Passage টিতে বলা হচ্ছে, কিছু মানুষ আছে যারা সব কথাতেই বিরক্ত হয়। তারা সব কিছুতেই বিরক্ত হয়। এই ধরনের অপছন্দ আমার পক্ষে বোঝা খুবই মুশকিল। আমি তো মনে করি কোনো আনুষ্ঠানিক আলোচনাও বিরক্তি নিয়ে হলেও উপভোগ করা উচিৎ। একটা পর্যায় পর্যন্ত আমি এটা (বিরক্তি) পছন্দ করি। অনেক বিরক্তি এতোটাই সুখের যে আমি তা দেখতে পছন্দ করি। সবচেয়ে জঘন্য বিরক্তি সেটাই যা মানুষকে দিক সম্পর্কে নির্দেশনা দেয়।

এভাবে Passage টির শেষের দিকে এসে বলা হচ্ছে যে, কিছু মানুষ আছে যাদের প্রতি বিরক্ত হওয়ার অধিকার আছে। এমন মানুষ তারাই যারা আত্মকেন্দ্রিক এবং অন্যের কথা শোনে না। এই কারণে তারা বিরক্তিকর যে, তারা মানুষকে কিছু সময়ের জন্য অযাচিত বানিয়ে ফেলে। আসুন এবার আমরা সমাধানে চলে যাইঃ

01. **The author's outspoken friend earned his respect presumably because.**

a) he was successful in influencing the author's personality.
b) he helped the author in making him realize how he appeared to other people.
c) he was a man with solid commonsense.
d) he refused to indulge in sycophancy.

ans. **B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, লেখকের স্পষ্ঠভাষী বন্ধুর সম্মান কুড়ানোর কারণ কী হতে পারে?

দেখুন, লেখকের বন্ধু যখন বললো, 'What a bore you are!' তখন লেখক তার নিজের মধ্যে যে Development এনেছিলেন তা Passage টির ১০ম লাইনে আছে। সেখানে আছে, এরপর থেকে কেউ তাকে আর এমন কথা বলতে পারে নি। অর্থাৎ বন্ধুর কটু কথায় সে বুঝতে পেরেছিল যে অন্যের কাছে কেমনভাবে প্রতীয়মান হয়। অপশন *b*) তে এই কথাটিই বলা হয়েছে। তাই সঠিক উত্তর হবে অপশন *b*).

02. **The prime objective of the author in this passage is to**

a) recount his personal experiences with bores.
b) enunciate ways to avoid becoming a bore.
c) describe various kinds of bores.
d) champions the cause of bores. ***ans.*** **B**

Solution: পুরো Passage টি জুড়েই Bore (বিরক্তি) কে কিভাবে সানন্দ চিত্তে উপভোগ করা যায় তা নিয়ে একটি সুন্দর বর্ণনা রয়েছে। অর্থাৎ Bore কে এই Passage এ শৈল্পিক উপায়ে উপস্থাপন করে কোনো বিষয়ে Bore না হয়ে বরং বিষয়টিকে উপভোগ করার কথা বলা হয়েছে। এজন্য উত্তর হতে পারে অপশন *b*).

03. **Self-centered people are bores because**

a) they are habitually hostile or unfriendly
b) their stock of topics for discussion is limited
c) they cut off all communication
d) they have a single-track mind ***ans.*** **D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, আত্মকেন্দ্রিক মানুষ কেন Bores?

Passage টির শেষের দিকে এর উত্তর আছে। যেখানে বলা হচ্ছে যে, আত্মকেন্দ্রিক মানুষ অন্যের কথা শোনো না এবং তারা অন্যকে অগ্রাহ্য করে। এর কারণ একটিই,

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

আর তা হলো 'they have a single-track mind'. তাই উত্তর *d*).

04. **The redeeming characteristics in bores, according to the author, is this**

a) they keep the conversational ball rolling
b) they are blissful in their obliviousness to their surroundings.
c) self-realization dawns quickly upon them.
d) they are happy people because they are engrossed with themselves. **ans. C**

Solution: Passage টি হতে স্পষ্ঠতই দেখা যায় যে লেখককে তার বন্ধু Bores বলায় লেখকের Self-realization হয়েছিল, যার কারণে পরবর্তীতে তার আচরণ শুধরে গিয়েছিল। তাই Passage টির Redeeming characteristics হতে পারে অপশন *c*).

Q. ***05 – 08:*** *Find out which underlined part (a, b, c and d) or the following sentences has an error.*

05. **I would have** *a* **asked you for dinner** *b* **if I had known** *c* **that you are staying** *d* **here tonight.** **ans. D**

Solution: 'that' এর পূর্বে Past perfect থাকায় (had known) এর পরের অংশটিতে 'are' না হয়ে 'were' হবে। অর্থাৎ That you were staying হলে বাক্যটি শুদ্ধ হতো।

বাক্যের অর্থঃ আজ রাতে তুমি এখানে অবস্থান করছিলে জানলে আমি তোমাকে রাতের খাবারের জন্য প্রস্তাব দিতাম।

06. **To sing a song good,** *a* **you** *b* **must focus your attention not only on** *c* **the music but on the words as well.** *d* **ans. A**

Solution: কোনো কিছুর Performance (song, dance, acting ইত্যাদি) এর ক্ষেত্রে প্রশংসা করতে হলে Good না বসিয়ে Well বসাতে হয়। বাক্যটিতে 'to sing a song good' না হয়ে 'to sing a song well' হলে বাক্যটি সঠিক হতো।

বাক্যের অর্থঃ ভালো গান গাইতে হলে শুধু মনোযোগের প্রতি খেয়াল রাখলেই চলবে না শব্দের দিকেও খেয়াল রাখতে হবে।

07. **She was upset** *a* **last night** *b* **because she had to do** *c* **too many home works.** *d* **ans. D**

Solution: বাক্যটিতে Home works (বাড়ির কাজ) হলো Uncountable noun, তাই Too many home works না হয়ে Too much home work বসবে।

বাক্যের অর্থঃ গত রাতে সে বিষন্ন ছিল কারণ তাকে অনেক বাড়ির কাজ করতে হয়েছিল।

08. **Contrary to** *a* **what had previously been reported, the conditions governing** *b* **the truce between many countries arranged by** *c* **the United Nations has** *d* **not yet been revealed.** **ans. D**

Solution: বাক্যটির Not yet been revealed এর Subject হলো The conditions যা Plural. তাই 'has' না হয়ে 'have' হবে।

বাক্যের অর্থঃ পূর্বে যা প্রকাশ করা হয়েছিল, তার বিপরীতক্রমে যুক্তরাষ্ট্রে অনেক দেশের মধ্যে যে যুদ্ধবিরতির যে শর্তগুলো দিয়েছিল তা এখনো প্রকাশিত হয়নি।

Q. ***09 – 12:*** *Complete the sentence with appropriate word(s) or phrase(s).*

09. **Arts still does not make news; ____ the story has political ____.**

a) unless, ramifications
b) until, bickering
c) without, angle
d) given, ending **ans. A**

Solution: Unless – যদি না। Ramifications – কোনো জটিল যুক্তির বিভিন্ন অংশ বা দিক। Until – যে পর্যন্ত না। Bickering – খুঁটিনাটি বিষয় নিয়ে ঝগড়া করা। Without – ব্যতীত। Angle – কোণ; দিক। Given – প্রদত্ত। Ending – সমাপ্তি।

বাক্যের অর্থঃ শিল্পকর্মটির কোনো রাজনৈতিক উদ্দেশ্য প্রকাশিত না হওয়া পর্যন্ত এটি খবরের বিষয়বস্তু হিসেবে পরিগণিত হবে না।

10. **The citizenry had become so ____ by the presidents ____ that the latest financial scandal did not even make the front page of the newspapers.**

a) fascinated, impropriety
b) disgusted, peccadilloes
c) jaded, indiscretions
d) regretful, personification **ans. C**

Solution: Fascinated – মুগ্ধ। Impropriety –

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

অনুপযুক্ততা; অযথার্থতা। Disgusted – বিরক্ত। Peccadilloes – কোনো ব্যক্তির চরিত্রের সামান্য দুর্বলতা বা ত্রুটি। Jaded – পরিশ্রান্ত। Indiscretions – অসাবধানতা; অসতর্ক। Regretful – দুঃখিত; অনুতপ্ত। Personification – ব্যক্তিরূপে প্রকাশ।

বাক্যের অর্থঃ সভাপতির অসর্তকতাজনিত ভূমিকার কারণে নাগরিকগণ পরিশ্রান্ত কারণ সর্বশেষ আর্থিক কেলেংকারির বিষয়টি পত্রিকাগুলোর প্রথম পাতায় আসেনি।

11. **His imperturbably in the face of evidence indicating his deliberate fraud failed to reassure supporters of his essential ____; instead, it suggested a talent for ____ that they had never suspected.**

a) culpability, intrigue
b) probity, guile
c) remorse, loquacity
d) wisdom, reproof **ans. B**

Solution: Culpability – শাস্তি পাওয়ার যোগ্য এমন। Intrigue – ষড়যন্ত্র করা; উদ্দীপ্ত করা। Probity – সততা। Guile – প্রতারণা; ছলনা। Remorse – অনুশোচনা; করুনা। Loquacity – বাকপটুতা; বাচাল-স্বভাব। Wisdom – বিজ্ঞতা। Reproof – নিন্দা বা ভর্ৎসনা করা।

বাক্যের অর্থঃ উদ্দেশ্য প্রণোদিতভাবে জালিয়াতি করার জন্য তার বিরুদ্ধে যে অভিযোগ উঠেছিল তা তার সমর্থকদেরকে ভীত বা দুশ্চিন্তাযুক্ত করতে পারে নি, কারণ ছিল তার অবিচলতা; বরং এই বিষয়টি একজন মেধাবী ব্যক্তিকে সন্দেহভাজন করতে সাহায্য করেছিল।

12. **Business forecasts usually prove reasonably accurate when the assumption that the future will be much like the past is ____; in time of major ____ in the business environment, however, forecasts can be dangerously wrong.**

a) specified, discontinuities
b) questioned, surges
c) contradicted, improvements
d) satisfied, shifts **ans. D**

Solution: Specified – নির্দিষ্ট। Discontinuities – থামা; বিরতি। Questioned – প্রশ্নবিদ্ধ। Surges – ধাবিত হওয়া। Contradicted – বিরুদ্ধ মত প্রকাশ করা। Improvements – উন্নতি। Satisfied – সন্তুষ্টি; খুশি। Shifts – পরিবর্তন করা।

বাক্যের অর্থঃ ব্যবসায়ের ক্ষেত্রে পূর্বাভাস যদি অতীতের মতো ভালো হয় তবে সন্তুষ্ট থাকা যায়; কিন্তু বড় ধরনের পরিবর্তনের সময় ব্যবসায়িক পূর্বাভাস মারাত্মকভাবে ভুল হতে পারে।

Q. 13 – 16: Select the pair that expresses a relationship similar to that expressed in the original pair.

13. **PAIN : SEDATIVE**

a) Comfort : Stimulant
b) Grief : Consolations
c) Trance : Narcotic
d) Ache : Extraction **ans. B**

Solution: Pain – দেহের বা মনের বেদনা; যন্ত্রণা। Sedative – অস্থিরতা প্রশমিত করে এমন ঔষধ। Comfort – আরাম; স্বস্তি; আয়েশ। Stimulant – উদ্দীপক। Grief – প্রচণ্ড দুঃখ; তীব্র শোক। Consolation – সান্তনা; প্রবোধ। Trance – সমাধি অবস্থা; ঘুমের মতো অবস্থা। Narcotic – মাদক। Ache – অবিরাম অস্বস্তিকর বেদনা; ব্যথা। Extraction – বলপূর্বক উৎপাটন।

Sedative উপশম করে Pain কে। আর Consolation উপশম করে Grief কে।

14. **CONFIDENT : HAUGHTY**

a) Diminished : Forsaken
b) Liberal : Brusque
c) Provident : Penurious
d) Autonomous : Subordinate **ans. C**

Solution: Confident – আত্মবিশ্বাসী; নিশ্চিত। Haughty – উদ্ধত; অহঙ্কারী। Diminish – হ্রাস করা; হ্রাসপ্রাপ্ত হওয়া। Forsake – পরিত্যাগ করা; ছেড়ে দেওয়া। Liberal – বদান্য; উদার; মুক্তহস্ত; প্রচুর। Brusque – রূঢ়; অভব্য। Provident – ভবিষ্যতের কথা চিন্তা করে যে সঞ্চয় করে। Penurious – চরম মাত্রায় মিতব্যয়ী; দরিদ্র। Autonomous – স্বশাসিত; স্বায়ত্তশাসিত; স্বাধীন। Subordinate – অপ্রধান; গৌণ; অধীন।

অতিমাত্রায় Confident হলে সে Haughty হয়। আর অতিমাত্রায় Provident হলে সে Penurious হয়।

15. **STARE : GLANCE**

a) Gulp : Sip
b) Scorn : Admire
c) Participate : Observe
d) Hunt : Stalk **ans. A**

Solution: Stare – স্থির দৃষ্টিতে তাকানো। Glance – এক পলক দেখা; পলকে দেখে নেওয়া। Gulp – গলাধঃকরণ করা; ঢকঢক করে গেলা। Sip – এক চুমুক। Scorn –

Recent Publication
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

নিদারুণ অবজ্ঞা; অশ্রদ্ধা; ঘৃণা। Admire – মুগ্ধদৃষ্টিতে তাকানো; শ্রদ্ধাবোধ করা। Participate – অংশীদার হওয়া; অংশ নেওয়া। Observe – লক্ষ করা; মনোযোগ সহকারে দেখা। Hunt – শিকার; মৃগয়া। Stalk – পত্রবৃন্ত; ফলবৃন্ত।

Glance এর বিপরীত হলো Stare. আর Sip এর বিপরীত হলো Gulp.

16. SUBSIDY : SUPPORT

a) Assistance : Endowment
b) Funds : Fellowship
c) Credit : Payment
d) Debt : Obligation **ans. D**

Solution: Subsidy – অর্থ-সাহায্য; ভর্তুকি। Support – ভার বহন করা; ধারণ করা। Assistance – সাহায্য; সহায়তা; উপকার। Endowment – বৃত্তিদান। Fund – ভাণ্ডার। Fellowship – বন্ধুভাব; সাহচার্য। Credit – ঋণ। Payment – পরিশোধ। Debt – ঋণ; দেনা; ধার। Obligation – নৈতিক বা আইনগত বাধ্যবাধকতা

Subsidy হলো এক ধরনের Support. আর Debt হলো এক ধরনের Obligation.

Q. 17 – 32: *Choose the correct answer.*

17. $\dfrac{\left(\frac{\sqrt{2}-1}{\sqrt{2}+1}+\frac{\sqrt{2}+1}{\sqrt{2}-1}\right)}{\left(\frac{\sqrt{3}-1}{\sqrt{3}+1}+\frac{\sqrt{3}+1}{\sqrt{3}-1}\right)} = ?$

a) $\frac{2}{3}$ b) $\frac{3}{2}$
c) 4 d) 6 **ans. B**

Solution: দেয়া আছে, $\dfrac{\left(\frac{\sqrt{2}-1}{\sqrt{2}+1}+\frac{\sqrt{2}+1}{\sqrt{2}-1}\right)}{\left(\frac{\sqrt{3}-1}{\sqrt{3}+1}+\frac{\sqrt{3}+1}{\sqrt{3}-1}\right)} =$

$$\frac{\frac{(\sqrt{2}-1)^2+(\sqrt{2}+1)^2}{(\sqrt{2}+1)(\sqrt{2}-1)}}{\frac{(\sqrt{3}-1)^2+(\sqrt{3}+1)^2}{(\sqrt{3}+1)(\sqrt{3}-1)}}$$

$$= \frac{\frac{(\sqrt{2})^2-2\sqrt{2}\times1+1^2+(\sqrt{2})^2+2\sqrt{2}\times1+1^2}{(\sqrt{2})^2-(1)^2}}{\frac{(\sqrt{3})^2-2\sqrt{3}\times1+1^2+(\sqrt{3})^2+2\sqrt{3}\times1+1^2}{(\sqrt{3})^2-(1)^2}}$$

$$= \frac{\frac{2+1+2+1}{2-1}}{\frac{3+1+3+1}{3-1}} = \frac{\frac{6}{1}}{\frac{8}{2}} = \frac{6}{1}\times\frac{2}{8} = \frac{12}{8} = \frac{3}{2}$$

18. $2^{12}+2^{12}+2^{12}+2^{12}=?$

a) 4^{12} b) 2^{14}
c) 2^{16} d) 2^{48} **ans. B**

Solution: দেয়া আছে, $2^{12}+2^{12}+2^{12}+2^{12}$
$= 4\times2^{12} = 2^2\times2^{12} = 2^{2+12} = 2^{14}$

19. Bilkis invests Tk. 2,400 in the XYZ Bank at 5%. How much additional money must she invest at 8% so that the total annual income will be equal to 6% of her entire investment?

a) Tk. 1,000 b) Tk. 2,400
c) Tk. 1,200 d) Tk. 3,000 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, Bilkis একটি ব্যাংকে 5% হার সুদে 2,400 টাকা রাখেন। 8% হার সুদে আরো কত টাকা রাখলে তার বার্ষিক আয় মোট বিনিয়োগের অর্থাৎ 2,400 টাকার 6% হবে?

ধরি, X কে 8% হার সুদে x টাকা Additional invest করতে হবে।

তাহলে Total investment হবে = $(x + 2{,}400)$ টাকা

প্রশ্নমতে, সম্পূর্ণ Invest = $(2{,}400 + x)$ টাকা

$2{,}400\times5\% + x\times8\% = (2{,}400+x)\times6\%$

$\Rightarrow 120 + \frac{8x}{100} = (2{,}400+x)\times\frac{6}{100}$

$\Rightarrow 120 + \frac{8x}{100} = 144 + \frac{6x}{100}$

$\Rightarrow \frac{8x}{100} - \frac{6x}{100} = 144 - 120$

$\Rightarrow \frac{2x}{100} = 24$

$\Rightarrow \frac{x}{50} = 24$

$\therefore x = 1{,}200$ টাকা

Shortcut: অর্থাৎ 5% ও 8% সুদে বিনিয়োগের অনুপাত হবে 2 : 1.

তাহলে 5% হারে 2,400 invest করলে 8% হারে করতে হবে = $\left(2400 \text{ এর } \frac{1}{2}\right) = 1{,}200$ টাকা।

20. Anita had to do a multiplication. Instead of taking 35 as one of the multipliers, she took 53. As a result, the product went up by 540. What is the new product?

a) 1,050 b) 1,250
c) 1,440 d) 1,590 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, অনিতা একটি গুণের অঙ্ক করবে। গুণনীয়ক হিসেবে সে 35 না নিয়ে 53 নিল। এর ফলে গুণফল 540 বেড়ে গেল। নতুন গুণফল কত?

ধরি, মূল গুণফল হলো x

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

প্রশ্নমতে, $\frac{x}{35} - \frac{x}{53} = 540$

$\Rightarrow \frac{53x - 35x}{1855} = 540$

$\Rightarrow 18x = 540 \times 1,855$

$\therefore x = \frac{540 \times 1855}{18} = 55,650$

অতএব, নতুন গুণফল

$= \frac{55650}{53} + 540 = 1,050 + 540 = 1,590$

21. **Rina and Shila entered into a partnership with their capitals in the ratio 5 : 6. At the end of 8 months, Rina withdraws her capital. If they receive the profit in the ratio of 5 : 9, find how long Shila's capital was used?**

a) 12 months b) 14 months
c) 16 months d) 18 months ***ans. A***

Solution: প্রশ্নে বলা হচ্ছে, রিনা ও শিলা 5 : 6 অনুপাতে মূলধন বিনিয়োগ করে একটি ব্যবসায় যোগদান করলো। 8 মাস পরে, রিনা তার মূলধন তুলে নিল। তারা মুনাফা 5 : 9 অনুপাতে ভাগ করে নিলে কত সময়ের জন্য শিলার মূলধন খেটেছিল?

ধরি, শিলার মূলধন x সময়ের জন্য খেটেছিল

প্রশ্নমতে, $\frac{5 \times 8}{6 \times x} = \frac{5}{9}$

$\Rightarrow 30x = 360$

$\therefore x = \frac{360}{30} = 12$

22. **A class starts at 10.00 am and lasts till 01.30 pm. Four periods are held during this interval. After every period, 10 minutes are given free to the students. What is the exact duration of each period?**

a) 42 min b) 45 min
c) 48 min d) 50 min ***ans. B***

Solution: প্রশ্নে বলা হচ্ছে, ক্লাস 10 টার সময় শুরু হয় 1.30 মিনিটে শেষ হয়। এই সময়ে 4টি ক্লাস হয়। প্রতিটি ক্লাসের পর 10 মিনিট ফ্রি সময় দেয়া হয়। প্রতিটি ক্লাসের জন্য প্রদত্ত সঠিক সময় কত?

প্রতিটি ক্লাসের জন্য প্রদত্ত সঠিক সময় x মিনিট

উল্লেখ্য, এখানে 3টি Break এ মোট $= 3 \times 10 = 30$ মিনিট সময় ব্যয় হয়।

এখানে, 10.00 টার সময় হতে 1.30 মিনিট পর্যন্ত মোট সময় 210 মিনিট।

প্রশ্নমতে, $4x + 30 = 210$

$\Rightarrow 4x = 210 - 30 = 180$

$\therefore x = \frac{180}{4} = 45$

23. **A shopper spends Tk. 1,000 to purchase CDs at Tk. 20 each. The next day, the disks go on sale for Tk. 16 each and the shopper spends Tk. 2,400 to purchase more CDs. What was the average price per disk purchased?**

a) Tk. 15 b) Tk. 17

RRecent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

c) Tk. 18 d) Tk. 19 **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, প্রতিটি CD এর দাম 20 টাকা দরে ধরে এক ব্যক্তি 1,000 টাকার CD কিনলেন। পরের দিনে প্রতিটি CD এর দাম 16 টাকা দরে বিক্রয় হলে ঐ ব্যক্তি আরো 2,400 টাকার CD কিনলেন। মোটের উপর প্রতিটি CD এর দাম গড়ে কত পড়লো?

20 টাকা দরে CD কিনলেন $= \frac{1000}{20} = 50$ টি

আবার, 16 টাকা দরে CD কিনলেন $= \frac{2400}{16} = 150$ টি

$\therefore$ গড় মূল্য $= \frac{\text{মোট ব্যয়}}{\text{CD সংখ্যা}} = \frac{1000+2400}{50+150} = \frac{3400}{200} = 17$ টাকা

24. **A salesman receives daily wage of Tk. 250 and earns a commission of 15% on all sales he makes. How much taka worth of sales does he need to make in order to bring his total daily income of Tk. 1,000?**

a) Tk. 6,000 b) Tk. 5,500
c) Tk. 5,000 d) Tk. 4,500 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একজন ব্যক্তি দৈনিক 250 টাকা মজুরি পান এবং মোট বিক্রয়ের উপর আরো 15% কমিশন পান। কত টাকা বিক্রয় হলে তার দৈনিক মজুরি 1,000 টাকা হবে?

1,000 টাকার মজুরিতে কমিশন হতে হবে
$= 1,000 - 250 = 750$ টাকা

এখন, 15 টাকা কমিশন পান মোট বিক্রয় = 100 টাকা হলে

$\therefore$ 750 টাকা কমিশন পান মোট বিক্রয়
$= \frac{100 \times 750}{15} = 5,000$ টাকা

অর্থাৎ মোট বিক্রয় করতে হবে 5,000 টাকা।

25. **In a club, 60% members are male and 70% members are graduates. Also 50% of the graduate members are male. What percentage of the club members are female and non-graduate?**

a) 5% b) 10%
c) 15% d) 20% **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি ক্লাবে 60% সদস্য হলো পুরুষ এবং 70% সদস্য হলো গ্র্যাজুয়েট। এর মধ্যে 50% গ্র্যাজুয়েট হলো পুরুষ। ক্লাবের কত শতাংশ সদস্য নারী এবং নন গ্র্যাজুয়েট?

এই অঙ্কটি আপনি চার্টের মাধ্যমে করলে সহজ হবে

	Male	Female	Total
Graduate	$70 \times 50\% = 35$	35	70
Not Graduate	25	5	30
Total	60	40	100 (Grand total)

$\therefore$ Female & not graduate = 5%.

Shortcut: ধরি, x জন সদস্য নারী এবং নন গ্র্যাজুয়েট।

প্রশ্নমতে, $100 = 70 + (60 - 35) + x$

$\Rightarrow x + 25 = 30$

$\therefore x = 30 - 25 = 5\%$

26. **Pooja is twice as efficient as Aarti and takes 90 days less than Aarti to complete the job. Find the time in which they can finish the job together.**

a) 30 days b) 45 days
c) 60 days d) 90 days **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, পুজা আরতি অপেক্ষা দ্বিগুণ কর্মদক্ষ। এই কারণে একটি কাজ করতে পুজা আরতি অপেক্ষা 90 দিন কম সময় নেয়। কাজটি একত্রে তারা কত সময়ে করতে পারবে?

ধরি, পুজা কাজটি করতে পারে = 90 দিনে

$\therefore$ আরতি কাজটি করতে পারে $= 2 \times 90 = 180$ দিনে।

এখন, পুজা ও আরতি একত্রে 1 দিনে করে

$= \frac{1}{90} + \frac{1}{180} = \frac{2+1}{180} = \frac{3}{180} = \frac{1}{60}$ অংশ

তারা একত্রে, $\frac{1}{60}$ অংশ কাজ করে = 1 দিনে

$\therefore$ তারা একত্রে, 1 বা সম্পূর্ণ অংশ কাজ করে

$= \frac{60 \times 1}{1} = 60$ দিনে

27. **Mamun bought 50 shares at Tk 60, and 2 months later, he purchased 25 shares at Tk 56, at what price should he purchase 25 additional shares in order to have an average price of Tk 58 per share?**

a) 53 b) 54
c) 55 d) 56 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, মামুন 60 টাকা দরে 50 টি শেয়ার কিনলো। 2 মাস পর 56 টাকা দরে 25 টি শেয়ার কিনলো। কত টাকা দরে আরো 25 টি শেয়ার ক্রয় করলে প্রতিটি শেয়ারের গড়মূল্য 58 টাকা হবে?

ধরি, x টাকা দরে আরো 25 টি শেয়ার কিনলে প্রতিটির গড়মূল্য হবে 58 টাকা

প্রশ্নমতে, $\frac{(50 \times 60) + (25 \times 56) + (25 \times x)}{50 + 25 + 25} = 58$

$\Rightarrow \frac{3000 + 1400 + 25x}{100} = 58$

$\Rightarrow 25x = 5,800 - 4,400$

$\therefore x = \frac{1400}{25} = 56$

28. **The total income of Habib in 2017, 2018 and 2019 was Tk 36,400. His income increased by 20% each year. What was his income in 2019?**

a) 14,400 b) 12,000
c) 10,000 d) 8,000 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে 2017, 2018 এবং 2019 সালে

Recent Publication
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

হাবিবের মোট আয় হলো 36,400 টাকা। তার বেতন প্রতি বছর 20% করে বেড়েছিল। 2019 সালে তার আয় কত ছিল?

ধরি, 2017 সালে হাবিবের আয় ছিল = x টাকা

$\therefore$ 2018 সালে হাবিবের আয় ছিল = $x + \frac{20x}{100} = \frac{6x}{5}$ টাকা

$\therefore$ 2019 সালে হাবিবের আয় ছিল

$= \frac{6x}{5} + 20\%\text{ of }\frac{6x}{5} = \frac{36x}{25}$ টাকা

প্রশ্নমতে, $x + \frac{6x}{5} + \frac{36x}{25} = 36{,}400$

$\Rightarrow \frac{25x + 30x + 36x}{25} = 36{,}400$

$\Rightarrow \frac{91x}{25} = 36{,}400$

$\therefore x = \frac{36400 \times 25}{91} = 10{,}000$

অতএব, 2019 সালে তার বেতন ছিল

$= \frac{36 \times 10000}{25} = 14{,}400$ টাকা

29. **A person's present age is two-fifth of the age of his mother. After 8 years, he will be one-half of the age of his mother what is the present age of the mother?**

a) 30 b) 35

c) 40 d) 50 ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একজন ব্যক্তির বর্তমান বয়স তার মায়ের বর্তমান বয়সের $\frac{2}{5}$ অংশ। 8 বছর পর তার বয়স হবে তার মায়ের বয়সের $\frac{1}{2}$ অংশ। তার মায়ের বর্তমান বয়স কত?

ধরি, বর্তমানে মায়ের বয়স = x বছর

$\therefore$ His age is now = $x \times \frac{2}{5} = \frac{2x}{5}$ বছর

After 8 years his mother's age = $x + 8$ বছর

$\therefore$ After 8 years his age = $\frac{2x}{5} + 8$ বছর

প্রশ্নমতে, $\frac{1}{2}(x + 8) = \frac{2x}{5} + 8$

$\Rightarrow x + 8 = 2\left(\frac{2x + 40}{5}\right)$

$\Rightarrow 5(x + 8) = 4x + 80$

$\Rightarrow 5x + 40 = 4x + 80$

$\Rightarrow 5x - 4x = 80 - 40$

$\therefore x = 40$

বর্তমানে মায়ের বয়স 40 বছর।

Shortcut: যেহেতু, ব্যক্তিটির বয়স = $\frac{2}{5}\times$ মায়ের বয়স তাই, মায়ের বয়সকে অবশ্যই 5 দ্বারা ভাগ করা যাবে।

দেখুন, উত্তর অপশনে শুধুমাত্র *c*) এর 40 কেই 5 দ্বারা ভাগ করা যায়। তাই উত্তর *c*) 40 years.

30. **The measurement of a rectangle is 16 feet by 12 feet. What is the area of the smallest circle that can cover this rectangle entirely (so that no part of the rectangle is outside the circle)?**

a) 100π sq.ft b) 100 sq.ft

c) 192 sq.ft d) 128π sq.ft ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 16 ফুট এবং প্রস্থ 12 ফুট। এই আয়তক্ষেত্র ক্ষুদ্রতম কত ক্ষেত্রফল বিশিষ্ট বৃত্তে অন্তর্লিখিত হতে পারে যাতে আয়তক্ষেত্রের কোনো অংশই বৃত্তের বাইরে না থাকে?

প্রশ্নানুযায়ী চিত্রটি অঙ্কন করিঃ

এখানে, ABCD একটি বৃত্তস্থ আয়তক্ষেত্র।

যেখানে AB = 16 ফুট এবং BC = 12 ফুট।


ΔABC হলো সমকোণী ত্রিভুজ।

$\therefore (AC)^2 = (AB)^2 + (BC)^2$

$\Rightarrow AC^2 = 16^2 + 12^2 = 256 + 144 = 400$

$\therefore AC = \sqrt{400} = \sqrt{20^2} = 20$ ফুট

এখন, আয়তক্ষেত্রের এই কর্ণই (AC) হলো 20 ফুট বৃত্তের ব্যাস।



$\therefore$ ব্যাসার্ধ $r = \frac{20}{2}$ মিটার = 10 ফুট

$\therefore$ উক্ত বৃত্তের ক্ষেত্রফল = $\pi r^2 = \pi \times 10^2 = 100\pi$ বর্গফুট

31. **The perimeter of a square is equal to the perimeter of a rectangle whose length and width are 6*m* and 4*m* respectively. The side of the square is**

a) 3*m* b) 4*m*


c) 5*m* d) 6*m* ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি বর্গের পরিসীমা একটি আয়তাকার ক্ষেত্রের পরিসীমার সমান যার দৈর্ঘ্য এবং প্রস্থ যথাক্রমে 6 মিটার ও 4 মিটার। বর্গের এক বাহু কত?

Shortcut: আমরা জানি, আয়তক্ষেত্রের পরিসীমা = 2 (দৈর্ঘ্য + প্রস্থ) = 2 (6 + 4) = 20*m*

$\therefore$ বর্গক্ষেত্রের পরিসীমা = 20*m* হয় সুতরাং বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য = পরিসীমা $\div$ 4 = 20 $\div$ 4 = 5*m*

32. **In the figure, DE is parallel to BC. If the area of a triangle ADE is half that of trapezoid DECB. What is the ratio of AE to AC?**



আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

a) 1 : 2 b) 1 : 3
c) 1 : $\sqrt{2}$ d) 1 : $\sqrt{3}$ **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, চিত্রে DE || BC. একটি ত্রিভুজ ADE এর ক্ষেত্রফল DECB ট্রাপিজিয়ামের ক্ষেত্রফলের অর্ধেক হলে AE : AC কত হবে?


এখানে, DE || BC বলে

$\angle ADE = \angle ABC$ এবং $\angle AED = \angle ACB$

অতএব, ΔADE এবং ΔABC হলো সদৃশ ত্রিভুজ।

$\therefore \frac{AD}{AB} = \frac{AE}{AC}$

এখন আমরা জানি, সদৃশ ত্রিভুজের অনুপাত সদৃশ বাহুদ্বয়ের বর্গের অনুপাতের সমান।



$\therefore \frac{\Delta ADE}{\Delta ABC} = \left(\frac{AD}{AB}\right)^2 = \left(\frac{AE}{AC}\right)^2$

$\Rightarrow \frac{1}{3} = \left(\frac{AE}{AC}\right)^2$

$\Rightarrow \frac{AE}{AC} = \sqrt{\frac{1}{3}}$

$\therefore AE : AC = \frac{1}{\sqrt{3}} = 1 : \sqrt{3}$

এখানে, ট্রাপিজিয়াম BDEC = $\Delta ABC - \Delta ADE$

$\Rightarrow 2\,\Delta ADE = \Delta ABC - \Delta ADE$

$\Rightarrow 3\,\Delta ADE = \Delta ABC$

$\therefore \frac{\Delta ADE}{\Delta ABC} = \frac{1}{3}$

Q. 33 – 35: *Answer the questions based on the following information.*

A bus has six stoppages on its circular route in Dhaka City. The bus stops at the stoppages in the order from one to six. After leaving stoppage six, the bus returns to the stoppage one and continues around the circular route again. The stoppages are at six locations G, H, J, K, L and M. It is also given that:

i) L is stoppage three;

ii) H is stoppage six;

iii) K is immediately before M;

iv) J is immediately before G.

প্রশ্নে বলা হচ্ছে, বৃত্তাকার রুটের একটি গাড়ির 6 টি স্টপেজ আছে। বাসটি প্রথমে ১নং স্টপেজে এরপর 2, ... এভাবে শেষে 6 নং স্টপেজে যায়। 6 নং এরপর আবার, 1 নং স্টপেজে ফিরে আসে। এভাবেই গাড়িটি চলতে থাকে। বাসটির ঐ 6 টি স্টপেজ হলো G, H, J, K, L, M. আরো কিছু শর্ত হলোঃ

i)	*ii*)	*iii*)	*iv*)
L হলো 3 নং স্টপেজ।	H হলো 6 নং স্টপেজ।	M এর ঠিক আগেই আছে K.	G এর ঠিক আগেই আছে J.

এখন আসুন আমরা প্রশ্নের সমাধানে চলে যাইঃ

33. **If a passenger gets on the bus at K and gets off at L, which of the following must be true?**

a) K is stoppage five b) M is stoppage three
c) J is stoppage five d) None **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, কোনো যাত্রী K স্টপেজ থেকে উঠলে এবং 2 স্টপেজে নেমে গেলে নিচের কোনটি অবশ্যই সত্য হবে?

অপশন *a*) বাদ, কারণ K স্টপেজ 5 নং এ হতে পারে না, কারণ তার পরে অবশ্যই M কে থাকতে হবে। আর K কে 5 নং এ দিলে তারপরে বাকি থাকে 6 নং যাতে M কে না রেখে H কে রাখতে হবে।


i) নং শর্তানুযায়ী অপশন *b*) বাদ। আর অপশন *c*) বাদ কারণ শর্তানুযায়ী J কে হয় 1 নং বা 4 নং স্টপেজে রাখতে হবে।

34. **If J is stoppage four, which of the following must be the stoppage immediately before L?**

a) K b) M
c) J d) K **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, J কে 4 নং স্টপেজে রেখে নিচের মতো করে শর্তানুযায়ী সাজানো যায়ঃ

এখন প্রশ্নে বলা হচ্ছে J কে 4 নং স্টপেজে রাখলে L এর পূর্বে কোন স্টপেজ থাকবে?



তাহলে দেখা যাচ্ছে যে, J কে 4 নং স্টপেজে রাখলে L এর পূর্বে অবশ্যই M থাকবে। তাই উত্তর অপশন *b*).

35. **If G is stoppage two, which of the following must be the stoppage immediately before H?**


a) J b) G
c) M d) K **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, G কে 2 নং স্টপেজে রাখলে H

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

এর পূর্বে অবশ্যই কোন স্টপেজ থাকবে?
G কে 2 নং স্টপেজে রাখলে চিত্র হবেঃ



সুতরাং দেখা যাচ্ছে যে, G কে 2 নং স্টপেজে রাখলে H এর ঠিক পূর্বেই M চলে আসে।
তাই সঠিক উত্তর অপশন *c*).

Q. 36 – 38: *Answer the questions based on the following information.*

Sweta, Swarna, Sneha and Soumiya are four sisters who have an agreement that they share all snacks equally among themselves. One day one uncle Mamun gave a box of cookies to Sweta. Since the other sisters were not around, Sweta divided the cookies into four equal parts, ate her share and put the rest into the box. As she was closing the box, Swarna came in. She took all the cookies from the box and divided them into four equal parts. Sweat and Sharma ate one part each and put the rest into the box. Just then, Sneha walked in. She took all the cookies from the box, divided them into four equal parts. The three of them ate their respective shares and put the rest into the box. Later when Soumiya came, she divided all the cookies into four equal parts and all the four sisters ate their respective shares. In total, Soumiya ata 3 cookies.

চার বোন Sweta, Swarna, Sneha এবং Soumiya তাদের মধ্যে কিছু স্ন্যাকস সমানভাগে ভাগ করে নিবে। একদিন মামুন মামা Sweta কে এক বাক্স কুকিজ দিল। অন্য তিন বোনের কাছে না থাকায় Sweta ঐ কুকিজ সমান 4 ভাগে ভাগ করে রাখলো। সে নিজের ভাগটুকু খেয়ে বাকি ভাগগুলো বাক্সে রেখে দিল। বাক্সের কাছে Swarna থাকায় সে চলে এলো। বাক্সের সকল কুকিজ নিয়ে Swarna সমান 4 ভাগে ভাগ করলো। Sweta এবং Swarna প্রত্যেকেই তাদের ভাগ খেয়ে বাকি ভাগগুলো বাক্সে ভরে রাখলো। এরপরে কক্ষে Sneha প্রবেশ করলো, বাক্স থেকে সকল কুকিজ নিয়ে সে তা সমান 4 ভাগে ভাগ করলো। বাক্স থেকে সকল কুকিজ নিয়ে সে তা সমান 4 ভাগে ভাগ করলো। এখন ঐ 3 জনের প্রত্যেকেই তাদের ভাগ খেয়ে বাকি 1 জনের ভাগটা বাক্সে রেখে দিল। এরপর আবার, Soumiya কক্ষে প্রবেশ করে বাক্সের কুকিজ 4 ভাগে ভাগ করলো এবং ঐ 4 জনের প্রত্যেকেই তাদের ভাগের অংশগুলো খেলো। মোটের উপর Soumiya 3টি কুকিজ খেয়েছিল। আসুন এবার প্রশ্নের সমাধানে চলে যাইঃ

***36.* How many cookies in total did Sneha eat?**
a) 30 b) 12
c) 15 d) 6 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, মোটের উপর Sneha কতটি কুকিজ খেয়েছিল?
মামুন মোট কুকিজ দিয়েছিলেন 128টি। তৃতীয় বন্টনে Sneha পেয়েছিল 12টি আর শেষ বন্টনের সময় পায় 3টি।
∴ Sneha মোট = 12 + 3 = 15টি কুকিজ খেয়েছিল।

***37.* How many cookies in total did Sweta eat?**
a) 32 b) 142
c) 72 d) 71 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, মোটের উপর Sweta কতটি কুকিজ খেয়েছিল?
দেখুন Sweta প্রথম বন্টনে পেয়েছিল 32টি
[কারণ, 128 ÷ 4 = 32]
Sweta দ্বিতীয় বন্টনে পেয়েছিল 24টি
[কারণ, 96 ÷ 4 = 24]
Sweta তৃতীয় বন্টনে পেয়েছিল 12টি
[কারণ, 48 ÷ 4 = 12]
এবং Sweta তৃতীয় বন্টনে পেয়েছিল 3টি
[কারণ, 12 ÷ 4 = 3]
∴ Sweta মোট পেয়েছিল = 71টি

***38.* How many cookies did uncle Mamun give to Sweta?**
a) 128 b) 156
c) 256 d) 192 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, মামুন Sweta কে কতগুলি কুকিজ দিয়েছিল?
মামুন Sweta কে কেবল 128টি কুকিজ দিলেই চতুর্থ বন্টনে প্রত্যেকে 3টি করে কুকিজ পায়।
দেখুন 128 ÷ 4 = 32টি
এরপর 128 – 32 = 96 [শুধু Sweta এর 32টি বাদ যাবে]
আবার, 96 ÷ 4 = 24টি
এরপর 96 – 48 = 48টি [Sweta এবং Swarna এর 24টি করে মোট 48টি বাদ যাবে]
আবার, 48 ÷ 4 = 12টি

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

এরপর 48 – 36 = 12টি [Sweta, Swarna এবং Sneha এর 12টি করে মোট 36টি বাদ যাবে]

∴ শেষের ধাপে প্রত্যেকেই = 12 ÷ 4 = 3টি করে পায়।
তাই সঠিক উত্তর হবে 128টি।

Q. 39 – 40: *Read the information and answer the questions.*

39. **Cable-television spokesperson:**
Subscriptions to cable television are bargain in comparison to 'free' television. Remember that 'free' television is not really free. It is consumers, in the end, who pay for the costly advertising that supports 'free' television. Which of the following, if true, is most damaging to the position of the cable-television spokesperson?

a) Subscriptions to cable television include access to some public-television channels, which do not accept advertising.
b) There is as much advertising on many cable-television channels as there is on 'free' television channels.
c) Cable-television subscribers can choose which channels they wish to receive.
d) For locations with poor television reception, cable television provides picture quality superior to that provided by 'free' television. ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, ক্যাবল টিভির মুখপাত্রঃ ফ্রি টিভি চ্যানেলগুলোর তুলনায় ক্যাবল টিভিতে সাবস্ক্রিপশন অনেকটাই দরকষাকষির মতো। কিন্তু এটা আসলেই ঠিক যে ফ্রি টিভিগুলো আসলে ফ্রি না। যে বিষয়টি ফ্রি টিভির ক্ষেত্রে সমর্থন যোগায়, সেই বিজ্ঞাপন খরচ দিন শেষে ভোক্তার ঘাড়েই এসে পড়ে।
উপরের এই বক্তব্যটি সঠিক হলো নিচের কোনটি ক্যাবল টিভির মুখপাত্রের বক্তব্যকে দুর্বল করে দেয়?
দেখুন, অপশন *b*) তে বলা হচ্ছে যে, ক্যাবল টিভি ও ফ্রি টিভিতে প্রদেয় বিজ্ঞাপনের সংখ্যা সমান। যা সঠিক নয়, কারণ ক্যাবল টিভি ও ফ্রি টিভির মধ্যে পার্থক্য সূচক উপাদান হলো টিভি বিজ্ঞাপন। বিজ্ঞাপনের কারণেই দুটো টিভির বৈশিষ্ট্যে পার্থক্য দেখা যায়। তাই অপশন *b*) এর বক্তব্য মুখপাত্রের বক্তব্যকে দুর্বল করে দেয়। এজন্য উত্তর হবে অপশন *b*).

40. **"Some men are definitely intelligent, others are definitely not intelligent, but of intermediate men, we should say, 'intelligent'? Yes, I think, so or no, I shouldn't be inclined to call him intelligent." Which of the following reflects the intention of the writer well?**

a) To call men intelligent who are not strikingly so must be to use the concept with undue imprecision.
b) Every empirical concept has a degree of vagueness.
c) Calling someone intelligent or not depends upon one's whim.
d) There is no need to be as indecisive as the writer of the above. ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, কিছু ব্যক্তি নিশ্চিতভাবেই বুদ্ধিমান আর অন্যরা নিশ্চিতভাবেই বুদ্ধিমান নয়। কিন্তু এর মাঝামাঝি ধরনের ব্যক্তিদেরকে আমাদের কি বলা উচিৎ? হ্যাঁ আমিও তা মনে করি। আমি তাদের বুদ্ধিমান বলতে ইচ্ছুক নই। নিচের কোন বক্তব্যটি লেখকের মনোভাব ভালোভাবে তুলে ধরে?
দেখুন, অপশন *a*) তে বলা হচ্ছে যে, কোনো মানুষ যদি বুদ্ধিমান না হয় তবে তাকে বুদ্ধিমান বলে ডাকাটা অন্যায্য ও অসঙ্গত। হ্যাঁ, অপশন *a*) এর এই বক্তব্য লেখকের মনোভাবের সাথে সঙ্গতিপূর্ণ। তাই সঠিক উত্তর অপশন *a*).

Q. 41 – 46: *Choose the correct answer.*

41. **If PALE is coded at 2134, EARTH is coded as 41590, then how can PEARL be coded in that language?**

a) 23430 b) 24530
c) 24413 d) 24153 ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, PALE = 2134, EARTH = 41590 হলে PEARL = ?
দেখুন, P = 2; E = 4; A = 1; R = 5; L = 3
∴ PEARL = 24153

42. **A man has 53 socks in his drawer 21 identical blue, 15 identical black and 17 identical red. The lights are fused and it is completely in the dark. How many socks must he take out to make 100 percent certain he has a pair of black socks?**

a) 36 b) 38
c) 40 d) 53 ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, এক লোকের ড্রয়ারে 53টি মোজা ছিল। এর মধ্যে 21 টি নীল, 15টি কালো এবং 17টি লাল। ঐ ঘরের লাইটটি নষ্ট হয়ে গেলে ঘরটি অন্ধকার হয়ে গেল। কতগুলো মোজা ঐ ড্রয়ার থেকে উত্তোলন করলে একজোড়া কালো মোজা উত্তোলিত হয়েছে বলে শতভাগ নিশ্চিত হওয়া যাবে?

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

দেখুন, এটি একটি IQ ধরনের প্রশ্ন। বিস্তারিত অঙ্কের সমাধানে না যে Common sense দিয়ে চিন্তা করলে সহজেই উত্তর পেয়ে যাবেন।

দেখুন, নীল মোজা 21টি
লাল মোজা 17টি
মোট মোজা 38টি

এই 38টি মোজা নিলেও নিশ্চিত হওয়া যায় না যে এখানে কালো মোজা আছে।

সুতরাং এর জন্য ঐ 15টি কালো মোজা হতে আরো দুটি মোজা উত্তোলন করতে হবে, তাহলেই কেবল শতভাগ নিশ্চিত হওয়া যাবে যে, একজোড়া কালো মোজা আছে।

∴ মোট মোজা উত্তোলন করতে হয় = 38 + 2 = 40টি।

43. **Find the odd man out**

a) Potato b) Apple
c) Carrot d) Bean ***ans.*** **B**

Solution: এখানে Apple হলো এক ধরনের ফল। কিন্তু, Potato হলো আলু। Carrot হলো গাজর এবং Bean হলো শিম। তাই এগুলো সবই সবজি জাতীয় ফসল।

44. **If 'Heart' in related to 'Sentiment', then in the same way 'Head' is related to**

a) Thinking b) Hair
c) Brain d) Memory ***ans.*** **A**

Solution: Heart (হৃদয়) ধারণ করে Sentiment (হৃদয়ানুভূতি)। আর Head (মাথা; মস্তক) ধারণ করে Thinking (চিন্তা; ভাবনা)।

45. **A watch was correct at noon, after which it started to lose 17 minutes per hour and stopped completely at 2.52 pm. What time is the now?**

a) 3.30 pm b) 4.00 pm
c) 4.30 pm d) 5.00 pm ***ans.*** **B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, দুপুরে (12 টায়) একটি ঘড়ি ঠিক করা হলো। এরপর থেকে ঘড়িটি প্রতি ঘন্টায় 17 মিনিট Slow হয়ে যায়। ঘড়ি 2.52 মিনিটে পুরোপুরি বন্ধ হয়ে যায়। এখন প্রকৃত সময় কত?

এখানে, At noon বলতে দুপুর 12টা বুঝানো হচ্ছে।

ঘড়িটি 2.52 তে বন্ধ হয়ে যায়, অর্থাৎ ঘড়িটি 172 মিনিট চলে।

এখন, প্রতি ঘন্টায় ঘড়িটি চলে প্রকৃতপক্ষে
= 60 – 17 = 43 মিনিট।

∴ 172 মিনিটে প্রকৃত সময় অতিবাহিত হয়
$= \frac{172}{43} = 4$ ঘন্টা।

অতএব, এখন প্রকৃত সময় = 12 টা + 4 ঘন্টা = 4টা।

46. **Fill in the missing number of the series 6, 13, 28, ____, 122, 249.**

a) 35 b) 48
c) 59 d) 79 ***ans.*** **C**

Solution: ১ম সংখ্যা = (6 × 2) + 1 = 12 + 1 = 13
২য় সংখ্যা = (13 × 2) + 2 = 26 + 2 = 28
৩য় সংখ্যা = (28 × 2) + 3 = 56 + 3 = 59
তাই ৩য় সংখ্যাটি হবে 59
এভাবে ৪র্থ সংখ্যা = (59 × 2) + 4 = 118 + 4 = 122
৫ম সংখ্যা = (122 × 2) + 5 = 244 + 5 = 249

∴ নির্ণেয় সংখ্যা 59.

Q. 47 – 54: *Choose the correct answer.*

47. **Who was the first Governor of Bangladesh Bank?**

a) Lutfor Rahman Sarkar
b) A. K. N. Ahmad
c) A. N. M. Hamidullah
d) Mohammad Nurul Islam ***ans.*** **C**

Solution: বাংলাদেশ ব্যাংকের ১ম গভর্নর ছিলেন এ এন এম হামিদুল্লাহ। তিনি ১৮.০১.১৯৭২ থেকে ১৮.১১.১৯৭৪ সাল পর্যন্ত দায়িত্ব পালন করেন। আর বর্তমান ১১তম গভর্নর হলেন ফজলে কবির (২০.০৩.২০১৬ থেকে বর্তমান পর্যন্ত) দায়িত্ব পালন করছেন।

নাম	Lutfor Rahman Sarkar (৬ষ্ঠ তম)	A. K. N. Ahmad (২য় তম)	Mohammad Nurul Islam (৩য় তম)
মেয়াদকাল	২১.১১.১৯৯৬ থেকে ২১.১১.১৯৯৮	১৮.১১.১৯৭৪ থেকে ১৩.০৭.১৯৭৬	১৩.০৭.১৯৭৬ থেকে ১২.০৪.১৯৮৭

48. **How many war heroes have been awarded "Bir Uttom" for their contribution to liberation war of Bangladesh?**

a) 69 b) 168
c) 175 d) 426 ***ans.*** **Note**

Solution: মুক্তিযুদ্ধে অবদানের জন্য ৬৮ জনকে বীর উত্তম খেতাবে ভূষিত করা হয়। আর ১৯৭৫ সালের ১৫ আগস্টে বঙ্গবন্ধুকে বাঁচানোর চেষ্টার জন্য ২০১০ সালে বিগ্রেডিয়ার জেনারেল জামিল আহমেদকে মরণোত্তর বীর উত্তম উপাধিতে ভূষিত করা হয়। তাই মুক্তিযুদ্ধের অবদানের কথা বললে উত্তর হবে ৬৮ জন। এছাড়া উত্তর হবে ৬৯ জন।

49. **Who is the founder of Gmail?**

a) Paul Buchheit b) Elon Mark
c) Jerry Yang d) Sergey Brin ***ans.*** **A**

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

50. Which day is observed as World Wildlife Day?

a) February 7 b) March 3
c) April 18 d) December 7 ***ans.* B**

Solution: বিশ্ব বন্যপ্রাণী দিবস পালিত হয় 'মার্চ এর ৩ তারিখে'। উল্লেখ্য, ২০১৩ সালের ৩ থেকে ১৪ মার্চে থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে অনুষ্ঠিত আন্তর্জাতিক বিলুপ্তপ্রায় বন্যপ্রাণী এবং উদ্ভিদের বাণিজ্য সম্মেলনের (CITES) ১৬তম সভায় জাতিসংঘের সাধারণ সভায় ৩ মার্চকে বিশ্ব বন্যপ্রাণী দিবস হিসেবে ঘোষণা করা হয়।

51. Who is the first Muslim woman to win the noble peace prize?

a) Mother Teresa b) Benazie Bhutto
c) Shirin Ebadi d) Monica Ali ***ans.* C**

Solution: শান্তিতে প্রথম মুসলিম বিজয়ী নারী শিরিন এবাদি (ইরান) ২০০৩ সালে নোবেল পুরস্কার পান।

নাম	আনোয়ার সাদাত	আবদুস সালাম	নাগিব মাহফুজ	ইয়াসির আরাফাত	আহমেদ জেবাইল	ড. মুহাম্মদ ইউনুস
দেশ	মিশর	পাকিস্তান	মিশর	ফিলিস্তিন	মিশর	বাংলাদেশ
ক্ষেত্র	শান্তি	পদার্থ	সাহিত্য	শান্তি	রসায়ন	শান্তি
সাল	১৯৭৮	১৯৭৯	১৯৮৮	১৯৯৪	১৯৯৯	২০০৬

52. How many days the Earth takes to rotate around the Sun to complete one revolution?

a) 365.342 days b) 365.242 days
c) 365.422 days d) 365.243 days***ans.* B**

Solution: ৩৬৫ দিনে সৌর বছর গণনা করা হলেও প্রকৃতপক্ষে সূর্যকে একবার পরিক্রমণ করতে পৃথিবীর ৩৬৫ দিন ৫ ঘণ্টা ৪৮ মিনিট ৪৭ সেকেন্ড সময়ের প্রয়োজন হয়।

53. Who is the current coach of Bangladesh National Football Team?

a) Russell Domingo b) Fabio Lopez
c) Maruful Hue d) Jemie Day ***ans.* D**

Solution: ০৮ জানুয়ারি ২০২২ সালে জাতীয় দলের জন্য নতুন কোচ নিয়োগ দিয়েছে বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে)। নতুন কোচ স্পেনের হাভিয়ের কাবরেরা। হাভিয়েরের সঙ্গে বাফুফের চুক্তি ১১ মাসের। হাভিয়ের বাংলাদেশের ২৩ তম বিদেশি কোচ আর স্প্যানিশ হিসেবে তৃতীয়। এর আগে স্প্যানিশ কোচ হিসেবে জাতীয় দলের ডাগআউটে দাঁড়িয়েছেন গঞ্জালো মোরেনো ও অস্কার বৃরুজোন।

54. Which desert does 'The Great Wall of China" pass through?

a) Atacama Desert b) Simpson Desert
c) Gobi Desert d) Sahara Desert***ans.* C**

Solution: পৃথিবীর সবচেয়ে দীর্ঘ ও উচ্চতম প্রাচীর অবস্থিত চীনে। যা চীনের মহা প্রাচীর বা গ্রেট ওয়াল (Great Wall of China) নামে পরিচিত। চীনা ভাষায় এই প্রাচীর কে ডাকা হয় ছাং ছং অথবা দীর্ঘ প্রাচীর। এ প্রাচীর প্রায় পুরোটাই তৈরি মাটি এবং পাথর দিয়ে। এই প্রাচীর টি পৃথিবীর অন্যতম ব্যয়বহুল একটি প্রকল্প। এটি পৃথিবীর সবচেয়ে বড় অবকাঠামো এবং মানুষের হাতে তৈরি করা সবচেয়ে বড় স্থাপত্য। বিশাল এ প্রাচীর নির্মাণের উদ্দেশ্য ছিল সামরিক অনুপ্রবেশ ঠেকানো এবং আক্রমণকারীদের দূরে রাখা।

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

Premier Bank Ltd.
Recruitment Test for TJO (Cash)
Examination Held On: 19.03.2021

Q. *01 – 05:* *Read the passage carefully and choose the best answer.*

To find the job is right for you, you must set goals. A goal is a purpose you set for yourself. It is what you hope for in the future. You have to identify the skills that you need to get the job you want. Then you need to design a program to help you reach the level of improvement you set for yourself. To reach your goal, you must have a specific goal. Decide what you are going to do and when you are going to do it. Plan ways to achieve your goal. How will you accomplish it? Next, identify problems that will get in the ways of accomplishing your goal. Then think of possible ways to solve the problems. Finally, evaluate your progress. Did you reach your goal? Did you get the job you wanted?

Passage টিতে বলা হচ্ছে যে, চাকরি খোঁজা একটি অধিকার কিন্তু তার জন্য লক্ষ্য স্থির করতে হয়। লক্ষ্য হলো একটি উদ্দেশ্য যা নিজেকেই স্থির করতে হয়। এটার মাধ্যমেই আপনার ভবিষ্যতের চাওয়া-পাওয়া নির্ধারিত হয়। এজন্য যে চাকরি আপনি পেতে চান তার জন্য আপনার ভেতরের দক্ষতাকে চিহ্নিত করতে হয়। এরপর সেই লক্ষ্যে পৌঁছানোর জন্য আপনাকে কিছু পরিকল্পনা সেট করতে হয়। কোনো লক্ষ্যে পৌঁছাতে হলে প্রথমে নির্দিষ্ট একটি লক্ষ্য থাকতে হয়। কোনো কিছু করতে যাওয়ার পূর্বে কি করতে যাচ্ছেন সেটা নিয়ে ভাবা উচিৎ। লক্ষ্য অর্জনের জন্য পরিকল্পনা করতে হয়। কাজটি আপনি কীভাবে করবেন? এরপর দেখতে হয়, কাজটি করতে গেলে কি সমস্যা হতে পারে। সেই সমস্যা মোকাবেলার সম্ভাব্য উপায় খুঁজতে হয়। শেষে আপনার উন্নতির মূল্যায়ন করবেন। আপনি কি আপনার লক্ষ্যে পৌঁছাতে পেরেছেন? যে চাকরিটা চেয়েছিলেন, তা কি পেয়েছেন?

এই হলো Passage টির মোটামুটি একটা অনুবাদ। এবার আসুন আমরা প্রশ্নের সমাধানে চলে যাইঃ

01. **As described in the passage what is a goal?**
a) It is a purpose you set for yourself
b) It is what you hope for in the future
c) It is a purpose you set for yourself and hope to achieve.
d) Identify the right job. **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, Passage অনুসারে লক্ষ্য কি? অপশন *c*) তে বলা আছে, এটা নিজের জন্য প্রস্তুত করা কিছু উদ্দেশ্য এবং প্রত্যাশা যা অর্জন করতে হয়। তাই উত্তর *c*).

02. **In order to get a job you want, what needs to be identified?**
a) Physical strength
b) Your knowledge
c) Your knowledge & skills
d) Your skills **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, প্রত্যাশিত চাকরি পেতে কোনটি চিহ্নিত করতে হয়?
অপশন *d*) তে বলা আছে, প্রত্যাশিত চাকরি পাবার জন্য নিজের ভেতরের Skill identify করতে হবে। এটা Passage টির দ্বিতীয় লাইনে আছে। তাই উত্তর হবে অপশন *d*).

03. **According to the passage what do you have to do to find the right job?**
a) Set targets b) Identify your skills
c) Design a program d) Set goals **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, Passage টি অনুযায়ী সঠিক চাকরিটা পেতে আপনাকে কি করতে হবে?
অপশন *d*) তে বলা আছে, সঠিক চাকরি পাবার জন্য Goal set করতে হয়। এটা Passage টির প্রথম লাইনে আছে। তাই উত্তর হবে অপশন *d*).

04. **What does the passage try to help you get?**
a) Problem solving b) Planning
c) value of effort d) job **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, Passage টি আপনাকে কি পেতে সাহায্য করার চেষ্টা করে?
অপশন *b*) তে বলা আছে, Passage টি আমাকে চাকরি পাবার জন্য Plan করতে সাহায্য করবে। পুরো Passage জুড়েই কিভাবে Planning করতে হয়, তা উল্লেখ রয়েছে। তাই উত্তর হবে *b*).

05. **What is your ultimate goal?**
a) To learn to solve problems
b) To learn to reach goals
c) To learn to identify problems
d) None of these **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, আপনার চূড়ান্ত লক্ষ্য কি?
অপশন *b*) তে বলা আছে, Ultimate goal হলো কিভাবে লক্ষ্যে পৌঁছানো যায় তা শেখা. তাই উত্তর হবে অপশন *b*).

Q. *06 – 08:* *Find out which underlined parts (a, b, c and d) of the following sentence has an*

আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

error.

06. A person who purchases a gun for protection
a
is six times more likely to kill a friend or
b c
relative than killing an intruder. ***ans.*** **D**
d

Solution: বাক্যটিতে Parallel structure হলো Kill বা To kill. অর্থাৎ অপশন *d*) তে Parallelism এর নিয়ম অনুযায়ী Killing না হয়ে Kill or to kill হলে বাক্যটি শুদ্ধ হতো।

বাক্যের অর্থঃ নিরাপত্তার জন্য যে ব্যক্তি কোনো বন্দুক কিনে তার হাতে তার কোনো বন্ধু বা আত্মীয় নিহত হওয়ার সম্ভাবনা কোনো অনাহুত নিহত হবার চেয়ে ছয় গুণ বেশি।

07. Because of the Internet, working at jobs
a *b*
at home have become much more common.
c *d* ***ans.*** **D**

Solution: বাক্যটিতে Subject হলো Working যা Singular. তাই এর সাথে Singular verb হিসেবে Has become হলে বাক্যটি শুদ্ধ হতো।

বাক্যের অর্থঃ ইন্টারনেটের কারণে কর্মক্ষেত্রে অনায়াসে কাজ করাটা একটা খুবই সাধারণ বিষয় হয়ে দাঁড়িয়েছে।

08. Some methods to prevent soil erosion are
a *b* *c*
plowing parallel with the slopes of hills,
to plant trees on unproductive land
d
and rotating crops. ***ans.*** **D**

Solution: এই প্রশ্নটিও Parallelism থেকে করা হয়েছে। দেখুন Soil erosion (মাটি ক্ষয়) রোধের উপায় হিসেবে বলা হচ্ছে Plowing parallel with the slopes of hills এবং Rotating crops কে। তাই এর আরেকটি উপায় হিসেবে 'to plant' না হয়ে Planting tress হবে। তাই সঠিক উত্তর হবে *d*).

বাক্যের অর্থঃ মাটি ক্ষয় প্রতিরোধের কিছু উপায় হলো পাহাড়ে সমান্তরালে মই দেয়া, অনুর্বর জমিতে গাছ লাগানো এবং পালাক্রমে ফসল বোনা।

Q. 09 – 11: *Complete the sentences with the best possible solutions, if any.*

09. The more she worked, ____.
a) the less she achieved
b) she did not achieve enough
c) she achieved not enough
d) she was achieving less ***ans.*** **A**

Solution: যত-তত বা আনুপাতিক হ্রাস-বৃদ্ধি বুঝাতে দুইটি Comparative adjective এর প্রত্যেকটির পূর্বে 'the' বসে। অর্থাৎ The + comparative + ..., the + comparative + ... structure টি ব্যবহৃত হয়।

বাক্যের অর্থঃ সে যত পরিশ্রম করল তত কম অর্জন করল।

10. People all over the world are starving ____.
a) greater in numbers b) in more numbers
c) more numerously d) in greater numbers
ans. **D**


Solution: Starve মানে অনাহারে থাকা / না খেয়ে থাকা। সংখ্যায় বিশাল বুঝাতে In greater numbers বসবে।

বাক্যের অর্থঃ বিশ্বব্যাপী বিপুল সংখ্যক লোক না খেয়ে দিন কাটাচ্ছে।

11. The facilities of the older hospital ____.
a) is as good or better than the new
b) hospital are good as or better than the new hospital
c) are as good or better that the new hospital
d) are as good as or better than those of the new hospital ***ans.*** **D**

Solution: অসম তুলনার ক্ষেত্রে 'as/than' এরপরে পূর্ববর্তী Singular noun টির পরিবর্তে 'that of' এবং পূর্ববর্তী Plural noun এর পরিবর্তে 'those of' ব্যবহৃত হয়।

Shortcut Technique: চিত্রটি দেখুন



অর্থাৎ As ..... as এরপরে Comparative Form হবে।

বাক্যের অর্থঃ পুরাতন হাসপাতালের সুবিধা নতুনগুলোর মতোই বা তাদের চেয়ে ভালো।

Q. 12 – 14: *Select the pair that expresses a relationship similar to that expresses in the original pair.*

12. Hand : Nail
a) Foot : Toe b) Head : Hair
c) Paw : Claw d) Ear : Nose ***ans.*** **C**

Solution: Hand – হাত। Nail – নখ। Foot – পা। Toe – পায়ের আঙ্গুল। Head – মাথা। Hair – চুল। Paw – থাবা। Claw – তীক্ষ্ণ নখর। Ear – কান। Nose – নাক প্রথমেই বলে নেয়া ভালো যে, Hand এর সাথে Nail এর যে সম্পর্ক Direct সে রকম সম্পর্ক রয়েছে Paw এর সাথে Claw এর।

13. Faith : Atheistic
a) Honesty : Ethical

Recent Publication

আরও পিডিএফ বই ডাউনলোড করুন
www.boimate.com

b) Difficulty : Slothful
c) Apparel : Nude
d) Gymnastic : Agile **ans. C**

Solution: Faith – বিশ্বাস। Atheistic – আস্তিক। Agile – ক্ষিপ্র। Ethical – নৈতিক। Difficulty – কঠিন; দুঃসাধ্য। Slothful – নিষ্ক্রিয়; অলস। Apparel – পোশাক; আবরণ। Nude – নগ্ন। Gymnastic – শারীরিক প্রশিক্ষণ বিষয়ক।
Atheistic যে তার সৃষ্টিকর্তায় Faith থাকে না। আর Nude যে তার শরীরে Apparel থাকে না।

14. **Stockade : Enclosure**
a) Keyhole : Lock
b) Doorway : Wall
c) Pillar : Support
d) Brick : Building **ans. D**

Solution: Stockade – অর্থ সীমানা প্রাচীর। Enclosure – বেড়া বা দেয়াল। Keyhole – তালার ছিদ্রপথ। Lock – তালা। Doorway – প্রবেশ পথ। Wall – দেয়াল; প্রাচীর। Pillar – থাম; স্তম্ভ। Support – অবলম্বন; আশ্রয়; নির্ভর। Brick – ইট। Building – বিল্ডিং।
Enclosure করতে Stockade লাগে। আর Building করতে Brick লাগে।

Q. 15 – 16: Identify the opposite word.

15. **Urbane**
a) Faithful b) Rude
c) Suave d) Insincere **ans. B**

Solution: Urbane – শিষ্ঠ; মার্জিত; সুসভ্য। Rude – অভদ্র; অমার্জিত। Faithful – বিশ্বাসী। Suave – আচরণে মধুর ও বিনয়ী। Insincere – আন্তরিকতাহীন; কৃত্রিম।

16. **Disparity**
a) Resemblance b) Destructive
c) Complacency d) Stable **ans. A**

Solution: Disparity – বৈষম্য; অসমতা। Complacency – পরিতৃপ্তি; আত্মপ্রসাদ। Stable – স্থির; দৃঢ় বা সুস্থিত অবস্থা। Destructive – ধ্বংসাত্মক। Resemblance – সাদৃশ্য; মিল।

Q. 17 – 32: Choose the correct answer.

17. **What is the minimum number of chocolates that must be added to the existing batch of 260 chocolate, so that the total batch can equally be divided among 3, 4 or 6 persons?**
a) 4 b) 8
c) 12 d) 16 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, 260 টি চকলেটের সাথে আরো কতটি চকলেট যোগ করলে সেগুলো 3, 4 বা 6 জনের মধ্যে সমানভাবে ভাগ করে দেয়া যাবে?
এখানে 3, 4 এবং 6 এর ল.সা.গু. = 12

$$\begin{array}{r} 12)\ 260\ (21 \\ \underline{24} \\ 20 \\ \underline{12} \\ 8 \end{array}$$

∴ চকলেট যোগ করতে হবে
$= (12 \times 22) - 260 = 264 - 260 = 4$টি।

18. **In a library system with 6 branches, 60 workers are employed. If no library has fewer than 7 workers and no more than 11, what is the minimum number of workers in any two of the branches?**
a) 10 b) 14
c) 19 d) 16 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একটি লাইব্রেরির 6 টি শাখায় 60 জন কর্মী কাজ করে। কোনো শাখায়ই 7 জনের কম এবং 11 জনের বেশি কর্মী নেই। দুটি শাখায় সর্বনিম্ন কতজন কর্মী থাকতে পারে?
4টি শাখায় সর্বোচ্চ কর্মী থাকতে পারে $= 11 \times 4 = 44$ জন
∴ বাকি 2 টি শাখা সর্বনিম্ন $= 60 - 44 = 16$ জন কর্মী থাকতে পারে।

19. **Two pipes A and B would fill a tank in 20 and 30 minutes respectively. Both pipes being open, find when A must be turned off so that the tank may be just filled in 15 minutes.**
a) After 10 mins b) After 15 mins
c) After 20 mins d) After 13 mins **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, A নল দ্বারা 20 মিনিটে এবং B নল দ্বারা 30 মিনিটে একটি ট্যাংক পূর্ণ হয়। দুটি পাইপই খোলা থাকা অবস্থায় কত সময় পর A নলটি বন্ধ করলে ট্যাংকটি 15 মিনিটে পূর্ণ হবে?
ধরি, A নলটি x মিনিট পর বন্ধ করতে হবে।
এখন, উভয় নল দ্বারা x মিনিটে পূর্ণ হবে

$$= \left(\frac{1}{20} + \frac{1}{30}\right) \times x = \frac{5x}{60} = \frac{x}{12} \text{ অংশ}$$

এরপর শুধু B নল কাজ করবে $= (15 - x)$ মিনিট।
এই $(15 - x)$ মিনিটে B নল পূর্ণ করবে $\frac{15 - x}{30}$ অংশ।
প্রশ্নমতে, $\frac{x}{12} + \frac{15 - x}{30} = 1$

$$\Rightarrow \frac{5x + 30 - 2x}{60} = 1$$

Recent Publication
আরও পিডিএফ বই ডাউনলোড করুন www.boimate.com

$\Rightarrow$ $3x + 30 = 60$

$\Rightarrow$ $3x = 30$

$\therefore$ $x = \frac{10}{3} = 10$

অর্থাৎ A নলটি 10 মিনিট পর বন্ধ করতে হবে।

20. Distribution of work House in a Factory

Number of Workers	Number of Hours Worked
20	45 – 50
15	40 – 44
25	35 – 39
16	30 – 34
4	0 – 29
80	Total 3,100

The number of workers who worked from 40 to 44 hours is x times the numbers who worked up to 34 hours. Where x is?

a) 4 b) 5

c) 1.33 d) $\frac{3}{4}$ ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, সপ্তাহে 40 থেকে 44 ঘন্টা সময়ব্যাপী কাজ করে এমন শ্রমিক সংখ্যা 34 ঘন্টা সময়ব্যাপী কাজ করে এমন শ্রমিক সংখ্যার x গুণ হলে x =?

এখানে, সপ্তাহে 40 থেকে 44 ঘন্টা কাজ করে এমন কর্মী সংখ্যা 15 জন।

আবার, সপ্তাহে 0 থেকে 34 ঘন্টা কাজ করে এমন কর্মী সংখ্যা = 4 + 16 = 20 জন।

$\therefore$ $x = \frac{15}{20} = \frac{3}{4}$

21. What is the ratio of 8 inches to 6 feet?

a) 9:1 b) 1 : 9

c) 2 : 9 d) 9 : 2 ***ans.* B**

Solution: 8 ইঞ্চি হতে 6 ফুটের অনুপাত কত?

আমরা জানি, 1 ফুট = 12 ইঞ্চি

$\therefore$ 6 ফুট = $6 \times 12 = 72$ ইঞ্চি

$\therefore$ 8 ইঞ্চি ঃ 6 ফুট = $8 : 72 = \frac{8}{72} = \frac{1}{9} = 1 : 9$

22. A number is as much greater than 31 as less than 55. Which of the following is that numbers?

a) 47 b) 52

c) 39 d) 43 ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, একটি সংখ্যা 31 থেকে যত বড় 55 থেকে ছোট। সংখ্যাটি কত?

ধরি, সংখ্যাটি x

